उवल द्धकाव

অচিন্ত্যকুমার সেনগুপ্ত

জিয়ান অ্যাসোসিয়েটেড্ পাবলিশিং কোং লিঃ ৯৩, ছারিসন রোড, কলিকাভা ৭

প্রকাশক : শ্রীক্তিতেজনাথ মূর্যোপাধ্যায়, বি. এ. ৯৩, হ্যারিসন রোড কলিকাতা

নৃতন সংস্করণ জ্যৈষ্ঠ, ১৩৬০

মৃদ্রাকর: শ্রীত্রিদিবেশ বস্থ, বি. এ. কে. পি. বস্থ প্রিন্টিং ওয়ার্কস ১১, মহেন্দ্র গোস্বামী লেন কলিকাতা

শ্রী প্রবোধকুমার সান্তাল বন্ধুবরে

মা ফলেষ

6

দ্ধেনিস আমি বিয়ে করছি। যাবি তো বর্ষাত্রী ?' প্রতুল ঘরের মধ্যে কুসুমকা ঢুকে পড়লো।

থোলা ক্ষুরে ম্রারি দাড়ি কামাচ্ছিলো। সম্ভন্ত হ'য়ে ফলাটা মডে ধ কতকটা অবাক হ'য়ে সে বললে, 'বলিস কি রে ?'

'হাঁন, কাঁহাতক আর এখানে-সেখানে ঘুরে বেড়াবো!' প্রতুল লি বির তক্তপোষে ছড়িয়ে বসে' পড়লো। পকেট থেকে সিজের একটা লোল—সেটাকে অনায়াসে টেব্ল্-ক্লথ ভাবা যেতে পারে — বার করে' ডর ঘাম মুছতে-মুছতে শ্লিগ্ধহাস্তে বললে, 'এবার রাম্ভা থেকে ঘরে পবো ভাবছি, দোকান থেকে দেবালয়ে। বিয়ে কর্, তুইও বিয়ে কর্, রি।'

ম্বারি সম্পূর্ণ করে' তাকালো একবার বন্ধুর দিকে। এমানতেই
াল সব সময়ে বাব্, তার মুখের দাড়ি কখনো বাসি হয় না, ঘাড়ের
তার এ-জন্মে কেউ কখনো আঙুল দিয়ে ধুরতে পারে নি, যে-জামার
ভাজ ভেঙেছে—ছাড়তে গেলেই সটান চলে' গেছে সেটা ধোপাবাড়ি,
টোর ঝুলে রাস্তা সে ঝাট দিয়ে চলেছে, কিন্তু পাড়ে যদি লেগেছে
টুকু মাটি, এক গ্যালন হথে এক বিন্দু চোনার অপরাধে সেটা অমনি
ছি কক্ষ্চাত। কিন্তু, তবু, এত সব সত্তেও, আজ যেন তাকে

আরো বেশি প্রথর, আরো বেশি প্রদীপ্ত মনে হচ্ছিলো। ম্রাট্র টিপ্লনি কেটে বললে, 'আহলাদে একেবারে আট্রীন'দৈণ্চি যে।'

'এখনো একমাত্র বিয়ের নামেই আমরা রোমাঞ্চিত হ'তে ঝাম্ব যে ডাক্তার, কোথায় কী যাব জানতে বাকি নেই, দেও এই নামেই কবি হ'য়ে ওঠে। নে, রাথ্ তোর দাড়ি-কামানো, সিগরের্গ বলে' প্রতুল্ব তার পকেট থেকে মার্কোভিচের টিন বার করে' হ'তিন সিগরেট মুবারির দিকে ছুঁড়ে মারলো।

একটাকে শৃত্য থেকে লুফে নিয়ে টেবল থেকে দেয়াশলাই ফেনা-ম্থে সেটাকে ধরাতে ধরাতে ম্রারি বললে, 'ভীষণ ফুর্তি!
বুঝি কিছু মোটা রকম ?'

্ 'এক ফোঁটাও নয়।'

'কিছুই না' মুরারি বিখাস করলো না।

'বিশ্বাস কর্, কিছুই না। পেলে বলতে আমার বাধা কী! চিল্দাম দিয়ে এসেছি, এবারো দেবো। তবে সে-দামে আর এ-দামে ভফাৎ আছে ভাই।' প্রতুল গলায় একটু গান্তীর্য আনলো।

'কোথাকার মেয়ে ?'

^१ 'বিক্রমপুর—অমিয়দেরই গ্রামে।'

'দেখেছিস তাকে ?'

'সেই সেবার অমিয় আমাকে তাদের বাড়ী ধ'রে নিয়ে গেলো একদিন সন্ধেবেলা মেয়েটিকে পুক্র-ঘাট থেকে কলসিতে করে' জল যেতে দেপলাম।'

'এ যে উপক্তাস, ফিল্ম্-সট্!' ম্রারি সকৌতৃক কৌতৃহলের বললে, 'দেখতে কেমন ?'

'তা দেখি নি।' প্রতুল উদাসীনের মতো বললে।

এ তার অনেক হেঁয়ালির মধ্যে আরেকটা। ম্রারি ধোঁয়া ছাড়তে-ছাড়তে বললে, 'তবে দেখলি কী ?'

'দেখলাম সে কার্নরি অনেক জন্মের চেনা, তাকে আমার চাই, তাকে না হ'লে আমার চলবে না—দেখলাম দেই একমাত্র সত্যকে।'

'মেয়েটির বাপ কী করে ?'

'তার থোঁজ নিই নি। জিনিসই দামি, দোকানদার নয়।'

ম্রারি খাপ থেকে ফের ক্ষ্র খুললো, গালের উপর দিয়ে তেরছা করে' টানতে-টানতে বললে, 'কার কী সর্বনাশ করছিস কেজানে!'

প্রত্তের বুকের ভিতরটা আংকে উঠলো কি না কে বলবে! ঈষৎ বেস্করো গলায় দে বললে, 'সর্বনাশ করছি মানে ?'

'বিয়েটা তো আর চায়ের পেয়ালায় চুমুক দেয়া নয়, দস্তরমতো তাতে দামিত্ব আচে।'

'একশো বার আছে। তুই কি মনে করিস আমি আমার স্ত্রীকে গাওয়াতে-পরাতে পারবো না ?'

'তা হয়তো পারবি।'

'একটা ভাকে বাড়ি করে' দিতে পারবো না **?** একটা মোটর গাডি ?'

'হয়তো তা-ও।'

'তবে ?'

'তাকে তুই স্থথী করতে পারবি না।'

'স্থী। স্থী কে সংসারে?' প্রত্ল গলা ছেড়ে অনর্গল হেসে উঠলো। দার্শনিক নির্লিপ্ততায় বললে, 'একনিষ্ঠা বৈদেহীও স্থী ছিলেন না।' বলে' দে জায়গা ছেড়ে মুরারির টেব্লের কাছে উঠে এলো: 'হ্রথের কথা পরে হবে। তুই এথন আমার সঙ্গে যাজিছস কিনা _বর্যাতী।'

'তোর সঙ্গে কোথায় না গেছি !' ম্রারে বাঁকা ইটাই করকো।
ুথবরটা ইতিমধ্যে মেসের আনাচে-কানাচে ছড়িয়ে পড়েছে। যারা
তার চেনা সবাই প্রতুলকে ছেঁকে ধরলো: 'আমাদেরো নিচ্ছেন সঙ্গে
করে' ?'

ধিশ্চরই। বিয়েট। যথন আর কিছু লুকিয়ে হচ্ছে না, আর ইতর আপনারা যথন শুধু মিষ্টান্ন পেলেই খুসি। নিশ্চই নিয়ে যাবো। যে থেতে চান।' প্রতুল ঘর থেকে বেরোবার উত্তোগ করলো, যাবার আগে মুরারিকে বল্লে, 'সব সময়েই রেভি থাকবি, বিয়ের দিন ঠিক হ'লেই এসে থবর দেবো।'

রহস্তে আরত এই প্রতুল। তার সঙ্গে মুরারির প্রথম আলাপ
হ' বছর আগে, রেস-কোর্সে। সেদিন তারা হ'জনে একই ডার্ক-হর্সের
উপর বাজি ধরেছিলো, যেটা সমস্ত ঘোড়াকে পিছনে কেলে সটান
তাদের পকেটে পড়লো ঢুকে। অল্রভেদী আনন্দের মধ্য দিয়ে মুহুর্চে
তারা অস্তরক হ'য়ে উঠলো, যে-অন্তরক্তা অমিতব্যয়িতার প্রান্ত পর্যন্ত
প্রসারিত। ট্যাক্সি ছুটিয়ে তারা চলে' এলো ইম্পিরিয়্যালে: যে-পয়সা
আকাশ ফুড়ে আসে সে-পয়সা পকেট ফুড়েই বেরিয়ে যাওয়া উচিত—
তার আসা ও যাওয়ার মাঝে সমান চমক থাকা দরকার; সেথান থেকে
চলে' গেলো তারা ধৃদর উত্তরাঞ্চলে। সেথানে মুরারি দেখলো কী
উত্তুক্ত রাজপদে প্রতুলের প্রতিষ্ঠা, আর তার প্রভাব কী অপ্রতিহত!
ক্লতে গেলে সেথানেই সে বিস্তীর্ণ রাজ্যবিস্তার করে' বসেছে। কিন্ত
তা-ও বা স্থানিশ্চিত বলা যায় কি করে'! দেখা গেল হঠাৎ সে সমস্ত
সংশ্রব ছেড়ে নিজেই একটা বাড়ি-ভাড়া করে' বসেছে। কোখাও আর

বেরোয় না, সমস্ত সংসারের পরে উদাসীন, নিজের গভ জীবনের উপর অসীম তিক্ত-বিরক্ত। সেথানেও বা তাকে ধরে' রাথবে কে! ক'দিন পরে দেখা গেলে হৈপন্দ্-এর দৌকানের হুট পরে ক্যামাক ষ্ট্রিটে সে এক স্থাইট নিয়ে বদেছে। •ব্দক সপ্তাহ পরে গিয়ে দেখ, তার কলার-পিনটিও দেখানে পড়ে' নেই, চলে' গেছে সুে লাক্ষোয়, সপ্তাহাস্তরে লাহোরে, দেখান থেকে বা লাণ্ডিকোটালে। আবার চুপচাপ বদে' আছো, দেখবে সে কোলকাতায়, তোমার চোথের স্থম্থে। আজ রয়েছে **এক**টা রঙিন হোটেলে, কাল রয়েছে একটা বিবর্ণ পল্লীতে। তার কোথাও ঠিকানা নেই, দে কেবল শাখাই মেলেছে শিক্ড় গন্ধায় নি। *ভার বাড়ি কোথায় জিগগেদ করে।: আজ বলবে পটিয়া, কাল বলবে নেত্রকোনা, পশু বলবে বাগেরহাট। স্বর্কম প্রাদেশিকতায়ই সে তুপোড়, ধরা দেবে না। যদি জিগগেদ করো: তোর এত প্রদা কিদে, দে আজ বলবে, রেম্বনে তার ব্যবসা আছে চালের, কাল বলবে, **আগ্রায়** তার চামড়ার, পশু বলবে, নাগপুরে তার তুলোর। যে করে'ই হোক তার পয়দা আছে, আর দে-পয়দা তার বাক্সে নয়, ব্যাঙ্কে নয়, লগ্নিতে নয়, একেবারে তার বুক-পকেটে। একমাত্র জিনিদ যা পরকে দিতে আমরা কার্পণ্য করি না তা দেয়াশলাইয়ের কাঠি: তেমনি ওর টাকা; যদি উভিয়ে দিতে চাও, চাইলেই তা পাবে। টাকা আমরা অনেক দেখি, কিন্তু এমন বিবেকহীন নির্দয় অমিতব্যয়িত। কথনো দেখি নি। যেন ঘর থেকে হাওয়া বার করে' দিতে পারলেই আদবে আরো অনেক হাওয়া, দরজা-জানলা এঁটে আটিকে রাখলেই দম বন্ধ হ'য়ে মারা যাবো। তেমনি হাত থেকে টাকাটা বার করে' দিতে পারলেই যেন পকেট আবার ভরেঁ উঠবে। আলাদিনের এ প্রলয়-প্রদীপ জনছে কোথায়! রেসে মাত্রষ দিতীয় দিন জেতে না, শেয়ার-মার্কেটে মারুষ ত্মড়ি থেয়েও পড়ে মাুাঝে-মাঝে,

আর ব্যবসা করতে বদলে কার না একটা অস্তত হিসেবের খাতা থাকে। দেশে জমিদারি আছে বলতে পারো, কিন্তু জমিদারকেও রাজস্ব দিতে হয়, মালি-মোকদমা চালাতে হয়, শ্রিজারকা ক্রতে হয়। কোন জমিদারির এত উঘ্ তি আছে যা মাত্র নর্দমা দিয়ে বেরিয়ে যাবে! ভর্ একটি জিজ্ঞাসাই তার কাছ থেকে সমান উত্তর পেয়েছে: সংসারে তার কেউ নেই, কিছু নেই, না স্বদ্রতম আত্মীয়, না স্বচ্যগ্রতম মেদিনী। বস্থাই তার কুট্র, বস্থাই তার বাসভূমি। এ হেন প্রত্লকে ধাধা বলবে না তো কী! কোথায় দে আছে, কী দে করে, কিদে দে চালায়, আত্যোপাস্ত সবই একটা ঘন কুয়াসা দিয়ে ঢাকা। ছ' বছরেও ম্রারি তাকে ধরতে-ছুঁতে পায় নি।

হয়তো দরকারও ছিলো না, কিন্তু এ-হেন প্রতুল অপূর্ব অক্লেশে বিয়ে করবার জন্তে মেতে উঠলো — এটা যেন কেমন ভাবা যাচ্ছে না, কিন্তা ভাবতে ভালো লাগছে না। আর সব রকম সাধুকাজ সে করেছে ভাবা যেতে পারে, এমন কি সম্লেসি হওয়া পর্যন্ত, কিন্তু নেহাৎই একটি অপাপবিদ্ধা কুমারীকে সে বিয়ে করছে ভাবতে কেমন মনটা বেঁকে বসে। সেটা ভয়, না য়ণা, না ছ:খ, না এমনিতেই একটা বিয়য় বোঝা দায়। ব্যাপারটা সত্যি কী জানবার জন্তে ম্রারি একদিন অমিয়র মেসের দিকে পা বাড়ালো।

রাত হয়েছে। টহল দিয়ে ফিরে মেদের একতলায় তক্তপোষের উপরে চিং হ'রে শুয়ে লগুনের আলোতে অমিয় একটা সাপ্তাহিক পত্রিকার পৃষ্ঠায় কাননবালার একটা ছবি দেখছিলো, আলোটা হঠাং আড়াল হ'রে থেতেই সে ধড়মড়িয়ে উঠে বসলো: 'এ কি, ম্রারিবাব্ যে, কী মনে করে' ?'

ঘরে জার লোক ছিলো না, পার্যস্থায়ী ভদ্রলোকটি ট্রাইশানি করতে

গেছেন, এধনো ফেরেন নি। ম্রারি লোহার একটা বাঁকানো চেয়ারে বসে' পড়ে' অালটপকা জিগগেদ করলে: 'হাা হে, প্রতুল নাকি বিয়ে করছে?'

'হ্যা, আপনি শুল্ডৰন কোথেকে ৷'

'আমাকে সেদিন বলছিলো ঘটা করে'। প্রথম প্রক-পাতেই নাকি প্রেম, জন্ম-জন্মান্তরের আলাপ।'

'প্রেম না হাতি!' লজ্জিত হাস্তে অমিয় বললে।

'ভবে কী ব্যাপারথানা ?'

'বলতে গেলে বলতে হয়, স্রেফ মহামুভবতা।'

এতটা মুরারি প্রত্যাশা করে নি। শৃশু থেকে বললে, 'তার মানে ?'

'মানে, গরিবের উপর দয়া, আদর্শবাদ, যুবক বাঙলার কাছে জীবন্ত উদাহরণ, যা বলতে চান।'

এ-ও আরেক প্রলাপভাষী। মুরারি অসহিকৃ হ'য়ে বললে, 'মেমেটি কে ? চেন ?'

'চিনি না? আমাদেরই গ্রামের মেয়ে, এক ঢিল দূরে ওদের বাসা, রেথাকে আমি চিনি না? ঘটকালি করলে কে জিগগেস করি;

'মেয়েটি দেখতে কেমন ?'

'স্বাস্থ্যবতী ছাড়া আর কিছুই বলতে পারেন না।'

'থারাপ দেখতে ?'

'প্রতুল-দা বিয়ে করছেন, এখন আর তাকে খারাপ বলি কি করে'? নইলে কোনোদিন আমার থিয়েটার-পার্টিতে এসে জয়েন করলে তাকে একটা ঝির পার্টিও দিতে পারতাম কিনা সন্দেহ।'

় 'এত কুৎসিত! মোটে বিয়ে হচ্ছিলো না বুঝি ?' 'আজ এই বিশ বংসর। আপনিই বলুন, কুড়ি বছরে পুনেয়ের বড়ো জোর স্বাস্থ্য থাকতে পারে, কিন্তু রূপ কোথায়? গানই বলুন, য্যাক্টিংই বলুন, আর রূপই বলুন, সব চর্চার জিনিস। চর্চা করেন নি . ক মর্চে ধরতে স্কুক্তরেছে।

'লেখাপড়া শেখে নি ?'

'এই, অষ্ট রম্ভা।' অমিয় কাঁচকলা দেখালো। বললে, 'বলে গ্রামে মেয়েদের একটা মাইনর-ইস্কুলই নেই। আমার ভয় হয় রেখাকে প্রতুলদার সব সমাধ কাছে-কাছে রাখতে হবে।'

'কেন ''

'ঠেকন নয়? দ্বে থাকলে প্রতুলদাকে ও চিঠি লিখবে কি করে' ?'

'এত দ্র।' ম্রারি হাসলো। বললে, 'টাকাও তো প্রতুল কিছ্ পাচ্ছেনা।'

'টাকা পাবে না দিল্লির মসনদ পাবে! বিয়ে করবার আগে প্রতুলদাকে ওদের বাড়ির চাল ছেয়ে দিয়ে আসতে হ'বে, নইলে এই আয়াঢ়ে আর বিয়ে হ'তে পারবে না।'

মুবারি এক মুহুর্ত শুর হ'য়ে রইলো। বললে, 'এমন মেয়েকে প্রতুল পছন্দ করলো কি করে' ?'

'বলনুম না জীবে দয়া, শ্রেফ জীবে দয়া। সেবার আমার দেশে গিয়ে প্রত্লদা রেখাকে একদিন দেখলেন রোদে দাঁড়িয়ে চুল শুকোছে। জিগগেস করলেন, 'কে ওই মেয়েটি ?' দিলুম ওর পরিচয়, বললুম ওদের অবস্থার কথা। ওর বাপ কি রকম হত্যে হ'য়ে ওর বিয়ের জত্যে বৃড়ো থেকে বালকের কাছে গিয়ে হাতজোড় করছেন। একে কালো, ভায় লেখাপড়ার জৌব্দ নেই, নেই সহুরে চূণকাম, ভাই কেউ মৃথ তুলছে না। বৃড়ো ভরলোট কর কেবল আত্মহত্যা করিতে বাকি। কিন্তু মরলেও বা

শাস্তি কই 🎋 স্বর্গেই যান বা নরকেই যান, আজকালকার পল্লীগ্রামের অবস্থার কথা তা ধবরের কাগন্ধ খুললেই পড়তে পারবেন!'

'তারপর श्रोत- ব্রারি তাকে ইতো ধরিয়ে দিলো।

'তারপর, নে\কেশ্ম•যখন উঠবেন, প্রতুলদা আমাকে বললেন, রেখাকে তিনি বিয়ে করবেন। কথাটা যেন বাড়ি ফিরেই পাড়ি ওদের কাছে।'

'পাড়লে কথাটা গু'

'বাড়ি ফিরেই। তক্ষ্নিই।'

'ওরা কী বললে ?

'বললে ? শুধু বললে ? চেচিয়ে উঠলো। লাফিয়ে উঠলো 🖍 গান গেয়ে উঠলো।'

মুরারি অল্প একটু হাসলো। বললে, 'কি-রকম পাত্র সে-সৈহন্ধে কোন থোঁজ নেয়া দরকার মনে করলো না ?'

'কি রকম পাত্র!' এমন একটা প্রশ্নপ্ত হ'তে পারে ভাবতে অমিয়র চক্ষু গোলাকার হ'য়ে উঠলো। অসহিফু হ'য়ে বললে, 'আর, কি-রকম পাত্রী তার থবর রাথেন ?'

'তা তো ঠিকই। তবে কিনা—'

'প্রতুলদাকে যদি অপাত্র বলেন তবে রসগোল্লাকেও অথার্ছ বলতে হয়। ক্রিকেটে যেমন ব্রাডম্যান, বিষের বাজারে তেমনি প্রতুলদা। কিসে তিনি ছোট ? চেহারায় কার্তিক না হ'লেও গণেশ নন, আর ময়মনিসং-সর্বেবাড়িতে তাঁর প্রকাণ্ড পাটের ব্যবসা, পয়সায় তিনি গড়াগড়ি যাচ্ছেন। রাখুন মশাই, অমন কাঁচা পয়সা হাতে এলে এখানে-সেখানে বেরিয়ে যায়ই এক-আধটু — সেটা পয়সার অভাব, মায়্রের চরিত্রের দোষ নয়।'

'किन्छ अता यिन त्म-कथा त्मात्न ?'

'কারা ?'

'মেয়েপক ?'

'ঢোঁক গিলে হজম করে' ফেলর্বে। ভাববে, স্পূর্ণ গিতিটা গরিব লোকের বেলায় যতটা কলম্ব, বড়োলোকের ক্লেণ্ড তিতটা অলম্বার। সেটাকে কেউ পাপ বলবে না, বলবে একটা থেয়াল।'

'তা বলেছ ঠিক। কিন্তু তোমার কি মনে হয়', মুরারি গন্তীর হ'বার চেষ্টা স্বুরলো: 'বিয়ে করে' প্রতুল ঘর বাঁধতে পারবে — আজ যে মাইশোর আর কাল যে মুশোরি করছে? বিয়েটা ভার পক্ষে একটা বাধা হ'বে না ধ্ব'ন

'আম্বিক্তা মনে হয় আকাশ থেকে এখন নীড়ে আসবার জন্তেই উনি-ব্যস্ত। আর যাই বলুন, লকাকাণ্ডে দীতা-উদ্ধার পর্যস্তই আমরা আছি, উত্তরকাণ্ডের কথা বালীকি ভাববেন, মানে গ্রন্থকর্তা, অর্থাৎ মেয়ের বাপ।'

'ভদ্রলোক ব্ঝি খ্বই গরীব! করেন না কিছু ?' 'করতেন, কিন্তু ছেলের তুর্দান্ত স্বদেশিয়ানায় সেটা খ্ইয়েছেন।' 'নেই কেউ ?'

'এক ভাই আছে, দিলেটে না দিলচরে কি কাজ করে, ঝুলি ঝেড়ে মাসাস্থে কিছু পাঠায়। জমি-জমা বাকি থাজনার ডিক্রিডে নিলেম হ'য়ে গেছে, জমিদারের হাতে-পায়ে ধরে' ভিটে আঁকড়ে পড়ে' আছেন এখনো।'

'ভদ্রংলাকের নাম কী ?'

'ভ वानना मृथुरक्ता'

'বলোঁ কী হৈ, অমিয় ?' ম্রারির পায়ের নথ পর্যন্ত শিউরে উঠলো: 'আর প্রতুল্_{ক।} যে দাস।' অমিয় উঠলো হেসে। বললে, 'আপনি তা হ'লে ওঁকে চেনেন না। ওঁর আসল না হচ্ছে জগদীশ ব্যানার্জি — কাতিকপুরের গদাধর বাঁডুয্যের ছেলে।'

'এ কী হেঁয়ালি '১/১ ?' মুরারি থ হ'য়ে গেলো।

'ধাঁধার উত্তরও এই বলে' দিচ্ছি আপনাকে।' অমিয় গাঁট হ'য়ে বসলো, বললে, 'ছেলেবেলা থেকেই উনি বথা, ব্যুতেই পারেন ভোরবেলা দেখেই দিন বোঝা গাঁহ, বাপের শাসন-ফাসন না মেনে মা-মরা। ছেলে একদিন নিফদেশ হ'য়ে গেলেন। বহু বছর আগেকার কথা। চলে' গেলেন রেঙ্গুন না কয়েছেটোর, ধুলো মুঠ করে' নিয়ে গেলেন প্রলেদেখলেন সোনা হয়ে গিয়েছে। ফিরে এলেন কোলকীতায়, স্পোন থেকে ভলপথে আর জলপথে অনায়াসে তাঁদের বাড়ি যাওয়া যায়। কিছে সেখানে আর গেলেন না, তাঁর আত্মীয় স্বজনের আশ্রমে, যারা তাঁকে ক্লাকার বলেছে, তাঁকে তাড়িয়ে দেবার জন্মে যারা তাঁরে বাপের সহায়ক ছিলো, তুর্বল বার্ধক্যেও যারা তাঁর বাপকে কোনদিন তাঁর জন্মে কাদতে দেয় নি। আর কেনই বা যাবে! গদাধরবার তো আর বেঁচে নেই।'

'তুমি এত সব জানলে কি করে' ?'

'আমি কেন, বিক্রমপুর-পরগনার স্বাই জানে যে গদাধর বাঁছুয্যের ছেলে ভাগ্য-জয় করে' ফিরেছে।'

'কিন্তু তুমি তো আর জগদীশকে দেখ নি।'

'দেখি নি, কিন্তু গদাধরবাবু যথন নোয়াথালিতে সাবরেজিট্রার ছিলেন, আমি জানতুম ওঁদের পরিবারকে। শুনৈছিলুম, তাঁর বড় ছেলে নিফদেশ, কেউ বলে সমেসি, কেউ বলে ডাকাত, কেউ বা সরাসরি বলে, শিঙে ফুঁকেছে। আমার সঙ্গে প্রথম যথন ওঁর আলা আগের কথা বলছি, প্রথমেই বললেন, উনি নোয়াথা, লর গদাধর বাঁডুযোর ছেলে, জগদীশ।

'তার আগে, তোমার বাবা এককালে নোয়াথালির নাসুটি মাজিট্রেট ছিলেন, এ-কথা বলেছিলে তাকে ?' ডিটেকটিভ নিশের মত ম্রারি স্ক্র একটু হাসলো।

'তা বলে' থাকতে পারি বটে, আমার মনে নেই।' অমিয় বিরক্ত হ'য়ে জ্বিলাগেদ করলে: 'তা আপনার দলেহ হচ্ছে নাকি '

'ভূ' একটু-একটু হচ্ছে বৈ কি।' এতক্ষণে ম্রারি একটা দিগরেট ধরাব(র',সময় পেলো। বললে, 'নইলে জগদীশ কেন প্রতুল হ'তে যাবে, মায় জঠতংগোত্র বদ্দে। ?'

--- 'এইটুকু আপনার বৃদ্ধি হ'লো না ? আপনি যথন ও-সব জায়গায়
থান, আর বথন ওরা আপনার নাম জিগগেদ করে, তথন কি সত্যি সত্যি
ম্রারি ব্রক্ষই বলেন, না, মণীক্র সমাদার বলে' আদেন ? আর যে-নাম
একবার চ'লে গেছে বাজারে, কালক্রমে তারো একটা গুডউইল দাড়িয়ে
থায়। যায় না ?'

'পেটা তুমি ঠিক বলেছ, কিন্তু প্রতুল এখন কোথায় বলতে পারো ?' 'কোমেটায়। কাল চিঠি পেয়েছি।'

'कारबंदीय ?'

'হাা, দেখান থেকে করাচি হ'য়ে এক হপ্তার মধ্যেই কোলকাতায় ফিরবেন।'

'তার বিষে কবে ?'

'সাম.ন মাদেই। আপনারা জানতে পারবেন বৈকি।'

'আচ্ছা, তা 🐙 লে উঠি।'

'किन्छ अप्रकल वार्त अकाँ। कथा व्यापनारक जिन्नरात्र कत्ररवा।'

অমিয় নিভৃত ্বার চেষ্টা করে' বললে, 'প্রতুলদার বিয়েতে আপনার সায় নেই কেন বলঝে পারেন ?'

'তুমি এত দিন্ধাঝ আর এটা ব্ঝলে না?' ম্রারি হাসলো: 'জাহাজের কাপ্টেন্ই নিদি আত্মহত্যা করে, তবে জাহাজের কি দিশা হয়?'

'বানচাল, ছত্রথান হ'য়ে যায়।'

'আমরা তাই হ'তে বদেছি।' মুরারি ততোধিক হাসলো: 'আ চাদের কাপ্তেনই যদি চলে' যায় তো আমরা কোথায়! তথন ওর সামায় কি আর পকেট থাকবে? তোমার সেই রেখা এসে সব সেলাই করে কুবে না?' মুরারি যাবার জন্মে উঠে দাঁডালো।

এ-দিকটা অমিয় ভেবে দেখে নি। বাপ তার খরচ-পত্র বন্ধ করৈছে
অনেক দিন, যে-দিন থেকে দে এক থিয়েটার-পার্টি খুলে বংসছে।দে-পার্টি বাঁচিয়ে রেখেছে শুধু প্রতুলের পয়সা, এমন-কি আনকোরা সব
নটা ও অভিনেত্রী পর্যন্ত জ্টিয়ে দিয়েছে সে। প্রতুলদা যদি সভিাই
এবার নীড়ে ফিরে আসেন আর তাঁর জামার পকেটগুলো যদি
একে-একে সেলাই হ'য়ে যায় তবে তার পার্টি তো একেবারে গণেশ
উল্টোবে।

মনে-মনে দে অস্থির হ'য়ে উঠলে। বললে, 'সে আর কত দিন, বড়ো জোর মাস্থানেক। বৃড়ি যে একবার ছুঁয়ে এসেছে ম্রারিবাব্, সে আর কথনো মরে না। এ ভ্রসা আমার আছে।'

'তা বলেছ ঠিক। এদিন-ক্ষণ ঠিক হ'লে আমাকে জানিয়ো, আমি যাবে। বর্ষাত্রী।'

'নিশ্চয়। আর কাঞ্চ নয়, প্রতৃলদার বিয়ে !' কি ভেবে তু'জনে হেসে উঠলো। করাচি থেকে ফিরে প্রতুল অমিয়র মেঁসে এসেই উর্স্ত্রী দি ট্যাক্সি-ভাড়া চুকিয়ে দিয়ে প্রথম কথাই এই বললে, 'ওদের আ১২২ই টেলি করে' দাও অমিয়, সাতদিনের মধ্যেই বিয়ের দিন ঠিক করা চাই।'

'সাত দিনের মধ্যে! অমিয় ভেবড়ে গেলো: 'এত শিগ্রির!

'পোন্ জিনিসটা আনি গড়িমসি করে' করেছি শুনি? বেশি দেরি করতে গেলে মত বদ্লে যেতে পারে। এ বাবা মান্ত্যের মন, রেসের যোজ্ কচেয়েও অনিশ্চিত।'

^{ক্ট্}কুসাতদিন্দ্র মধ্যে কি ওয়া তৈরি হ'তে পারবে ?'

'এই নাও টাকা,' পকেট থেকে প্রতুল একটা একশো টাকার নোট বার
করলো: 'টি-এম-ও করে' দাও। আর লিথে দাও, আয়োজন খ্ব সজ্জেপ
করতে। শাখা আর সিঁত্র, শাখের আওয়াজ আর শালগ্রাম-শিলা।
আমাদের দেশে আইন করে' আয়-মাফিক বিষের খরচ বেঁধে দেয়া
উচিত।'

'ওদের একটা নেমস্তন্ত্র-পত্র তো ছাপতে হ'বে। জ্ঞাতি-কুটুম দেশ-বিদেশে ছড়িয়ে আছে, প্রথম মেয়ের বিষে, না জানালে কি ভালো দেখায় ?'

'রেথে দাও তোমার জ্ঞাতি-কুটুম! বলে, তপ্ত ভাতে হ্নন জোটে না পাস্ত ভাতে খি।' প্রতুল মৃথ বেঁকালো: 'গ্রামের হু' পাঁচ জন মাতব্বরকে ধরে' থাইয়ে দেবে। হুটো গ্যাস, একটা সামিয়ানা, আর একখানা পাট-কাপড়। বিন্দেহ'য়ে যাক, জ্ঞাতিগুটি ভাকিয়ে আমি একদিন না-হয় ফিরপোতে ভিনার থাইয়ে দেবো। হাঁা, প্রিপেড টেলি করবে। এক্নি উত্তর চাই, স্তেদিনে তারা রেভি হ'তে রাজি আছে কিনা।' 'কিন্তু,' অমিন আমতা-আমতা করে' বললে, 'কিন্তু সাতদিনে বিয়ের দিন আছে কিনা কে ৺্ানে।'

'আমি জানি, দিন ুর্নেই।' প্রতুল ক্রুদ্ধ গলায় বললে, দক্ষিণা পেলেই পাঁজির ব্যাখ্যা করে' ড্যান্ডিয়ীরা দিন বার করে' দেয়। আর এ-ক্ষেদ্রে কন্তা অরক্ষণীয়া, মনে রেখো। দিন বেঠিক হ'লেই বিয়েটা বে-আইনি হয় না। তুমি ওদের লিখে দাও তো, গরজ কার বোঝা যাবে।'

পরের দিনই টেলিগ্রামের উত্তর এসে হাজির।

মেয়ের বাপ লিখেছে, আসচে সাতাশে তারিখেই তারা প্রস্তুত, যানুও অজ-পাড়াগাঁয়ে এত অল্প সময়ের মধ্যে সব জোগাড়যন্ত্র করে' ওঠা মুখিনী। বর্ষাত্রী ক'জন আসবে দ্যা করে' তার' সংখ্যাটা যেন জানাম।

'লিথে দাও পনেরো জন।' আয়নার সামনে প্রতৃল চূল আঁচড়াক্তি আঁচড়াতে বললে।

'এত ? ওরা নাজেহাল হ'য়ে যাবে য়ে।

'তবে কেটে সাত করে' দাও। তুমি আছ, ম্বারি আছে, ওর মেসের
হ' একজন ভদ্রলোক যাবে বলেছে, প্রফুল, তার ভাই প্রমোদ; নিপু আর
হরিকুমারকেও বলতে হবে — এ তো আর কিছু নয় যে দল ভারি হ'লে
ছশ্চিস্তা হবে, এ বাবা, রিলিজিয়স য়াক্ট, বিয়ে করতে যাচছি।'

'না, সেভেন ইজ এ ডিসেন্ট নাম্বার !'

'হাঁ, আর লিখে দেবে, লিস্ট পসিব্ল ফাস্। একটা হৈ-হৈ রৈ-রৈ কাণ্ড করে' না বসে।'

'কোখেকে করবে ?'

'আর এ-ও লিথে দিতে পারো, মেয়ের বিয়েতৈ তিপ্যুক্ত গয়না বা শাড়ি-ব্লাউজ দিতে নাপেরে ওরা যেন না হঃথ করে। সব আমি দেবো।' 'তা তারা জানে। অমিয় হাসলো। 'আর শোনো, চাকরকে একটা ট্যাক্সি ডেকে দিতে বলো, আমি এখুনি একবার প্রীরামপুর যাবো। আর তোমাকে এই টাকা দিঃ য় যাচ্ছি, পঁচিশে তারিখ, ইংরিজি কতই জুন হয় দেখে নিয়ো, টাক্ গোলে আমার আর তোমার হ'থানা টিকিট কেটে বার্থ রিজার্ভ করে' রাষ্ট্র । আর কে যায় ন যায় দেখে পরের টিকিট পরে করা যাবে।'

'আপনি কি এর মধ্যে আর ফিরে আসছেন না নাকি ?' অমিয়র গুরুষ কেমন অস্বস্থি।

'না, সেথান থেকে আমাকে একবার ধানবাদ যেতে হ'তে পারে। তা থার ভয় নেই, পঁচিশে তারিথ, ইংরিজি কতই জুন হয় দেখে নিয়ো, রাত ঠিন কোনিক পঁময় শেয়ালদা কৌশনে পাঁচ নম্বর প্ল্যাটফর্মের পেটের কাছে আমাকে দেখতে পাবে। কাজ, কাজ, বিয়ে যে করবে। তাতে পর্যস্ত কাজের কমতি নেই। জিনিসপত্র কেনাকাটা আছে, সামাগু টুথবাশ থেকে রেথার জন্মে জড়োয়া একটা নেকলেদ পর্যন্ত, বন্ধু-বান্ধবদের দোরে-দোরে গিয়ে নেমস্কন্ন করতে হবে, পত্রদারা যথন ক্রাট করা যাবে না, তারপর বাড়ি একথানা ঠিক করে' রাথতে হবে, চাকর-বাকর, ফার্নিচার, কম-দে-কম ই-সিটার একথানা গাড়ি — কাজের কি আর শেষ আছে ভাই ? তুমি কিছু ভেবোনা, দব ভূলতে পারি, রেথাকে ভূলতে পারবোনা — এই নাও াকা, আজই গিয়ে বার্থ হ'থানা রিজার্ভ করে' এসো।' বলে' পকেট থেকে থকুল গুনে-গুনে পাঁচখানা দশ টাকার নোট বার করে' দিলো।

'থেয়ে যাবেন না ?' হতবুদ্ধির মতো অমিয় বললে।

'না, দেটশনের রিজেসমেণ্টরুমেই সেটা সেরে নেবো। কই রে, ডি ংই ।'

প্রতুল খেরিয়ে গেলো !

नैहिन छात्रित्थ, देश्तिकि नयूरे कून, विकिष्ट क्टिं, वार्थ विकार्ड क्टबं,

কামরাতে মাল-পত্র চাপিয়ে, সাড়ে নটা থেকে অমিয় স্টেশন-প্ল্যাটফর্মে পাইচারি করছে। সেকেগুক্লাশ-ওয়ালারা এত আগে কেউ আসে না, ঢাকাই মেলেও না; ুকিন্ত দশটা ছেড়ে সাড়ে দশটা প্রায় বাজে, প্রতুলের দেখা নেই। নিশান নিয়ে গার্ড পর্যন্ত তার গাড়িতে এসে উঠলো, ফার্সট্ বেল পড়ো-পড়ো, কোথায় প্রতুল ? এ একা সে চলছে কোথায় — অসহায় উদ্বেগে অমিয় একেবারে দিশেহারা হয়ে উঠলো। মাল-পত্র সে নামিয়ে নেবে কিনা ভাবছে, এমন সময় প্রতুল এসে হাজিব।

'কই হে, বুক্-টুক্ হয়ে গেছে সব ? কম্প্লিট ?'

'এ কি, কী হয়েছে আপনার ?' অমিয় প্রতুলের মাথার 🗥 ক ইপিত করলো।

দেখা যাচ্ছিলো প্রতুল তার মাথাটা নিম্ল গ্রাড়া করেছে, ধাদিও তার উপরে সিল্লের একটা পাকানো পাগড়ি, পাঞ্জাবিদের ধরনে বাঁধা, যদিও ল্যান্স নেই।

'ও আর বোলো না হে। গিয়েছিলাম ফ্যানান করে' এক বিলিতি দোকানে চুল ছাঁটতে। চুল যেন কাটছে না শালারা, কোদলাছে। হাল চালিয়ে এবড়ো-থেবড়ো একটা মাঠ বানিয়ে ফেললে। শালাদের শাপান্ত করতে-করতে শেষকালে ফুটপাতের ধারে একটা খোট্টাই ক্ষ্রের তলায় গিয়ে মাথা গলিয়ে দিলাম; বললাম, বেশ গোল করে' নাডুটির মতো কামিয়ে দাও তো, গোপাল।'

'আমি বা ভাবলাম, আর কোনো হঠাৎ বিপদ হ'লো বৃঝি! কিছ সেই সঙ্গে গোঁফ জোড়াও কামালেন কেন ?'

'নইলে যে ব্যালেন্স থাকে না। কই হে, এই স্থামাদের গাড়ি নাকি ? উপরে-নিচে আর কেউ আছে নাকি এ-গাড়িতে ?' প্রতুল সন্দের কুলিটাকে গাড় করালো। এ-পাশে ও-পাশে ঘন-ঘন তাকাতে-তাকাতে অমিয় বললে, 'আর কেউ এলো না ?'

'বোলো না আর অদৃষ্টের কথা, শুভ কাজে সঙ্গা মেলে না।' প্রত্বল গাভিতে উঠে কুলি থাটাতে-থাটাতে বললে, 'ম্রারির মেদে গিয়ে দেখি, প্রবল গ্রীমে লেপম্ডি দিয়ে হি-হি করে' কাপছে, ম্রারি যাবে না দেথে ওদের ওথানকার আর-কাউকে রাজি করানো গেলো না। কাল মেডিকেল কলেজ প্রফুল্লর শালির য়্যাপেণ্ডিসাইটিস অপারেশান হবে, সে য়েতে পার ব না, ওর ভাই প্রমোদ ল্যাম্বেগোতে ভূগছে, ওঠায় কার সাধ্যি। নির্মা কাছে গেলাম, টুপিডটা দাঁত বার করে' বললে, পশু তার ছেলের আর্মা না, । চ্রেন্সাম বেলগাছিয়ায় হরিকুমারের বাড়ি, দেখি গলির মোড়ে কর্মা বেলগ, কলাম, 'চল্, বিয়ের বয়্মাত্রী য়াবি'; ও ওর চোথ ছটো ছোট করতে-করতে ছটো ক্র শুল শুল রেথায় পরিণত করে' বললে, 'আবার বিয়ে! মাপ করো দাদা, ও-নাম ম্থেও উচ্চারণ করো না।' নেশাথোর স্বাউণ্ডেল কোথাকার! উঠে পড়ো, উঠে পড়ো, ছইস্ল্ দিছে।'

গাড়িতে উঠতে-উঠতে অমিয় বললে, একটু-বা বিরস গলায় : 'কেবল ন্নাপনি আর আমি।'

'তাই যথেষ্ট, আমি বর আর তুমি নিতবর !' প্লাটফর্মের ঘড়ির গঙ্গে নিজের কজির ঘড়িটা মিলিয়ে নিতে-নিতে প্রতুল বললে, 'আশ্চর্য, মামার ঘড়িও কিনা শ্লো যায়।'

গাণ্ডি ছেড়ে কিলো।

অমিয় বললে, 'ওরা কিন্তু এত কম লোক দেখে বড্ড হতাশ হ'য়ে। যাবে।' 'আরে বন্ধু, তুমি কী চাও ? দশ সহস্র অক্ষোহিণী সেনা চাও, না স্বয়ং জনার্দনকে চাও ? ঘড়িটা যেমন শ্লো যাচ্ছিলো, যদি নিক্ অফ টাইমে না এসে পড়তে পারতাম, তবে ভদ্রলোকরা কি অধিকতরো আরাম পেতেন নাকি ?'

'কিন্তু সঙ্গে একটা চাকর পর্যন্ত নিয়ে এলেন না ?'

'কেন, তোমাদের গাঁয়ে সকলেই একেকটা জেলার হাকিম নাকি, একটা চাকর পাওয়া যাবে না, জুতোজোড়াটা যে এগিয়ে দেয়, কাপং ধানা কুঁচিয়ে রাথে ?'

'অধিবাসে তত্ত্ব কী পাঠাবেন ?'

'তুমি যে দেখছি একেবারেই য্যাডভেঞ্চেরাস নও! তিনি, এক হাঁড়ি প্রথানে ময়রা কি ম্দির দোকান নেই? এক হাঁড়ি চিনি, এক হাঁড়ি মিছরি, এক হাঁড়ি বাতাসা, এক হাঁড়ি গুড়, এক হাঁড়ি নকুলদানা, এক হাঁড়ি বাসি জিলিপি — একুশ না হোক এগারো হাঁড়ি সাজিয়ে দিতে পারবো না? তত্ব দেখতে চাও তো দেখ আমার এই ট্রাঙ্কে!' নিজেই হু' হাতে করে' ভারি মজবৃত ট্রাঙ্কটা প্রতুল মেঝে থেকে বার্থের উপর তুলে আনলো।

নতুন, স্থ-কেনা ট্রান্ধ, মনে হয় গায়ের রঙ এখনো ভকোয় নি।
পকেট থেকে চাবি বার করে' ভালাটা খুলে ফেলে প্রত্ল বললে,
'দেখ।'

কত রকমের সাড়ি — বেনারসি, মান্দ্রাজি, ভাগলপুরি, কাবেরি। স্বাট-পাড়, জংলি, একরঙা। পাড়ের কী ছটা। আর এই ব্লাউজের স্থূপ। কাঁধ-কাটা, ফুল-হাতা, ভি-গলা, কোনোটা বা মোগাল আমলের গলা-তোলা। আর এই সায়া-সেমিজ। আর এই সব আরো আধুনিক-তরো দেহ-শাসন-বস্ত্র। শুকনো সাড়িতেই সে বাক্স বোঝাই করে? আনে

নি। এই দেখ তলায় প'ড়ে রয়েছে এই নেকলেসের কেসটা, লীলারামের দোকান থেকে কেনা, রিয়েল পার্ল; আর এই তোমার ঝুমকো না ঝাড়লগুন, যা বলতে চাও; আর এটা একটা আংটি না তো মনে হচ্ছে আকাশের তারার টুকরো! আর এই দেখ রিস্ট্-ওয়াচ, মাইক্রস্কোপ লাগিয়ে সেকেণ্ডের কাঁটা দেখতে হয়। তারপর এই বড়ো বাণ্ডিলটা খোলো: আয়না আর চিফনি, তেল আর তোয়ালে, ফিতে আর কাঁটি, স্নো আর পাউভার, ক্রিম আর ওয়াক্স, আলতা আর হুর্মা, লিস্টিক আর কিউটেক্স, সাবান আর স্পঞ্জ, প্যাড আর থাম, স্কুইব আর পার্কার, কুরসি আর কাঠি, নিটং-কেস আর পিক্টোগ্রাফ! কত! কর্ড! তার্কার জিতে ভাবনা!

বিশ্বয়ে অমিয় একেবারে সাদা হ'য়ে গেলো। বললে, 'এত ?'

'হাঁ। আর-কাউকে নয়, বউকে দিচ্ছি। কেউ কিছু বলতে পারবে না বাবা।' গবিত মুখে প্রতৃল একটু হাসলো; 'তরু এ তো শুধু অবতরণিকা।'

'না, এত সব আপনি এক অধিবাসের তত্ত্বেই দিয়ে দিতে পারবেন না।' অমিয় আপত্তি করলো।

় 'তা তুমি যথন বরকর্তা, তুমি যা বলো সেই অন্তুসারেই হবে। নিতকামও তুমিই করাবে, আর বিয়ের সভাতে আমাকে নিয়ে যাবে তোমারই অন্তুমতি নিয়ে।'

'আমারো হয়েছে পোড়া বাড়ি, স্থানেস্থিতিতে ঠাকুমাটা ছিলো, তাও প^{্র}েল তুললেন। মা তো বাবার সঙ্গেই, সিউড়িতে। আমি কি কিছু জানি কী করতে হয় বা না-হয়!'

'রেথে দাও, বরের আবার ভাবনা। টাকা ফেললে ওরাই সব

ঠিক-ঠাক করে দেবে। নাও, সিগরেট খাও', প্রতুল শ্লীর্কোভিচের টিন বার করলো: 'গলাটা শুকিয়ে গেল।'

অমিয় তার দিকে চেয়ে কি রকম করে' যেন হাসলো।

'কি আর করা! নেহাৎ বিয়ে করতে যাচ্ছি বিভূঁয়ে, মূথে তো আর গন্ধ করতে পারি না।'

সিগরেট ধরিয়ে অমিয় বললে, 'কিন্তু সঙ্গে একটা বেডিং আনেন নি কেন ?'

'এক রাত্রির তো মামলা, তোমারটাতেই ভাগাভাগি ফরে' চালিয়ে নিতে পারবো। তারপর ওরাই তো শ্যাা দেবে, যদিও ক্রিনি দে-শ্যা। তোলবার জ্বেল্ল শালা-শালির হাতে অম্মার ক্রের্ণানা আছে।' প্রতুল বিরাট একটা হাই তুলে আড়মোড়া ভাঙলো; বললে, 'আর নয়, আলো নিভিয়ে এবার ভয়ে পড়া যাক। ইটা, পাথাটা চলুক। ক্যাচ ছ'টো ফেলে দাও দরজার। প্রভারে সেই গোয়ালনা।'

গন্তব্য গ্রামে এসে তারা পৌছুলো, বেলা তথন প্রায় দেড়টার কাছাকাছি। স্টীমার-ঘাটে ত্'হথানা গয়নার নৌকো ছিল, একথানা শৃক্ত ফিরলো। গ্রামের ঘাটে অনেক লোকের ভিড় জমেছে, ভদ্রলোক থেকে চাষা-মজুর, কোঁচা থেকে গামছা পর্যন্ত। তুটো কলাগাছ পোঁতা, কলসীর উপরে ডাব বসানো, লাল-নীল কাগজের শিকল ঝুলছে। ঢাক আর কাঁসিও জুটেছে তুটো।

নৌকো থেকে নামলো শুধু অমিয় আর প্রতৃল, মাথায় সিন্ধের পাগড়ি বাঁধা, আর মাঝির মাথায় মাল-পত্ত।

রাজেন বিখাদ, গ্রামের ডাক্তার, ক্যাম্বেলের, ক্সার দিক থেকে এ-বিয়ের তদারক করছিলো। ঢাক-ঢোল, লতা-পাতা যেটুকু জাক-জমক

দেখা যাচ্ছে সব তার উত্যোগে। এমন কি বিয়ের রাত্রের জন্মে গোটা কয় হাউই আর সাপবাজি পর্যন্ত সে সংগ্রহ করেছে।

অমিয় তার অচেনা নয়, তাকেই সে সংখাধন করে' বললে, 'কি হে,
আরি কই ?'

অমিয় ভাক্তারকে প্রণাম করলো, বয়েস তার চল্লিশের ওপারে। বললে, শেষ পর্যন্ত কেউ আসতে পারলো না। কারু মেনিনজাইটিস, কারু পিকুপ্রাদ্ধ, কেউ বা এয়ারে বিলেতে চলেছে।

্ৰিএ কেমন কথা! তুমিই কি বরকর্তা নাকি ?'
'মামি উভচর ।' অমিয় হাসলো।

লাগোঁর জমিদারের কাছারি-বাড়িতে বরের জায়গা হয়েছে। নিচ্
তক্ষোপোষে পুরু করে' ফরাস-পাতা, তাকিয়াও আছে ত্ব'একটা,
এনামেলের ট্রেডে করে' পান-সিগরেট সাজানো, উপরে ইলেকট্রিক
ফ্যান না হ'লেও মাত্রের টানা পাথা ঝুলছে, প্রতুল ভাবলো, উপক্রমণিকাটা
মন্দ মিলছে না। ঘরে ঢুকতেই কে কোখেকে ক'টা পটকা ফোটালো,
গর্জনের চেয়ে ধোঁয়াই যার বেশি, কিল্ক আওয়াজটা সব চেয়ে বেহুরো
লাগলো রাজেনের কানে। ব্যাপারটা যেন তার কাছে বিয়ের মতো
বলেই মনে হছেে না।

শ্বমিয় বললে, 'একটা চাকর চাই। আরেকটা পুরুত। কী লাগবে না লাগবে কিছুই আমাদের জানা নেই। একটা মুকুট পর্যস্ত আমাদের কেনা হয় নি।'

রাজ্যে ভরসা -দিয়ে বললে, 'পাঁচ মিনিটে আমি সব জোগাড় করে' দিচ্ছি, কিচ্ছু ভোমাদের ভাবতে হবে না। আগে থানিক বিশ্রাম করে।। ওরে, বাবুদের ভাব কেটে দে।' পাথরের বাটিতে করে', প্রতৃল ভাবলে। এখন স্থশীতল পানীয়ই চাই। মন্দ মিলছে না।

রাজেন বললে, 'তোমরা কি পুকুরে স্নান করবে, না, বালতি করে' জল তুলে দেবে ? গ্রম জল ঠাণ্ডা করা আছে।'

প্রতুল বললে, 'পুকুরে।'

শ্বান করবার প্রাকালে অমিয়কে রাজেন ভবানন্দবাবুর কাছে টেনে নিয়ে গোলো। বললে, 'এ কেমনভরো বিয়ে? সঙ্গে আত্মীয় নেই জ্ঞাতি-কুটুম নেই, বন্ধু-বান্ধব নেই — এ কি গুগুস্তের বিয়ে নাকি ?'

'কোথায় পাবেন উনি আত্মীয়-স্বজন ?' অমিয় একটু-বা বিরক্ত হ'য়েই বললে, 'বাঁরা ওঁকে পরিত্যাঁগ করেছে সদলে ক্লাদ্দের্বেও উনি অস্বীকার করতে চান। আর গুচ্ছের আত্মীয়-কুটুম্ব এলেই আলুনারা সামলাতে পারতেন নাকি ?'

'তা তো ঠিকই।' ভবানন্দবাবু সায় দিলেন: 'আমাদের সামর্থ্য কোথায় যে ওঁদের অভার্থনা করবো।'

'আর এলে কোন আত্মীয় কোথা দিয়ে কী গোলমাল বাধাতো তার ঠিক আছে ? পণ নেই, দানসামগ্রী নেই, নমো-নমো করে' কাজ সেরে দিয়া — এ তারা বরদান্ত করতো নাকি ?' অমিয় প্রায় রাগ করে' উঠলো।

'তা যা বলেছ, একশোবার !' ভবানন্দবাবু ঘাড় হেলালেন।

'কিন্তু ব্যাপারটা যেন কেমন লুকিয়ে হচ্ছে বলে' মনে হচ্ছে না ?'

|| বিশাস তবু আপত্তি করলো।

'তা একটু লুকিয়েই হচ্ছে বৈ কি।' অমিয় ঝাঁজালো গলায় বললে, দুগদীশ যে কোলকাতায় ফিরেছে এ-থবরই তো তার আত্মীয়বজনরা কউ জানে না। জানে না, কারণ, ইচ্ছে করে'ই তাদেরকে তিনি কিছু জানান নি। কারণ, তা হ'লে দিখিদিক থেকে শত হস্ত এসে প্রসারিত হবে ওঁর পকেটের গহরের, যে-সব হাত একদিন তাঁকে মারতে পর্যন্ত উদ্ভাত হয়েছিলো। সংসারে যার আত্মীয় নেই, কিমা যে আত্মীয়তা অস্বীকার করে, তার কথনো বিষে হতে পারবে না ?'

'যাই বলুন, ব্যাপারটা আমার বিশেষ ভালো লাগছে না।' রাজেনের মুখ তেমনি মেঘলা ক'রেই রইল।

'তা হ'লে এই বিয়ে আপনার। বন্ধ করে' দিতে বলেন নাকি ?' অমিয় কথে উঠলো।

''बी সর্বনাশ !' ছই হাত তুলে ভবানন্দবাবু হাঁ-হাঁ করে' উঠলেন।

'আর এই প্রত্ন !' অমিয় গদগদ গলায় বললে : 'লাখে একটা মেলে কিনা সন্দেহ। টাকা, টাকা, এ-যুগে টাকাই হচ্ছে ক্রাইটিরিয়ান, সভ্যত্নীয়া, সংস্কারের, এমন-কি মর্যালিটির। সেই টাকা ওঁর কাছে হাতের ময়লা। আর সেই সঙ্গে দয়া করে' আপনাদের মেয়েটির কথাও ভেবে দেখবেন।'

'সহস্রবার !' ভবানন্দবাবু নিশ্চিন্ত সায় দিলেন।

'আমার তো মনে হয় রেখার পূর্বজন্মের তপস্থা ছিলো, ত্রুত্র তপস্থা।' অমিয় বলে' চললো: 'নইলে এ-জন্মে এমন বরলাভ ঘটজে। না। আজকালকার ছেলে, টাকা যথন আছে তথন সবই আছে, ইচ্ছে করলে কাকে না বিয়ে করতে পারতেন, ম্যাট্রিক থেকে বি-এ বি-টি পর্যন্ত — দিশি, বিলিতি, ইঙ্গ-বঙ্গী, কা'কে নয় ? কী শুভক্ষণে রেখানে কমন তাঁর চোখে লেগে গেছে, তাই তিনি না উপযাচক হ'ল পালিপ্রার্থনা করে' বসেছেন! নইলে তাঁর কি দায় পড়েছিলো সিমনে ব' মেয়ে না বিষে করে' এই গোঁয়ো মেয়ে বিয়ে করা ? আমার তো মনে শিষ্মাভারতের পরে এমন উদারতার দৃষ্টান্ত কোথাও দেখা যায় নি।'

'এক বর্ণপ্ত তুমি মিথ্যে বলো নি।' ভ্রানন্দরাবু ক্বতজ্ঞতায় গলে' গিয়ে বললেন, 'তুর্লভ মহাস্কৃভ্রতা। সবই ঈশ্বরের করুণা, তার বিধান।' পরে তিনি রাজেনের কাঁধে হাত রাথলেন: 'মিছে তুমি মৃষড়ে যাচছ! শিব নিয়ে আমাদের কথা, তার প্রমথদের নিয়ে নয়। কী হ'বে আমার কুট্রম্ব নিয়ে, যদি জামাইর মতো জামাই পাই!'

'ও মাথা মৃড়িয়েছে কেন বলতে পারো ?' রাজেনের কোথায় আটকাচ্ছে বোঝা গেলো এতক্ষণে।

'এই কথা ?' অমিয় উঠলো অনর্গল হেসে। বিলিতি হেয়ার-কাটিং সেলুনে প্রতুলের তুর্গতির সে বর্ণবহুল কাহিনী বললে।

রাজেনের ঠিক মনঃপৃত হ'লো কিনা বোঝা গেলো আন ভবানন্দবাব্র দিকে ফিরে সে হঠাৎ জিগগেস করলে: 'পাশের গাঁয়ে গদাধরবা**ন্ত** এক বিধবা বোন থাকতেন না ?'

ভবানন্দবাব বললেন, 'হাঁ, আছেন এখনো।'

'তাঁকে আনতে ডুলি পাঠান। আর ঢাকায় গদাধরবাব্র বড়ো মেয়ে আছে, তাকেও একটা টেলি করে' দিন। কালই এসে পৌছে যেতে পারবে।'

'তার স্বামীর নাম তো জানি না।'

'আমি জানি।' রাজেন জোর-গলায় বললে, 'সনৎ চক্রবর্তী, লক্ষীবাজারে থাকে। একই বছর আমরা ক্যাম্বেল থেকে বেরুই।'

'কী, বলো অমিয়?' ভবানন্দবাবু অমিয়র অন্থনোদন প্রার্থনা করলেন।

'নিশ্চয়ই। ক্যাপক্ষ থেকে যাকে খুসি আপনার। নিমন্ত্রণ করতে পারেন, আমাদের কী বলবার আছে!' অমিয় কথার ভিতরে একটা রাগ পুষে রেথে বললে, কিন্তু এ-সব যদি হীন সন্দেহ করে' আমার

বন্ধুকে অপমান করবার মতলোব হয়, তবে কান্ধ নেই এ-বিয়েতে, এ-বিয়ে না হ'লে জগদীশদা আর সন্মেসি হ'য়ে যাবেন না।'

অমিয় চলে' যায় আর-কি।

'দর্কার নেই, দরকার নেই ও-সবে।' ভবানন্দবাবু দশ হাতে ব্রন্থব্যন্ত হ'য়ে উঠলেন : 'ও-সব তোমার অক্তায় বাড়াবাড়ি, রাজেন। ডুলি-ফুলি আমি পাঠাতে পারবো না, নেমন্তর-চিঠি পর্যন্ত আমি ছাপাতে পারি নি, ও-সব অনাবশুক টেলি-ফেলি করা আমার পোষাবে না। ভভেলাভে বিয়েটা হ'য়ে গেলেই আমি পার পাই। একেক সময় মাথাটা কেমন তোমার বিগড়ে যায়, রাজেন। আমাদের অমিয়ই তো আছে, তবে কিসের কী!' ক্ষিপ্রহাতে অমিয়কৈ তিনি ধ'য়ে ফেললেন।

্রাচারি-বাড়িতে ফিরে এসে অমিয় দেখে, স্কটকেস থেকে স্নানের আফুস্ভিন একটাল জিনিস-পত্র খুলে প্রতুল মান মুথে বাঁ-হাত দিয়ে জান-হাতের নাড়ি টিপছে।

'কি হ'লো ?'

'গ্রামটায় বুঝি থুব ম্যালেরিয়া?' চোথে একটা ছলছলে ভাব এনে প্রতুল বললে, 'কেমন জর-জর করছে ভাই।'

'জর ?' বলে' অমিয় তার কপালে গলায় বুকে ঘন-ঘন হাত রাথতে লাগলে; বললে, 'কই, গা তো পাথরের মত ঠাগুা'।

'না, শরীরটা ভালো নেই, স্থান করবো না, শুধু মাথা ধোবো। অল্লেতেই সাবধান হওয়া ভালো।' বলে' প্রতৃল অমিয়কে একটু আড়ালে ডেকে নিয়ে বললে, 'আসল কথা কী জানো? পৈতে আনতেই ভূলে গেছি।'

'কেন, আপনার ছিলো না ?'

'हिला रे कि, चार्ल हिला। कथना माजाय, कथना ननाय,

, কথনো ব্যাকেটে। কিন্ত যথন দেখলাম নাপিত পর্যন্ত পৈতে নিচ্ছে, ঘেলা ধরে' গেলো, ওটাকে গন্ধায় বিসর্জন দিলাম। মনে-মনে বললাম, প্রতুল একটা থিয়েটারি ভঙ্গি করলো: 'মনে-মনে বললাম, আমি মামুষ, আমি ব্রাহ্মণ, আমি বীর্যবান।'

'কিন্তু এই আধুনিক পোজ্টা এরা এপ্রিসিয়েট করতে পারবে কি না সন্দেহ হচ্ছে।' অমিয় চিন্তিত মুখে বললে।

'সেই ভয়েই তো গেঞ্জিটা গা থেকে খুলতে পারলাম না। মস্ত ভুল হ'য়ে গেছে, আশ্চর্য, আমারো ভুল হয়!' প্রতুল ন্যাড়া মাথাটাই ক'বার চুলকে নিলো: 'কিন্তু এর একটা তোমার ব্যবস্থা করতে হয়, অমিয়ান তোমার গ্রাম, ফাক-ফন্দি তুমিই ভালো জানো।'

'ত। আমি জোগাড় করে' দিচ্ছি।'

জর-জর ভাব শুনে বরের জন্মে ফুলকো লুচির বন্দোবস্ত হাুক্টলো, কিন্তু প্রান্ত প্রতুল কালকের আসর উপবাস ও আজকের তার ক্ষ্পার্ত উদরের পরিধির কথা শ্বরণ করে' বললে, 'না চাটি গরম ভাতই থাবো। আজকালকার ডাক্তারি মতে গরম ভাতটা আর জরের কুপথ্য বলে' ভাবা হচ্ছে না।' বলে' সে ফার্মাকোলজির নতুন একটা থিওরি আওড়ে দিলো। রাজেন বিশ্বাসকে লক্ষ্য করে' বললে, 'জিগগেস কম্বনা ওঁকে।'

রাজেন বিশ্বাস হাঁ-না কিছু বললে না, মুথে তার আরেক পদা গান্তীর্য উঠলো ঘনিয়ে।

থাওয়া-দাওয়া সেরে শালা-শালিদের নিয়ে প্রতুল গল্প করতে বদেছে, এক্ষেত্রে সমস্ত গ্রামবাসী ও বাসিনীকেই সে সেই চোঝে দেখছে; খুলে দেখাছে তার ইলেকট্রিক টর্চ, চকিত আলোর ঝাপটায় কৌতৃহলী মুখ-চোখ সব ঝলসে দিছে — খুলে দেখাছে তার ক্যামেরা, সেকেণ্ডে-

সেকেণ্ডে স্মাপ নিচ্ছে — খুলে দেখাচ্ছে তার বাইনাকিউলার, দূরের মাত্রষকে মুহূর্তে টেনে আনছে একেবারে মুঠোর কাছে। এমনি যথন সে মশগুল, অমিয় তার পাশে বদে' বললে, 'আপনার পিসিমা আসছেন, আজই, সম্বের আগে।

'পিসিমা ?' প্রতুল একেবারে আকাশ থেকে পড়লো।

'হাা, এই পাশের গ্রামেই নাকি থাকেন, ডুলি গেছে তাঁকে আনতে।'

'ও, হাা !' প্রতুল মনে করবার অম্পষ্ট চেষ্টা করলো : 'হাা, আছেন ্বটে পিসিমা। এই পাশের গ্রামেই থাকতেন বলে' শুনেছি। তা, তিনি আসছেন কেন ?'

্রিণপ্রনাকে সনাক্ত করতে।' ক্রিন্তুল অজস্র হেসে উঠলো। বললে, 'আমাকে পারবেন তিনি চিনতে ? কত ছোটটি দেখেছেন। দেখেছেন কিনা সন্দেহ। বাবার সংসারে থাকতেন না, থাকতেন এই গ্রামে পড়ে'। তিনি তো বিধবা ?'

'তাই তো শুনলাম। নিঃসন্তান।'

'কচি বয়েসে বিধবা হয়েছিলেন যে, বিয়ের বছর ছই পরেই। তা আমাকে এখন চিনতে পারলে হয়।'

'আর আপনার দিদিও আসছেন, কালকের স্টীমারে।'

'কে বডদি ? ঢাকা থেকে ?'

'হাা, রাজেন বিশ্বাস টেলি করে' দিয়েছে। ওঁর ডাজার-স্বামী নাকি ভার বন্ধ।'

'হাা, ভাক্তার, ফিমেল-ভিজিকে থুব পদার জামাইবারুর। তা মন্দ নয়, এলে দেখা হ'বে। আঠারো বছর আজ নিফদেশ, এই আমার আজ চৌভিরিশ। এসে এক লহমায় সব চিনতে পারবে কিনা কে

🥕 ানে।' প্রতুল একটু বিষণ্ণ গলায় বললে, 'ওঁদের সব এমন করে' ডেবে না পাঠালেই এঁরা ভালো করতেন।'

্তা আমি বারণ করে' দিয়েছিলাম। ভবানন্দবাবু শুনতেন, কিন্ধ রাজেন বিশ্বেসের গোঁ আর যাঁডের গোঁ এক জাতের।'

'বুঝলে না, আমারই আত্মীয়-ম্বজন, আমি ভাকলাম না, মেয়ের বাড়ির নেমস্তম রক্ষা করতে এলো, ব্যাপারটা ভালো দেখায় না। এতে কি তাদের ঠিক সমান করা হবে ?'

'আমি বারণ করে' দিয়েছিলাম, কিন্তু রাজেন বিশ্বেদটা হচ্ছে ডাকসাট ডাকাত। এইটুকু ফোড়া হ'লে কাটবে সে এতথানি। জ্বর ছাড়লেওঁ সাত দিনে সে ভাত দেবে না। আমি যাচ্ছি এথুনি', অমিয় উঠে পড়লো: 'এর একটা হেন্তনেন্ত করে' আসতে হবে।'

'থাক, এ নিয়ে আর গোলমাল করে' লাভ নেই।' প্রতুল্প ছাকে বাধা দিয়ে বসিয়ে রাখলো, বললে, 'পাশার দান যথন পড়ে' গেছে, চাল দিতেই হ'বে, ঘূঁটি পাকুক আর কাঁচুক। মন্দ কি, আন্থক না সবাই। তুমি ওদেরকে শুধু বলে' দাও — বড়দি তার ছেলেপিলে নিয়ে এলে মেয়ের বাড়িতে কিছুতেই আমি থাকতে দেবো না। আমাকে এর জ্বন্তে আন্দান বাড়ি দিতে হবে, সমস্ত রকম হুথ আর হ্ববিধে, এতিটুকু ক্রেটি কোথাও সইবো না বলে' রাখছি। দিদি আমার, ওদের কে?'

'এখুনি বলছি গিয়ে।' অমিয় উঠে পড়লো: 'টের পাবেন এবার যাত্রা।'

'আর শোনো,' প্রতৃল জিনিস-পত্রগুলো বাক্সে তৃলে রাথতে লাগলো: 'সন্ধের আগেই মেয়েকে আশীবাদ করবো বলে' এসো।' রাজেন বিশ্বাস বাড়ি দিতে রাজি হয়েছে, কিন্তু বিয়ের আগে স্বয়ং বরের কনে-আশীর্বাদের প্রস্তাবে সে সম্মত হচ্চে না। বলছে, এমন নিয়ম অস্তুত আমাদের এ-অঞ্চলে প্রচলিত নেই।

অমিয় বললে, 'আপনাদের এ-অঞ্চলটাই শুধু সভ্যতার আলো পায় নি। মশা, সাপ, কচুরিপানা আর হাতুড়ে ডাক্তারে ভরতি।'

এ-ব্যাপারে ভবানন্দবাব্র পুরো সমর্থন আছে, তাঁর বাভির মেয়েদের আঠারো আনা। আশীর্বাদের ব্যাপারটার থেকে আশীর্বাদের জিনিস্টার প্রিতি এদের বেশি কৌতূহল।

ক্থানন্দবাব্র প্ররোচনায় বৃদ্ধ কেদার দাস বললেন, 'তোমার সবতাতে বাড়াধাট্রি, রাজেন। সেকাল আর নেই ভাই, এই গাঁয়েও নেই। নইলে এত বড়ো মেয়ে নিয়ে ভবানন্দ নির্বিবাদে টি কৈ আছে, একঘরে হচ্ছেনা? আজকালকার ছেলেরা বিয়ের আগে কোটসিপ করে, চিঠি লেখে, ফটো পাঠায়, আর এ তো নিরিমিষ আশীবাদ করা। মানে, একটা কিছু প্রেজেন্ট করা। বলে নি যে, মেয়ের সঙ্গে নিরালায় আজ একটু কথা কয়ে' দেখব, এই ঢের।'

'আর সেটার মধ্যেও লেজিটিমেসি ছিল।' অমিয় ফোড়ন দিল।

'না, না, করতে চায়, করবে বই কি আশীর্বাদ।' ভবানন্দবাব্ ফতোয়া দিলেন: 'আর, স্বামী দেবতা, সেই তো আশীর্বাদ করবে। তুমি যাও, প্রমিয়, জগদীশকে নিয়ে এসো। চলো, আমিও যাছিছ।'

মেয়ে গা সমস্বরে কলাধানিত হ'য়ে উঠলো। রাজেন রইলো চুপ করে', গুর্ম হ'য়ে। অর্থাৎ দেখানে সে আর রইলো না।

রেখাকে কোণের ঘরে বদিয়ে সাজাচ্ছিলো, ঝাঁকে-ঝাঁকে মেয়েলি

কুঠের উলু শুনে সে ব্রলো, জগদীশ তাকে দেখতে আসছে। বুকের মধ্যিটা অসহ্ আনন্দে কেমন ঠাণ্ডা হ'য়ে জমাট বেঁধে গেল, মনে হলো তার শরীর এত মুর্ছনা যেন সইতে পারবে না।

কতদিন পরে দে আসছে, যেন জন্ম-জন্ম পরে। তার জন্তে কত্কাল সে প্রতীক্ষা করে' বসে' ছিলো, দিনের নিরালায় আর রাতের অঘুমে। কাউকে তোমরা বলো না, রোজ সকালে ঘুম ভেঙে ঈশ্বরের কাছে সে প্রার্থনা করেছে, আর কিছু নয়, তার যেন বিয়ে হয়। আজ তার অধিবাস, কাল তার সেই বিয়ে। আশ্চর্য, তারো জীবনে সে এলো, পথ চিনেকাথা দিয়ে কী করে' যে এলো তা কে বলবে! এ কি কথনো ভাবা, যায় দিনের আলোয়, এ কি কথনও ধরা যায় হাত বাড়িয়ে? তথু সে তার পরিব বাণ-মাকে মৃক্তি দিয়ে যাচ্ছে না — নিজেও সে মৃত্তিতে বিক্ষারিত হ'য়ে পড়বে, সমস্তটা আকাশের মতো! মৃহুর্তে তার সমস্ত দারিন্দ্র যাবে করে', গৃহ থেকে, দেহ থেকে। সে সেজে উঠবে, বেজে উঠবে, ভরে' উঠবে। ভাবতেও ভয় করে। খুব একটা হথের সময়, ভালোবাসার সময়, মাহুযের বুঝি এমনি ভয় হয়।

মাকে প্রণাম করবার সময় তাঁর পা ছুটো সে অনেকক্ষণ আঁকড়ে রইলো।

মা বললেন, 'ভয় কিলের ?'

পূর্যকে আর যে-ই ভয় করুক, পূর্যমূথী করে না। রেখামনে-মনে একটু হাসলো।

মাথায় পাগড়িটা ভালো করে' এঁটে প্রত্বল চাদর-ঢাকা সতরঞ্চির উপর বদেছে, কুন্ঠিত মুখে রেখা এদে দাঁড়ালো।

অমিয় বললে, 'বোসো।'

ত্ব'টি পা মুড়ে মনোরম কোমলতার ভঙ্গিতে রেখা বসলো।

প্রতৃশ তাকে দেখলো এবার মুখোমুখি। কালো বটে দেখতে, বিদ্ধু এ-কালো যেন শান্তি, এ-কালো যেন শাতলতা। তেমন করে' দেখতে জানলে সব কিছুরই যেন নতুনতরো অর্থ ফুটে ওঠে। প্রথমাগমের দিন থেকে ধরলে যৌবন তার দেহে তথন রাশীকৃত হ'য়ে ওঠবার কথা, কিছু শ্রমে ও সেবায় সমস্তটি শরীর তার মার্জিত, মেদবিরল। সহুরে মেয়েদের বেলায় যেটা ক্ষকতা বলতে পারো, সেটা এথানে বিষণ্ণতা, যে-বিষণ্ণতা গ্রামের সমস্ত সবুজে, সমস্ত নীলিমায়। স্থানরী বলতে পারো না, বলতে পারো পরিছয়। সতেজ একটি সজীবতা তার শরীরে সহজ একটি দীপ্তি বিস্তার করেছে। মাটির সঙ্গে সংযুক্ত সবুস্ত একটি সভাকুট ফুল, তোমার ফুলদানির ফুল নয়। প্রথমে দেখলেই মনে হয় মেয়েটি অত্যন্ত স্থার সে-খাস্থা শুধু একটা শারীরিক অর্থে নয়। যদি বলি তার এই ক্ষজাটুকু পর্যন্ত স্থান্ত, তা হ'লেই কিছুটা হয়তো বুঝতে পারবে।

এমন কি, প্রতুল যে প্রতুল, তারো একবার মনে হলো এ-মেয়ে তার যোগ্য নয়। কথাটা ঘণার নয়, বিযাদের। তার এত অভিজ্ঞতা, এত অজম্রতা, এত ঐশ্বর্য — কিছুই যেন কুলিয়ে উঠবে না।

কিন্ত ঐ তার ফিলজফি, পাশার দান যথন পড়ে' গেছে তথন চাল দিতেই হ'বে, ঘুঁটি পাকুক কিন্বা কাঁচুক। চাদরের তলা থেকে মথমলের একটা কেস বা'র করে' রেথার হাতের কাছে সে এগিয়ে দিলো।

'খুলেই দেখান না কী আছে।' কে-একটি প্রগলভা মেয়ে ভিড়ের ু মধ্য থেকে বলে' উঠলো।

মোড়ক খুলে অমিয় দেখালো, মুক্তোর নেকলেস।

'বি চমৎকার!' বছ কণ্ঠ ঝলদে গেল সেই মুক্তোর ছাভিতে।

সেই প্রগলভা মেয়েটিই বৃঝি বললে, 'ওটা অমনি করে' হাতে দিলে চলবে না, গলায় পরিয়ে দিতে হবে।'

'তা' দিচ্ছি পরিয়ে।'

প্রতুল এতে পেছপা নয়, হাঁটু মুড়ে সে এগিয়ে এলো, আর কে জানে, রেথাও হয়তো গলাটা দিলে। সামান্ত বাড়িয়ে। কিন্তু ঘাড়ের উপর তার স্থূপীক্বত থোঁপাটা হঠাৎ ভেঙে পড়াতে হ'পারের হুক হ'টোর সংস্থিতি ঠিক অহুমান করা যাচ্ছে না। চুলের মধ্যে খানিকক্ষণ অযথা হাঁপিয়ে উঠে হুক্টো ছেড়ে দিয়ে প্রতুল বললে, 'ও তুমিই পরো। আমার দ্বারা সম্ভব নয়।'

অল্প একটু হেসে কাঁধের ওপারে হাত হু'টি উত্তোলিত করে' বেঞা । চোখের এক পলকে নেকলেসটা পরে' ফেললো।

সঙ্গে-সঙ্গে শত রসনায় হাসি, অনেকটা থেন প্রতুলের প্রাজয়ে।
নিচুম্থে রেথাও হাসছে, কিন্তু সে-হাসির অর্থ: তুমি এত সহঁজে হার
মানলে কেন ?

এমনি একটা ভাববিনিময়ের সময়, ভর সন্ধে বেলা, উঠোনের ও-কোণ থেকে তীক্ষ গলায় একটা আর্তনাদ উঠলো: 'ওরে জগু এসেছিদ, আমার জগু এতদিনে ফিরে এলি বাবা!'

প্রতুল তড়াক করে' লাফিয়ে উঠলো: 'পিসিমা!'

প্রায় ষাট-সত্তর বছরের এক বুড়ি কাঁদতে-কাঁদতে টলতে-টলতে বারান্দায় উঠে এলেন, মূথে তাঁর সেই এক আর্তনাদ: 'এরে কোথার তুই ?'

প্রতুল তাঁকে ছ'হাতে সাপটে ধরলো।

'ওরে হতভাগা, এতদিন বাদে আমাদের মানে পড়লো?' পিনিমা, জরায় কৃঞ্চিত, থর্ব পিনিমা, প্রতুলের প্রশন্ত বৃক্তের মধ্যে মৃথ ওঁজে হাপুস চোথে কেঁদে উঠলেন: 'গদা তোকে ডেকে-ডেকে হায়-হায় করে' চলে' গেলো, তুই একটিবারো ফিরে তাকালিনা। কোথায় ছিলি এতদিন?' 'বনে-বাদাড়ে, পাহাড়ে-পর্বতে।' প্রতৃল তাঁকে নিচু হ'য়ে প্রণাম করলো: অমন অস্থির হয়ো না, এখানটাতে বোদো। এই তো ফিরে এসেছি, এবার ভয় কী।' প্রতৃল বৃড়িকে সতরঞ্চির উপর বসিয়ে দিলো।

পিদিমা তার বৃকে-পিঠে দক্ষেহ হাত বৃল্তে-বৃল্তে বললেন, 'কতো বড়োটি হ'য়ে উঠেছিয়, কী জোয়ান। সেই সে-দিনের জগু!'

্ ,'স্ময়ের দোষ, পিসিমা।'

💬 'হাঁা রে, তুই নাকি থুব বড়োলোক হয়েছিদ, কী সব তিদির না পিপুলের ব্যবসা করে' ?'

'লোমাদের আশীর্বাদে, পিসিমা। শিগগিরই আরে। বড়োলোক হ'তে যাচ্ছি।' বলে' প্রতুল পার্যাসীনা রেথার দিকে সসঙ্কেত দৃষ্টিক্ষেপ করলে। বললে, 'কেমন আছো তুমি ?'

'আর আছি!' পিদিমা বললেন, 'চোথেই ভালো দেখতে পাচ্ছি না আজকাল।'

প্রতুল বনলে, 'তা চোথে ছানি পড়ে' থাকে, কোলকাতায় আমার ওথানে যেয়ো, কাটিয়ে দেব'খন।'

পিসিমা আখন্ত হ'য়ে বললেন, 'হাা রে, তুই নাকি ভবার বড়ো মেয়েটাকে বুবিমে করছিল ?'

कांत्र करें। खत्न नकरन नना छाए दराम छेत्राना ।

'তোরা হাসছিদ কেন লাছু ড়িরা ?' পিসিমা ঝহার দিয়ে উঠলেন : 'এক পয়দা দেবে না থেচিব না, উপোদ করিয়ে দান, উপোদ করিয়ে বিদায় — এ আবার একটা বিয়ে নাকি ?'

'দেয়া-থোয়া দিয়ে কী হ'বে, পিসিমা, আমার অনেকই তো আছে।' প্রতুল সকরণ স্থিয়ন্তবে বললে, 'এখন কেবল পাত্রীটি নিয়ে কথা। ্র্দুবিকেও একদিন ভিক্ষায় বেক্লতে হয়েছিলো পিসিমা, কিন্তু তার ক্ষ্ণা মিটিয়েছিলো শুধু অন্নপূর্ণা।

'এ আবার একটা পাত্রী নাকি ?' পিসিমা ততোধিক ঝক্ত হ'য়ে উঠলেন: 'অন্নপূর্ণা তো নয়, শাশানকালী। আমি বৃঝি তাকে দেখি
নি ভেবেছিস ? এইটুকু বেলা থেকে দেখছি।'

কিন্তু সম্প্রতি তাকে দেখতে পাচ্ছেন বলে' মনে হলো না।

তাই সম্ভর্পণে রেখার দিকে একটু এগিয়ে তাকে চুপি-চুপি বলার মতো করে' প্রতুল বললে, 'তুমি এখন যাও। আমারই সামনে তুনি তোমার নিন্দা শুনবে এটা অসহা।'

রেথা উঠে চলে' গেলো।

পিসিমা তার আগের কথায় ফিরে গিয়ে বললেন, 'এ-বিয়ে আমি হ'তে দেবো না।'

প্রতুল বললে, 'এ-বিমে হবে বলে'ই তো ভোমার সঙ্গে দেখা হ'য়ে গেলো।'

'হবে বগলেই হবে।' পিসিমার চোথে আবার বান ডেকে এলো: 'গদা আজ বেঁচে থাকলে এ-বিয়ে সে আজ ঘটতে দিতো নাকি? এমন একটা পোড়ো ঘরে?'

প্রতুল দেখলো, এ-আলোচনা অবাস্তর। তাই সে বললে, 'আমাকে না বলে' কন্যাকর্তাদের বলো। আমি চললাম, অমিয়। তোমার লোক হাট থেকে মিষ্টি নিয়ে ফিরেছে। অধিবাসের তত্ত্ব সাজাই গৈ যাই। তুমি এসো চটপট।'

পিসিমা যথন আদেন, রাজেন বিশাস বা'র-বাড়িতে মজুর খাটাতে ব্যস্ত, তাই এ-আলোচনায় সে পক্ষ ছিলো না। খবর পেয়ে ব্যস্ত হ'য়ে সে ছুটে এলো। এসে দেখলো বুড়ি নির্দস্ত মুখে অগ্নিস্রাব করছে। কার্য-কারণ থোঁজ না করে' সে সটান প্রশ্ন করলে: 'চিনতে পারলে জগদীশকে ?'

'চিনবো না, সোনার কার্তিক জগদীশ দিখিজয় করে' বাড়ি ফিরেছে, চিনতে পারবো না? একটা হাঁচি দিলে পর্যস্ত তাকে চিনতে পারি। রক্তের চান, নাডির টান।'

রাজেন শুর হ'য়ে গেলো। বললে, 'চিনতে পারলেন, এ গদাধরের ছেলে জগদীশ ?'

. 'তবে কি এ করিমদ্দির ছেলে অজিমদ্দি ?' পিদিমা ম্থিয়ে উঠলেন:
কই, ডাকো দেখি তোমাদের ভবানন্দকে। তার আকেলটা একবার
দেখি!

ভবানন্দবাবু কাছেই কোথায় ছিলেন, অপরাধীর মতো সামনে এসে জানতে চাইলেন তার কী ঘাট হয়েছে।

'আপনার কী আম্পর্ধা শুনি, আপনি গদাধর বাঁডুয়োর ছেলেকে জামাই করতে চান ১' পিসিমা কোমর বেঁকিয়ে উঠে দাঁড়ালেন।

ভবানন্দবাব্র মৃথ কাঁচুমাচু করে' উঠলো। বললেন, 'আমাদের চাওয়াতে কি কিছু হয় ? সব ভগবানের ইচ্ছে।'

'তা তো ব্ঝলুম, কিন্তু ক'টি হাজার টাকা তাকে দিয়েছেন, ভনি ?'

'कार्याक रमरवा ?' ভবানन्मवा वृ भान मृर्थ वनरनन ।

'কোথেকে দেবো!' পিসিমা উঠলেন ভেঙচিয়ে: 'ছেলেমামুষ ভূলিয়ে কেলে-কিঞ্জিলি মেয়ে পার করছেন, বলি মাগনা?'

'সব 🔄 জগদীশ, জগদীশৈর উদারতা।'

'খুব যে উদারতা ফলাচ্ছেন দেখছি, কিন্তু ছেলের মাধার উপরে কেউ নেই এমন কথা মনেও স্থান দেবেন না।' পিদিমা তাঁর বৃদ্ধ বন্ধদে যভদুর স্কৃষ্ট একটা বীরত্বের ভঙ্গি করলেন: 'আমি আছি। এমন শুকনো বিম্বে আমি হু'তে দেবোনা।'

ভবানন্দবাবু নিতান্ত বিরক্তম্থে রাজেনের দিকে তীব কটাক্ষ করলেন। বললেন, 'তথন বলেছিলাম এ-সব হাঙ্গাম বাধিয়ে কাজ নেই। গোঁয়ারের একশেষ, কথাটা তুমি কানেই তুললে না।'

রাজেন সাজ্যাতিক অপ্রস্তুত হ'য়ে গেলো।

তার এই ত্রবস্থাটা সবচেয়ে বেশি উপভোগ করলো অমিয়, যে আহুপূর্বিক সমস্ত ব্যাপারটা ধাপে ধাপে অনুধাবন করেছে। এ-সব কথা সে তো আগেই বলে' রেখেছিলো — সভ্যি কিনা! নাটক নিয়ে তার্থ কারবার, সে জানে কোন দৃশ্যে কী ঘটে' ওঠে!

কাচারি-বাড়িতে যাবার আগে সে শুধু বললে, 'হাতুড়ি থাকলেই দ্যাকারি করা চলে না, বৃদ্ধি থাক। চাই। এখন পিসিমার শুকনো ছাত তৈলাক্ত কঞ্চন।'

সে-দিনের রাত্রিটা দ্' কারণে উল্লেখযোগ্য। এক, পথশ্রান্তিতেই হোক বা যে কারণেই হোক, প্রতুল বিভোরে ঘ্মিয়ে পড়ল — আর অতি অধিক গরম পড়ার জন্মেই হোক বা যে কারণেই হোক, রেখার চোথে এক রেখা ঘ্মও এলো না। ঘ্মের মধ্যে প্রতুল কী স্বপ্ন দেখলো তা ক জানে, কিন্তু রেখা দেখলো জেগে-জেগে স্বপ্ন, যে-স্বপ্নে রয়েছে ছার্নান্ত কারনা, যে-স্বপ্নে ত্মি যা ইচ্ছে ভাবতে পারো, গড়তে পারো, মৃছতে গারো। যাকে লেখাপড়া বলে রেখা তার কিছুই শ্লেখেনি বটে, কন্তু কল্পনার উলামতায় সে পিছে পড়ে' থাকবে না। কী যে সে গাবছে তার কোনো হিসেব নেই, কেননা ঘুমে ফে স্বপ্ন দেখা যায়, জেগে ইঠ তুমি তার একটা বিবরণ দিতে পারো, কিন্তু জাগন্ত যে-স্বপ্ন তার মি কোনো চেহারা আঁকতে পারো না। সে রেখা থেকে রেখায়

যায় গড়িয়ে, রঙ থেকে রঙে যায় ফেটে, বিবর্ণ, একাকার হ'য়ে এ-িইক ঠিক করেছ, ও-দিক পড়েছে ভেঙে; ও-দিক সামলাতে গেছ এ-দিককেও আর থুঁজে পাচ্ছ না। এইটুকু শুধু বলতে পারি, যে-শ্বপ্ন দে দেখছে সে একটা খুব স্বথের শ্বপ্ন: সে-স্বথের আকৃতি নেই, অবয়ব নেই, তব্ সে একটা প্রচণ্ড, প্রকাণ্ড স্বথ। এই স্বথ নিয়ে, এত স্বথ নিয়ে সে ঘুমুতে পাচেছ না, পাছে ঘুমুলেই সেটা শুধু একটা শ্বপ্ন হ'য়ে ওঠে।

শেষরাতের ঘোলাটে জ্যোৎসা ফিকে হ'তে-হ'তে ভোর হ'য়ে গেলো।

দিধিমুক্তল সেরে রেখা আবার এসে শুয়েছে। শুয়ে-শুয়ে রেখা দেখলো

সমস্ত সংসার কাজে-কর্মে মেতে উঠেছে — ঘর-ধোয়ার শব্দ, বাসন-মাজার
শব্দ, কাপড়-কাচার শব্দ। কোন ছেলেটা কাঁদছে, কার হাত থেকে
কোন জিনিস পড়ে' ভেঙে যাছে, একটা করতে আরেকটা কে ছড়িয়ে
ছিটিয়ে দিছে। সে আছে শুয়ে, কুঁকড়ে, জামদানি শাড়ির রাঙা আঁচলে
গা তেকে।

পাড়ার সমবয়দী অথচ বিবাহিতা একটি মেয়ে ঘরে ঢুকে বললে, 'তুই এখানে শুয়ে আছিস, রেখা ?'

রেখা মিষ্টি করে' হাসলো: 'আজ আমার ছুটি।'

মেয়েট ভার পাশে বসে' বললে, 'শেষকালে ভোরো বিয়ে হ'লো।'

এক গা রমণীয় কক্ষতা নিয়ে রেখা উঠে বসলো। চুলটা ভেঙে ফেলতে-ফেলতে হেসে বললে: 'আমারো।'

'আর এমন রাজপুত্রের সঙ্গে।'

द्रिया गना नाभिएय वनल, 'महामित्र महन ।'

'ওম., নেকলেদটাং≁পরে'ই শুয়ে পড়েছিলি।' মেয়েটি বিজ্ঞাপ করে' উঠলো।

'সভািই তাে!' সলজ্ঞ সন্ত্রাসে রেখা তাড়াতাড়ি সেটাকে খুলে

ফেললো; বললে, 'মা বলেছিলেন বাক্সে তুলে রাথতে, ঘুমিয়ে পড়েছিলাম, একদম মনে ছিলো না। ছি ছি, সবাই দেথলে কী ভাববে!' রেথা একেক করে' চুলের কাঁটাগুলো খুলে ফেলতে লাগলো।

'এখনো তো এটাকে তুই তুলে রাথছিস না, কোলে নিয়ে আছিস।' 'বাজের চাবিটা মা'ব আঁচলে। মনে পডলো, তথন ভল কা

'বাক্সের চাবিটা মা'র আঁচলে। মনে পড়লো, তথন ভুল করে' বাজ্সের মধ্যে থাপটাই শুরু তুলে রেথেছিলাম।' রেথা তেমনি নির্ভয়ে হাসলো।

এদিকে প্রত্লের হয়েছে মৃধিল। এক মৃহুর্ভ দে একা থাকুতে পারছে না, সব সময়েই তাকে ঘিরে গোলাকার একটি ভিড় হ'য়ে আছে। দাড়ি কামাচেছ, সব রয়েছে ভার ম্থের দিকে চেয়ে, সাবানে তার্ম কত ফেনা ওঠে, রেডের তার কী পরিমাণ ধার! ফিন্রেই থাচেছ, সবাই হাঁ করে' আছে ধোঁয়া গেলবার জন্তে। ঘড়িতে চাবি দিছে, এটা যেন প্রায় মোটর চালানো। তার কাপড়ের ঝুল, জুতোর পালিশ, পাঞ্জাবির ঢিলেমি — সব কিছুর মধ্যেই যেন একটা অলৌকিকতা আছে, এমন কি, যথন সে একটা হাই তোলে, হাঁচি দেয়। প্রত্লের মনে হচ্ছিলো সবাই যেন তাকে বেশি করে' দেখছে, একট্বা খুটিয়ে-খুটিয়ে, তাকে সনাক্ত করতে, তাকে বা'র করে' ফেলতে। সবাইর চোথে যেন রাজেনের সেই বিষাক্ত, সন্দিয় দৃষ্টি।

কেননা একসময় স্পষ্ট শুনতে পেলো — রাজেন কোন একজন অপরিচিত যুবককে সম্বোধন করে' বলছে: 'কোলকাভায় তুই একে কোনোদিন দেখেছিদ, ব্রজ ?'

ব্রন্ধ উচ্চ্ছুদিত হ'য়ে উঠলো: 'দেখেছি ২ই কি, এ যে ভারি নোন্ ফেস।'

^{&#}x27;কে ও ?'

'मिन्टिन्दक, जीवन श्रामित्री।'

'নাম জানিস ?'

'নাম কী করে' বলবো ? তবে বক্তৃতা দিতে শুনেছি।'

'কোথায় ?'

'শ্রদ্ধানন্দ-পার্কে। ঠিক এমনি পাগড়ি মাথায় দিয়ে।'

্রিভূগ্রেস করি নি।' এ-সব ব্যাপারে অমিয়র মেজাজ ভারি চটে আহি।

'একবার থোঁজ নিলে মন্দ কী।'

'এনে নাসবেন। এক পিসিমাকে নিয়েই হাঁপিয়ে উঠেছেন বাছাধনরা। এর পর বড়দি এলে ল্যাজে-গোবরে হ'য়ে যাবেন। আহ্বন না। তাঁর আসাই তো চাই।'

কিন্তু থবর পাওয়া গেল তুপুরের স্টীমারে কেউ আসে নি। কিন্তু এর পরেও একটা ফেরি আছে, রাত ঘেঁসে।

8

দশটা চুয়ার মিনিটে লগ্ন, এগারোটা পঁচিশ মিনিট পর্যস্ত । আরেক লগ্ন আছে সেই ভোর রাত্তে, সাড়ে-ভিনটের কাছাকাছি। আটটা বাজতেই বদ্ম এসেছে আসরে, একটু আগেই, কেননা আগে থেকেই সভাসীন থাকাটা প্রায় অর্থেক খাসদখল। এদিক থেকে অফুষ্ঠানের অনেক ক্রটি ছিলো, কিন্তু বিপদে নিয়ম চলে না, যেহেতু নিয়মকর্তারা মানে শাস্ত্রক্ত পুরোহিতরাও এক্ষেত্রে আর্থিক বিপর। টাকা পেলে টিকি পর্যন্ত কেটে ফেলা যায়, এ তো ক'টা নিয়ম-কান্থন ছাট-কাট করা। সাতপুক্ষযের নাম না জানলে বিয়েটা আর পণ্ড হ'য়ে যাবে না। শোলোক আওড়ে পুরোতরাই প্রতুলকে অভয় দিয়েছে।

মফস্বলের নিমন্ত্রণ হয় মধ্যাহে, আর দে-থাওয়া স্থক্ন হয় ঠিক সন্ধেবেলা। পরের দিন না রেথে এরা আগের দিনে উপোস করিয়ে রাথে। দেই সব উপোসির দল খাওয়া-দাওয়া সেরে প্রতীক্ষা করে' আছে বিয়ে দেখবার জন্মে। যাত্রা শুনবার জন্মে যেমন তারা ভিড় করে' থাকে, তথন থেকে, যথন বাঁশ খাটিয়ে সামিয়ানাটা শুধু টাঙানো হয়েছে।

এমন সময় জনরব, রাতের ফেরিতে সনৎ এসেছে।
রাজেন উঠলো উৎফুল্ল হ'য়ে। বললে, 'তোমার স্ত্রী কোথায় ?'
শোনা গেলো, তার এখন ভরা মাস, রেলে-স্টীমারে জান ক্রীতি তার

রাজেন তবু দমলো না। বললে, 'চেন একে ?'

সনৎ হেসে বললে, 'ই্যা-না বলা আমার সাধ্য নয়। জগদীশের যথন দশ বছর বয়েস তথন আমার বিয়ে হয়। বিয়ের পর ওকে আমি বেশি দেখি নি। জানোই তো, তথন আমি আলোয়ারে একটা চাকরি নিয়ে গিয়েছিলাম।'

'তবে, ঘোড়ার ভিম, ভোমাকে ডেকে আনতে গেলাম কেন ?' রাজেন মাটিতে একটা লাথি মারলো।

'ওর দিদিই উত্তোগ করে' আমাকে পাঠিয়ে দিলে, বৌ-সমেত ওকে একেবারে আমাদের ওথানে ধরে' নিয়ে যেতে।'

'আমাকে কৃতার্থ করতে।' রাজেন ভেঙচিয়ৈ উঠলো: 'একবার চেমে দেখ না ভালো করে', ভোমার স্ত্রীর চেহারার সঙ্গে কোথাও এর এতটুকু সাদৃশ্য আছে কিনা।' সনং ইতন্তত ক'রে বললে, 'আমি ভাই ফিজিওগনমিতে এক্সপার্ট নই।'
'কিছ গাধার দক্ষে তো তোমাকে গরুর মিল করতে বলছি না।
দেখনা একটু ভালো করে'।'

'তা যদি বলো', দূর থেকে নির্নিমেষে থানিকক্ষণ প্রতুলের দিকে চেয়ে থৈকে সনৎ বললে, 'মিল থানিকটা আছে ভাই। চিবুকের দিকটা ঠিক আমার স্ত্রীর মতো।'

'আর আমার এই কপালের দিকটা? এটাও ঠিক তোমার স্ত্রীর মুক্ত রয়?' রাজেন দাঁত থিঁচোল। বললে, 'সমস্ত সংসার তুমি স্ত্রী-ময় দৈথছ। নইলে এই বুড়ো বয়েসে—'

তাকে বাধা দিয়ে সনৎ বললে, 'কেন, তোমার সন্দেহ করবার কারণ কী 🖓 🖏

'কারণ কী! বিয়ে করতে কেউ কথনো মাথায় পাগড়ি বেঁধে আসে? এটা কি মাড়োয়ারির বিয়ে ?'

'সেটা এক্সপ্লেন করে নি ?'

'বলেছে, চুল ছাঁটতে গিয়ে অসমান হয়েছিলো। এটা একটা একলেনেশান?'

'হ'তে পারে মাথায় কেনো কাটা-ফাটার দাগ আছে, সেটা ঢেকে রাথতে চায়।'

'এই না হ'লে বৃদ্ধি !' রাজেন থেঁকিয়ে উঠলো : 'দাগ থাকবে তো সে চুল গলাবে, বাবরি রাথবে। তা ছাড়া—'

'ভাছাড়া আবার কী !'

· 'তা ছাড়া, বিয়ে করতে আসছে, সঙ্গে একটা বরষাত্রী নেই ?'

'এই কথা! দাঁড়াও, আমি একটু কথা কয়ে দেখি।' বলে' সনৎ আসরের দিকে অগ্রসর হ'লো। 'কে, জামাইবাবু না ?' প্রতুল উৎফুল ব্যস্ততায় তুই হাতে সনতের পায়ের ধুলো মাথায় নিলো।

'আমাকে চিনতে পারলে ?' সনং সম্বেহে হাসলো।

'আমাকে আপনি চিনতে পারলেন, আর আমি পারবো না? বিয়েতে ডাকিনি বলে' কি আপনাদের স্বাইকে ভূলে গেছি নাকি? বড়দি কেমন আছেন?'

জগদীশ বড়দি বলে'ই ডাকতো তার স্ত্রীকে।

সনং প্রত্তুলের পাশ ঘেঁদে বসলো। ক্রমান্বয়ে তার দীর্ঘ অজ্ঞাতবাসের কথা, বিপজ্জনক জীবনঘাপনের কথা, বর্তমান সম্পদ-প্রতিপত্তির কথা সেরে আন্তে-আন্তে সে ঘরোয়া কথার অবতারণা করলে 🔭 👰 মনে রাথতে হ'বে — জগদীশ নিরুদ্দেশ হয়েছিলো যোলো বছরে দী না দিতেই এবং তার আগের পারিবারিক ইতিহাস সম্বন্ধে সনতেরে৷ জ্ঞান অত্যন্ত সীমাবদ্ধ। তার ব্যক্তিত্ব যাচাই করতে হবে এমন ভাবে সে মোটেই প্রস্তুত হ'য়ে আদে নি, নইলে সে স্ত্রীর কাছ থেকে ছোট-খাটো অথচ অনেক সব সবিশেষ ঘটনার তালিকা নিয়ে আসতো। এতদিন পরে নিরুদ্দেশ ভাই ফিরে এসেছে থবর পেয়ে ব্যাকুল বোন বেচারা তাকে ছই হাতে ঠেলে পাঠিয়েছে তাকে ধ'রে নিয়ে আসবার জন্মে। এ যে তার ভাই না-ও হ'তে পারে, এমন অসম্ভব সন্দেহ তাদের কাঞ্চরই মনে আসে নি। তবু কথার নিবিডতার মাঝে সনং তাকে ত্ব-একটা প্রশ্ন করলে, যেগুলি নেহাৎই মামুলি ও মোটা। এই যেমন, বাবাকে তার মনে পড়ে কিনা, তাদের চাঁদপুরের সেই বাসা, বড়দির বিয়েতে তার সেই গলায় মাছের কাঁটা আটকানো এবং সব সে নির্ভূল উত্তর দিলে। সনতের মনে কুয়াসার একটি আশও রইলো না। কথোপকথনের তরলভায়, বয়স্থ শালার সঙ্গে যতটা সম্ভব, সে হু'টো-একটা থেলো রসিকতাও করলে।

সনৎ উঠে এলে রাজেন উৎস্থক হ'য়ে জিগগেদ করলো: 'কী দেখলে ''

'আমার খ্রালক।'

'তোমার মাথা আর মৃঞ্। চলো চা থাবে চলো।' রাজেন সন্থকে বাজীর মধ্যে টেনে নিয়ে গেলো।

প্রতুল ঘড়িতে দেখলো, সাড়ে ন'টা। আর বেশি দেরি নেই।

্ন্ধুর সম্বন্ধের একটি ছেলে কোথেকে একটা হার্মোনিয়াম নিমে

শুনে অনেকক্ষণ ধরে' প্রতুলকে একটা গান গাইবার জন্মে সাধাসাধি
করছিলো, কিন্তু প্রতুল কর্ণপাত করে নি। কিন্তু এবার, এতক্ষণে, তার
স্ভিন্- ক্রিছে, ইচ্ছে করলো, গান গায়। মনেও বেশ ফ্রির হাওয়া
দিয়েছে, রগ্গও আসন্ন, আর এতগুলি লোক কথন থেকে খড়কে মুথে
দিয়ে বনে' আছে। প্রতুল মধুরসম্পর্কিতকে বললে, 'আনো তোমার
হার্মোনিয়াম।'

সবাই ভেবেছিলো বিয়ের আসরে সব বরকেই গান গাইতে বলা হয়, আর কোনো বরই গায় না। আর যদি বা কেউ গায় কালে-ভদ্রে, নেহাৎ পাড়াগাঁ বলে'ই গায়, যেখানে খোলের উপরে বাজনা নেই, হরেকৃষ্ণ-র উপরে গান নেই। বড়লোক গাইবে, মিষ্টি লাগতেও পারে বা।

প্রত্ব চাবি টিপলো ও সঙ্গে-সঙ্গেই গলা দিলো ছেড়ে। সে-গলা সচরাচর শোনা যায় না, গ্রামে কেন, মফন্বলের সহরেও নয়। ভোর রাতে উঠে সাধা গলা, দরাজ, নিভাজ। চড়ার দিকে যেমন কাজ, তেমনি নেমে আসার পথে ছোট-ছোট থোঁচ। আর হার্মোনিয়ামের চাবিগুলি নিয়ে যেন আঙুলের সার্কাস দেথাছে। অগায়ক গ্রামের লোক ভনছে বলে এতটুকু সে কার্পণ্য বা কাতরতা দেখাছে না, সে গানু গাছে ভধু নিজের উন্মাদনায়, কে ভনছে বা না ভনছে তার ধেয়াক নেই। যে যেখানে ছিলো ঘনিয়ে আসতে লাগলো, এমন-কি বাড়ির মেয়েরাও হাতের কাজ ফেলে উৎকর্ণ হ'য়ে রইলো।

একথানা লুচির সঙ্গে আন্ত একটা কাঁচাগোলা মৃথে পুরে সনং জিগগেস করলে: 'কে গায় ?'

এক আঁটি কুশাসন নিয়ে কে-একটা চাকর যাচ্ছিলো এখান দিয়ে হেঁটে, বললে, 'নতুন জামাইবাবু।'

'কে, জগদীশ ?' সনৎ ভরাম্থে অস্পষ্ট একটা বিশ্বয়োজি করলে। 'তাই হবে।' রাজেন বাইরে উকি মারলো: 'এ-অঞ্চলে এর্মন গান তো কই শুনিনি।'

'বলো কি, জগদীশ এমন গায়! চলো, শুনি গে।' স্থানির পাটি ছটো বিক্কতির দীমা পর্যন্ত প্রসারিত করে' দনং কাঁচাগোঁলাটা জভ গলাধাকরণ করলো, এক ঢোকে থানিকটা জল থেয়ে রাজেনকে টানতে-টানতে বললে, 'চলো।'

রাজেন প্রতিবাদ করলো: 'গান শোনবার আমার সময় নেই। যজের জন্মে এখন আমাকে ইট জোগাড় করতে যেতে হবে।'

'হবে'খন তোমার ইট।' সনৎ তাকে টেনে নিয়ে গেলো।

তাদেরকে দেখে এবং রাজেনকে সম্পূর্ণ উপেক্ষা করে' অমিয়
বললে, 'আস্থন সনৎবাবু।'

সনংকে দেখে প্রতুল নিঃশব্দে একটু হাসলো এবং গুণী সমজদারের উপস্থিতি বিবেচনা করে' উদারা থেকে তারা পর্যস্ত গলার লৈ একটা নিদারুণ কেরামতি দেখালো।

ভিড় ঠেলে সনং আর এগিয়ে এলো না, দরজার কাছেই রইলো দাঁড়িয়ে। গান থামলে ভগু বললে, 'আরেকথানা ধরো, বেশ বিফিটিং দি অকেশান।' এবার প্রতৃল ধরলো একটা গঙ্গল। আর তবলার অভাবে অমিয় ঠেকা দিতে লাগলো তাকিয়ায়।

গান শেষ হ'বার আগেই সনৎ রাজেনকে নিয়ে বেরিয়ে এলো। কিছুটা দূর আড়ালে চ'লে গিয়ে সনৎ বললে, 'এ জগদীশ নয়।'

'নয় ?' রাজেনের মর্মন্ল পর্যস্ত চম্কে উঠলো: 'এই দিব্যজ্ঞান হঠাৎ হলো কি করে' ?'

্র 'জগুদীশ গান গাইতে পারে না।' শেষের কথাটায় সনৎ অসম্ভব বিশার দিলে।

'ভার মানে ?'

্রিপ্রভূনি আমার খণ্ডরবাড়িতে কোনো শালাও গাইতে জানে না। ভাত-বাঁধর আর হাই-তোলা ছাড়া কেউ কোনোদিন হাঁ করে নি।'

'এটা তোমার কোনো কাজের কথাই হ'লো না।' তর্কের কষ্টি-পাথরে যুক্তিটা রাজেন যাচাই করতে চাইলো; 'পরেও তো দে শিখতে পারে।'

'পারে না। যোলো বছর বয়েদ পর্যন্ত যে গানের গা জানতো না, বে-বাড়িতে গানের কথা উঠলে বাড়ির কর্তা দিনুক খুলে রাম-দা নিয়ে বর্ষণতেন, দে-বাড়ির ছেলে এমন ওপ্তাদ হয়ে উঠবে, এ অবিখাশ্য। শোনো,' রাজেনকে নিয়ে সনং আরো কিছুদ্র অগ্রসর হ'লো: 'আমার জন্তে মেয়ে দেখতে গিয়ে বাবা খণ্ডরমশাইকে জিগগেদ করেছিলেন, জার মেয়ে গাইতে-বাজাতে পারে কিনা, তার উত্তরে খণ্ডরমশাই স্থান-কাল ভূপে দটান বলে' উঠেছিলেন: 'গাইয়ে বাজিয়ে চান, বাজারে ঢের বাইজি পারেন, আমার মেয়েকে নয়।' এমন বাপের ছেলে জগদীশ।'

'হ'তে পারে সেই রিপ্রেশানের এই প্রতিক্রিয়া।'

'হ'তে পারে না।' সনৎ গলায় আরো দৃঢ়তা আনলো: 'বোলো বছর পরে হঠাৎ ভার এই গানবান্ধনার দিকে ঝুকে পড়াটা মোটেই স্বাভাবিক নয়। আর এ-গান থেয়ালের গান নয়, শুনেই বুঝতে পারছ, এটা দীর্ঘ সাধনায় পাওয়া। আরামের মধ্যে, কর্মহীনতার মধ্যে, একটু বা বিলাসের মধ্যে যে-সাধনা সম্ভব। যোলো বছরের যে-ছেলে নিক্লদেশ হ'য়ে পথে বেরিয়েছে, খাওয়া ও থাকার যার সংস্থান নেই, আজ কুলি কাল ভিথিরি সেজে যাকে থাছা জোটাতে হয়েছে — সব থানিক আগে তার নিজের মুধে শুনলুম — বিনে টিকেটে যে ভারত ভ্রমণ করেছে, আজ রেঙ্গুন আর কাল কোয়েটা, সে বসে'-বসে' অনায়াসে দিব্যি এই বাঙলা গীতাভ্যাস করলো — এ আমি কিছুতেই বিশাস করতে পারবো না।'

'কিন্তু তার পরেও তে। সে শিথতে পারে, যথন ব্যবসা করে' হার্তে তার অনেক টাকা এলো ?'

'সে তো আরো পরে। তথন আরো অসম্ভব। সাল বিবিত্তি এমন ব্যবদাদার তুমি পাবে না যে টাকা না বাজিয়ে ইনুর্মোনিয়াম বাজাতে বসেছে। মোটকথা, সনং তপ্ত, অসহিষ্ণু গলায় বললে, 'তার রজেই এই গানের বীজ নেই। ভাইয়ে বোনে তারা ছ'জন, কিছ এরা কেউ হার করে' কাঁদতে পর্যন্ত পারে নি। এমন পরিবার তুমি পাবে না, যেখানে স্বাইকে ফেলে একজন মাত্র গাইতে পেরেছে, আর এমন উচু দরের গান।'

'পরিবারের বাইরে, বিদেশে থাকলে পারবে না কেন ?'

'বিদেশে থাকলেও, যে-অবস্থায় সে ছিলো, তার পক্ষে গানের এই ঝোঁক হওয়াটাই অহৈতৃক। সে তোমাকে আগেই বলনুম। জগদীশ গদি গাইতে পারতো, তবে তার ভাই-বোনেদের মধ্যে আর কেউও নিশ্বম্ব পারতো। আমার দিকটা যেমন ভকনো, আমার স্ত্রীর দিকটাও তেমনি। তাই বিয়ের যুগ্যি বুড়ো মেয়েটা শত চেষ্টা-চরিত্র করেও আজ পর্বস্থ এক গাইন ভাাবাতে পারলে না।'

রাঙ্গেন হেসে বললে, 'তোমার মেয়ে পারে নি বলে' আর কেউ পারবে না এটা ভাবা তোমার বাডাবাডি।'

'তবেই ব্ঝতে পারছ, আমার দিক থেকে যেমন নয়, তার মা'র দিক থেকেও দে এ-রদ গ্রহণ করতে পারে নি। তার মামারা মৃগুর ভাঁজতে পারে, কিন্তু হুর ভাঁজে নি জীবনে, আর মামিরা বাইজি হ'বার ভয়ে গান গাওয়া দ্রের কথা, গান শুনেছে কিনা সন্দেহ। দেই দৈত্যকুলে এই প্রহলাদের আবিভাব হ'লো এটা আমি মানতে পারবো না, কিছুতেই না। তর্ক নয়, তর্কে হেরে যেতে পারি', সনৎ প্রায় আন্তিন গুটোলো: 'কিন্তু আমি ওকে ধরবো। তুমি এসো।'

ক্রান্ত ভাব আর কেউ নিলো বলে, রাজেন কিছুটা আখন্ত হ'লো বটে, কিন্তু সুন্দি বুক্তির সারবন্তা সম্বন্ধে নিঃসংশয় হ'তে পারলো না। বরঞ্চ নরান্ত্রীয় এই বিয়ে করতে আসা ও অহৈতৃক মাথায় একটা পাগড়ি বাঁধা, এ হ'টোই তার প্রধান চকুশূল।

দিতীয় গান শেষ করে' প্রতৃল একটা সিগরেট ধরিয়েছে, দরজার
গাছে এসে সনং ভাকলে: 'জগদীশ, শোনো।'

ক্রামাইবাব্ ডাকছেন, জুতোর মধ্যে প্রায় কোঁচাশুদ্ধ পা চুকিয়ে চাউকে ঠুকে কাউকে ঠেলে প্রতুল হস্ত-দস্ত হ'য়ে বাইরে বেরিয়ে এলো। সনৎ বললে, 'আমার সঙ্গে একটু এসো, দরকার আছে।'

জামাইবাবু তার বিবাহের বর্যাত্রী-জনোচিত কোনো অন্থপান চান ইনা জ্বানুরান্ন কোঁত্হলে সে একটু হেসে বললে, 'কোথায় ?'

'কোথাও নয়। এই রাস্তায় একটু বেড়াবো, কতদিন পরে দেখা।' ''কিছ—'

'বিষের লয়ের এখনো দেরি আছে। দাও, একটা সিগরেট দাও।' নং ভার পকেটের দিকে হাভ বাডালো। টিন থেকে সিগরেট খুলে দিয়ে প্রতুল বললে, 'চারদিক যে অন্ধকার।' 'ভয় নেই সঙ্গে আমার টর্চ আছে। পাড়াগাঁয়ে এসেছি, টর্চ আর পিন্তল হুটোই আমার সঙ্গে করে' এনেছি।' বলে' শেষেরটা বার না করে' টর্চটাই সম্প্রতি সনৎ বার করলো। খানিকটা আলো হ'তেই প্রতুল তার মুধের

সম্প্রতি সনৎ বার করলো। খানিকটা আলো হ'তেই প্রত্ন তার মুখের দিকে তাকালো, তার অভূত লাগলো দেখতে সনৎ ঠোঁটে চেপে সিগরেট এখনো ধরতে শেখেনি।

ব্যাপারটা প্রতুলের ভালো লাগলো না। বিশেষ করে' রাজেন বিশেষও যথন তাদের পিছু আসছে। একবার বলনে, 'অমিয়কে ভাকি /

'তুমি এত কাবুল-কান্দাহার করে' এলে, আর এই সামান্ত অন্ধকারকে ভোমার ভয়।' সনং চলতে লাগলোঁ: 'তারপর সঙ্গে আফুন ক্রিন্টাইটা নামজাদা ডাক্তার। সাপও যদি কামড়ায়, ফার্স ট্ এইউ থে কিন্তু ইটি হবে না।'

'বিয়ে করলেই লোকে একটু ভীরু হয়, না ?' প্রতৃল আলাপটাকে নৈর্ব্যক্তিক করতে চাইলো: 'তথনই তো লোকে লাইফ-ইনসিয়োর করে, রিস্ক্ নিতে ভয় পায়।'

'তা, বিয়ে তো এখনো হয় নি। আর ভাই, বিয়ে করলেই তো ফুরিয়ে গেলো: তথন আর পরের মেয়ে রইলো না, নিজেরই বউ হ'য়ে উঠলো। দর্জির দোকানে জামার ছিট যথন পছন্দ করে' আসি, ভাবি, কী থোলতাইই না জানি হবে, ছেঁটে-কেটে ছিটটা যথন জামা হ'য়ে গায়ে ওঠে, মনে হয়, ধ্যেৎ, ঠকিয়ে দিয়েছে।'

প্রতুল হেলে উঠলো। বললে, 'আবার আপনার গায়ের জামা দেখে অন্ত লোকের চোথ টাটায়।'

'তা টাটাক্। তোমার নিজের কথা বলো। রাজপুতনার কোথায় গিয়েছিলে ?' 'যোধপুরে।'

'দেখানে করতে কী ?'

'ধর্মশালা ঝাঁট দিতাম।'

'দেখানেও ধর্মশালা আছে নাকি ?'

'ধর্মশালা কোথায় নেই ?'

এমনি কথা বলতে-বলতে তারা এগোতে লাগলো। অনেকটা এগিত এদে হঠাৎ এক জায়গায় থেমে পড়ে' হাতের সিগরেটটা ছুঁছে ফেলে দিয়ে বলা-কওয়া নেই সনৎ প্রতুলের বাঁ হাতটা বাঘের থাবা দিয়ে চেপে ধরলো হঠাৎ তার গলার স্বর অন্তরণ থেকে এক লাফে উত্তরণ হ'য়ে উঠলো বলুকুত্রেক্রা, এ-গান তুমি শিথলে কোথায় ?'

ক্রিটা প্রতুল কিছু হদিস পেলো না। শৃত্য চোথে চারদিকে একবার চাইলো। ভীত, মৃঢ় গলায় বললে, 'কেন, গানটা কি ভালো নয় ?'

'ভালো নয়! ভীষণ ভালো, চমংকার ভালো, ক্লাসিক্যাল গান ভালো বলে'ই তো বলছি, এ-গান তোমাকে শেখালে কে, কবে?' সনং আরো জোরে চাপ দিলো।

'শেখাবে কে ! ও আমার ইনবর্ণ। ছেলেবেলা থেকেই আমি গাই। বাবার তানপুরা ছিলো তাই নিয়ে গলা সাধতাম। পরে যথন লক্ষ্ণে ছিলাম, ওন্তাদের কাছে শিথেছি।' প্রতুলের স্বর কেমন আর্দ্র, আছের হ'য়ে এলুেঞ।

প্রাদ্র তোমার বাবার তানপুরা ছিলো, ছেলেবেলা থেকে তুমি গলা সাধতে।' সনং সজোরে তার হাত মূচড়ে দিলো, বাজের মতো হুলার দিয়ে বললে, 'বলো, তুমি কে ?'

'(क षावात ! जनतीम --'

'क्शमीन ट्यां आभाद हाकरत्रद्रा नाम। वरना निश्तित।'

'আমি গদাধর বন্দ্যোপাধ্যারের বড়ে৷ ছেলে, আমার ছোট ভাইর নাম কালীক্লফ, তার ছোটটির নাম —'

'রাথো তোমার সব মৃথন্ত। বলো, তোমার বাবা তানপুরা ছাড়া আর কী বাজাতেন ?'

্র 'তাঁর শেতার ছিলো, এপ্রান্ধ ছিলো।'

'বলো, তাঁর বাড়িতে কথন গানের আসর বসতো ?'

'দোলের সময়, সরম্বতীপুজোর সময। কেন, বড়দির কাছ থেকে শোনেন নি ?'

'রাজেন, এ সব জানে, সব জানে।' বলে' সনৎ প্রতুলের মৃথের উপর মারলো এক প্রবল ঘূদি। বললে, 'এগনো বলো তুমি কে ?'

'একি, ভদ্রলোকের ছেলেকে আপনি মারবেন নাকি ?' প্রতুক্ত অন্ধকারের উপর অন্ধকার দেখলো।

'গদাধর ছেডে এখন বৃঝি শুধু ভদ্রলোকে এসেছ ?' এই বলে' রাজেন তার বাঁ হাত ধরলো চেপে। এতক্ষণে রাস্তা পেয়ে তার রাগ একেবারে লেলিহান হ'য়ে উঠলো: 'ছুপিড, স্কাউণ্ড্রেল কোথাকার, এক নিরীহ ভদ্রলোকের মেয়ের তুমি সর্বনাশ করতে এসেছ ?'

এত বিপদেও প্রতৃল হাসলো। বললে, 'বিদে করা কি মেয়ের সর্বনাশ করা ?'

'একশোবার। যদি সে বিয়ে বেজাত, বেঘরে হয়। তুমি তো অন্তের নাম ভাঁড়িয়ে ঠকাতে এসেছ, জোচোর, স্ই্ঙ্লার!' বলে' রাজেন তার ঘাড়ে এক রদ্ধা মেরে বসলো।

'কিন্তু ঠকিয়ে আমার লাভ কী বলুন।' প্রতুল একটা কাতরোধিক করলো: 'ভেবে দেখুন এতে আমার কী স্থপারটা হবে, এই বিয়ে করে'। মেয়ে আপনাদের একটা কিন্নরী নয়, আর তার ভেতর দিয়ে রাজন্বও কিছু একটা আমি পাবো না। বরং উলটে আমাকেই এই বিয়ের খরচ জোগাতে হয়েছে।

'কলিকালে সেইটেই তো আশ্চর্য। গাঁটের পয়সা থরচ করে' ধাপধাড়া গোবিন্দপুরে কালো মেয়ে বিয়ে করতে আসা।'

'চোঝে যাকে ভালো লাগে, তার জন্মে মান্ন্রে আরো আনেক দাম দেয়।' এত ত্বংথেও প্রতুল কবিত্ব করতে ছাড়লো না : 'ব্রলাম আমার বেলায় এই দাম পর্যাপ্ত হ'য়ে ওঠে নি । বেশ তো', ত্ব'জনের মৃঠির মধ্যে ত্ব'টো হাতই শিথিল করে' দিয়ে দে বললে, 'বেশ তো, আমার আইডেটিটি নিয়ে যথন আপনাদের সন্দেহ হচ্ছে, আর মান্ন্যের বংশপরিচয়টা যথন তার ল্লাট্রেলেখা থাকে না, তথন মিছে গোল করে' লাভ নেই । আমাকে করে দিন, আমি চলে' যাই।'

'তাই বাবে, তবে ত্ব' ক্রোশ দ্রে থানাটা একটু ঘ্রে যেতে হবে কট করে'।' বলে'রাজেন তাকে সামনের দিকে সজোরে আকর্ষণ করলো। আর সেই সহান্মভৃতিতে সনং।

'তাই যাচ্ছি, হাত ছাড়ুন। প্রতুল সনতের দিকে ঘাড় ফেরালো: 'এ নিয়ে একদিন আপনাকে অমৃতাপ করতে হবে, জামাইবাব্। হাত ছাড়ুন বলছি। এ কী অক্যায় কথা! সারা রাম্ভা আমাকে এমনি টেনে-হিঁচড়ে নিয়ে থাবেন নাকি ?'

'তবে তোমার পাগড়িটা খুলে দাও, কোমরে একটা গেরো দিয়ে রাখি।' বলে' একটানে সনৎ তার পাগড়িটা খুলে ফেললো।

'কী,' হাত ছাড়বেন না ?' প্রত্লের কী যে তুর্মতি হ'লো, গেলো জোর ক'রে হাত ছিনিয়ে নিতে।

আর যায় কোথা! মুহুর্তে তার জামা গেলো ছিঁড়ে, পাশের একটা দাঁত গেলো আলগা হ'য়ে, নাক ফেটে দরদর করে' রক্ত বেকলো। গ্রামান্তরে ক'টা চাষা যাচ্ছিলো, দক্ষে একটা কালি-পড়া ছারিকেন। একজন রাজেন বিশাসকে চিনলো, এগিয়ে এসে জিগগেস করলো: 'কী হয়েছে, ডাক্তারবাবৃ ?'

রাজেন হাঁপাতে-হাঁপাতে বললে, 'মেয়ে চুরি করে' নিয়ে পালাচ্চিলো।'

অভিযোগটা এ-অঞ্লে অপ্রতুল ছিলো না। তাই কেউ উঠলো রেগে, কেউ উঠলো চমকে, আর কেউ বা পেলো মজা। শেষের জন জিগগেস করলে: 'কার মেয়ে ?'

'ষারই মেয়ে হোক না কেন, শালাকে ধর্ দিকি পার্জাকোলে করে', বোধহয় বেছঁদ হ'য়ে পড়েছে। গামনেই রামস্থলরের ছাড়া-বাড়িটা পড়ে' আছে না, দেখানে নিয়ে চল্। আর শোন্', রাজেন 'দর্গেরু একজনকে জিগগেদ করলে: 'তোর ঐ বোঁচকাতে ঘটি-বাটি শিশি-বোঁতল কিছু আছে, চট্ করে' পুকুর থেকে খানিকটা জল নিয়ে আয়। আর তুই একবার ছুট্টে মুখুজ্জে-বাড়িতে চলে' যা, দেইখানে কর্তাকে গিয়ে বলবি, যে বিয়ে করতে এদেছিলো, দে ধরা পড়ে' গেছে, দে জামাই নয়, অলু লোক, একটা বাটপাড বদমাদ। দেই দক্ষে আমার বাড়ি গিয়ে আমার কম্পাউণ্ডারকে বলবি, ওয়্ধের ব্যাগটা নিয়ে যেন এক্ষ্নি চলে' আদে।'

তথন থেকেই অমিয়র মনে একটা অশ্বন্তি ছিলো, প্রত্লকে অমনি ডেকে নিয়ে যাওয়ার থেকে। অনেকক্ষণ পর্যন্ত সে ফিরলো না দেখে একটা লঠন নিয়ে সে খুঁজতে বেঞ্চলো। আর ত্-একজনকে পাঠিয়ে দিলে এদিকে-সেদিকে। বিয়ের কথা তিনি ভূলে গেলেন নাকি?

কিন্তু স্বাইর আগে অমিয়ই পেলো সন্ধান। বেড়ার ফাঁকে আলো ও ব্যস্ত একটা জনতার আভাসে। তার চেয়ে পৃথিবীতে যা-হোক কিছু সে ভাবতে পারতো— অমিয় মৃত, স্তর একটা শিলাস্তপের মতো রইলো দাঁড়িয়ে।

দেখলো বেড়ার গায়ে ঠেসান দিয়ে প্রত্ল-দা বসে', সারা শরীর ভিজা, ম্হুমান। নাকটা ফুলে উঠেছে, নাসা-রজের কাছে কালো-কালো রক্তের ডেলা, ভুরুর উপরে কপালটা ফাটা, চিবুকের কাছটায় খানিকটা মাংস নিয়েছে খুবলে! সিল্কের পাঞ্জাবিটা ছেড়া, বোতামের ফিতেটা ঝুলছে আলগা হ'য়ে।

পেথে যাও তোমার বন্ধুর কীর্তি।' রাজেন অমিয়কে সম্বর্ধনা করলো।

্র্প্রেমিয়র দিকে প্রতৃল কী রকম ক'রে যে চাইলো বলা যায় না। ্রাসনং এগিয়ে এসে বললে, 'এখনো বলো তুমি কে ?'

'বলছি', প্রতুল শুকনো গলায় ঢোঁক গিললো: 'তার আগে আমাকে কথা দিন, আমার একটা অন্নুরোধ শুধু রাথবেন।'

'রাথবো। কী অমুরোধ ?' সন্ৎ বললে।

'আমাকে দয়া করে' পুলিসে দেবেন না' প্রতুল মাথা নামালো।

'আচ্ছা, তবু সত্য কথা তুমি বলো।'

'বলছি।' প্রতুল জলের জন্ম এ-দিক ও-দিক চেয়ে আরেকটা ঢৌক গিললো: 'আমি জগদীশ নই।'

'তবে কে তুই ?' এবার রাজেন উঠলো হুন্ধার দিয়ে।

তাতে আমাদের আর কোনো ইন্টারেট নেই।' সনৎ বাধা দিলো; বললে 'তবে জগদীশের এত কথা তুমি জানলে কোখেকে ?'

'ওর সঙ্গে আমার দেখা হয়েছিলো রেম্বুনে, বছর তিনেক আগে।' প্রতুল বললে।

'এখন সে কোখাছ ?'.

'সাংহাইয়ে কিম্বা আর কোথায়, আমি জানি না।' 'তবে ওর নাম তুমি ব্যবহার করতে চেয়েছিলে কেন ?' 'নইলে তাকে পাওয়া আমার সম্ভব ছিল না।' 'তাকে দিয়ে তুমি কী করতে ?'

'কী করতাম জানি না, কিন্তু এখন, এই মুহূর্তে আমি শপথ করে' বলছি', প্রতুলের তুই চোথে কানা দাঁড়িয়ে গেলো: 'তাকে বিয়ে করতাম, তাকে নিয়ে ঘর বাঁধতাম, তাকে নিয়ে স্থপী হতাম।

'স্থুখ বার করছি ভোমার।' বলে' রাজেন প্রভুলের শিথিল<u> এএক</u>টা হাত ধরে' সবেগে টান মারলো। মুথ থিচিয়ে বললে, 'চলো, এীঘরে না গেলে তোমার এই স্থথের যোলকল। পূর্ণ হবে না।'

'খবরদার।' দপ করে' অমিয় উঠলো জ্বলে': 'কথা দিয়েক্টে भूनिटम (मरदन ना। कथा ताथुन। এक करनत मन्त्रा रायम (भेरानर्ने, তেমনি নিজের সতাও রক্ষা করুন।'

সনৎও পুরোমাত্রায় সায় দিলো। বললে, 'যথেষ্ট হয়েছে। হয়তো বা তারো কিছু বেশি। এর পর আর কেলেঙ্কারি বাড়িয়ে কাজ নেই। আমি, তুমি, ভবানন্দবাবু, তাঁর মেয়ে সব নিয়ে একটা ল্যাজে-গোবরে কাণ্ড হ'মে যাবে। খবরের কাগজের কাটতি বাড়িয়ে কিছু লাভ হ'বে ना।'

কম্পাউণ্ডার ওষুধের ব্যাগ নিয়ে এসে হাজির হ'লো। আর তার পশ্চাতে একটা উত্তাল জনসমূত। যারা ছিলো শ্রোতা, এখন তারা प्तर्भक।

যতদ্র সম্ভব রাজেন আর তার কম্পাউগুার তাদের ঠেকিয়ে রাথর্ডে লাগলো, আর সনৎ লাগলো সম্ভর্পণে প্রত্তলের ক্ষতস্থানগুলি ড্রেস করে' দিতে।

ভূক্ষর উপর প্লাষ্টার লাগাতে-লাগাতে সনৎ বললে, একটু-বা সমবেদনার হরে: 'এখন কী করবেন ?'

প্রতুল একবার ঘরের চারদিকে, একবার অমিয়র মৃথের দিকে, একরার নিজের জামা-কাপড়ের দিকে তাকালো। বললে, 'আপনারাই জানেন।'

'আমি বলি কি', দনং অমিয়কে লক্ষ্য করে' বললে, 'ওঁকে আমরা ঘাটে নিয়ে গিয়ে নোকোয় তুলে দিয়ে আসি, উনি চলে' যান। কী, পাুরব্বেন্ যেতে ?'

কষ্টে দাঁড়াবার চেষ্টা করে' প্রতুল বললে, 'পারবো। আপনি আর্ স্থানীয় যদি হাত ধরেন।'

্রহাত বাড়িয়ে সম্ভর্পণে অমিয় তাকে দাঁড় করালো, জামার ঘরে বোর্তামের ফিতেটা আটকে দিলো একেক করে।'

রাজেনের দিকে ফিরে সনৎ বললে, 'তোমারই জয় হ'লো, রাজেন। তুমি এদেরকে নিয়ে উল্লাস করো, আমি আর অমিয়বাবু এঁকে নৌকোয় তুলে দিয়ে আসি।'

বাইরে বেরিয়ে এসে সনৎ প্রশ্ন করলো: 'আপনার জিনিস-পত্র ?'
প্রত্তুল বললে, 'ও কিছু নয়। ও থাকবে অমিয়র কাছে। ইচ্ছে
হয় আমাকে একদিন পৌছে দেবে, না হয় ফেলে দেবে আন্তাকুঁড়ে।'

এ-দিকে লগ্ন আসন্ন, বিয়ের বর খুঁজে পাওয়া যাচ্ছে না। ভবানন্দবাবুর কাছে পাবা .মেলে থবর পৌছে গেছে, ও-বর বর নয়, ছদ্মবেশী

দুয়াচোর, গর্জনেই বোঝা গেছে গাধার গায়ে সিংহের চামড়া। তারপর

মুধ্চন্দ্রের স্বাদ পেতেই বাছাধন স্কুমুড় করে' স্বরূপ খুলে দেখিয়েচেন।

'মিথ্যে কথা।' ভবানন্দবাবু গর্জন করে' উঠলেন: 'সব ঐ রাজেন বিশেসের কারসান্ধি। বিয়ে একটা কেউ তৈরী করতে পারে না, ভাঙতে

ওন্তাদ। স্বীকার করেছে! কী স্বীকার করেছে শুনি? নৃশংস মার আম্পর্ধা শুনি আমার জামাইর গায়ে ওরা হাত তোলে! পুলিস! পুলিস কেবল ওদের একচেটে! ওদেরকে আমি পুলিসে দিতে পারি না, দ্বা चामत थिएक वत जूटन निष्य शिष्य मात्र (मय ! अटमत की ! मारवाई चामि বিয়ে।' বাড়িময় ঘুরে-ঘুরে ভবানন্দবাবু অস্থির উন্মত্তভা স্থক করলেন: 'এ-লগ্ন চলে' যায়, সাড়ে-ভিনটের লগ্নেতে বিয়ে দেবো। নাই বা হ'লো দে গদাধর বাঁডুযোর ছেলে, হলোইবা সে বেজাত-বেঘর, তাতে রু<mark>জ্ঞেনের</mark> की, नामध्य वांषुरगत कामारेत की । काठ वर्षी, धर्म वर्षा, भवकान বড়ো, না আমার মেয়ের স্থুথ বড়ো! তাকো দ্বাইকে, আমি এর-স্কাতেই মেয়ে দেবো। এমন চেহারা, এমন বৃদ্ধি, এমন উদারতা। ঠকিয়ে বিডেই করতে এসেছে! আহ্নক। ঠকবে কে। আমার মেয়ে না রাজেন বিখেস ? তোমরা ডাক ওকে, ধরে' নিয়ে এসো, যে করে' হোক আজ রাত্রেই আমি ওদের হু'হাত এক ক'রে দেবো। কাল ভোরে আমি আমার মা'র মান মুখখানা দেখতে পারবো না।' ভবানন্দ ছই হাতে মুখ ঢেকে শিশুর মতে। কেঁদে উঠলেন।

ঘাটে নৌকো ঠিক ক'রে দিয়ে সনৎ বললে, 'কেউ আপনার সঙ্গে যাবে ?'

অমিয় ইতন্তত করছিলো তার বিমৃত আচ্ছন্নতার মধ্যে; প্রতৃল বললে, 'না, দরকার হবে না। শরীর অনেক স্বস্থবাধ করছি। নৌকো বেশ বড়ো আছে, মাঝিরা একটা বালিস দিয়েছে, পাটাতনের উপর দিব্যি শুরে থেতে পারবো। দিমার ঘাটটা আর না ছুঁয়ে দটান গোয়ালন্দ চলে' যাবো ভাবছি, যদি এরা পথিমধ্যে রাজি হয়। কতক্ষণ পরেই চাঁদ উঠবে।'

নিজের পকেটটা অহভব করে' সনৎ বললে, 'সঙ্গে টাকা আছে ?'

প্রত্ব একটু-বা হাসলো। বললে, 'আছে। হয়তো একটু বেশীই আছে। সেটা নিরাপদ নয়।' বলে' মনিবাাগ থেকে একতাড়া নোট বার করে' অমিয়র হাতে গুঁজে দিয়ে বললে, 'যদি পারো, এই টাকাটা ভ্রার্কবাবুকে দিয়ো। তাঁর অনেক ক্ষতি, অনেক হঃখ, অনেক মনস্তাপ ঘটালাম। 'আর' প্রত্ব এক মূহুর্ত থামলো, বললে, 'আর, অধিবাসের তত্তে আদ্দেক জিনিসও দেয়। হয় নি। যা কিছু রইলো, সমস্ত ট্রাঙ্কটাই রেথাকে উপহার দিলাম। না, আর পাগড়ি নয়, এটাকে এখন সিল্লের চাদর ক্রববো। নমস্কার।' প্রত্বল নৌকোয় উঠলো; আবার বললে, 'নমস্কার। বড়াদকে আবার প্রণাম দেবেন।'

উৎসবের বাড়ি কথন অন্ধকারে ডুবে গেছে। মায়ের বৃকে মৃথ ওঁজে ক্রিদতে-কাদতে উপবাসী রেখা কথন ঘুমিয়ে পড়েছিলো, এক ঘুম পরে গা ঝেড়ে উঠে বসে ভাবলো, বা, আজ তার বিয়ে না? সাড়ে তিনটের লগ্নে? তবে, এ কী! মা এখনো ভয়ে আছেন কেন? এ কী, আলো জলছে না, বাজনা বাজছে না, পা টিপে-টিপে দরজা খুলে রেখা বারান্দায় ও বারন্দা থেকে উঠানে বেরিয়ে এলো, সামিয়ানাটা পর্যন্ত তুলে নিয়ে গেছে! সব গেলো কোথায়?

কোথায়, কতদ্ব সে গেছে ? নিশি-পাওয়ার মতো রেখা উঠোনটুকু পেরিয়ে বেড়ার বাইরে এসে দাঁড়ালো। কৃষ্ণপক্ষের চাঁদ এসেছে আকাশে, তারই মতো চেহারায়; উপোসে শীর্ণ, প্রতীক্ষায় ক্লাস্ত; তারি মতো বিনিপ্র বিছান। থেকে উঠে। সমস্ত রাতটাকে কি-রকম যেন অক্সরকম লাগছে, তার প্রথম অচেনা রাত। যেন এইখানেই কোথায় সে লুকিয়ে আছে, তার জক্তো। সে তো বর নয়, চোর। তবু তার সঙ্গেই সে আজ যাবে। তাকে কী করবে সে ? খুন করবে ? কিসের লোভে ? তার গলায় যে কুনেকলেদ এ-ও ডার্ট্রী দেয়া। তবে, তাকে আর-কোথাও বেচে দিয়ে আসবে ? কোথায়! রেখা মনে-মনে হাসলো তার আগে রেখার কাছে
নিজেকে সে বেচে দিতো না ?

আমলকি গাছের উপর থেকে একটা পাঁচা উঠলো ডেকে, শুকনো পাতায় কি-একটা উঠলো খসখস করে'। রেখা আন্তে-আন্তে ৃত্যুর মায়ের পাশ ঘেঁসে এসে শুয়ে পড়লো।

অপূর্ণ

কাঁচা মাটির রান্তার উপর দিয়ে সাড়ে সাত মাইল কলাল-বার-করা গুক্তন-প্লাড়িতে আসতে-আসতে অসীমা ভাবছিলো, কী দৃশুই না জানি দেখতে হবে। কিন্তু না, বাড়িটা পাকা, দোতলা: নিচে আপিস, উপরে কোয়াটার। পিছনের দিকে উঠোনটুকু ঘিরে রায়াঘর, পাতকুয়ো, পাইখানা, কেইছুখানি ক্ষেত করবার মতো মাটি। বাইরেটা একেবারে জকল, আতর্কময় অন্ধকার দিয়ে তৈরি। যে-লোকটা আগে এখানে ছিলো সব ছত্রখান, একাকার করে রেখে গেছে, ভাঙা হাঁড়ি, মুড়ো ঝাঁটা, ছেঁড়া মাত্রর, ঘুটের গুঁড়ো — কী নয়! উত্থনটা পর্যন্ত আন্ত রাখে নি, শিকগুলি নিয়ে গেছে। কুয়োতলা পর্যন্ত সার-ফেলা ইটের চিহ্নই শুধু আছে, ইট নেই। আর এই বে-আক্র কুয়োর পাড়ে সে স্থান করবে কি করে' গু

'বাড়িওয়ালাকে শিগগির একটা বাথরুম করে' দিতে বোলো।' অদীমা বিরক্তিতে ভূক কুঁচকে জিগগেস করলে : 'এর জল কেমন ?'

্ৰ কৈছেই একটা আপিসের লোক ছিলো, বললো 'ঘরধোয়া বাসন-মান্ধার কাল চলভে গারে।

'थावात कन ?'

'কাছেই টিউব-ওয়েল আছে। এটার জন্তে গাঁরের পেনিভেন্ কম লড়াই করেন নি।'

🚧 সীমা উপরে 🕬 ' এলো। তথনো সদ্ধে হবার সময় হয়নি, বিদ্ধ

গাছ-গাছড়ার অস্তরালে অপরাষ্ট্রটিকে কেমন যেন ব্রিয়মান দেখাছে। ত্'থানা ঘর ও রাস্তার দিকে অনতিপ্রশন্ত একটি বারান্দাতেই সমস্তটা স্থসমাপ্ত। অসীমা দেয়ালের দিকে চেয়ে হতাশ হয়ে গেলো; কী সর্বনাশ, কোনো ঘরেই একটাও তাক নেই। তবে কোথায় সে তার বাঁধানো মাসিক-পত্রিকাগুলি সাজিয়ে রাথবে, তার হোমিয়োপ্যাথির বাহ্ম, তার প্রসাধনের এটা-ওটা! কী ভয়ানক, সিলিঙে একটাও কড়া নেই, লেপের ছালাটা সে তবে টাঙাবে কোথায়? আর, আগে যারা ছিলো, তারা কি অস্তত একথানা ক্যালেগুরো রাথতো না ঝুলিয়ে? না, যাবার সময় দেয়ালের পেরেকগুলোও তুলে নিয়ে গেছে?

গ্রাম্য গণনীয়দের সঙ্গে বাক্যালীপ সেরে স্থরেশ্বর উপরে এ**সে ব্ললে,** 'প্রথমেই হচ্ছে একপেয়ালা চা!'

'না', অসীমা ঝন্ধার দিয়ে উঠলো: 'প্রথমেই হচ্ছে একটা চাইর্রী জল আনা, বাজারে যাওয়া, ঘর ঝাঁট দেয়া, বিছানা খোলা, এক গাদা কাজ বাকি।'

'সব হচ্ছে, তুমি ব্যস্ত হয়ে না। ঠাকুর গেছে জল আনতে, আপিসের একটা লোককে বাজারে পাঠিয়েছি, বিছানাটা খুলে নিজেই দিচ্ছি ঝাঁটা বার করে', তুমি শুধু দয়া করে' শোবার এলেকাটা পরিকার করে' নাও।' ভেক-চেয়ার খুলে হ্মরেশ্বর পা এলিয়ে দিলো; 'আজ, মনে করো, ধর্মলালায় আছি। কাল সকালে চাপরাশি জয়েন করবে, আর ভাবতে হবে না। ও ছুটি নিয়ে গেলো বলে'ই এত অহ্ববিধে।'

'আৰু রাভে তবে আর রাখতে হবে না নাকি ?'

'কী দরকার! স্বচ্ছন্দ থাবার আছে টিফিন-কেরিয়ারে, তারপর চা সাছে আর তুমি আছ।' স্তীর দিকে চেয়ে স্বরেশ্বর বাধানো দাঁতে হাসলৈয়ু: 'এই একটা অনিয়ম আর বিশৃহ্খলা একরাত্তির জন্তেও কি তুমি সইতে পারবে না ?'

'পারবো', অসীমা ততক্ষণে বাক্স-প্যাটরা খুলে বসেছে : 'কোথা থেকে
ফুদ্নি একটা লোহা কিম্বা শক্ত দেখে ইট নিম্নে আসতে পারো।'

'কী হবে ?'

'কপালে আমার পেরেক ঠুকতে হবে। কপালটা যে আমার দেয়ালের মতো দাদা হয়ে আছে দেখতে পাচ্ছ না ?' অসীমা একে-একে তার প্রসাধুনের টুকিটাকিগুলি বার করতে লাগলো: 'আয়নাটা টাঙাতে হবে যে। টুল বার্বেন।'

স্থরেশর একটা বিস্তৃত হাই তুললো: 'দাঁড়াও, রাত হোক।'

'রাতে আমি কখনো আয়নায় মুখ দেখি নাকি ?' অসীমা থেঁকিয়ে ৬০লো: 'আর, বিছানাটা খুলে শিগ্গির ঝাঁটাগাছটা বার ক'রে দাও।'

চেয়ারে স্থরেশ্বর শরীরটাকে আরো শিথিল করে' ঢেলে দিলো: 'দাঁড়াও, তোমার হাতে এথুনি কিছু অস্ত্র দিতে আমার ভয় করছে।'

কতক্ষণ পরে বাজিওলা এসে হাজির, বিনয়ে পরনের বস্ত্রখানি থেকে সমস্ত দেহটিই যেন অতিমাত্রায় থর্ব, সঙ্কৃচিত। কি-কি অস্থবিধে তাই একবার জানতে এসেছে।

ऋत्त्रथत् व्यां हुन मित्य जीत्क तमिश्व मितना।

'সৰ প্রথমেই একটা বাধকম চাই মশাই, ছাদ-দেয়া ঘেরা জায়গা, সঙ্গে একটা চৌকচ্চা, পাড়টা বেশ খানিকটা চওড়া রাখবেন। আর, কোনো ঘরেও একটা তাক রাখেন নি কেন, তাক করে' দিতে হবে, মার দরজা — মানে আলমারির মতো। ভেতর দিক থেকে টানবার জ্ঞে দরজায় একটাও কড়া লাগানো নেই — আর জানালায় এগুলো ছিটকিনিন্দুলমার মৃতু? আর লেপের ছালটো কি শৃত্তে বোলাবো? নিজে

ক্রপণ হয়েছেন বলে' জানলাগুলোকেও কি অমনি কঞ্স করতে হয় ?

এ কি জানলা না ঘূলঘূলি ? আর শুহুন, উঠোনে ইট পাততে হবে, এক

সারি কুয়োর দিকে আরেক সারি পাইখানার দিকে। বর্ষা সামনে,
আপনার রায়াঘর অমনি আল্গা একপাশে দাঁড়িয়ে থাকতে পাবে না—

বৃষ্টির মধ্যে বারে-বারে ছাতা খুলে আর ছাতা মুড়ে কে যাওয়া-আসা

করবে শুনি ? নিচের বারান্দার সঙ্গে রায়াঘরটা জয়েন করে' দেবেন,

অস্তত টিনের ছাদ দিয়ে। আর শুহুন, কাল ভোরেই আমার একটা

গয়লা চাই, মেথর চাই, আরেকটা চাকর। সঙ্গে আমি শুধু ঠাকুর নিয়ে

এসেছি। বেশ একটা জোয়ান মজবুত চাকর আনতে হবে, অনেক ভারি

কাজ সংসারে। কত মাইনে এখানকার চাকরের ?' অসীমা একটাল

জিনিস-পত্তের মধ্যে থেকে ইণ্পিয়ে উঠলো।

বাড়িওলা সবিনয়ে বললে, 'সব কি একসঙ্গে পারবো ?'

'না পারবেন তো ভাড়া পাবেন না বলে' রাখছি।' অসীমা শরীরে একটা দৃপ্ত ভঙ্গি আনলে: 'এ মশাই গবর্গমেণ্ট ভাড়াটে, চালাকি চলবে না। আপনাকে সাত দিনের আলটিমেটাম দিচ্ছি, সমন্ত করে' দিতে হবে, সমন্ত, যা-যা বললাম। তাও তো এখনো সব দেখি নি।'

কতকণ পরে ব্রাজার এসে হাজির।

লঠন জালাবার জন্তে কেরোসিন তেল আসেনি, তাই অসীমার হাতে একটি টর্চ।

'ম্পিরিট এনেছ ?' লোকটার চোথ ঝল্সে দিয়ে অসীমা জিগগেস করলে।

'সে মা, সরকারি ডিসপেনসারি থেকে আনতে হবে।' 'তা হোক, আনলে না কেন ?' 'বাবু একটা টাকা দিয়েছিলেন, এ-সব কেনাকাটা করে' মোটে এই ভিন পয়দা ফিরেছে।'

'তাই বলে' পয়সার জন্মে তুমি ফিরে এলে ?' অসীমা ম্থ-চোধের একটা অসম্ভব ভঙ্গি করলে: 'সরকারি ডাক্তারখানা হাকিমের নাম শুনলে এক বোতল স্পিরিট ভোমাকে বাকি দিভো না ?'

'দিতো না, মা।' লোকটা ভয়ে ভয়ে বললে।

'ভোমাদের এই ভৃত পাড়াগাঁয়ে কোনো মৃন্সেফ আসে, না, ডিপটি ক্রান্ত প্র সাব-রেজিষ্টারই তো এথানকার একমাত্র হাকিম, একছত্র । মৃন্সেফ মৃন্সেফ, ডিপটিতে ডিপটি। এজলাসে বসে' বিচারও করতে হয়, সাইকেলে করে' কমিশনেও বেঞ্চতে হয়। মাইনেতে মাইনে, টি-এতে টি-এ। 'যাও', অসীমা গর্জন করে' উঠলো: 'দাড়িয়ে আছ কি হা করে' দেখি কেমন ভোমার সরকারি ডিসপেনসারি এক বোতল ম্পিরিট দেয় না ক্রেডিটে। যাও শিগগির। স্পিরিট এলে পরে আমি ষ্টোভ ধরিষে চা করবো।'

রাতটা অসীমার প্রায় অনিক্রায় কাটলো, প্রায় একটা উত্তেজনার মধ্যে। কাল থেকে তার নতুন সংসার পাতা, নতুন সব জ্যামিতিক পরিস্থিতিতে — কোথায় টেবিল, কোথায় খাট, কোথায় আলনা, কোথায় বা ট্রাছ-স্থটকেল রাথবার বেঞ্চিটা। গুড়স্-এ মাল এখনো এলে পৌছ্রয় নি, সে তো একটা পাহাড় ভেঙে পড়বে। গ্রহ্ণমেন্টের মাল নিয়ে, যাই বলো, ট্রেন আরো আগে আসা উচিত। তারপরে বাজার কোথায়, কোন জিনিসের কী দর, ক' তোলার ওজন, মাছ এখানে সেরে বেচে না গোটা বেচে, কয়লা কি দিয়ে যায় না নিয়ে আসতে হয়। কখন তাক আসে, কখন ভাক যায়, পোস্টাপিল কতদ্র, খবরের কাপজ কখন বিলি

আর রাউজ, মোজা আর বালিদের অড়, টাই আর টেবিলের ঢাকনি ফাউ নেয় ভো? মনিহারি দোকান বলতে এরা কী বোঝে, কুল্কুম আর স্থ্যা পাওয়া যায় কিনা, পাউডার আর স্নো, ফিতে আর ফাংনা। চায়ের পাউও কত করে'? পাঁউফটিতে এরা চিনি মেশায়? এখানে নিশ্চয়ই জেলখানা নেই, তবে কোথায় সে খাঁটি সর্বে তেল আর আটা পাবে? তা ছাড়া এখানকার পাড়া-পড়শিরা কী রকম? গ্রামোফোনকে এখনো কলের পান, টকিকে এখনো বায়োস্থোপ বলে নাকি? এদেশে কি ঝুমকো এমেছে, আর্যলেট কিম্বা টায়রা? না, সেই অনুস্ত চলছে? কিন্তু সব চেয়ে দেখ দিকি চাপরাসিটার আকেল। সামান্ত ক'দেন ইস্টারের ছুটিতে তার বাড়ি যাবার কী হয়েছিলো, যখন জানে যে তারা আসবে। কাল কে বা জোগাবে তার চায়ের হুধ, কে বা পাউফটি। উন্নন চাই, ক'টা দিনের জন্তে তক্তপোয় চাই, শিল-নোড়া চাই, স্নানের জন্তে মাটির হু'টো জালাঁ অস্তত দরকার। একবার আস্থক ও।

সকালবেলায়ই চাপরাসি এসে হাজির।
'তোমার নাম কি ?' অসীমা জিগগেস করলে।
'থোসালচন্দ্র দাস।'

'এ-ডি-এমকে লিখে তোমার চাকরি নিয়ে নিতে পারি জানো ?' অসীমা রুঢ় একটা ভঙ্গি করলো।

'ছেলেটার অহথ ভনে বাড়ি গিয়েছিলাম, ভারি শক্ত অহথ।'

ভতোধিক শক্ত কথা অসীমার মৃথে আসছিলো, সামলে নিয়ে জিগগেস করলে: 'কী হয়েছে ?'

'হুপিং কাশ। মৃথের আর পাতা পড়ছিলো না।' 'বরেস কতো ?' 'এই মাস আটেক।' 'এখন কেমন আছে ?'

'আর নেই, মা। প্রভ'রাতে মাটির তলায় তাকে পুঁতে এসেছি।'

অসীমা ক্ষণকাল শুদ্ধ হ'য়ে রইলো, কিন্তু সে জানে সরকারি কাজে শোকের অবকাশ নেই। সেবার তার বোন যথন মৃত্যুশয্যায়, সে বছ কাকুতি-মিনতি করে'ও ছুটি পায় নি। তার তা মনে আছে।

তাই সে বললে, 'যাও, একটা চাকর নিয়ে এসো।'

'নিয়ে এসেছি, মা।' বলে' থোসাল অন্তরালবর্তী কাকে যেন সামনে ক্রান্তে ইসারা করলো।

এমন কাউকে দেখবে অসী দা আশা করতে পারেনি। বছর তেরো-চোদ্দ বছরের অপরিপৃষ্ট একটি ছেলে। মুধে ভীত, বিহবল একটা ভাব নিয়ে এদিক-ওদিক তাকাচ্ছে।

সব-কিছু বলবার আগে অসীমা জিগগেস করলো: 'কী নাম ভোর ?'

'দেবেন্দ্ৰ—'

নাম ভবে অসীমা হেসে ফেললো। বললে, 'ঐটুকু ছেলের এত বড়ো নাম। কেন, দেবু, দেবু বলে' ডাকতে পারে না সবাই ?'

'কে ভাকবে । বাপ-মা কেউ নেই', খোদাল বললে, 'ঘরছাড়া হ'য়ে এখানে-দেখানে ঘুরে বেড়াচ্ছিলো।'

'তা, তুই জল আনতে পারবি ?'

দাঁড়াবংর ভন্দিটা একটু সডেঞ্চ করে' দেবেন্দ্র বললে, 'থুব পারবো।' 'বাঁকে করে' গ'

'বাঁক না বইতে পারি, বালতি করে' বারে-বারে নিয়ে **আসবো, মা।'** 'বুঝলাম, কাকসান করতে হবে।' অসীমা আবার জিগগেস করলে, সিন মাজতে জানিশ ?' 'रिष्ठ पिर्ट की ना भारत्या वरना ?' সারি-সারি পরিচ্ছর দাঁতে দেবেজ হাসলো।

'বাজার করতে ?'

'বাজার তো এই আপিসের নিচেই বসে, মা। ওপরের বারান্দ থেকে তুমিই দরদস্কর করে' কেনাকাটা করতে পারবে।'

'মাইনে কতো ?'

ভান হাতের আঙুল ক'টা প্রসারিত করে' দেবেক বললে, 'পাচ টাকা।'

'এত টাকা দিয়ে করবি কী ?'

'বাবার সাত কাঠা জমি মহাজনের কাঁছে বাঁধা আছে, সেটা ছাড়াড়ে হবে যে।'

'তা তো হবে, কিন্তু সকার আগে একটা নাপিত ডাকতে হঁরী, থোসাল', অসীমা ব্যস্ত হ'য়ে বললে, 'ওর মাথায় এই বাবুই পাথির বাসাটা আমি দেখতে পাচ্ছি না। আর, টাকা দিচ্ছি, কিছু ওর জন্মে কাপড়জামা কিনে নিয়ে এসো।'

আশ্চর্য, দেবেন্দ্রকেই চাকরিতে নেয়া হ'লো। লাভের মধ্যে হ'লো এই, ভারি রাখা হ'লো জল টানবার জন্তে, নিজের হাতে কয়লা ভেঙে ঠাকুরকে হ'লো উত্ন ধরাতে, আর এক বেলাতেই হ'-তুটো চায়ের প্লেট ভেঙে ফেললো বলে' অসীমাকেই বাসনের পাজা নিয়ে বসতে হ'লো কুয়োতলায়। তারপর দেবেন্দ্র যখন বাজার করে' আনলো, দেখা গেলো কী অসম্ভব ছুর্মু ল্যের দেশেই না ভারা এসেছে!

'কী করবো, মা', দেবেজ হাসিম্থে বুললে, 'এক-চুইই গুনতে জানি না, ভা এভ-র থেকে এত বাদ দিলে কত থাকে, কে আমাকে শিধিয়ে দেবে ?' সন্ধের আগে আপিস থেকে ঘরে ফিরে স্থরেশ্বর ডাক দিলো 'দেবেক্স!'

কে একটা ছেলে কাছে এসে দাঁড়াতে হুরেশর বিরক্ত মুথে বললে 'তুই কে ? দেবেক্সকে চাই—নতুন যে চাকর এসেছে সকালবেলা।'

(मर्दिस गलक्ष शिमार्थ वनरम, 'আমিই।'

'তুই দেবেন্দ্র ?' স্থারেশর যেন হুমড়ি থেয়ে পড়লো।

'মা বলেছে আমাকে দেবু বলে' ডাকতে।'

'বটে! আর রাজ্যে চাকর ছিলো না ব্বি?' কাছেই কোথাও অদীমার উপস্থিতি অহভব কন্মে' হুরেশ্বর বললে, 'কী দেখে ভোকে ভোর মা'র পছন্দ হলো শুনি?'

'গোরাকি কম, মাইনে কম, কাজে বিচক্ষণ—'

'কত মাইনে ?'

'ভবিশ্বং পাঁচ টাকা, তবে মা বলেছে এক থেকে একশো প^{র্}ত্ত গুনতে শিথলেই মাইনে চু' টাকা হ'য়ে যাবে।'

স্থরেশ্বর না হেসে পারলো না। চেয়ারে বসে' পা তু'টো সামনের দিকে বাড়িয়ে দিয়ে বললে, দেখি কেমন ভোর কাজের বাহাত্রি। আমার এই জুভোর ফিতে খুলে দে তো!'

এ আর একটা এমন কী বেশি কথা এমনি একখানা ভাব করে' দেবেন্দ্র স্থরেশ্বরের তুই পা কোলের উপরে টেনে নিয়ে মেঝেয় বসে' পড়লো। থানিকক্ষণ ধন্তাধন্তি করার পর অসহায় মুথে বললে, 'গোড়ালি ধরে' ফস করে' টেনে যে-জুতো থোলা যায় সে-জুতো পরো না কেন ?'

স্থরেশ্বর হাসতে লাগলো।

কিন্ত হাসি দেখে দেখেন্দ্রের আর সহ্ন হ'লো না। একটানে হক ওদ্ধ ফিতেটা সে ছি'ছে কেললো। সলে সলেই: 'যা!' 'য়া! হি'ড়ে ফেললি ?' জুতোর ডগা দিয়ে স্থরেশ্বর তার হাঁটুতে একটা ঠোকর মারলো।

'আহা! এতে একেবারে মারবার কী হয়েছে! ভারি তিন পয়সার তো একটা ফিতে, দাও, আমি খুলে দিচ্ছি।' কোখেকে অসীমা এলো ছুটে।

'করো কি, করো কি', স্থরেশ্বর শশব্যত্তে বললে, 'তুমি থুলবে জুভোর ফিতে!'

'কেন, কোনো দোয আছে ?'

'না, কোনোদিন থোলো নি কিনা—/' ক্রেরেশর ভয়ে-ভয়ে বললে।

'অনেক কিছুই তো করি নি এর্ত দিন', স্বামীর পা-টা স্বসীমা জোর করে' টেনে নিলে: বাসন মাজি নি, মশলা পিষি নি, ঘর ঝাঁট দিই নি, মশারিটা টাঙাই নি পর্যন্ত। সব চাকরে করে' দিয়েছে।'

একবার দেবেন্দ্র ও একবার স্ত্রীর মুখের দিকে চেয়ে স্থরেশ্বর বললে, 'তবে এই নিষ্কর্যা বাচ্চা চাকর রেখে কী লাভ হ'লো ?'

'ক্তিই বা হ'লো কী ভানি ?' ফিতের হট্কাটা টানতে গিয়ে অসীমা আঁট করে' একটা গিঁটই লাগিয়ে ফেললো, সেদিকে ক্রক্ষেপ না করে' বললে, আগে যেখানে ছিলে, চাকরের মাইনে ছিলো সাত টাকা। এখানেও তার চেয়ে তোমার এক আধলা বেশি লাগবে না। দেবুকে দেব পাঁচ টাকা আর বাকি তু'টাকা জলের জন্তে। চুকে গেলো।'

'আর বাকি সমন্ত কাজ তুমি নিজে করবে ?' স্থরেশর নিজের প্রশ্লটাকেই যেন অবিশ্বাস করচে।

'কেন, থুব একটা দোষের কাজ করবো নাকি? নিজের সংসারে নিজে থাটবো এর চেয়ে বড়ো হুথ আর মেয়েদের কী হ'তে পারে? অন্তত একুসারসাইজ তো হ'বে! সেদিন থবরের কাগজে পড়লাম, বদে' থেকে-থেকে মেয়েদেরো আব্দকাল ডায়াবেটিন হচ্ছে।' বলতে-বলতেই জুতোর ফিডেটা দে সমূলে ছিঁড়ে ফেললো।

উল্লাসে দেবেক্স উঠলো লাফিয়ে: 'কই, মারো দেখি তো একবার মাকে।'

'চুপ কর্, দেবু।' অসীমা ধমকে উঠলো।

কি**ভ স্থরেশর দেধলো তাতে শাসনের চে**য়ে ক্লেহই বেশি প্রকাশ পাচ্ছে।

্রভূধু পা ছটো সামনের দিকে আবো ছড়িয়ে সে মৃহ্মানের মতো একবার বললে, 'মধুস্দর্ন।'

যাই বলো, স্থরেশরের একটা ভাবনা ঘূচলো। আর তাকে মৃত্যুত্ বান্ত থাঁকতে হবে না অদীমাকে ব্যাপৃত রাখতে। বাঙলা ভাষায় এমন পত্রিকা বেরোয় না, ভাঙা কূলো থেকে ডাস্টবিন পর্যন্ত, যা না অসীমার জ্ঞন্তে সংগ্রহ করতে হয়, দিন থেকে সপ্তাহে, সপ্তাহ থেকে মাসে। আর বইর যা বিজ্ঞাপন দেখা যায়, যৌনবিজ্ঞান থেকে স্থক্ষ করে' ভাওয়াল-মামলার রায়। সব সময়ে তার বই চাই -- ভয়ে-ভয়ে যা পড়া যায় -- এক ঘুম থেকে আরেক ঘূমের মধ্যবর্তী মক্ষভূমিতে। তবু তার সময় থাকতো, আলগা ফাঁকা ঢিলে সময়, স্বরেশ্বর ভেবে পেতে। না কী দিয়ে তা ভরে' ভূলিয়ে রাথতে পারে। জিনিসের মধ্যে বড়ো জোর একটা গ্রামোফোন আর একটা সেলাইয়ের কল। গ্রামোফোনে তারা সেই এখনো আঙ্গুর-वानां ि निष्य चार्ह, चात्र (मनारे वनरा कथरना ए'थाना क्रमान चात्र বছরে ছ'টা সেমিছ। কিন্তু হঠাৎ আবিন্ধার করা গেলো অসীমার কাৰের আর অন্ত নেই। তার একটানা সেই প্রসারিত ভদিটা এখন নানা ছন্দে এঁকে-বেঁকে ভেঙে-চুরে ছড়িয়ে-ছিটিয়ে পড়ছে। এড কাজ করবার তার শক্তি ও উৎসাহ এলো কোখেকে স্থরেশ্বর ভেবে-চিস্তে

কিছু কিনারা করতে পারঝো না। তার সংসার যেন হঠাৎ থ্ব বড়ো হ'রে উঠলো, এখান থেকে ওখানে এটা থেকে সেটায় কে যেন তাকে শত-সহস্র হাতে খাটিয়ে বেড়াছে। চাকরটার এক আঙুলও নাড়তে হছে না। পান সাজা থেকে জুতো বৃহুশ-করা, ঝুল-ছাড়া থেকে ঘর-মোহা, কাপড়-কাচা থেকে বাসন-মাজা, ভারি আর হালকা; উপরে আর নিচে, সমস্ত কাজই এখন অসীমার নিজের কাজ। এই কাজেই তার ছুটি, তার বিশ্রাম।

'চাকরটা তবে আছে কি করতে ?' হুরেশ্বর বিরক্ত হ'য়ে বললে। 'কেন, তোমার বাজেট তো আর ছাঞ্জির যার্যশনি। সাত টাকা ছিলো, সাত টাকাই আছে।'

'বেশ তো, ওটাকে না ছাড়াও, আরেকটা রাথো।'

'কী একবারে লাট-সাহেব হয়েছ যে তু'-তুটো চাকর রাখতে হয়র।'.
স্বামা ঝামটা দিয়ে বললে, 'ডোমার কোন কাজটা হচ্ছে না শুনি ?'

'কিন্তু মাইনে-করা চাকর থাকতে তুমিই বা এত খাটবে কেন ?' স্থরেশ্বর গলা নামিয়ে আনলো।

'শুয়ে-বদে' থেকে লাভের মধ্যে তো শুধু ভূ'ড়ি হচ্ছিলো', কথার স্থুলতায় অদীমা নিজেই হেদে ফেললে : 'এখন খেটে-পিটে চেহারার টিলেমিটা কেমন কমে' যাচ্ছে দিন-দিন। কেন পছন্দ হচ্ছে না ?' অদীমা শরীরে একটা তির্থক ভক্তি আনলো।

'ছাই! আজকাল ভালো ক'রে চুলটা পর্যস্ত বাঁধো না। কোধার বা তোমার অ্মা, কোথায় বা ভোমার আল্তা! ভতে যে আস যেন ঘুমুতে আস।'

'আমার এত সময় কোথায়।' অসীমা কার্যান্তরে চলে' গেলো। নিচু মোড়ার উপর লগুন রেখে, রাত্রে, মেঝের বনে' অসীমা কল চালিম্বে কী সেলাই করছিলো, সম্বের পর তাস খেলে বাড়ি ফিরে এসে কামা ছাড়তে ছাড়তে স্থরেশ্বর ডাকলো: 'দেবু।'

নামটাকে হ্রম্ব না করে' আর উপায় ছিলো না।

'কেন ?' অসীমা সেলাইয়ের লাইন ভাঙতে-ভাঙতে উদাসীনের মতো বললে।

'এক গ্লাস জল দেবে।'

'বোদো, আমি দিচ্ছি।'

'কেন, ও তবে আছে কী করতে?' স্থরেশ্বর ম্থিয়ে উঠলো। 'তোমার জল থাওঁরা নিম্নি'্চচ্ছে কথা। জলের মধ্যে জল যে দেবে তার নাম লেখা থাকবে না।'

অপীমা কুঁজো থেকে জল গড়িয়ে আনলো।

অসীমা শুর হ'য়ে দাঁড়ালো কঠিন কিছু বলবার জন্তে। গন্তীর হ'মে বসলে, 'নিজের ছেলেকেও তুমি একদিন শালা বলতে পারবে দেখছি।'

'বেশ, তোমার ছেলেকেই ডেকে দাও দয়া করে'।'

'হাা, ছেলে, একশোবার ছেলে। পনেরো বচ্ছর আজ বিয়ে হয়েছে, যদি হ'তো এমনি বড়োটিই সে হ'তো। হ'লে তথুনি-তথুনিই হয়', অসীমার গলা কেমন ছলছলিয়ে এলো: 'আর যথন একবার হয় না, হয়ই না।'

'তারা ব্রক্ষয়ী !' স্থরেশর পাতা বিছানায় শুয়ে পড়লো।
অসীমা কাছে এসে বললে, 'কেন দেবুকে কী দরকার ?'
'গা-হাত-পা-টা একটু টিপে দিতো।'
'তা বললেই হয়। আমিই দিচ্ছি টিপে।'

'সেটা টেপা হবে না, বুলুনো হবে।' স্থরেশ্বর হাসলো।

'আর দেবু একটা কী গঙ্গার ঘাটের নাপতে এসেছে। পাপড়ির মতো তো তার হাত-পায়ের ছিরি, একখানা বাসন মাঞ্চতে দিলে হাত টাটিয়ে ফোস্কা পড়ে। আমারটা যদি বুলুনো হয় তবে ওরটা তো স্থড়স্কড়ি হবে।'

স্বামীর পদ-দেবার মধ্যে সভীত্বের যতো কবিস্বই থাক, পায়ের উপর ষ্মদীমার হাতের স্পর্শ এদে লাগতেই স্থরেশ্বর অন্থির হ'য়ে উঠলো। বললে, 'কেন, ও নবাবপুত্তুর তোমার কী করছে ?'

অসীমা সজ্জেপে বললে, 'পড়ছে ।;⁄ ●

'পড়ছে ?' এর চেয়ে মাথার একটা বাড়ি মারলে স্থরেশ্বর বেশি খারাম পেতো।

'হাা, তুপুরবেলা পড়া দিয়েছি, এখন ওর তা তৈরি করবার সময়খ'

প্রাণ খুলে যে হাসবে অসীমার ম্থের চেহারায় স্থরেশ্বর তার এতটুকু প্রশ্রম পেলো না। তাই কক গলায় বললে, 'লেথা-পড়া শিথে রেজেন্ট্রি আপিদের দলিল লিখবে নাকি ?'

এ যেন শুধু তার শিক্ষকতাকে অপমান করা। অসীমাও পাল্টা জবাব দিলো: 'কেন, শুধু নাম-দন্তথং-করা রেজেন্ট্রি আপিসের হাকিম হ'তে পারবে না?'

যাক্, তুপুরবেলাটাও অসীমার পরিপূর্ণ। টিফিন করা বা টিফিনের সময় বাড়ি আসার রেওয়াজ ছিলো না হ্রেখরের। কিন্তু এখন মাঝে-মাঝে সে তু'দশ মিনিটের ফাঁক খুঁজে উঠে আসে উপরে। দেখে, মেঝের উপর পাটি পেতে বসে' অসীমা শেলেট-পেন্সিল নিয়ে দেবুকে আঁক শেখাছে। অসীমার চুলগুলি থোলা, আঁচলটা বছদ্র পর্যন্ত শুলিত, সমন্ত চেহারায় কেমন একটা মাতৃত্বের তন্মরুতা, আর দেবুর তুই চোথে কৌতৃহলের বেন সীমা নেই, শেলেটের উপর পেন্ধিলের ক'টা চিহ্ন যেন তার কাছে আকাশের গায়ে তারার রহস্তের মতো। যেমন নি:শব্দে আসে তেমনি নি:শব্দে হুরেশ্বর চলে' যায়। কোনদিন এসে দেপে অসীমা তাকে মুথে-মুথে ভূগোল শেখাচ্ছে — কী আমাদের দেশ, কতো বড়ো, কতো তার জেলা, কত তার নদী, আর কী অপরপ সে কোলকাতা, রাজধানী! শুধু একটা তালিকা দিছেে না, যেন সব আত্মীয়-স্বজনের কথা বলছে, জল পাথর মাটি সবেতেই যেন কী অসীম মমতা মাথানো। আর দেব্র বিশ্বয়ের অন্ত নেই, অহেতুক জিজ্ঞাসার। হুরেশ্বর আপিসে ফিরে গিয়ে

'আমার জিনের প্যাণ্টালুন ছুচৈ, কী করলে ?' আপিলে বেরুবার আগে বান্ধ ঘাঁটতে-ঘাঁটতে স্থরেশ্বর জিগগেস করলে।

'কেন, ও হুটো তুমি পরতে নাকি ? ওদের তো পায়ের তলা দিয়ে স্থাের শুঁড় বেরিয়েছিলো।'

'কাঁচি দিয়ে কেটে নিলেই পরা থেতো — অস্তত ত্' ছুট করে।' 'কাঁচিই চালিয়েছি বটে, তবে হাঁটুর কাছাকাছি।' অসীমা হাসলো 'কেটে ফেলেছ নাকি ? কেন ?'

'मित्रक शक-भाने करत्र' मिरबिहि।'

'এই না সেদিন কাপড় কিনে দিলে ?'

'দেখলাম হাফ-প্যাণ্ট্ পরলেই বেশি স্মার্ট দেখায়।'

ভধু স্মার্ট, করেক মাসের মধ্যেই দম্বরমতো সে বাবু হ'য়ে উঠেছে।
স্মানে আট আনার রবারের জুতো ছিলো, মার্থানে চোদ আনার কেন্ড্ন,
এখন একেবারে আড়াই টাকার নিউ-কাট য়াল্বার্ট। ঘাড়ের থেকে
মাধার আধ্খানা পর্যন্ত ভাষগায় চিমটি দিয়েও তার চুল টানা যাবে না।
ধোপার হিসেবের খাড়ায় সে একটা বেশ স্থায়ী ভাষগা করে' নিয়েছে।

কথনো যদি বা ধৃতি পরে, কোঁচাটা আর তার সজ্জিপ্ত, সঙ্কৃচিত থাকে না, ধুলো ঝেড়ে লুটিয়ে চলে। বুক-পকেটের ভিতর থেকে কমাল উকি মারে, যেখানে এসে দাঁড়ায় হাওয়াটা হঠাৎ এসেন্সের গন্ধে ঘুলিয়ে ওঠে। অসীমার শাড়িতে রায়াঘরের ধোঁয়ার আর ভাঁড়ার ঘরের মশলার গন্ধ থাকে লেগে, কিন্তু তার প্রসাধনের মাসিক ফিরিন্তিটার ছাঁট হয় না। সেদিন ভি-পিতে একটা টাইম-পিস ছাড়িয়ে নিতে হ'লো। থোঁজ করে' দেখা গেলো, পুরোনো ঘড়িটা নিচে দেবুর শোবার ঘরে শিয়রের কুলুন্সিটার শোভাবর্দ্ধন করছে। য়ালার্ম দেয়া না থাকলে ছেলের ঘুম ভাঙে না।

একদিন দেবু এসে বললে, 'নিচে_{।'} উ ঘরে আমি ভতে পারবো না, মা!'

অদীমার বৃক্টা ধক করে উঠলো: 'কেন ?'

'কাল রাতে ঘুমের মধ্যে ঠাকুর আমার গা থেকে ক্বলটা টেট নিয়েছে, মা। সারা রাত আমি শীতে হি-হি করে' কেঁপেছি।'

'दबन, खत्र कांथा तह ?' जनीमा ज्यान' छेठाना।

'বলে, ত্যানার কাঁথাতে শীত মানে না, তাই থালি-থালি আমারটা ধরে'
টানাটানি করবে।' অভিমানে কি অপমানে দেবু ঠোঁট ফোলালো:
'তারপর এক তক্তপোসে ওর সঙ্গে শোয়া আমার পোষাবে না, মা। ধালি
লাথি মারে, মশারি থেকে বাইরে ঠেলে-ঠেলে দেয় — মশার কামডে সারা
রাত আমি ঘুমুতে পারি না।'

'এত দ্র !' অধীমা রাগে একেবারে ঠাণ্ডা হ'য়ে গেলো। 'বলে কিনা, তুই তো চাকর, নিচে নেমে শো না, লক্ষীছাড়া, আমার

এইটুকু ভক্তপোদে তুই ভাগ বসাতে এনেছিস কেন ?'

সত্যিই তো, এ-কথাটা তো অসীমার মনে হয়নি এতদিন। আঞ্চ দেখলো, কত বড়ো একটাই না সে অসামঞ্চল্ল করে' বসেছে। ঐথানে ভয়েই কি ওকে মানায়, একপাশে যেখানে কয়লা আর ঘুঁটে টাল করা, মাকড়দার জাল আর পোড়া বিড়ি — দেই একটা নোংরা অস্বাস্থ্যকর আবহাওয়ায় ? রাজ্যের চাকরবাকর যেখানে এদে আডডা দেয়, বিড়ি ফোকে, জুয়ো থেলে, মৃথ-খারাপ করে। সেই আবহাওয়াটা কি ওর চরিত্রের অফুকুল হবে, কোথাকার কে একটা খোট্টাই বাম্নের সাহচর্ষ ? এ যেন সহর থেকে পান কিনে খাবার প্রমাণ দেবার জল্পে নতুন জামায় পিক্ ফেলে গ্রামে ফিরে যাওয়া। নইলে এত তার সাজগোজ করিয়ে, ছ'আনা চোদ্দ আনা চূল ছাঁটিয়ে, ঘড়িতে য়্যালার্ম বাজিয়ে অসীমা আবার তাকে চাকরের ঘরেই ভতে পাঠায় কেন ে এতে কি তার নিজের সম্মানই যোল আনা বজায় থাকছে ? এ যেন রাজা হ'য়েও কুকুরের জুতো-চিবোনো। ছি ছি, এত দিন এই সামান্ত কথাটাই তার মনে হয় নি।

া হাতের মেথানে-যেথানে লালচে-মতন গোটা দেথাচ্ছে সেথানে-সেথানে হাত বুলিয়ে অসীমা বললে, 'দেখেছ। আচ্ছা, আজ থেকে ভোমার আর ও-ঘরে শুতে হবে না। ওপরে শোবে, আমাদের পাশের ঘরে।'

পাশের ঘরটা হুরেশরের বদবার, এক কোণে একটা টেবিল পাতা।
বিশুর খালি পড়ে' আছে মাঝখানটায়, ওপাশে আলনা, বাকেট, বাল্প
রাখবার বেঞ্চি, দেরাজ, বইয়ের আলমারিটার জল্ঞে জায়গা ছেড়ে দিয়েও।
দিব্যি আরেকখানা তক্তপোদ পড়বে, জিনিদের মধ্যে তো টিনের একটা
ওর হুটকেদ, ঘড়িটা, ফুলভোলা একখানা আয়না, আর এটা-ওটা বইবার
জল্ঞে বেতের একটা বাল্প বা যাত্যর। দড়িতে আর ওর জামা-কাপড়
ঝুলিয়ে রাখতে হবে না, ব্যাকেট আছে, আদন-পি'ড়ি হ'য়ে পড়া করতে
হবে না, টেবিল-চেয়ার আছে। বরং আরেক প্রস্ত করে' কাগজ-কলমের,
জারিকেন লঠনের, মশার ধ্পের তার বন্দোবন্ত করতে হবে না।

লাগবার মধ্যে লাগবে শুধু একটা মাপদই তক্তপোদ, নতুন একদেট বিছানা, একটা মশারি। তা লাগুক। সংসারে টাকা বড়ো, না সম্মান বড়ো? দেবু তাই তার পোঁটলা-পুটলি নিয়ে উপরে উঠে এলো।

তাকে যেন কে হঠাৎ ছালার মধ্যে পুরে মুখটা দেলাই করে' দিচ্ছে স্থরেশর মুখের তেমনি একটা ভয়াবহ চেহারা করলে। বললে, 'একেবারে ওপরে টেনে নিয়ে এলে দেখছি।'

'না একা-একা নিচের ঘরে শুয়ে ভয়ে ও মরে' যাক !'

'কেন, ঠাকুর কী করলো ?'

'ও সব সময়ে থাকে নাকি বাড়িতে? রাত-বিরেতে কোথায় আড়া দিতে যায় কিছু ঠিক আছে। অসীমা দৃষ্টিটাকে কুটিল করে' তুললো: 'আর বলিহারি তোমার কাণ্ডজ্ঞানকে। থইনি টেপে আরে, ফিচ-ফিল্ করে' থুথু ফেলে, অমনি একটা থোট্টাই মার্কণ্ডেয়র সঙ্গে ও ঘুরে বেড়াক! এই বৃদ্ধি না হ'লে কি আর সাব্রেজিস্টার হয়েছ?'

'কিন্তু আমি ভাবছি, জাজিম না হ'লে কি শুধু তক্তপোদে শ্রীমান বুম্তে পারবে ?' স্থরেশ্বর কথাটাকে নির্লজ্জের মতো বাঁকা করলো: 'আমি বলি কি, আমাকে ও-ঘরে চালান দিয়ে তোমরা ত্'জনে খাটে এলে শোও।'

ইলিডটা অসীমা গায়ে মাধলো না। বললে, ঈশ্বর না করুক, যদি ওর কোন অম্ব্র্থ-বিস্বর্থ হয়, তবে সেই বন্দোবস্তুই করতে হবে।'

স্থরেশর চুপ করে' গেলো। কেননা অদীমা যে কোন একটা কিছু নিয়ে ব্যাপৃত, তন্ময়, পরিপূর্ণ থাকতে পারছে, সংসারে সেইটেই তার প্রকাণ্ড লাভ। কেননা, এত দেবার পরেও অদীমা যথন মুখোমুখি তাকে জিগগেস করে: 'আমাকে তুমি কী দিয়েছ ?' তথন সন্তিটি স্থরেশর কোনো জবাব

দিতে পারে না। আজ দেখর তার হাতে থেলনা এনে দিয়েছেন, তাকে নেডে-চেডেই যদি তার তপ্তি হয়তো হোক।

দেব্ এবার তাই উপরেও নির্বাধ জায়গা পেয়েছে। সেই আজকাল ক্যালেগুারের তারিথ বদলায়, মাস ফুকলে পাতা ছেঁডে, ঘড়িতে চাবি দেয়, য়্যালামের কাঁটা ঠিক করে' রাথে, ডিস্ক্ ঘোরায় গ্রামাফোনের, তার রুচি দিয়ে অসীমার ফচিকে নিয়ন্তিত করে। সকালবেলায় ত্'এক ঘণ্টার জন্তে যা হরেশর তার বসবার টেবিলে জায়গা পায়, বাকি সময়টা তার উপরে দেব্র তুর্দাস্ত কর্ত্ত্ব। সেই বিশৃষ্খলাটাকে সজ্জের আগে অসীমা কেমন সমাদরে গুছিয়ে রাথে, ঘেন সেক্রকটা উদ্বেল ভাবাবেগকে কোমল একটি ক্বিতাতে সংঘত, হুসম্বদ্ধ করে' আনছে।

কিন্তু সেদিনের কাণ্ড দেখে স্থরেশবের পক্ষেও মাত্রা বজায় রাখা কাঠন ্থ্য উঠলে কিন্তু তথন ঘোরতর বধা, আর মফশবের বধা, যে-বধার কোনোকালে কথনো শেষ হবে বলে' মনে হয় না। তেমনি এক সন্ধ্যাশেষে বাড়ি ফিরে এসে বসবার ঘরে প্রথমে পা দিতেই স্থরেশর ভয়ে আর রাগে কতক্ষণের জন্তে মূঢ় হ'রে রইলো।

দরজা-জানসাগুলো খোলা, রৃষ্টির ছাঁট আসছে। টেবিলে তার টেবিল-ল্যাম্পটা জলছে, তাতে সন্দেহ নেই, কিন্তু উচ্চ শিখার দৌরাত্মের চিমনি ও তার ঘেরাটোপটা হুইই ফেটে চৌচির। শিখাটা লকলকে জিভ মেলে চারপাশে আছতি খুঁজছে। কাগজ-পত্র কি কোথায় ছত্রখান হ'য়ে ছিটিয়ে পড়ছে জার হিসেব নেই। কিন্তু আর ক' মিনিট পরেই একটা অগ্নিকাণ্ডের সমারোহ হ'তো, যদি না এ সময় সে এসে পড়তো আকম্মিক। অথচ এরি মধ্যেই দিব্যি ঠাণ্ডা পেয়ে দেবুচকা টেবিলের উপর হাত রেখে জাতে মাথা ভঁজে আরামে ঘুম যাজ্বেন।

সমস্ত শরীরে তেমনিই বৃঝি আগুন জলে' উঠলো হুরেশরের।

ভান হাতে দেব্র কান আমৃল আকর্ষণ করে' সে বললে, 'আলো কতথানি চড়া হলে, ব্যাটাচ্ছেলে, ভোমার পড়া হয় ?'

চোথ চেয়েই দেবুর চক্ষ্ স্থির।

কিন্তু তার চেয়েও শুম্ভিত হয়েছে সে এই তার অসম্ভব অপমানে। স্থরেশর কী বলছে যেন সে ঠিক কান দিতে পাচ্ছে না।

বাঁ হাতে ল্যাম্পের পলতেটা ডুবিয়ে দিয়ে কানটা তীব্রতর মৃচড়িয়ে দিয়ে স্থরেশ্ব বললে, 'তুমি কি এখন রামায়ণের লঙ্কাকাণ্ডে এসে পৌচেছ, হতচ্ছাড়া ?'

আলো নিবতে এতক্ষণে দেবুর যেন ছ'ন হ'লো। তিজ দেখিয়ে বললে, 'কান ছাড়ো বলছি।'

'কান ছাড়বো, কিন্তু হারামজাদা চাকর, তোর শুরীরে আর জাষগা নেই ?' বলে' স্থরেশর ধা করে' তার গালে এক দীর্ঘ চড় বিসালে :

দেবু থাড়া হয়ে উঠে দাঁড়ালো। চোথ পাকিয়ে বললে, 'মারো যে ভালো হবে না বলচি।'

'কী ভালো হবে না রে পাজি? মৃথ একেবারে ভেঙে দেবো।' সুরেশর হাতের টর্চটা উচিয়ে এলো।

'মারো দেখি তো তোমার কেমন বুকের পাটা।'

সন্ত্যি-সন্তিট্ট স্থরেশর মারলো, চড়ের পরে চড়। বললে, 'বেরিয়ে যা, বেরিয়ে যা আমার বাড়ি চেড়ে।'

অদীমা কোথায় বাইরে গিয়েছিলো, পাগলের মতে। ছুটে এলো নঠন নিয়ে।

'কী হয়েছে ?'

'ব্যাটাচ্ছেলে ল্যাম্প জেলে ভোম-চিমনি সমস্ত ভেঙে দিয়েছে, আরেকট্ হ'লে আগুন লেগে যেতো বাড়িতে। আগুন জালিয়ে তিনি ঘুম বাচ্ছেন।' 'মিথ্যে বলো না বলছি, মুখ খদে' যাবে।' দেব্ রুথে উঠালা। 'ভাথ্না কার মুখ খদে।' বলে' স্থরেশর আবার তার মুখে একটা চড় মারলো।

ুষামীর এমন বিজাতীয় রাগ অসীমা দেখে নি। আর কী আশ্চর্য, এই চেলেটা সামান্ত আর্তনাদও করছে না।

'আমি ভেঙেচি নাকি ? হাওয়ায় ভেঙেছে।'

'এই না হ'লে বিদান চাকর! আমি মারছি নাকি, আমার হাত মারছে। কিন্ত হারামুদ্ধাদা, এই আলো তোমাকে জালতে বলেছিলো কে?' স্বরেশ্বর ম্থ থিঁচিয়ে উঠলো তুর্মানে পাওয়া যায় না এই চিমনি, আমি কত কট্টে পোস্টমাস্টারবাবুকে দিয়ে সদর থেকে আনিয়েছি। দে আমার এই চিমুনি আর ভোটেব দাম।'

ভাষার মাইনে থেকে কেটে নাও গে।

'মাইনে !' স্থ্রেশ্বর ফের মারবার জ্ঞাে উগ্নত হয়েছিলাে, কিন্তু অদীমার সামনে সাহস পেলাে না।

'আজে হাা, তেমনি চুক্তি করে'ই রাখা হয়েছিলো। যা কাটবে কাটো, বাকি টাকা যা আমার এতদিনে পাওনা হয়েছে চুকিয়ে দাও।'

'যা, আদালত করে' নে গে যা। দেবো না। বেইমান, নেমকহারাম কোথাকার।'

'আর মাস-মাস মাইনে দেবে বলে' চাকর রেথে যে মাইনে না দের, ভাকে োকে কী বলে ? বলে ভদলোক, বলে হাকিম, না ?'

দেবু অসীমার দিকে ফিরেও চাইলো না, রুষ্টির মধ্যেই বাড়ি ছেড়ে বেরিয়ে গেলো।

অনেক রাতে ঘূমের মধ্যেই স্থরেশর অস্তত্তব করে' দেখলো পালে অসীমা ভাষে নেই। কোথায় গেল সে হঠাৎ, কথন ? এই তো তথন थ्या-दिन बाता निष्टिय भार्म जरम दम छत्ना, मिवि मगानि दक्त ধারগুলি টান করে' গুঁজে দিয়ে। কথা অবিখ্যি সে একটাও বলেনি, এবং স্বরেশবের থেকে ব্যবধানটা সে কিঞ্চিদধিক বিস্তৃত করে'ই রেখেছিলো। কিন্ত স্থরেশ্বর জানতো আকাশের স্তম্ভিত ভাবটা যেমন ঝড়ের পূর্ব লক্ষণ, তেমনি এই অভিমানটা আসন্ন মিলনোলাসেরই স্ফ**ীপত্র** ! তাই সে রাতটাকে গভীর হ'তে দেবার জত্যে অপেক্ষা করছিলো, কিস্ক অসীমা যে বিছানা ছেড়ে ঘর ছেড়ে চলে' যাবে তা সে ঘূণাকরেও কল্পন করতে পারে নি। কিন্তু কোথায় সে সন্ত্যি গেলো? স্থরেশ্বর পা টিপে-টিপে, যেন কি-একটা আশাতীত দেখিবার আশায়, পাশের ঘরে উকি মারলো। না, দেবুর বিছানাটা থালি, কেউ সেথানে নেই, সমস্ত ঘরে সেই রাশীভূত বিশৃষ্থলা। টের্টা হাতে নিয়ে বারান্দা 🔏 ছাদটা সে ্যুরে এলো, কোথায় অসীমা থেতে পারে! তারপর নামলো নিটে, নি: একি দেখলো রান্নাঘরে নিম্নশিগায় আলো জলছে। টিনের বেড়ার গোলাকার একটা গর্তে সে চোথ রাথলো। দেখলো পিড়িতে বসে' দেবু গোগ্রাসে ভাত গিলছে, আর অসীমা, কালো চওড়া কন্তা-পাড় শাড়ি পরনে, পাশ-ঘেঁদে বদে' একদৃষ্টে তার খাওয়া দেখছে।

স্বেশ্বর শুনলো অসীমা বলছে: 'কাল সকালে উঠেই পা জড়িয়ে ধরে' ওঁর ক্ষমা চাইবি। লজ্জা কিসের ? বলবি, আর অমন করবো না।' দেবু জল থাচ্ছিলো, আধ পথ থেকে ঢোঁক গিলে বললে, 'ও আমি পারবো না, মা।'

'সে কী কথা, তিনি গুরুজন, তাঁর মুখে-মুখে কি কথা কইতে আছে ?'

'কে গুৰুজন ! তুমি যদি সামনে অমনি না দাঁড়াতে, মা, আমি ঠিক ওর মাথা সই করে' পেপার-ওয়েটটা ছুঁড়ে মারতাম।' অসীমা শিউরে উঠলো: 'দূর ডাকাত-ছেলে। সে কথা মনেও' করতে নেই। আচ্ছা, আমি ডোর গুরুজন তো?'

'হাা, নিশ্চয়, একশোবার। তৃমি আমার মা।' 'তেমনি ভিনি ভোর বাবা।'

'ঐ বুড়ো ?'

'কেন, আমিও তো বুড়ি হয়েছি।'

'তৃমি বৃড়ি! কে বলে?' দেবু তার হাতের গ্লাসটা শক্ত করে' চেপে ধরলো: 'বাবা, না হাতি! ও তো তোমার বাবার বয়সী, গোঁফে কলপ দেয়, বাজারের দাঁত পরৈ, বৃষ্টি হ'লেই ফাঁচ-ফাঁচ করে' হাচে।'

্ অগোচরে অসীমার একটা দীর্ঘশাস পড়লো কিনা বোঝা গেলো না। শুধু রললে, 'আহি,্যেমন তোর গুরুজন হই, তেমনি তিনি আবার আমার শুকু হিন্দুহন ি একটা কথা তুই আমার রাখতে পারবি না, দেবু ?'

'তৃমি বললে নিশ্চয়ই পারবো।' চিবোতে-চিবোতে দেরু হাসিম্থে বললে, 'কিন্তু তোমার গুরুজনকে বলে' দিয়ো মা, আমার গুরুজনকে ধেন তিনি না কখনো বৃড়ি বলেন। তবে তার তোবড়ানো গাল আরো তুবড়ে যাবে।'

পায়ে ধরে' ক্ষমা চাইবার কোন প্রয়োজন ছিলো না, যেমন অপ্রতিবাদে রাত্রি প্রভাত হ'য়ে গেলো তেমনি অপ্রতিবাদেই দেবু সংসারে তার সাবেক জায়গা খুঁজে পেলো। বোধকরি বা আগের চেয়েও বেশি। কেননা ক্থনো-ক্থনো অসীমার হাত জোড়া থাকলে চাবি দিয়ে বাক্স খুলে দেবুই আজকাল প্রসা বার করে' দিছে।

পূজোর সময়টার এ-অঞ্চলের যুবক জমিদার তার নবপরিণীতা গৃহিণীকে নিয়ে গ্রামে বেড়াতে এসেছেন। জমিদারের না-হয় সেলাম এ জার সেলামি আছে, ছুই অর্থে শিকার আছে, প্রজা-ঠ্যাঙানো আর নায়েব-শাসানো আছে, কিন্তু গৃহিণী তাঁর ঐশর্ষটা কিসে ও কোথায় উদ্ঘটিত করেন ? একমাত্র সাব-রেজিষ্ট্রারের বাড়িতেই তিনি আসতে পারেন, যার কারথানায় তাঁদের পাট্টা আর কব্লতি হচ্ছে, একরার আর এওয়াজনামা, কবালা আর জায়স্থদি।

তাই তিনি একদিন এলেন, তুপুরবেলা, গয়নায় গম-গম করতে-করতে।
অসীমা তাঁকে কোথায় বসাবে ভেবে পেলো না। প্রথমেই নিয়ে এলো
তাঁকে বসবার ঘরে। বললে, 'আপনি এসেছেন শুনেছি। কিছুদিন
আছেন নাকি এখানে ?'

জমিদার-গৃহিণী নাসিকাগ্রকে কিঞ্চিপ কুঞ্জিত করলেন: 'পাগল! এ তো আর চাকরি করে' উদরায় সংস্থান করতে হচ্ছে না। সপ্তাহখানেক পরেই পালাবো। যেখানে ইলেকট্রিক নেই, ভদ্রলোক, সেখানে টিকতে পারে? আর যেখানে ইলেকট্রিক নেই, সেখানে রইলা ক্রিং রুইলো রইলো করিলা টিকি। রাতে উঠে এককাপ চা থেতে ইচ্ছে করলেই গরম জল করতে ভোর হ'য়ে যাবে। তা আপনার বাড়িখানা মন্দ নয়। ঐ বৃঝি আপনার বড়ো ছেলে?'

ঘরের কোণে টেবিল-চেয়ারে বসে' দেবু পড়ছিলো। হাঁ কিখা না
কিছু না বলে' অসীমা বললে, 'প্রেণাম করো, দেবু।'

দেবু উঠে এদে প্রণাম করলো। জমিদার-গৃহিণী গদগদ হ'য়ে বললেন, 'বাং, ভারি স্থন্দর ছেলেটি ভো! কী নাম ভোমার ?'

'দেবত্রত।' দেবু বললে।

'আর হয় নি কিছু?' জমিদার-গৃহিণী অসীমার দিকে তাকালো। 'না।' অসীমা অচ্চন্দে বললে। জিগগেস করলে: 'আপনার?' 'এখনো সময় হয় নি।' জমিদার-গৃহিণী হাসলেন। 'বিয়ে হয়েছে কদিন?' 'এই পাঁচ বছর।'

স্বিত্তির নিশাস ফেলে অসীমা বললে, 'এখনো তবে সময় যায়নি।'

'সময় যায় নি নয়, সময় হয় নি।' জমিদার-গৃহিণী কি-রকম যেন একটা গৃঢ় ইসারা করলেন: 'আপনি বুঝি মিসেস্ স্থান্ধারের নাম শোনেন নি কথনো? ফোঁপরা হ'লে নারকোলে কি বেশি শাঁস থাকে? দাঁড়ান না, ক'টা দিন একটু হিল্লি-দিল্লি করে' নি।' জমিদার-গৃহিণী দেবুর টেবিলের দিকে এগিয়ে এলেন: 'তুমি কি পড়, দেবব্রত ?'

দেবু প্রায় গবিত বিজয়ীব মাজো বললে, 'এই ফার্সট্-বুক দবে শেষ করেছি।'

জমিদার-গৃহিণী হয়তো কিছুটা থম্কে গেলেন, কিন্তু অসীমা ব্যাপারটা বেশু বিশদ করে' দিলো: 'ছেলেবেলা থেকেই ওর অস্থ, একরকম দিলালাও কৈ বছর আড়াই ধরে'ও থাড়া হ'য়ে দাঁড়াতে পেরেছে। পড়াগুনোয় তাই মোটেই এগুতে পারে নি।'

'কিন্তু কী হবে গুচ্ছের পড়াগুনো করে'? কী স্থন্দর ওর চোথ, দুষ্টুমিতে টলটল করছে। বড়ো হ'লে প্রকাণ্ড একটা লেভি-কিলার হ'বে দেখছি। ব্রলেন, পড়ুয়া ছেলের চাইতে দেশে আজকাল বেশি বয়াটে ছেলের দরকার।' জমিদার-গৃহিণী এগিয়ে গেলেন: 'আর ঐ বুঝি আপনাদের বেড-ক্ম?'

কক্ষাস্তরে চলে এদে বললেন, 'বাং, একটা গ্রামোফোন আছে দেখছি। এনায়েং থার দেতার আছে ? মাণিকমালার নাচ ?' জমিদার-গৃহিণী বাক্ম থুলে রেকর্ডের লেবেল দেখতে লাগলেন।

সেই ফাঁকে একটু বা লুকিয়ে হাত-বাক্স থুলে অসীমা পয়সা বার করতে বস্লো।

জমিদার-গৃহিণী চালাক মেয়ে, তা টের পেলেন। বললেন, 'আপনাকে

সাবধান করে' দি, গ্রামের এই পুচা থাবার কিনে আনবেন না। টাইফয়েড আর মূল-পক্সে গিজগিজ করছে।'

ততোধিক চালাক মেয়ে অদীমা। হাসিমুখে বললে, 'কিন্তু যদি বলি, আপনাকে এক পেয়ালা চা করে' দেবো ততটুকু চিনিও আজ ঘরে নেই, তা হলে আপনি কী বলবেন ?'

বলে' পয়সা নিয়ে পাশের ঘরে সে দেব্র কাছে এসে উপস্থিত হ'লো। গলা থাটো করে' বললে, 'একদৌড়ে বসন্তর দোকান থেকে টাটকা দেখে কিছু থাবার নিয়ে আয় চট করে'।'

দেবু গম্ভীর হ'য়ে বললে, 'আমি এখন ।

অসীমা বললে, 'কতক্ষণ আর লাগবে। জমিদারের বৌ এসেছে, একটু মিষ্টি মুখ করে' না দিলে কি ভালো দেখায় '

ততোধিক গন্তীর হ'য়ে দেবু বললে, 'চাকরকে গির্দ্ধে মালা।'

অসীমা একটা ঢোঁক গিললো। বললে, 'ছপুরবেলা সে থাকে নার্কি বাড়িতে ? কোথায় আড্ডা দিতে বেরিয়ে গেছে।'

'না থাকে তো, চাকরটাকে ছাড়িয়ে দেওয়া উচিত।'

দেবু বইয়ের উপর ঝুঁকে পড়লো: 'পড়ার সময় আমাকে এখন বিরক্ত করোনা।'

অসীমা এগিয়ে এসে দেব্র চুলে-পিঠে হাত বুলুতে-বুলুতে বললে, 'বাড়িতে চাকর না থাকলে বুঝি ঘরের ছেলে স্তুথনো বাজার করে' আনে না । যারা গরিব, যাদের চাকর রাখবার ম্রোদ নেই, তাদের ছেলেরাই তো বাজার করে।'

দেবু অসীমার মৃথের দিকে মৃগ্রের মতো চাইলো, এক মৃহুর্ত। হাত পেতে বললে, 'দাও।'

এবং মুঠোর মধ্যে পয়সা পেয়েই সে বসম্ভর দোকানের দিকে

উর্ধেশাসে ছুট দিলো। জুতো দৃদ্ধের কথা, গেঞ্জিটা পর্যস্ত সে গায়ে দিলোনা।

তারপর এলো গ্রীম্মের ছুটি।

চাপরাসি ভাক দিয়ে গেছে, হঠাৎ স্থরেশ্বর উৎসাহিত হ'য়ে বললে, 'সভ্যের চিঠি এসেছে, ছুটতে আসছে এখানে বেড়াতে।'

অসীমা কি কাজ করছিলো, অক্তমনঙ্কের মতো বললে, 'কেন, এ-বছর মামাবাড়ি গেলো না ?'

কথার স্থরটা স্থরেশ্বরের পছন্দ হ'লো না। বললে, 'বছর তিনেক বাদে বাপকে হয়তো হুচাৎ মনে-পুড়েছে।'

'বাপের ভাগ্য ভালো। কিছু গ্রামে এ-সময়টায় বসস্ত দেখা দিয়েছে, এখন ফি তার আসা উচিত হবে ?'

্রে জান্টে বিকেলে।'

'कामई १'

'হাা, কলেজ তো ছুটি হয়েছে হপ্তাধানেক আগে। ডিক্সন লেনে ওর মাসি এসেছে চিকিৎসা করাতে, সেধানে দিন কয়েক থেকে কাল রওনা হয়েছে।'

অসীমা অকমাৎ গন্তীর হ'য়ে গেল। আর সে-গুরুতা সমস্ত সংসারে একটা যেন কি বিষয় হায়া∡ফললে।

বিকেলবেলা সাজগোজ করে' টেশনে যাবার প্রাক্তালে স্থরেশর বললে. 'টোডাটাকে আমার সকে দাও।'

অসীমা কঠিন কঠে ঝকার দিয়ে উঠ্লো: 'কেন, ইন্টিশানে কুলি নেই ?'

'বা, আমি সেই মন্তে বলছি নাকি? এতটা রাস্তা গৰুর গাড়িতে

একা-একা যাবো, তাই ভাবছিলা। গল্প করবার জন্মে সঙ্গে একটা লোক থাকলে মন্দ হ'ভো না।'

'কেন, গরুর গাড়ি করে' যাবে কেন ? তোমার সাইকেল নেই ?'

'তা, ও না গেলে সাইকেলেই যেতে হবে বৈ কি।' স্থরেশ্বর আমতা-আমতা করে' বললে। অসীমার কুটিল, সন্দিগ্ধ চোথের সামনে বৈশিক্ষণ েসে দাঁড়াতে পারলে না।

দক্ষে হ'তে-না-হ'তেই বাড়ির দোর-গোড়ায় এসে একটা গাড়ি দাড়ালো। কে এলো দেখবার জন্মে দেবু একটা লগন নিয়ে এগিয়ে গেলো। দেখলো স্করেশবের সঙ্গে স্বারেকটি কৈ ভদ্রলোক গাড়ির থেকে নামছে। চমৎকার তার সাজগোজ, গায়ে সিন্ধের পাঞ্জাবি, আলো পড়ে' পায়ের কালো চামড়ার জুতোটা কেমন চকচক করছে, চুলে এমন ছাঁট দেওয়া যে এখানকার পরামাণিকরা নিক পায়্ট্রিক পারবেনা।

দেবু একদৌড়ে অসীমার কাছে গিয়ে দাঁড়ালো।

'কে এসেছে, মা ?'

অসীমা তার কৌতুকোজ্জন চোধ হটির দিকে এক মুহুর্ত তার হ'য়ে তাকালো। বললে, 'তোমার দাদা!'

'দাদা ?' দেবু যেন অন্ধকারে ছমড়ি থেয়ে পার্ডলো: 'সে কি কথা ? তুমি না বলতে আমিই তোমার বড়ো ছের্লে! আমার তবে দাদা এলো কোখেকে ?'

নিস্পৃহ, উদাসীনের মতো অসীমা বললে, 'তোমার আরেক মা ছিলো, তিনি নেই, মারা গেছেন, তোমার দাদা সত্যব্রত তাঁরই ছেলে।'

দেবু যেন খানিকটা আরাম পেলো। বললে, 'তবে তোমার ছেলেনঃ।'

ততক্ষণ অসীমা দেবুকে নিয়ে দোর্জ্ব:গাড়ায় এসে দাঁড়িয়েছে। গাড়িথেকে নেমে সত্যত্তত তথন জিনিস-পত্র নামাবার জন্মে চারপাশে একটা সাহায্য খুঁজছে। স্থরেশ্বরকে বললে, 'বাড়িতে চাকর নেই ?'

স্বরেশর দেবুকে চুপ করে' একপাশে দাঁড়িয়ে থাকতে দেখে রুথে উঠলো: 'কি অমন হাঁ করে' দাঁড়িয়ে আছিন? মালগুলো নামা! মাইনে নেবার বেলায় তো দেখি খুব ওন্তাদ, এখন কাজ করবার বেলায়ই আর হাত ওঠে না, না? ওপরে নিয়ে যা সব বাক্স-পত্তর।'

এমন একটি স্থবেশ, স্থদর্শন ছেলে বাড়ির চাকর হ'তে পারে কথাটা সভ্যব্রত চটু করে' বিশাস'করতে পারলো না।

দেবু হয়তো এগিয়ে যাচ্ছিলো, কেননা তার বিখাস হয়েছে বাড়ির কাজে ঘরের ছেলেদেরো কখনো-কখনো হাত লাগাতে হয়, তাতে অপমান বেই কিছে আইবা তার হাত চেপে ধরে' বাধা দিয়ে ঠাকুরকে বললে, 'জিনিসগুলি নামাও বাটপট, গাড়োয়ানটাও বা দাড়িয়ে আছে কী করতে ?'

সভাবত এসে অসীমাকে প্রণাম করলো।

ष्मीमा तन्तुत्क वनतन, 'नानात्क ल्याम करता, तन्तु।'

খানিকটা কুন্তিত, খানিকটা কোতৃহলী হ'মে দেবু প্রণাম করলো সভ্যব্রতকে। তার প্রণাম ভ্ প্রণামের ধরন দেখে সভ্যব্রতও কম কুন্তিত, কম কোতৃহলী হ'লে: না।

ততোক্ষণে সত্যব্রত হাত-মুখ ধুয়ে জামা-কাপড় বদ্লে স্থরেশরের শোবার ঘরে গাটের উপরে বসে' বাপের সঙ্গে গল্প করছে, কোলকাতার কথা, তার কলেজের কথা, বি-এ শেষ করে' কোন লাইনে যাবে তারি জল্পনা। রাজধানী ছেড়ে তারপর তারা এই গ্রামে এলো, এই সংসারে, একেবারে এই শোবার ঘরটিতে। বড়ো-বড়ো সমস্থা থেকে একেবারে সুটনাটি বিষয়, গুধের দাম, ছিমের হালি, ঠাকুর-চাকরের মাইনে। কিন্তু সম্প্রতি সিগরেত খাগার জন্মে তার আল-জিভ পর্যন্ত শুকিয়ে উঠেছে। তাই সমন্ত শরীরে শিথিল একটা ভঙ্গি এনে সে বললে, 'কী বিচ্ছিরি ট্রেন আর কী ম্যুইসেন্স গরুর গাড়ি, একেবারে ক্লান্ত, তুর্বল করে' ফেলেছে!'

'হাা, পাশের ঘরে বিছানায় গিয়ে একটু শো না', স্থরেশ্বর বললে, 'রানার হয়তো দেরি আছে।' বলে' সে-ই তার বিছানায় একটু প্রসারিত হ'লো।

নীচে অসীমা তথন রান্নার তদারকে ব্যন্ত, হঠাৎ একটা কান্না আর কোলাহল তার কানে যেন আগুন, কেলে দিলোঁ। কান্নাটা দেবুর আর কোলাহলটা সত্যব্রতের।

আঁচলে ভিজে হাত মূহতে-মূহতে অদীমা ক্ষিপ্স পায়ে ছুটে এলো উপরে। এমন একটা দৃশ্য দেখবে বলে'ই নৈ নেল অন্তলে-অন্তরে শিহরিত হচ্ছিলো এতক্ষণ।

দেখলো, দেবু তক্তপোষের উপর পাতা বিছানাটা কামড়ে পড়ে' আছে, আর সতারত তাকে টেনে তোলবার জন্মে আস্থরিক আন্ফালন করছে। যেমনি একবার ঠেলে ফেলে দিচ্ছে বাইরে, অমনি আবার দেবু বিছানায় গিয়ে মাটি নিচ্ছে। চড়-চাপড় ঘুসি-লাথি কিছুরই কমতি নেই, সরাসরি জোরে না পারলেও ক্রোধে দেবু ক্রান্ট করে' ছি'ড়ে ফেলছে সে বিছানাক্র টাদর, তুলো বার করে' ফেলছে বালিসের।

একেবারে শুল্জ-নিশুল্ডের যুদ্ধ। অসীমা দেখলো, দূরে দাঁড়িয়ে এ. যুদ্ধের প্রেরণা দিচ্ছে হুরেশর।

ষ্দ্রীমাকে দেখেই যুদ্ধটা বাক্যে রূপান্তরিত হ'লো। সভ্যব্রত বললে, 'দেখলে মা, আমার বিহানাটার কী তুর্দশা করলে।' 'তোমার বিছানা!' দেবু ছঃখে, রার্ট্র, অসহায় অপমানে তীত্র কণ্ঠে বললে, 'আজ তিন বচ্ছরেরো উপর সমানে আমি ভচ্ছি, আজ একদিনে সেটা তোমার বিছানা হ'য়ে গেলো?'

'আলবং আমার বিছানা।' সত্যত্রত হুশ্বার দিয়ে উঠলো: 'এই বাড়ি ঘর জিনিস-পত্র সমস্ত আমার। তুই কে ?'

'তুমি কে ?' দেবু পাল্টা নিক্ষেপ করলে।

'আমি এ বাড়ির ছেলে। আমার এই বাবা-মা, আমার এই ঘর-বাড়ি, সমস্ত আমার।'

'তুমি তো আরেক মাঁয়ের ছেলে; যে মরে' কবে ভূত হ'য়ে গেছে। এই মা তো আফার। আমার একলার।' দেবু অসীমার দিকে করুণ করে' তাকালো: 'তাই না, মা ?'

এভোটা অসীনার সহু হ'লো না, সত্যত্রতের সামনে, স্থরেশরের সামনে, স্থরেশর ও সত্যত্রতের সামনে।

ভাড়াতাড়ি এগিয়ে এসে দেবুর কানটা সে সজোরে মৃচড়িয়ে দিয়ে বললে, 'ওঠ্ ওঠ্ এই বিছানা থেকে। চাকর, তুই আমার ছেলে হ'তে বাবি কোন লজায় রে, মৃথপোড়া? এই তো আমার ছেলে।' সতাব্রতের দিকে সে আঙুল দেখালো, 'সত্যিকারের ছেলে। তোকে আমি পেটে ধরেছি, হতভাগাঁ কি বা, নিচে ভ গে যা ঠাকুরের ঘরে। যতোই নাই দেওয়া যায় ততোই কুকুজি-মাধায় এসে ওঠে, না? যা এখান থেকে।' বলে' অসীমা তাকে দরজার দিকে ঠেলে দিলো।

পরে নতুন চাদর বার করে বালিস বদলে স্বহন্তে পরিপাটি করে' বিছানা করলো। সত্যত্রতকে স্নিগ্ধস্বরে বললে, 'শোও, বিশ্রাম করো। রানার স্মার বেশি দেরি নেই।'

निक्र शक्र पुरत जिस्स सथरमा, सन् दनहै। क्राजमा, म्र

পুক্রের ঘাটলা, কোথাও তার সদ্ধান পাওয়া গেল না। অনেক রাজ পর্যন্ত তার ভাতের থালা নিয়ে অসীমা বসে' রইলো, ভাবলো থিদে পেলেই সে সেদিনের মতো ফিরে আসবে। কিন্তু এলো না। ভাবলো, এ ক' বছরের মাইনের—ছ' শো টাকারো উপর—একটি আধলাও সে নেয়নি; ভাবলো, নিশ্চয়ই কাল সকালে সে আসবে, অন্তত টাকা ক'টা চেয়ে নিতে, মাইনে সম্বন্ধে চেতনা যার ভয়কর জাগ্রত। কিন্তু পরদিনের সকাল গত রাত্রির সন্ধ্যার মতোই অন্ধকার।

সময়

এথানে সবহ আছে, হাসপাতাল আছে, আদালত আছে, ইনম্পেকশান বাঙলো আছে, আঞ্মান ইসলামিয়া আছে, কেবল সদরে যাবার ট্রেনেরই স্থবিধে নেই। একথানা ট্রেন ছাড়ে রাত চারটে বাইশ মিনিটে, আরেকথানা তুপুর আড়াইটেয়—সদরে পৌছুতে প্রায় চার ঘণ্টার ধারা। ঘোরতর সম্বল।

বরেন সদক্রী। বড়ো-সাহেবকে ডি-ও লিথে দিলো, আসচে রবিবার ভোমাকে সম্রদ্ধ অভিবাদন জানাতে চাই।

বরেনের যে চাকরি তাতে উর্দ্ধতিম রাজপুরুষকে তোয়াজ না করলেই নাকি নয়। দেবতার মনে দেবতা রইলো, তুমি তোমার কাজ করে' গেলে, এমনটি ছবহু হ'তে পারবে না। দেবতা যথন রইলোই তথন তাকে স্বীকার না করা মানেই নিজের অন্তিম্বকে সন্দেহ করা। অতএব বরেন আর দেরি করলো না, চিঠি লিথে দিলো।

লিখলো; ুশ্কাল ন'টায় সাক্ষাৎকারের সময় ঠিক করলে ভালো হয়।

ওটুকুই তার বেয়াদাখ বলতে হবে। ফেরৎ ডাকে সাহেব লিখলেন, বিকেশ চার রের সময় আমার বাঙলোয় তোমাকে দেখতে পেলে ভারি খুদি হবো।

বরেন তার স্থী উমাকে বললে, 'তুমি নিশ্চয়ই খুসি হও নি। আমাকে ,ভা হ'লে সেই ভোররাত্তের টেনে বেরিয়ে রাভির সাড়ে ন'টায় বাড়ি ক্রিয়তে হবে।' 'কি আর করা!' উমা বিরসমূপে বললে, 'ওখান থেকে ডাউন ট্রেন ছাড়ে কথন ?'

'পাঁচটা ক' মিনিটে। সাহেবের বাঙলো থেকে স্টেশন বেশি দ্র নয়। আর্লি ও-টেনেই ফিরবো।'

'এর পর ?'

'ও সর্বনাশ !' বরেন যেন চোথে আকাশব্যাপী অন্ধকার দেখলো : 'পরের ট্রেন ছাড়তেই প্রায় সাড়ে ন'টা। সেটা শুনেছি এথানকার ফ্রায়ার, তা-ও বাড়ি পৌছুতে বারোটার কম হবে না।'

'রাত্তির বারোটায় ?' উমার স্বর্গ ভয়ে শুকিয়ে লেছনা।

'হাা গো, নিশুতি মধারাত্রে। তা তোমার ভাবনা কৈই, আমি সাড়ে ন'টার গাড়িতেই চলে' আস্বো।'

কথাটা বলে' ফেলেই বরেন ভেবে দেখলো একেবারে নির্ভাবনা হবারো কিছু নেই। এতটা সময়, প্রেণিয় হবার আগে থেকে রুফপক্ষের পঞ্চমীর চাঁদ ওঠা পগন্ত এই প্রায় আঠারো ঘণ্টা উমা একটানা কাটাবে কি ক'রে? কোলকাতা ছেড়ে তারা কতদ্র এই এসে পড়েছে, জীবিকার অবেষণে, তাদের বহুবিস্থৃত অভিযানেও পাণ্ডুপুত্রেরা যেখানে, কোনোদিন আসে নি। কোলকাতা তাদের কাছে এখন একটা ধস্ন ক্রপ্রের মতো মনে হয়। আবার কবে না-জানি সেথানে যাওয়া বাবে! এখানে সময় কাটানোই একটা সমস্তা, যেমন ধরো, তোমার্র পয়সা আছে অথচ ধরচ করবার কিছু নেই। তার মতো শান্তি আর মাহ্র্যের কী হ'তে পারে! ত্রু বরেনের না-হয় আপিসের কান্ত আছে, পাচটা পর্যন্ত সম্প্রায় তার একটা রাব আছে, রাতে থবরের কাগন্ত আছে, কিন্তু উমা এতক্ষণ করে কী ? সে ভারি একলা। স্বাই বলে আর তাদের নাক্ষিছেলেপিলে হ্বার সময় নেই। তার নিঃসন্তা লাঘ্ব করবারু অতে বরেন

আয়োজনের ফ্রাট করে নি, কিন্তু জিনিবৈর ভিড়ে কথনো ঘর ভরে না। তাকে সেলাইয়ের কল কিনে দিয়েছে কিন্তু কী সে স্বাধীন মনে সেলাই করবে বলো, দরকারি সব জামাই যথন দর্জির তৈরি! আছে একটা গ্রামোফোন, কিন্তু কাকে সে শোনায! বরেন আবার একটা টাইপরাইটার কিনে দেবে বলছে, কিন্তু কেন সে অকারণে আঙুল বেঁকিয়ে টাইপ করতে যাবে ?

বরেনকে সবাই তাই স্থৈণ বনতো, স্ত্রীকে ছাড়া এক মুহুর্তও সে বাইরে,থাকতে পারতো না বলে'। আপিসের এক ফাঁকে বোঁ করে' সাইক্লে একবার তাস্ফ দেখে যেতৈ। বিকেলে বেড়াতে বেরুতো সঙ্গে क्तत्र', राष्ट्री विशास अक्षी त्त्रामाक्षकत्र घर्षेना, जात क्रांत्व (शत जावेष्टे। বাজতে-না-রাজতে রাবার সম্পূর্ণ না করে'ই হাতের তাস ফেলে বাড়ি ফিরে আসতো। এসে দেখতো হয়তো উমা জানলায় দাঁড়িয়ে রাস্তা দেখছে, রাত্রি আটটাতেই যেখানে মধ্যরাত্রি, কিম্বা হয়তো উদ্ভাস্তের মতো এ-ঘর থেকে ও-ঘরে ঘুরে বেড়াচ্ছে, মেঝের সঙ্গে তার শিথিল স্তাত্তেলের সেই ঘসার শব্দটা ঠিক একটা আর্তনাদের মতো। বাডিডে ফিরলেই তারা যে কথোপকথনে নিবিড় হ'য়ে উঠতো তা নয়, বরেন হয়তো ধর্বুরু কাগজ নিয়ে বদেছে, আর উমা হয়তো স্বামীর খিদে পাবার অপেক্ষায় বিধানায় প্যাড়ছে এলিয়ে—তবু এই যে তারা পরস্পরের কাছে আছে, কেউ কেটিনা কথা বনছে না, এতেই তো তাদের সময় যাচ্ছে কেটে ৷ তার কোনো অভাব আছে ও-কথা ভাবতেই উমার কেমন চেলেমানদি ননে হয়, তার কেবল অভাব আছে সময়ের, যে-সময় দিয়ে সমন্ত সময় সে ঢেকে রাখতে পারে।

বরেন বললে, 'এতোটা সময় তুমি কাটাবে কি করে' ?' উমা হাসলো। কললে, 'ঘরে থিল দিয়ে দম বন্ধ করে' পড়ে' থাকবো।' বরেন চুপ করে' রইলো। পরে কথায় সমাপ্তি এনে বললে, 'না। যাবোনা, উমা।'

'এ কী বলছ! সাহেবের পাকা চিঠি এসে গেছে, তুমি না যাও তোমার স্কন্ধ যাবে।' উমা ততক্ষণে কথার স্থর বেশ তরল করে' এনেছে: 'আমার জত্যে তাবছ কী! আমি কি কচি খুকি? তিন পোয়া বেলা একলা কাটিয়ে দিতে পারবো না?'

'কি করে' ?'

'এই ধরো, শেষরাত্তে তৃমি বেরিয়ে গেলে, তোমার গাড়ির শব্দ মিলিয়ে গেলে দরজা দিয়ে ফের বিছানান্ধ এনে ওল্ম প্রকাণ্ড বিছানায় আমি একা, এর মধ্যে বিরহের একটা চমৎকার আরাম আছে। আধো বুমে স্বপ্ন দেখলুম, আমি যাকে ভালবাসতৃম সে আমাকে ফেলে চলে' গেছে, দিনের আলোয় ভাবতে পর্যন্ত তাতে মাদকতা আছে, আর সে তো, তখনো তো বাত!'

স্তনতে বরেনের ভারি ভালো লাগলো। বললে, 'তারপর ?'

- 'রোদ উঠতেই ধড়মড় করে' উঠে বসল্ম, মৃথ ধূল্ম, না না, মৃথ তো আগেই ধূয়েছি, তোমাকে যথন রওনা করিয়ে দি, বসে'-বসে' জাুরেক পেয়ালা চা থেল্ম একলা। একা-একা চা থেতে না-জানি কেমন গাঁগবে।' উমা একট্ করুণ করে' তাকালো: 'তার পর ভাঁজায় বারি করে' দিল্ম, কুটনো কুটল্ম, বাজারে পাঠাল্ম, সমস্ত স্ফ্রোলটা ঠাকুরকে রায়া দেখিয়ে দিল্ম—ও হিরি, রায়া দেখিয়ে দেবো কী', উমা খিল খিল করে' হেসে উঠলো: 'তুমি তো সেদিন খাবে না, তুমি তো সেদিন মফললে।'

'यक्चला!'

'ঐ হ'লো, সদরে। হেডকোয়ার্টার ছেড়ে বাইরে গেলেই মফস্বল গাওয়া হ'লো না ?' 'হ'লো। তার পর ?'

'রায়াঘরের ছায়াও মাড়াল্ম না, যা খুসি ঠাকুর রাঁধলো। আমি বসে'-বসে' গ্রামোফোন বাজাল্ম।'

'मकानर्यना ?'

'কেন, তোমার ভালো লাগবে না বুঝি ? ও হরি, তুমি তো সেদিন বাড়িতেই নেই, তবে শুনলে কি করে' শুনি ? আচ্ছা, ছেড়ে দিল্ম, নিয়ে বসল্ম একটা সেলাই। দাড়াও, কোন্টা ?' উমা হতাশার ভিন্দিকরে' বললে, 'কতোগুলি যে আরম্ভ করেছি, একটাও আমার শেষ হ'লো না। আবারু সারেকটা ব্যাবস্ত করল্ম।'

'তা-ও বু, কতোক্ষণ ?'

'নৈলাই কোলে নিয়ে নিচু হ'য়ে বদে' থাকতে-থাকতে পিঠটা ধরে' গোলো, না? তবে তুমিই বলে' দাও না, আর কী করলুম তার পর? ও হাা, ঘর-দোর ওলোট-পালোট করলুম, আবার গুছোলুম নতুন করে', নতুন সব য়াঙ্গল্-এ। অনেক ধুলো ঘাটলুম, অনেক ঝুল মাথলুম। জানালার পরদা, বাজের ঢাকনি, বালিসের অড়—সকলের নবজন্ম হ'লো। থাটিটা ঘুরে দাঁড়ালো, টেবিল ছ'টো তাদের কোণ বদলালো, নতুন দেয়ালে আয়নাবে, মুখ দেখলুম। তুমি বাড়ি এসে একেবারে অবাক হ'য়ে গেলে—এ তুমি-কোথায় এসেছ, কোন অপরিচিতার কুটিরে!'

'বলো কী, এই ক্ষেরিসদিন তুমি সব গোছগাছ করলে।'

'তাই নাকি ?' বেতের পিঠতোলা লম্বা বেঞ্চিটতে উমা আধধানা হ'য়ে কুঁকঃড় শুয়ে পড়লো হাতলের উপর মাথা রেখে: 'তোমার সঙ্গে কথা বলে' পারবো না।'

'মান করতে গেলে কথন ?' বরেন তাকে ধরিমে দিলো। 'তক্ষনি। ও হাা, সেদিন কী মানটাই যে করলুম', চুলের চূড়া গড়াতে-গড়াতে উমা উঠে বদলো: 'টিনের বেড়া-দেওয়া বাথকমটা আমাদের উপ্তাল সম্দ্র হ'য়ে উঠলোঁ। আমাদের না, আমার। তিনটে ডাম জলে ভরতি করে' নিলুম, আর এক, ছই,—আটটা বালতি। উ: কত জল, সব আমার, একলা আমার। অনেক, অনেকক্ষণ ধরে' স্নান করলুম, অনেক জলে, অনেক সাবানে। তারপর, যথন বেরিয়ে এলুম বাথকম থেকে, কী করুণ ঠাণ্ডা হ'য়ে গেছি, বরফ-পড়া জানলার কাঁচের মতো। কিন্তু কাউকে ছুঁতে দিলুম না আমাকে, আমি এমন ছঃম্পৃশ শীতল!'

'কথাটা কী বললে ?' বরেনের কথায় বা একটু ঠাট্টা।

'বললুম, সামনের টিউব-ওয়েলটা খারাপ হল গৈছে, জলের বদলে বালি উঠছে অনবরত, বাঁকে করে' ভারি জল এনে দিলো ইস্কুলের টিউব-ওয়েল থেকে—একেক বাঁক একেক পয়সা। সেদিন আমার স্নানই হ'লোনা।' উমা আবার শুয়ে পড়লো।

'তুমি জানো না, সকালবেলাই মিউনিসিণ্যালিটি সারিয়ে দিয়ে গেছে টিউব-ওয়েল—জল, জল, অফুরস্ত জল। তার পর', বরেন মৃত্-মৃত্ হাসলো: 'তার পর কী করলে, থেয়ে-দেয়ে ?'

'জাজিমের উপর শীতল-পাটি বিছিয়ে রেখেছিলুম, জানলা-দর্কু বর্ম করে' ঘরটাকে একটু বিষণ্ণ করে' ওয়ে পড়লুম, বালিসে ভিজে চুল ছড়িয়ে। হাতের কাছে পুরোনো কতকগুলো মাসিক-পত্রিকা ছিলো, তাতে মন বসলো না। তার পর উপুড় হ'য়ে ওয়ে ওয়ে তোমাকে একটা চিটি লিখলুম।'

'চিঠি! আমি তো সেদিনই ফিরে আসবো।'

'তবু তোমাকে একটা চিঠি লিখতে ভারি ইচ্ছে করছিলো। বিয়ে করে' অবধি আমাদের আর ছাড়াছাড়ি নেই!' উমা করুণ করে' তাকালো: 'এ পর্যস্ত একথানা মনের মতো চিঠি লিখতে পারলুম না। চিঠিতে কত কথা শিখলুম, যা তোমাকে মুথে বলতে পারি নি, কত স্থলর করে' নিজেকে দেখাতুম, যা তোমাকে শত সেজেগুজেও দেখাতে পারি নি।'

'কি করে'ই বা ছাডাছাড়ি হ'বে, কোথায়ই বা তোমাকে রেথে আসবোঁ?' বরেন সমবেদনার হ্বরে বললে, 'বাপের বাড়িতে তোমার কেউ নেই, আর আমি তো চিরকালের বাউণ্ডলে। এই প্রথম আমরা আকাশ ঢেকে তাঁবু ফেললুম! তোমার-আমার আরেকটা কোথাও আগ্রেই যদি থাকতো তবে তোমাকে এমন একলা থাকতে হ'তো নাকি? কত লোক কৈ কিছা তার কিছা লাভড়ি, বোন কিছা ননদ, বাদি কিছা জা, ভাইবি কিছা ভাহ্বরবি—কত! কতই তোমাহুষের থাকে।'

'না, সঙ্গীর আমার অভাব কী। মৃতিমান তুমি আছ, ঠাকুর আছে, একটা ঝি রেখেছ, তোমার আবার একটা চাপরাসি না পাপরাশি আছে, তোমার পাঙ্খাপুলারটাকেও পাওয়া যায় দরকার হ'লে, লোকের অভাব কোথায়!

্র্ছা, তারপর চিঠি লিখতে-লিখতে ঘুমিয়ে পড়লে, না ?' বরেন কথার বাঁই ঘোরালো।

'পড়লুই।' সঙ্কীর্ণ বেঞ্চিটাতে আরেকটু প্রশস্ত হ'বার চেটা করে উমা বললে, 'কেউ আমাকে ব্যস্ত করলো না, বিরক্ত করলো না একেবারে সদ্ধে ঘেঁসে জাগলুম।'

'তারপর ?'

'সেই চা-খাওয়া, বিছানা-পাতা, গা-ধোয়া, সন্ধে-দেওয়া। চাকরবে বলে' দিলুম পেটোম্যাক্স জালাতে। ত্'-ত্'শোটা মোমবাতি একসঙ্গে জলে' উঠলো।' 'পেট্রোম্যাক্স কেন ?'

'দিথিজয় করে' যে আমার জীবিতৈথর আসছেন।'

'তারপর যদি না আসি, উমা ?'

্ 'আসবে না কী! পরদিন সোমবার, আপিস, কাঁটায়-কাঁটায় দশটা, হামাগুড়ি দিয়ে এলেও আসবে। বরং বাড়ি এসে আমাকেই তুমি আর দেখতে পাবে না।'

শনিবার, বিকেলে আপিস থেকে এসে বরেন জিগগেস করলে: 'ঘড়িতে য্যালার্ম দিয়ে রেখেচ ? ক'টায় ?'

'সাড়ে-ভিনটেয়।' উমা ঈষৎ 4চিন্তিত সংগ্রহ বুললে, 'সেখানে থাকবার কী ব্যবস্থা করলে ?'

'ওয়েটিঙ-রুমেই থাকবো। অচেনা জায়গা, আমাদের আত্মীয় বলতে কে-কে তো জানোই, বন্ধুছও পৃথিবীর এতদূর পর্যন্ত বিভূত হয় নি।'

'থাবে কোথায় ?'

'স্টেশনেই রেস্টুর্যাণ্ট জাতীয় কি-একটা আছে ওনেছি।'

'পান ?'

'তুমিই আমার হ'য়ে তু'ঘটি জল বেশি ঢেলো।'

'কেন, পয়দা দিলেই ওয়েটিঙ-রুমে তুমি জল পাবে।'

'তার অনেক হাঙ্গাম, যদিও-ব। পাই। প্রথমতো, তার জ্ঞানেক প্রস্তু কাপড়-জামা নিতে হয়, এবং কাজে-কাজেই গোটা একটা স্থটকেন। সেটাকে রক্ষণাবেক্ষণের জ্ঞাে অনর্থক একটা স্নায়বিক অস্বতি।'

'তবে তুমি কি বাড়ি থেকেই পোষাক পরে' যাবে নাকি ?' 'অগতা।' 'চারটের সময় সে-পোষাকের থাকবে কী জিজ্ঞেস করি?' উমা কাতর একট হাসলো।

'আমি যদি থাকি তা হ'লেই যথেষ্ট।'

রাত্তে খাওয়া-দাওয়া সেরে ত্'জনে শুলো, একটু সকাল-সকাল। গাড়োয়ানকে বলে' দেয়া হয়েছে, সে ঠিক তিনটের সময় এসে হাজির থাকবে। পোষাক-পত্র সব উমা বা'র করে' রেখেছে, টাই-পিনটি পর্যন্ত। জুতো আয়নার মতো ঝক্ঝক্-করা। সব তৈরি, নিখুত।

ত্'জনেরই আজ ভারি নিরানন্দ যুম, খালি কেটে-কেটে যাচছে। ঘড়িটা শিয়রের কাড়েন্টিপ্টিক্ করছে, কান ব্যাপৃত রয়েছে তার শব্দের অফ্সরণে। কুর্থন, কোন্ অসতর্ক মৃহুর্তে না-জানি বরেন ঘুমিয়ে পড়েছিলো, ধড়মড়িয়ে উঠে নিঃসাড় উমাকে সে হুটো ঠেলা দিলো, উদ্বিয় পলায় বললে, 'য়ালাম ভনেছ, উমা ?'

'য়া।' উমা অসহায় একটা আর্তনাদ করলে।

বালিসের নিচে বরেন ছোট একটা টর্চ রাখে। ছরিত ভঙ্গিতে সেটা সে টিপলে, মশারি তুলে ঘড়ির দিকে তাকালো। মোটে তথন বারোটা।

হাক, ছ'টোর বেশি বরেন আর শুয়ে থাকতে পারলোনা।

অন্ধকারে ত্ব'র ডেক-চেয়ারটায় এসে বসলো। এমন অসময়ে তার রাত

জাগবার কথনো কোনো অবকাশ ঘটে নি। আজ মনে হ'লো এমন শাস্তি
ব্ঝি কোথাও নেই, ব্যথার মাঝে যে শাস্তি। মনে হ'লো উমাকে ছেড়ে
সে বেন আজ কন্ডদ্র চলে' যাচ্ছে, স্থান দিয়ে বা সময় দিয়ে সে-দ্রম্থ বোঝা

যাবে না, শুরু সে একটা মধুর মনোভঙ্গি। হাত দিয়ে নিচেকার সে
একপাট জানালা খুলে দিলে, মৃত্-মৃত্ হাওয়া এলো তার মুখের উপর,
যেন কা'র ক্ষক চুর্ণকুস্তলের স্পর্শের মতো। দিগস্ত-রেথায় একটা তারা

অস্ত যাচ্ছে। দিনের আলো থেকে অভ্নারে আকাশকে কত প্রকাও

মনে হয়, জীবনকে মনে হয় কত অকিঞ্চিৎকর। যথন তোমার মনে বিরহের একটি ভাব আদে, উদার ওদাস্তের ভাব। উমার থেকে বরেনের আজ এই প্রথম বিরহ।

গাড়োয়ানকে এদেও জাগাতে হ'লো না, তিনটে না বাজতেই বরেন হারিকেন জালালো। জানালার গায়ে ওটাকে ঝুলিয়ে রেথে আয়নায় দাঁড়িয়ে সে দাড়ি কামালো—যদিও সকালে সে একবার কামিয়েছে। ট্থ-বাস মূথে পুরে সে বললে, 'গাড়ি এসেছে এতক্ষণ।'

উমা উঠে স্টোভ ধরালো। ময়দা মাথা ছিলো, লুচি ভেজে দিতে তার দেরি হ'লো না। আরেকটু মোহনুজেই ক নুমুণ্

'তোমার আজ কিছু থাওয়া হ'বে না সমস্ত দিন।' উমা বললে। 'কাল বলো। ভারতীয় মতে এখনো ভোর হয় নি।'

টাই বাঁধা এক হাঙ্গাম। আড়াই-পাঁ্যাচের কান্নদাটা বরেন মনে করতে পারলো না।

'কি হ'বে ? তুমি জানো, তোমার মনে আছে ?' বরেন চোধে অন্ধকার দেখলো।

উমা তার কী জানে থানিক অপরাধীর মতো, থানিকু-বুটু কৌতুকান্বিতের মতো চেম্বে রইলো।

'পেরেছি। কিন্তু এই যাঃ, এটার তলা দিয়ে কলারের এ ছ'টো ভূড় যে আগে আঁটতে হ'বে। সর্বনাশ হ'লো! এ-ফাসটা মরতে যে কেন গলায় বাঁধে তা কে বলবে!'

উমা এক হাতে হারিকেন উচিয়ে রইলো, অক্স হাতে টাইয়ের বিলম্বমান প্রান্তটা তুলে ধ'রে স্বামীকে কলারের বোতাম আঁটতে সাহায্য করলে। অসম্ভব মুথবিকৃতি করে' বরেন রচ্জুব্দ্ধ হ'লো। ওয়েটিঙ্-ক্লমে এ-কসরংটা করতে হ'লেই হয়েছিলো আর-কি। নিউাজ পোষাকে বরেন নিজেকে হঠাৎ খ্রুব গরীয়ান মনে করলো। বললে, কেমন দেখাছে বলো তো ।'

ঠোঁট উলটিয়ে উমা বললে, 'ছাই।'

'भइन राष्ट्र ना ? ভালোবাসতে ইচ্ছে राष्ट्र ना आभारक ?'

'কি করে' হ'বে ?' উমা থিলথিল করে' হেসে উঠ্লো: 'ভালো-বাসতে গেলেই তো ভোমার ক্রিছ্নই হ'য়ে যাবে ?'

এটায়-ওটায় আরো থানিকক্ষণ কাটলো।

वरत्रन वलल, 'ठाका माख।'

'কতা দেবো ?'

একটু বেশি ক'রেই দাও। এই পোষাকে তো 'আর একশো এগারে নিম্বরে যেতে পারবো না। তা ছাড়া ওয়েটিঙ-রুমে থাকতে হ'বে।'

ইয়া, সবই সে নিয়েছে। টাকা, রুমাল, ঘড়ি, ফাউন্টেনপেন সিগারেটের টিন, দিয়াশলাই, তার যা দরকার। ইয়া, সাহেবের চিঠি-থানাও নেওয়া দরকার, তার অন্তিজ্বের যাথার্থ্য সম্বন্ধে যদি-বা কথনো প্রশ্ন আশ্চর্য, যথনই কোথাও যায় বরেনের কেবলই মনে হয়, কী যেন সে ফেলে এসেছে। ওটা তার একটা ত্র্বলতা। না, কিছুই সে ফেলেনি। তথু উমাকে ছাড়া।

ষড়ির দিকে তাকিয়ে উমা বললে, 'আরো খানিকক্ষণ তুমি বসতে পারো।'

'কিঙ জানো তো মফল্বলের ট্রেন, ওদের মতি-গতির ঠিক নেই।'

ষধনই যাবে, বরেন স্টেশনে যাবে অস্তত একঘণ্টার ব্যবধান রেখে—এটা উমার জানা। কিন্ত আজ একটু পরে গেলে ঘেন ভালো লাগতোঁ। বরেন বললে, 'ঝিকে আজ বাড়ি যেতে দিয়ো না' কাছে-কাছে রেখো। আর চাকর-ঠাকুর তো প্লাহারাতেই থাকবে।'

মৃহ হেদে উমা বললে, 'আমার জন্মে তোমার ভাবতে হবে না।'

'ঘরে তালা দিয়ে কারু বাড়িতেও বেড়াতে যেতে পারো তুপুরে।'

'ছটির দিনে! রবিবারের তুপুরে বেড়াতে যাওয়া কি অফিসিয়েল এটিকেট ?'

'চাপরাসি দিয়ে থবর পাঠালে কেউ-কেউ আসতেও পারেন হয়তো।' 'তার চেয়ে ঘুমুলে মোটা হওয়া যাবে।'

'আর শোনো', বরেন উমার কানের ক্রাফ্রচ, মুঞ্ এনে বললে, 'তোমার সেই ছোরাটা আছে না ?'

'কেন ?' উমা ভুক কুঁচকোলো।

'সেটা কোথায় ?'

'কোন বাক্সের তলায় পড়ে' আছে।'

'ওটা বা'র করে' রেখো।'

'की হবে ওটা मिया ?'

'একলা আছে। হাতের কাছে একটা অস্ত্র থাকা ভালো।'

স্থামীর বৃদ্ধিকে প্রশংস। করতে হয়, কিন্তু মূর্থ উমা অনগল হৈসে উঠলো। বললে, 'তুমি কি মনে করো, হাতের কাছে ওটা থাকলেই আমি কাকর বৃকে বসিয়ে দিতে পারি ?'

পাথিও তথন ডাকে নি, বরেন গাড়িতে উঠে বদলো। সামনের রোয়াকে উমা এদে দাঁড়িয়েছে, পায়ের কাছে লগুনটা বদানো। গাড়ি ছেড়ে দিলো, উমাকে আর দেখা গেল না।

সহরে গাড়ি এসে দাঁড়ালো, সাড়ে-আটটা। প্লাটফর্মে নেমেই প্রথম বরেনের মনে হ'লো সাহেবের ইচ্ছার একটু অন্তব্দুস সঞ্চালন হ'লেই তো দে এখন অনায়াসে গিয়ে সাক্ষাৎকারটা সেরে আসতে পারতো। কিন্তু ইচ্ছাকে অ-পরতম্ব না করতে পারলে শক্তি ও মর্যাদার সার্থকতা কি! না-ও হ'তে পারে। হয়তো সাহেব কোন সভা করছেন, কিম্বা ইন্স্পেক্শান, হয়তো বা বেরিয়ে গেছেন কাছাকাছি কোনো গ্রাম দেখতে। নিজেই বা বরেন কী করে? কোন উমেদার তার স্থমধুর ইচ্ছাম্পারেই কি তার সঙ্গে দেখা করতে পারে?

ওয়েটিঙ-রুমটা বেশ বড়ো, নানা ধাঁচের লম্বাটে কভোগুলো চেয়ার কেলা। লোকজন নেই। কায়েমি হ'য়ে একটা ইজি-চেয়ারে শুয়ে পড়া যাক।

তার আগে বরেন টাকাখানেকের চুটকি বাঙলা পত্রিকা কিনলো এক পয়সা থেকে চার আনা। গালাগাল, সিনেমা আর মনস্তত্ব। প্রত্যেকটি লাইন সে পড়বে, প্রতি ত্ব' লাইনে এক সেকেণ্ড করে' সময় দিলে ছয়খানি পত্রিকাতেই বারোটা বেজে যাবে, যখন সোরাবন্ধির ওখানে তার খাবার ডাক পড়বে, খেয়ে-দেয়ে আর বাকি ছ'খানাতেই চারটে।

দশটাও তথনো বাজে নি। বোঝা গেলো, আরুষ্ট করে' রাথবার মতো কাগজের একটি পৃষ্ঠাও উপযুক্ত নয়, কোনো রকমে উলটে যেতে পারলেই যেন যথেষ্ট। কিন্তু তারপর, এখন আর কি করা যায়।

ছ-ছ করে একটা টেন এলো কোখেকে। জনবিরল স্টেশনটা মৃহুর্তে সরগম হ'য়ে উঠলো, কুলি, যাত্রী ও গাড়োয়ানের চীৎকারে। নির্লিপ্ত হ'রে স্টেশনের বাস্ততা দেখতে বরেনের ভারি ভালো লাগলো।

হঠাৎ দেখা গেলো ঘরের মধ্যে কারা এসে স্থবিশাল একটা মশারি খাটাতে আরম্ভ করেছে। দিনের বেলা এত বড়ো মশারি, ব্যাপারটা বরেন ব্রে উঠতে পারলো না, কোতৃহলী হ'য়ে সে বাইরে এসে দাঁড়ালো।
দেখলো একটা পালকিতে আমুপ্রিক আছোদিত হ'য়ে একটি প্রমহিলা
ওয়েটিঙ-ক্ষমের দিকে বাহিত হচ্ছেন। দিবালোকে বেড়িয়ে এসেও তিনি
স্র্যের মৃথ দেখেন না এই জাগ্রত অভিসম্পাত নিয়ে তিনি মশারির
গহরের গিয়ে আশ্রয় নিলেন। মশারি টাঙানো থেকেই বোঝা যাছে
অপর যাত্রীর অধিকারকে সমূলে অস্বীকার করা হচ্ছে না, কেননা স্টেশনে
এই একটিমাত্র ওয়েটিং-ক্ষম কিন্তু মোটা একটা মশারির মধ্যে গভীর
বোরকায় নিশ্ছিল্র আর্ত হ'য়ে কেউ তোমার চোথের সামনে বসে' আছে,
তার চেয়ে চোথ মেলে একটা ফাঁসি, ফ্লেইল জুদুনক সহজ। বরেন
স্টেশনের ঢাকা চাতালে পাইচারি করিতে লাগলো কিন্তু মাল-পত্রের
ঠাসাঠাসিতে চলাফেরা করবার জায়গা পাওয়া যাছে না। দাঁড়িয়ে-দাঁড়িয়ে
দেয়ালের টাইম-টেবিল পড়লে, ফিরিয়ালাদের বহু-বিচিত্র ডাক শুনলে,
প্রতীক্ষমাণ যাত্রীর সম্থে কাউন্টারে টিকিট-বিক্রেতার নিষ্ঠ্র নির্লিপ্ততাটুক্
উপভোগ করলে, কিন্তু এততেও পনেরো মিনিটের বেশি কাটলো না।

কি ভেবে অবশেষে দে সোরাবজির দোকানে এসে উঠলো। বললে, 'একটু বসবো।'

বিলিভি পোষাক, হাতে সিগরেটের টিন, ভায় খদ্দের—এতে আর কোন কথা আছে ?

নোয়ানো চেয়ার নয় যে গা ঢেলে একটু চোথ ব্জবে। পিঠ থাড়া রেথে পড়বার মতোও কাগন্ত তার হাতে নেই। অতএব একটার পর একটা সিগরেট পুড়তে লাগলো।

পার্শি ম্যানেজার বললে, 'আপনার থাবারটা একটু আগেই না-হয় তৈরি করে' দিই, আপনার থিদে পেয়েছে।'

क्षित्रिखित रहरत कानत्क्रभगेरे धर्यन वरत्रत्तत्र श्रामन मम्छा।

দেখলো কাঁচের আলমারিতে থরে থরে মদের বোতল সাজানো।
কোথায় কবে সে শুনেছিলো কে-একজন নাকি শুধু সময় কাটানোর
জন্মেই মদ ধরেছিলো। নিজেকে উত্তেজিত বা নিস্তেজ করতে নয়,
অবিমিশ্র সময় কাটাতে। কিন্তু ও-দ্রব্য সে কোন দিন ছাঁয় নি, স্থাগ
হয়নি বলে'ই ছাঁয় নি। আজ মনে হলো সময় একটা ব্যাধি, আর মদ
সেই সময়ের পরিত্রাতা। কিন্তু মদ খেলে কতটুকু সে খাবে ও কতটুকু
খেলে কি-রকম সে ব্যবহার করবে কিছুই তার জানা নেই। তার সাহস
হ'লো না, কিন্তু তার মাত্রা যদি সে কোন স্থ্যোগে আগে জেনে
রাখতো তা হ'লে সময়ুক্ত ক্রেক্ত প্রতো না, এই পেশাচিক সময়!

তার চেয়ে ধোঁষা-ওড়ানো গরম ভাত এসেছে আর মূর্গির ঝোল।
দশ মিনিটো তার লাগবার কথা নয়, কিন্তু থাওয়াটাকে রবারের মতো সে
টেনে লম্বা করতে লাগলো। সাড়ে-এগারোটা, বারোটা, স'-বারোটা—
বরেন শেষ জল থেলো এইবার। তারপর তুটো সিগারেট থেয়ে বিল
চুকিয়ে সে যথন বাইরে এলো, একটা-ও তথনো বাজে নি।

চড়চড় করছে রোদ, ঘামে কলারটা নেতিয়ে পড়ছে, তবু বরেন ইয়াব্ব-বিছানো খোলা প্লাটফর্মে এ-প্রাস্ত থেকে ও-প্রাস্ত পর্যস্ত টহল দিতে লাগলো। প্রতি টহলে তিন মিনিট করে'। এ ভাবে তেত্তিশ নিট কাটতেই সে অন্থভব করলে তার ট্রাউজার উক্লর সঙ্গে লেপ্টে বসেছে। ওগারের প্লাটফর্মে এক্টা ট্রেন-শাড়িয়ে ছিলো, মরিয়া হ'য়ে বরেন তাতে উঠে বসলো, নিরিবিলি একটা সেকেগু ক্লাসে।

ভনলো টেনটা নাকি এখানে পঁয়তাল্লিশ মিনিট দাঁড়াবে।

পাথা খুলে দিয়ে বরেন পা ছড়িয়ে বসলো, পোষাকের উপর আর তারু মায়া নেই। সাহেব না-জানি এখন কী করছেন! বরেন কোনো ছবিই মনে আনতে পারলো না। কিন্ত প্রায়ান্ধকার বিষণ্ণ একট্টি ঘরে ঠাণ্ডা শীতল-পাটির উপর শিথিলায়িত স্থ্যায় কে শুয়ে আছে বারে-বারে মন শুধু তারই আঁকাবাকা ছবি আঁকতে লাগলো।

একটা কাজ করলে মন্দ হয় না, উমাকে সে একটা প্রিপেছ টেলিগ্রাম করুক, সে কেমন আছে, কী করছে, একা-একা ঘুমিয়ে পড়েছে নাকি ? উত্তরের আশায় আরো তু'ঘণ্টা সে কাটিয়ে দিতে পারে । কিন্তু টেলিগ্রাম হাতে এসে পড়তেই, থোলবার আর অবকাশ হ'বে না, উমা অর্থেক মৃচ্ছিত হ'য়ে পড়বে, তাকে ততটুকু যন্ত্রণা দিতেও মন সায় দেয় না। তা ছাড়া বাজে একটা ন্যাকামিতে কতগুলি টাকা-খরচ।

তার চেয়ে এ আড়াই ঘণ্টা সময় স্থে একটী 'গাড়ি ভাড়া করে' সহর দেখতে বেরুলেই তো পারে। সহর বলতে তো খোলা কতগুলি ড্রেন, টিনের কতগুলি খোপরি আর ধুলোর কতগুলি ঝাপ্টা। সহরের খুরে দগুবং।

বরং চোথ বুজে ঈশবের নাম করলে কাজ হয়।

হঠাৎ গাড়িতে টান পড়তেই বরেন লাফিয়ে উঠলো, ট্রেন চলতে স্থক করেছে। রসিকতাটা মন্দ হয় নি, বরেন ঝট করে' নেমে পড়লো। ঘড়ির দিকে চেয়ে দেখলো ছটো। ঈশবের নামের গুণ আছে বর্নরের্ভি

ওয়েটিঙ-রুমের দিকে অগ্রসর হ'য়ে বরেন দেখলো মশারিটা অন্তর্ধান .
করেছে। কিন্তু থাকলেই হয়তো ভালো ছিলো, কেননা রাশীক্ষত এই থাবারের ঠোঙা, মাংসের হাড়, পানের ছিবড়ে আর ময়লা গ্রাকড়ার ফালি দেখতে হতো না। তবে চোখ বুজলেই সমস্ত পৃথিবী ব্রহ্মময়—বরেন ইজিচেয়ার থালি পেয়ে পা তুলে দিয়ে লখা ভয়ে পড়লো।

একে কাল সমন্ত রাজির অনিদ্রা, তায় এই প্রতীক্ষার ক্লান্তি, ভাছের প্রচানি ধরেছে রক্তে, বরেন বিভোর ঘুমিয়ে পড়লো।

সর্বনাশ, ঘুম ভেঙে ঝাপ্সা চোপে বাইরে চেয়ে বরেনের কেমন মনে হলো বেলা ঝিমিয়ে এসেছে। কীঁ হবে! ঘড়ির দিকে চেয়ে দেখলো চারটে বাজতে দশ মিনিট বাকি। চলছে তো ঘড়িটা? ই্যা, চলছে। ঈশ্বরের সে আর বুথাই নাম করে নি এতক্ষণ।

একটা গাড়ি নিয়ে সাহেবের কুঠির দিকে সে রওনা হ'লো। একে বলে পাঙচায়ালিটি, সময়ায়্বর্ভিতা। বরেন নিজেকে একটু-বা গবিত মনে করলো। কিন্তু কুঠির কাছে আসতেই বরেন তয়-তয় করে' পকেট হাতড়াতে লাগলো—কী সর্বনাশ, ভিজিটিঙ-কার্ড তো সে সঙ্গে আনে নি। কী হ'বে! কলম আছে, কার্ড নেই; যেন কাঠি আছে, দেয়াশলাইয়ের খোল নেই। ছি ছি ছি, ভিজিটিঙ-কার্ড ছাড়া সে দেখা করবে কি করে' ? না, সেইটেই সম্মাননার হবে ? এখন, কোথায়ই বা সে কার্ড পাবে, এই সন্ধীণ সময়ে? তখন কেন যে গাড়ি করে' সহর দেখতে বেরোয় নি, বরেন সহস্র জিহ্লায় নিজেকে ধিকার দিতে লাগলো। এখন কোথায় বা দোকান, কোন্ বা রাস্তা!

বরেন মরিয়ার মতো গাড়োয়ানকে বললে, 'আমাকে এক্স্নি একবার শ্রুষানকার সব চেয়ে বড়ো মনিহারি দোকানে নিয়ে চলো। একটা জক্তরি জিনিস কেনা হয় নি। বাজার এখান থেকে কতদূর ?'

'মাইল দেড়েক।' গাড়োয়ান বললে।

'পনেরো মিনিটের মধ্যে আবার এখানে পৌছে দিতে পারবে? যদি পারো, পুরো এক টাকা বক্শিস দেবো।'

'আশ্ঘটাটাক লাগবে, বাবু।'

বরেন অনাবশুক পা দোলাতে লাগলো, চুল টানতে লাগলো, আঙুল কু≱⊣ড়াতে লাগলো।

প্রথম বে-দোকানে গাড়োয়ান তাকে নিয়ে এলো, বরেন ভেবেছিলো

নিশ্চয়ই সেথানে তা পাওয়া যাবে না, আরো অনেক দোকান থুঁজতে হবে। কিন্তু আশ্চর্য, পাওয়া পেলো। তবে তারা থুচরো বেচে না, ডজন কিনতে হ'বে। এত বদাস্ত হ'য়ে কোনো জিনিস বরেন কোনদিন কেনে নি। টাকার চেঞ্চ পর্যন্ত সে আজ নিতে চায় না।

ফিরতি পয়সাগুলি এক থাবায় কুড়িয়ে নিয়ে সে গাড়িতে গিয়ে বসলো। কুড়ি মিনিট—কুড়ি মিনিটের মধ্যে সে ফিরে এসেছে। সময়ের কি এখন পাখা গজালো নাকি ?

ফটকের বাইরে গাড়ি দাঁড়ালো। হাতে ছিলো একটা অনর্ধদগ্ধ
দিগরেট, সেটা বিনাঙ্কেশে বাইরে ছুঁড়ে দিলো। গাঁহেব হ'লে কী হবে,
বাপ-ঠাকুরদা তো বাঙালি ছিলেন, নিম্নস্থ লোকের ধ্মপান করাটা সহ্
করতে পারবেন না নিশ্চয়। সে তো পরের কথা, সময়ের বাইরে সাহেব
এখন দেখা করবেন কিনা কে জানে!

বারান্দায় উঠতেই, বেয়ার। এলো বেরিয়ে; দীর্ঘ সেলাম ঠুকে চেয়ারে আসন নিতে ইঙ্গিত করলে। ব্যাপারটা হয়তো নিরাশ হবার মতো কিছু নয়, বরেন কার্ড ধরে'-ধরে' নাম ও পরিচয় লিখলে। পিতলের পাতে কার্ডটুকু গ্রহণ করে' বেয়ার। বললে, 'বহুন! সাহেব এখনো ঘুম থেকে ওঠেন নি।'

(वॅर्फ्ट्स्, व्यत्न यत्न कत्रला।

কিন্তু সাড়ে চারটে বাজে, এখনো পর্যন্ত সাহেব ঘুম্চ্ছেন, ব্যাপারটা বরেন আয়ত্ত করতে পারলো না। জিগগেস করলে: 'শরীর ওঁর ভালো আছে তো?'

'তা আছেন। ক'দিন থেকে বড় খাটনি পড়েছেন কিনা—' 'কখন উঠবেন বলতে পারো ?'

'ওঁর ঘুম যথন ভাঙবেন। আগে-থেকে কি করে' তা বলা যায়!

হাতের ঘড়ির দিকে তাকিয়ে করুণ করে' বরেন বললে, 'পাচটা বারে। মিনিটে আমার ফিরে যাবার টেন, এখন প্রায় পৌনে-পাঁচ। यদি—'

'হল্লা করে' তো ওকে জাগানো ঘাবে না। ঐ যে মেমসাব বেরিয়েছেন।' কণ্ঠস্বরে বেয়ারা চমকে উঠলো।

মেমসাহেবের বয়েস থেকে মনে হয় সাহেব তেত্তিশ-চৌত্তিশের বড়ো বেশি ওঠেন নি, য়ি অবিশ্রি বাঙালি ব্যবধানটা মানা য়য়। মাথায় ঘোমটার নামাস্কর বলে'ও কিছু নেই, আঁচলটা কায়ক্রেশে বুকের কিয়দংশ অবলম্বন করে' কাঁধের কাছে এসেই সমাপ্ত হয়েছে, শাড়িটা এমন সয়ীর্ণ করে' পরা যে শরীরকে মনে হয় মেন শরের মতো তীক্ষ্ণ, কিম্বা 'রেসে' সটার্ট নেবার আগে উভত একটা হইপেট। মথমলের মতো সবুজ লনে য়্রে-য়্রে কথনো এ-ফুলটাকে একটু আদর করছেন, কথনো ও-ডালটাকে ধরে' একটু নাড়া দিচ্ছেন, কথনো-বা গুজনো একটা মাটির ঢেলা গুড়িয়ে দিচ্ছেন জ্বতোর ডগায়, কথনো বা নিচ্ছ হ'য়ে উড়স্ত একটা কুটো তুলে নিচ্ছেন আঙ্গলে করে'।

বরেন সকাতরে বেয়ারাকে বললে, 'মেমসাবকে একটু বলবে, চারটের সময় আমার দেখা করার কথা, পাঁচটা বারোর ট্রেনে আমাকে বাড়ি ফিরে না গেলেই নয়—দয়া করে' তাড়াতাড়ি একটু দেখা করিয়ে দিতে পারেন ?'

বেয়ারার কোনো অভিমত প্রকাশ করার আগেই মাঠের থেকে মিহি, মাজা গলায় এক ডাক এলো: 'ব্যেরা!'

'জী।' দীর্ঘ ঈ-কারটাকে দীর্ঘতর করতে-করতে বেয়ারা গেলো ছুটে। বরেনের কিছু কানে এলো না অবিশ্রি, কিছু স্পষ্ট ব্রুতে পারলো স্ক্রেই উদ্দিষ্ট হচ্ছে তাদের কথোপকথনে। ক্রুরে কে, কী চায়, কেন এই অসময়ে, এই জাভীয় প্রশ্ন। বেয়ারাটা কী উত্তর দিছে ঈশ্বর বদতে পারেন। টাইপরাইটার বা দেলাইয়ের কলের এজেণ্ট না ভাবলেই রক্ষে।

তা হ'লেও হয়তো ভালো ছিলো, ট্রেনটা দে ফস্কাতে দিতো না। বেয়ারা এলো ফিরে এবং সমান রেখায় তারই কাছে এসে উপস্থিত হ'লো বলে' বরেন নিশ্চিত বুঝতে পারলো মেমসাহেব বুঝি তারই প্রতি আতিথেয়তায় প্রসারিত হয়েছেন।

'কী বললেন ?' বরেন কৌতূহলী হ'য়ে জিগগেস করলো। 'বসতে বললেন।'

'সাহেবকে একটু খবর দেবার হুবিধে করা গেলো না ?'

জিহ্বাগ্র ও দাঁতের সজ্যরে একটা শব্দ করে' বেয়ারা বললে, 'বকুনি থাবার এত সাধ কা'র ?'

'বলেছ আমার ট্রেনের আর বেশি সময় নেই ?'

'বলেছি।'

'কী বললেন ?'

'তার উনি কী বলবেন? রেল-কোম্পানির কাছে গিয়ে নালিশ ফরুন।'

'বলেছ, চারটেয় আমাকে সময় দেয়া হয়েছে।'

'সময় চলে' গিয়ে থাকে, সটান চলে' গেলেই তে। হয়।' বেয়ারা আবৃষ্ঠ হ'লো।

মেমসাহেবকেও আর দেখা যাচ্ছে না, বোধ হয় এতক্ষণে সাহেবের মুম ভাঙলো। কিয়া তিনিই হয়তো সাদরে স্বামীর নিদ্রা ভাঙাচ্ছেন।

অস্তত উমা তো তাই করতো, যথন বরেনের সঙ্গে কেউ দেখা করতে এসেছে, আর সে রয়েছে ঘূমিয়ে। গায়ে ঠেলা দিতো, চুল টেনে দিতে । তা সে ছুটির দিনে

মাধ্যাহ্নিক ভোজনের শেষেই হোক বা শীতের ভোররাত্রেই হোক। বাইরে ভদ্রলোক নিঃসঙ্গ, নিরবলমের মতো বসে আছে চুপ করে', এ সে এক মুহুর্তও সহা করতে পারতো না।

ফটকের মধ্য দয়ে হঠাৎ একটা মোটর ঢুকলো, তার পর্জনের আভিজাত্যে আরোহীর পদমর্যাদা বোঝা যাছে। শৃশ্য থেকে তারার উদ্ভবের মতো মেমসাহেব কোথা থেকে আক্ষিক আবিভূতি হ'লেন। সমস্ত শরীরে ছিন্ন-বিচ্ছিন্ন হাসির রেথা পড়েছে ছড়িয়ে, আরুদ্ধ অনার্ত বাছতে এসেছে লীলা, আপ্রান্ত পায়ে এসেছে তরিস্না। এককালে সিঙ্গল্ করেছিলেন এখন আবার কি ভেবে বড় চূল রাথছেন, বেশি বাড়তে পায় নি এতদিনে, সেই স্বল্পমেয় চূলে শীর্ণ যে ত্ব'টি বেণী তৈরি করেছেন তাতে এসেছে অফুট চঞ্চলতা।

গাড়ি থেকে যিনি নামলেন তিনি একেবারে থাঁটি সাহেব, জিহ্বায় ও অকে। হাফ-সার্ট ও সর্টস্, হাতে একটা র্যাকেট। ভীষণ তেজী ও তাজা, মোটর থেকে নামা ও দরজাটা বন্ধ করা থেকেই বোঝা যায়। আশ্চর্য সন্নিহিততায় সহাস্থ গল্প করতে-করতে তাঁরা তু'জনে টেনিস-কোটের দিকে এগোতে লাগলেন, একটা ছায়াঘন বৃক্ষাস্তরালে বেতের তু'থানি চেয়ার বাহিত হ'লো, চেয়ার তুটোয় একটা য়্যাকিউট য়্যাঙ্গুল্ বানিয়ে তাঁরা বসলেন পাশাপাশিও নয় ম্থোম্থিও নয়,— সে এক অভুত নৈকটা। বেরেন ঘড়িতে দেখলো, পাঁচটা বেজে পাঁচ মিনিট। দিশি সাহেব আরও কিছুকাল ঘুমিয়ে থাকুন।

কার্ডটা ফেলে রেখে দৌড়ে গিয়ে তার গাড়িতে উঠতে ইচ্ছে করলো, এখনো সে মরি-বাঁচি করে' ট্রেনটা ধরতে পারে। পাঁচটা ছ' মিনিট— ্রুগ্রানো। কিন্তু সাহেব যথন জানতে পারবেন — সে এসেছিলো অথচ দেখা করেনি, তথন এ-আক্রোশটা ক্রুর একটা ডিনামাইটের মতো তার গৃহভিত্তির না দিয়ে সঞ্চালিত হ'বে। তুমি যতোই কেন না কাজের দেয়াল গড়ো,
আর উত্তুল, কিছুতেই কিছু হবে না— ন্যদি না তার উপরে ছাদ থাকে,
ামার প্রভুর করুণাচ্ছায়া। তা ছাড়া এতগুলি অর্থব্যয় করে' এসেছে,
ামান কুংসিত ক্লান্তি, এতথানি মরণাধিক প্রতীক্ষা। কবে আবার
শুভ্যাত্রার স্থযোগ ঘটবে জানা নেই। শেষ পর্যন্ত দেখে যাওয়াই
মীচীন হবে — শেষ পর্যন্ত।

গাড়ি এইবারে ছাড়লো, ঘড়ির দিকে চেয়ে বরেন ভাবলে।

ইতিমধ্যে আরো কয়েকজন হোমরা-চোমরা এসে উপস্থিত হয়েছেন,
নিস স্থক হ'য়ে গেছে। গ্রীন্মের সদ্ধায়া টেনিস থেলাটা এখন মাত্র

য়য়াম হিসেবে প্রচলিত, চিনির ওজন ব্লাস করতে ও মেয়েদের

য়েসলতাকে মার্জিত করতে। অন্তত এইটেই দৃশ্যমান উদ্দেশ্য। আরো

য়ন মহিলাও সমবেত হয়েছেন। মেমসাহেব তাঁর টেনিসের শাড়ি
রে' এলেন দৈর্ঘ্যে থাটো ও প্রস্তে শিথিল, ঘণ্টায়-ঘণ্টায় শাড়ি বদলাবেন
লে'ই এ-বিবাহ তাঁর গরীয়ান মনে হয়েছিলো, ও পুরুষের সমকক্ষতা
বতে পাবেন বলে'। অন্য মেয়ের মতো লোফা সার্ভিস করছেন না,
য়রমতো বাছ উচিয়ে, ক্রত একটা নক্ষত্রপাতের মতো। তাতে সমস্ত

শীরে তির্থক রেখার যে একটা ত্রিত বিচ্ছুরণ হয় সেটাই স্বাইকে

গোবার।

ঘড়িতে তথন পাঁচটা-সতেরো, বেয়ারা এসে বললো, 'সাহেব এসেছেন থিক্ম থেকে। চা থাচ্ছেন।'

'ঘুম থেকে উঠলেন কখন ?' বরেন হাঁ করে' রইলো। 'আধঘণ্টাটেক আগে।' 'কার্ডটা তথুনিই পৌচেছিলো তাঁর হাতে ?'

'তথ্নিই পৌচেছিলেন! কিন্তু ম্থ-হাত ধুতে হবেন তো।

কিন্তু এ কার সঙ্গে সে তর্ক করছে? কতক্ষণ পরেই আপিস-ক্ষ্রি হ'তে তলব হ'লো বেয়ারার। কেয়ারা এসে চোখের ইসারা করে' বললে, 'চলুন।'

এতক্ষণে সেই স্বর্ণকণ এসে উপস্থিত হ'লো। বরেন তার চেহারা ও ও বেশভ্যার কথা করানা পর্যন্ত করতে পারে না। ইচ্ছে করে'ই এতক্ষণ সে কোনো আয়নাতে মৃথ দেখে নি, তার টাই আর কলারের অবস্থা, তার পোষাকের ধ্লিকক্ষতা, তার ম্থের মালিক্য। সে আরেকটা নত্নতরো ছংম্বর্গ হতো। প্রথম সন্দর্শনিটাই নাকি প্রধান মৃল্যনিরপক, বরেন ভাবলে এবং নিজের অলক্ষ্যে জিভ দিয়ে ঠেটি। একটু চাটলো, টাইয়ের গেরোটাকে একটু অফুভব করলো, কোটটা টানলো, ট্রাউজারের ক্রিক্ষ একটু আঙুলে করে' তুলে ধরলো আর রুমাল বা'র করে' ঘাড় ও মৃথ বারক্তক রগড়ালো।

সাহেব তাকে খুব হগুতার সঙ্গে গ্রহণ করলেন। লজ্জিত বিনয়ের মৃথ করে' বললেন, অত্যন্ত হ:থিত, তোমাকে অনেকক্ষণ বসিয়ে রেখেছি।'

বরেন ঢৌক গিলে বললে, 'সেটা কিছু নয়।'

'কেমন দেখছ জায়গাটাকে ?' সাহেব জিগগেস করলেন।

'ভালো।'

'ফাইন ?'

'ভৌর ।'

'তোমার সহকর্মীরা ?'

'চমংকার।'

'তোমাদের ওথানে একটা ক্লাব আছে, নয়? টেনিস থেল ?' বরেন মিখ্যে করে' বললে, 'থেলি।' সাহেব চেয়ার থেকে উঠে দাঁড়ালেন, বিনীত হাস্থে বললেন, 'এখন একটু আমাকে খেলতে যেতে হবে, গুডবাই।'

করমর্দন করে' বরেন বেরিয়ে এলো, টুপিটা কুড়িয়ে নিয়ে গাড়ির দিকে অগ্রসর হলো, তুর্বল অসমান পদক্ষেপে।

মনে-মনে ভাবলো সাহেব তাঁর বৈকালিক বেশবাস কেমন সজ্জিপ্ত করে' এনেছেন, পায়ে টেনিস-স্থ'র 'পরেই একেবারে হাঁটুর ওপারে দটদের প্রান্ত, গায়ে কলার-ওলা একটা গেঞ্জি, আশ্চর্য, এ হেন কদাকার দর্চদ উচ্চাঙ্গ সভ্যসমাজে নির্বিবাদে চলে' গেছে, ওটা পরে' তবু দাঁড়ানো যায়, লোকে বসে কি করে'—কেউ-কেউ আবার পায়ের উপর পা তুলে দিয়ে বসে। অথচ তার যে এই পোষাক, ড্রাইক্লিনিং করবার মতো মফস্বলে কোনই বন্দোবন্ত নেই—কেন দরকার ছিলো তার এত সব বিকৃত আতিশয্যের ?

এখন বরেন কী করে ? পরের টেন দেই সাড়ে-ন'টা, ঘড়িতে এখনো ছ'টা বাজে নি। সমস্ত শরীর ভেঙে পড়ছে ক্লান্তিতে, মাথাটা ছি'ড়ে পড়ছে, ভিতর থেকে একটা অব্যক্ত যন্ত্রণা ঠেলে-ঠেলে উঠছে। মান নেই, নিস্তা নেই, অনর্গল সিগরেট খেয়ে-খেয়ে মুখটা বিশাদ, গুপুরের সমস্ত ধুলো আর তাপ গায়ের উপর তার বর্ষের আহত একটা পশুর বাড়ি পৌছুতে বারোটা — গাড়ির মধ্যে উঠে বরেন আহত একটা পশুর গলায় কক্ষণ ককিয়ে উঠলো।

वनल, 'हला।'

গাড়োয়ান জিগগেস করলে; 'কোথায় ?'

'দেশনে।'

পুরোপুরি ভাড়া মায় বকশিস নিয়ে গাড়োয়ান বিদায় হ'লো। ফৌশনটা এখন পরিত্যক্ত, কাছাকাছি কোনো ট্রেন নেই। ফৌশনের নির্জনতাটা পরিহাসচ্ছলেই তার কাছে ভারি স্থন্দর মনে হ'লো। যেন কোথায় তার সঙ্গে একটা সঙ্গতি আছে।

সোরাব্জিতে গিয়ে দে একের পর এক তিন পেয়ালা চা থেলো, নতুন এক টিন সিগরেট কিনলো ও সাইডিং-এ কোথায় তার গাড়ি পড়ে' আছে সন্ধান নিয়ে তার নির্দিষ্ট কামরাটায় গিয়ে উঠে বসলো।

আলো বা পাথা কিছুই সাড়া দিলো না। বার্থের উপর কয়লার ওঁড়েও ধুলো হ' আঙুল স্তৃপ করা আছে,:একথানা রুমালে তাদের সম্মার্জন অসম্ভব। বরেন প্রথম টাইটা খুলে ফেললো, কলারের বোতামটা উৎপাটন করলো, গলায় হাত বুলোলো, বার কতক, কোট খুললো, সাট খুললো, জুতোর ফিতেটা প্রায় টেনে ছিঁড়ে ফেললো, মোজা, বীভৎস মোজাটা টেনে কুঁচকে মুড়ে ঢলঢল করে' দিলো। তারপর ট্রাউজারের পা-ঘটো গুটোতে গুটোতে সে হাঁটুর উপর তুলে আনলো। সাট দিয়ে বার্থের ধুলো ঝাড়লো। আর জুতো আর কোটে মিলিয়ে বালিস বানিয়ে চিৎ হয়ে অঙ্কলারে সে শুয়ে পড়লো।

হায়, এখন কিনা তার চোখে আর ঘুম আসছে না।

সদ্ধে হ'য়ে আসছে, আরেকটু পরেই উমা পেট্রোম্যাক্স জালাবে।
এখন সে বাথক্ষমে নিশ্চয় গা ধুচ্ছে, তার পরিমিত স্নেহস্মাত শাড়িটিতে
তাকে আজ যেন কী অপরপ দেখাবে! তার কপালে সিঁত্র আঁকলো
নিশ্চয়, সদ্ধে দিলো, চা খেলো, তার পর ছোট একটি পান খেয়ে ঠোঁট
রাঙালো, বাইরের ঘরের জানলা দিয়ে খবরের কাগজ ছুঁড়ে দিয়ে গেছে,
তাই সে মেলে বসেছে হয়তো টেবিলে। শাড়ির চওড়া-পাড়টা ঘাড়ের
উপর থেকে কেমন বছল কোমলতায় লতিয়ে এসেছে।

কী শাস্তি এই উমার শ্বৃতিতে, তন্ত্রায় বরেনের চোথ ক্ষড়িয়ে এলো । কতক্ষণ পড়ে' ছিলো নিঝুম হ'য়ে, কিসের একটা ধাকা লাগতেই সে জেগে উঠে দেখলো সাইডিং থেকে গাড়িটা প্লাটফর্মে গিয়ে দাঁড়াচ্ছে। সাডে-আটটা।

আন্তে-আন্তে ছাড়বার সময়ও এলো। সময় শেষ পর্যন্ত আসে।

ঘড়ির দিকে তাকিয়ে অকন্মাৎ বরেনের সমস্ত দেহ-মন অব্যক্ত আর্তনাদে শিউরে শিউরে উঠলো। সাড়ে ন'টা বেজেছে, এখনো বরেন বাড়ি ফিরলো না। জানলায় দীর্ঘ চোথে দিগন্ত পর্যন্ত উমা তাকিয়ে আছে, বরেনের এতটুকু কোথাও আভাস নেই। কাসেম গাড়োয়ান অন্ত গোয়ারি নিয়ে ফিরলো, চাপরাসি এসে মুখ কাঁচুমাচু করে' বললে, 'বাবু আসেন নি।'

কী করে' কাটাবে উমা একাঁকী এই মধ্যরাত্তি ? ভয় আর নিরুপায় ত্রিস্তা, এ নিয়ে দে এ-ঘর থেকে ও-ঘরে ঘুরে বেড়াচ্ছে। পেট্রোম্যাক্সে আর তেল নেই, নিবে গেছে এতক্ষণে। জানলাগুলো খুলে রাথতেও ভয় হচ্ছে, অথচ বারে-বারে জানলা দিয়ে বাইরে না তাকালেও নয়! মশারিটা চাকর বিদ্যানা পেতে কথন টাভিয়ে রেথে গিয়েছিলো, দেটা দেকিপ্র হাতে তুলে ফেললো, কেমন তার দম আট্কে আসছে। ফুঁপিয়ে-ফুঁপিয়ে দে কাঁদতে বদেছে কিনা তা কে জানে।

হঠাৎ বরেনের মনে পড়ে' গেলো উমা বলেছিলো, ঠিক কি, আমাকেই তুমি এসে হয়তো আর দেখতে পাবে না।

যদি সভ্যি না পায়! কোথায় যাবে সে ? কেন, যেখানে খুসি সে চলে' যেতে পারে। একা-একা ? বেশ ভো, আর কারু সঙ্গেই না হয় গেলো। আর কারু সঙ্গে! সে কে ? তা কি জানি! এখানে থাকবেই বা কেন, কিসের প্রলোভনে, এই নিক্ষল একাকীত্বের অরণ্যে। বিশ্বাস করি না। বিশ্বাস করো না, নইলে আঘাতটা প্রচণ্ডভরো হবে কি করে' ? বেশ, নিজে থেকেই যদি না যায়, ধরো কারা দল বেঁধে মুখে

কাপড় গুঁজে ানয়েও তো যেতে পারে অনায়াদে ! জোর করে', ছিনিয়ে ? মোকদ্দমায় যে যাই বলুক, হাা, জোর করে'ই ধরে নিয়ে গেলো, বাধা কোথায়? যে অঙ্ক পাড়াগাঁয়ে আছ, যে কোনো রাতে ঘটে' যেতে পারে. তার উপর আজকের মতো রাত! কাছাকাছি এমন প্রতিবেশীও নেই যে ছুটে আসবে, আর আসবেই বা কেন, নিজেকে বিপদে নিয়ে ফেলার চাইতে পরের কেনেস্কারিটা রসালো করে' উপভোগ করায় বেশি রোমাঞ্চ। নিদেনপক্ষে ঘরে একটা চোরও আদতে পারে, হয়তো তার হাতের কম্বণ ধরে' টান দিলো। চোর কি করে' আসবে ? চোর আবার কী করে' আসে। হয়ভো হাত ধরে' টান দিতেই প্রবল আর্তনাদ করে' দে মৃচ্ছিত হ'য়ে পড়লো। চোরের তথন পাল তুলে পরিষ্ণার বেমে যাওয়া। চাকর-ঠাকুর আছে কী করতে? ওরাই যে চুরি করতে নামবে না তার ঠিক কী ৷ খবরের কাগজে পড়ো না চাকরের কীর্তি-কলাপ ? অন্তত এমনি একটা অশরীরী ভয়ও তো পেতে পারে ? মনে নেই যথন প্রথম এ-বাড়িতে ঢোকো, কেউ-কেউ বলেছিলো এটাতে ভতের আনাগোনা আছে, ভাড়া কম বলে' ইতিকথা গ্রাহ্ম করে। নি। কিছ ধরো আজ যদি তার আবির্ভাব হয়! ভূত — ভূত আবার আছে নাকি পৃথিবীতে? অস্তত মনে তো আছে। আশহাকুল মনে সে-মৃতি কল্পনা করে' নিতে কতক্ষণ ? রজ্জুতেও সর্পভ্রম হয়-এবং সে-যন্ত্রণা দংশনের মতেই কালান্তক হ'তে পারে। অত অপার্থিবতাই বা কেন? জানো, দে আত্মহত্যা করতে পারে? আত্মহত্যা? হ'্যা, দিলিঙের কড়ার সঙ্গে প্লায় আঁচল বেঁধে। কিন্তু কেন সে আত্মহত্যা করতে যাবে, কোন ছ:খে? মামুষ বুঝি ছ:থেই আত্মহত্যা করে, তোমার বন্ধিকে বলিহারি। আত্মহত্যা হচ্ছে মন্তিকের একটা ব্যাধি, সাময়িক উন্মততা। তুমি আসছ না, হপুরে তোমাকে নিয়ে হয়তো একটা

বীভংগ ছংম্বপ্ন দেখেছে, ট্রেন ধরতে না পেলে অনায়াসে তৃমি একটা টেলিগ্রাম করে' দিতে পারতে যে ব্লাতের ট্রেনে আসছ—তাই সে হঠাং চিস্তায় বিকল হ'য়ে পড়লো, মিডিকের স্নায়ুমণ্ডলী কেমন-বা অবশ তদ্রাছয় হ'য়ে এলো, গলায় দড়ি দেওয়ার অনেক হালাম দেখে বাথকমে গিয়ে সে কণ্ঠনালীতে একটা ব্লেড বদালো। ব্রেন চীংকার করে' উঠলো। কিন্তু বিকেলে তার করলে সেটা রাত্রিতে উমা পেতো না, পেতো পরদিন আটটার পরে, কেননা বিকেল পাঁচটার পর ওখানে টেলিগ্রাম বিলি হয় না। তা কি সে জানে? দাড়ে ন'টার ট্রেনে যারা এখানে ফিরেছে তাদের কাউকে দিয়েও তো সে একটা খবর তাকে পাঠাতে পারতো যে সে রাতের ট্রেনে আসছে। বা, তখন তো সে সাহেবের কুঠিতে। তা কি আর সে জানে? মনের কোথাও কি একটু অসামঞ্জশ্র ঘটলেই লোকে অনায়াসে আত্মহত্যা করতে পারে, আর উমা তো নিতাস্ত মেয়ে, স্ক্র কতোগুলি স্নায়্র সমষ্টি। বাড়ি গিয়ে তাকে দেখতে পাও কিনা এবং দেখলে কী অবস্থায় দেখ তার কিছুই ঠিক নেই।

স্টেশনে নেমে দেখলো, চাপরাসিটা নিতে আসে নি। অন্ধকার একটা আতঙ্কে তার বুকের মধ্যটা শিউরে উঠলো। গাড়ি ছিলো ত্'-একখানা, কিন্তু কাসেমের নয়। সব যেন কেমন আর অভুত, অস্বাভাবিক লাগচে। গাড়োয়ান তাকে চিনলো কিনা বোঝা গেল না, চিনলে এমন কালো গন্ধীর মুখ করে' থাকাটা ঘোরতর সন্দেহের।

বাড়ির কাছাকাছি আসবার আগেই দ্ব থেকে সে দেখতে পেলো তার বাইরের ঘরে আলো জনছে। এটা সাজ্যাতিক অস্বাভাবিক — এত রাতে বাইরের ঘরে আলো জনবে কেন? বাড়িতে ডাজ্ঞার এলো নাকি, তবে কি সত্যিই শেষকালে উমা ব্লেড দিয়ে গলা কেউছে? আরো এগিয়ে আসতেই দেখলো বাইরের ঘরের দরকাটা হাট কয়ে

থোলা। এটা আরো আশ্চর্য। যেথানে সমন্ত সহর ঘুমে অন্ধকার ও অন্ধকারে অবক্তব্ধ, সেথানে তার ঘরের দরজা থোলা আর সেথানে বেশ উচ্চ শিথায় আলো জলছে! বরেনের হাত-পা ঠাণ্ডা হ'য়ে এলো, বুকের ভিতরটা শৃক্ত লাগতে লাগলো, চোথে দে পথ খুঁজে পেলো না।

নিশি-পাওয়ার মতো বরেন নি:শব্দে তার ঘরের রোয়াকে উঠে এলো, থোলা দরজার পাশ ঘেঁসে আন্তে মুথ বাড়ালে। দেখলে, টেবিলের উপর স্থারিকেন জলছে ও পাশে ক্যানভাসের এক ইজি-চেয়ারে আধাবয়সী এক ভদ্রলোক চাদর দিয়ে গা-হাত-পা ঢেকে দিব্যি ঘুম যাচ্ছেন। বরেন আরো লক্ষ্য করে' দেখলো, এ-ঘর থেকে যে ত্টো দরজা তার অন্তঃপুরের দিকে মুথ করে' আছে তারা ত্টোই সবল অর্গনাবদ্ধ। কিন্তু ব্যাপার কী!

বরেন সবেগে ঘরের মধ্যে ঢুকে পড়লো। টেচিয়ে উঠলো: 'কে ফু কে আপনি ?'

ভদ্রলোক ধড়মড় করে' জেগে উঠলেন, ঘুমে-জড়ানো ক্লান্ত গলায় বললেন, 'এই যে, আপনি, আপনি এসেছেন এতক্ষণে। বাবা:!' ভদ্রলোক ছই হাতে মশা ভাড়াতে লাগলেন।

'কী চান আপনি এত রাত্রে ?' বরেন ধমক দিয়ে উঠলো।

'এত রাত্রে নয়, এসেছি আমি বেলা ত্টোয়। সেই বাম্নথালি থেকে, নৌকায়। ভনলুম সদরে গেছেন, সাড়ে ন'টার গাড়িতে ফিরবেন। ন'টা থেকে ঠায় এই বদে' আছি। ভাবলুম জরুরি দেখাটা আজই সেরে যেতে হবে।'

'এই কি আপনার দেখা করবার সময় নাকি ?' বরেন উচ্চতর পরদায় আরোহণ করলে: 'ভদ্রলোকের বাড়িতে বাইরের ঘরে আলো জালিয়ে রাত সাড়ে-বারোটা পর্যন্ত বসে' থাকাটা কোন্ দিশি ভদ্রতা? জানেন আপনাকে জামি পুলিশে দিতে পারি ?' ভদ্রলোক থতমত থেয়ে গেলেন, চেয়ার থেকে অতি কষ্টে উঠে দাঁড়িয়ে বললেন, 'কিন্তু আমি আর বেশিক্ষণ বসবো না, মাত্র পাঁচ-মিনিটে আমি আমার বক্তবা শেষ করতে পারবো। আমাদের সেই বাম্নথালি ইউনিয়ানের—'

তথনো উমাকে সম্ভাষণ করা হয় নি, অর্গনাবদ্ধ ঘরের শুক্কতা তথনো অব্যাহত রয়েছে। তাই অস্থির, অসম্ভব অস্থির গলায় সে বললে, 'এখন আমার পাঁচ সেকেণ্ড সময়েরও অপব্যবহার করবার সময় নেই। যান, কাল ভোরে আসবেন, কিম্বা আর যে কোনোদিন আপনার খুসি।'

ভদ্রবোক আমতা-আমতা করতে লাগলেন।

'আপনার তো বয়েদ হয়েছে, এতদিনে কাণ্ডজ্ঞান একটা হয়েছে বলে'ও তো আশা করা যায়। সটান গাড়ি থেকে নেমেই, বিশ্রাম পর্যন্ত না নরে', তুপুর-রাতে, না থেয়ে না ঘুমিয়ে আপনার বক্তব্য শুনবে এমন কাকে আপনি আশা করতে পারেন ?'

এর অবিশ্রি উপযুক্ত জবাব নেই, ভদ্রলোক লাঠিতে ভর দিয়ে আস্তে-আন্তে বেরিয়ে গেলেন।

সেদিকে চেয়ে দেখবারো বরেনের অবকাশ নেই।

বন্ধ দরজায় সবেগে সে ঘন-ঘন ঘা মারতে লাগলো: 'উমা, উমা।' ঝি উঠে দরজা খুলে দিল।

ঘরে সেই স্বাভাবিক শান্তি বিরাজ করছে, আবহাওয়ায় কোথাও একটু স্বাচ্ছ পড়ে নি। ঝি নিচে শুয়েছিলো, বরেন্কে দেখেই অন্তর্ধান করেছে অন্তরালে, থাটের উপর পরিপাটি বিছানা করে' উমা রয়েছে ঘ্মিয়ে, আলো জলছে নিচে, নেটের মশারির মধ্যে থেকে তাকে দেখাছে ঠিক এখন রূপকথার রাজকুমারীর মড়ো।

বরেন ডাকলো: 'উমা!'

উমা চোথ মেললো, নির্লিপ্ত গলায় বললে, 'এসেছ ।'

'হাা। কেমন আছ, উমা?'

'কেমন আবার থাকবো ?' মশারির বাইরে ম্থ নিয়ে এসে স্লিগ্ধহাস্তে বললে, 'ভালো আছি।'

'আমার জন্মে খুব ব্যস্ত হও নি তো ?'

'বিশেষ নয়। সাড়ে ন'টায় যখন আস নি, ভাবলুম বারোটার ফ্লায়াবে আসবে। চেহারার কী ছিরি করেছ ?'

'আর বোলো না সে-কথা। একেবারে হায়রানি করে' মেরেছে।' বরেন খাটের শিয়রের কাছে একটা চেয়ারে বসে' পডলো।

বালিসে চিবুক ডুবিয়ে উমা উপুড হয়ে শুয়ে অফুচ্চ গলায় জিগগেস করলো: 'বাইরের ঘরে ভদ্রলোকের সঙ্গে দেখা হ'লো?' কে উনি?'

জুতোর ফিতে খুলতে-খুলতে বরেন বললে, 'কে জানে, কোনো ইউনিয়ানবোর্ডের মেম্বার-টেম্বার হবে বোধ হয়। কতই তো আসছে হরদম।'

'কেন, ভোমার সঙ্গে আলাপ হ'লো না ?'

'श'ला देव कि।'

'কতকণ এসেছ তা হ'লে ?'

্ 'এই মিনিট হুই।'

'বলো কি, এরি মধ্যে তাঁর সঙ্গে আলাপ হ'য়ে গেলো, তুপুর তুটোয যিনি এসেছেন, বিকেলে যিনি এসে তোমার থাঁজ নিয়ে গেলেন, আর সাড়ে-ন'টায় ফিরবে বলে' যিনি ন'টা থেকে ভীর্থকাকের মতো বংল' ছিলেন এখানে ?'

'क्नে, क् উनि ?' বরেন সন্দিশ্ব গলায় প্রশ্ন করলে।

'সে কি ? নামটাও তাঁর জিগগেদ করে। নি নাকি ?' বিশ্বয়ে উমার সমস্ত মুথ দাদা হ'য়ে গেলো।

'কেন, নামে তাঁর কোন বিশেষত্ব আছে নাকি ?'

'আছে। নাম তাঁর নিশিকান্ত সারখেল।'

'কি বললে, নিশিকাস্ত ? সারখেল ?' বরেন শ্বতির অন্ধকার ঘাঁটতে লাগলো: 'হাা, ভয়ানক চেনা মনে হচ্ছে।'

'মনে হচ্ছে কি গো?' উম। উঠে বদলো উত্তেজনায়: 'তুমি তাঁকে দম্বরমতো আজ এদে তোমার দক্ষে দেখা করতে লিখেছ — বিকেল পাঁচটায়। এই দেখ দেই চিঠি।' বালিদের তলা থেকে উমা দেই চিঠি বার করে' দেখালো।

'হাা, এই চিঠি বটে।' বরেন আভোপাস্ত আবার পড়লে: 'তুমি এ পেলে কি করে' ?'

'বোনাফাইডিস্ সপ্রমাণ করবার জন্তে ভদ্রলোক এই চিঠি আমার কাছে পাঠিয়ে দিয়েছেন। তবেই তাঁকে বাইরের ঘরে অবারিত আশ্রয় দিয়েছি। কি. এইবার মনে পড়লো ?'

'হাা, দিন পনেরো আগে এটা লিখেছিলাম। মাঝখানে একদম মনে ছিলো না।'

'কে এই নিশিকান্ত ?'

'একজন গ্রাম্য তালুকদার। সম্প্রতি কতকগুলি স্থানীয় অত্যাচারে পীড়িত হ'য়ে আমার কাছে কতগুলি নালিশ করেছিলেন। আমি কিছু তার প্রতিকার করতে পারি কি না দেখবার জন্মে তাঁকে আজ ্লিখেছিলাম আসতে।'

'সেটা ভোমার কাছে নিভাস্তই অকিঞ্চিৎকর ঘটনা', উমা ভার কণ্ঠস্বরে একটু বিজ্ঞপ মেশালো: 'ভাই ভারিখটাকে ভূমি অনায়াসে ভূলে যেতে দিয়েছিলে। কিন্তু এই একটু আখাসেক কুল্লালা পেয়ে বাতগ্রন্থ ভদ্রলোক কী আমাছযিক কট, করেছেন তার তুমি কিছু খবর রাখো? সমস্ত দিন আজ তাঁর স্নানাহার হয় নি, বাড়িতে বড়ো ছেলেটির তাঁর টাইফয়েড, অবস্থা ভালো নয়, তবু তোমার চিঠির সম্মান রাখতে সমস্ত বিপদ ও কট তিনি অস্বীকার করেছেন। তুমি তাঁকে কীবলনে?

'বললুম, রাত তুপুর পর্যন্ত কারুর বাড়িতে প্রতীক্ষা করে' বদে' থাকাটা ভ্রম্বতা নয়।'

'চলে' গেলেন তারপর ?'

'তাড়িয়ে দিলে লোকে আর কী করতে পারে ?' বরেন উঠে পড়লো চেয়ার হৈছে : 'নাও, নাও, ওঠো, থেতে দাও, থিদের আর ঘুমে আমার সমস্ত শরীর ছিঁড়ে পড়ছে। অপরিচিত আগস্কুকের কথা নাভেবে এবার তোমার নিজের স্বামীটির দিকে তাকাও।'

উপান্ত

কোলকাতার বৃষ্টির একটা আলাদা চেহারা আছে। সব যেন হঠাৎ কেমন নিরানন্দ, নিরর্থক মনে হয়।

ট্রামে করে' ধর্মতলা যাচ্ছিল্ম, সকালবেলা। মেছুয়াবাজার স্ট্রীটের কাছে এদে দাঁড়াতে দেখল্ম, সেটা আর এমন কী দেখবার, পিছল ফুটপাতে জুতোটা হঠাৎ হড়কে যাওয়াতে বুড়ো-মতন একটি ভদ্রলোক, গায়ে তাঁর গলাবদ্ধ জিনের একটা কোট, পায়ে কেড্স, ও-তুটো বস্তম কোনটাতেই লেশমাত্র ভদ্রতা নেই — কাদা-জল ঘেটে মাটি থেকে তাঁর হাতের বাজারটা একেক করে' কুড়িয়ে নিচ্ছেন, ক'টি কাঁচকলা, ক'টি যজ্জিড়ুমুর, ক'টি উচ্ছে, ক'টি গাঁদালপাতা। ঘড়িতে চেয়ে দেখল্ম, সাড়ে ন'টা প্রায় বাজে, ভদ্রলোক কথনই বা বাড়ি যাবে, কথনই বা আপিস দৌড়ুবে। হঠাৎ থেয়াল হ'লো দেটা এম্পারার্স্ বার্থ-ডে'র ছুটি, আপিস-আদালত বন্ধ। যেন থানিকটা আরাম পেল্ম, ভদ্রলোককে জিনিসগুলি আস্তে-আন্তে দিল্ম কুড়িয়ে নিতে। ট্রামটা ছেড়ে দিলো। বিচিত্রবিস্তীর্ণ রাজধানীতে দেটা আর কিছু মনে করে' রাথবার জিনিস নয়।

রাজধানীতে নয়, কিন্তু আমাদের এই মফস্বলে সেটা প্রায় চোধ কপালে তুলে দেখবার জিনিস।

কিছুকাল মফম্বল ছেড়ে বাইরে ছিলুম, অর্থাৎ কোলকাতার, মাকে
নিয়ে মেডিকেল কলেজে। কাল রাত্রেই আমার ফিরে থাবার কথা।

এমন নয় যে আমি নাথাকার দক্ষন আদালতের সমন্ত মোকদ্দমা এক ভাকে থারিজ হ'য়ে যাচ্ছে বা ভিক্রিজারিতে ক্রোকী পরোয়ানা বেক্তে পাচ্ছে না। কিন্তু মাসথানেকের বেশি বাড়িছাড়া, কার বিরুদ্ধে কী ঘোঁট পাকলো, কোন্ বাড়িতে কী স্থ্যাণ্ডেল উঠলো, নতুন আর-কে মিসট্রেদ এলো গার্লদ্-স্থলে, কিছুরই কোনো থবর রাখি না। তারপর থেলার মাঠ, নদীর পাড়, নরেশ পাট্যাদারের দোকান, গেজেটেড অফিসারদের ক্লাব, সমন্ত কিছু থেকেই বঞ্চিত, বিচ্ছিন্ন হ'য়ে আছি। কতক্ষণে নিজের জুতোতে গিয়ে পা সেঁধোব তারি জন্ম আইটাই করছিলুম, তাই টেনে এসে উঠতেই গায়ে যেন বাতাস দিলো।

খানিকটা কৌতুকের সঙ্গে চমকে উঠলুম, যথন দেখলুম মেছুয়াবাজার স্টীটের সেই ভদ্রলোক আমারই গাড়িতে এসে উঠেছেন, একশো এগারো নম্বর গাড়িতে। চিনতে পারতুম না যদি না তাঁর গায়ে সেই গলাবন্ধ কোট থাকতো ও বর্ষার দিনেও পায় থাকতো কেড্স্, ডালা-ভাঙা একটা স্থটকেস, নারকোলের দড়ি দিয়ে বাঁধা, পেট-মোটা এনামেলের একটা কুঁজো, ভিজে একখানা গামছা, আর থেরোর একটা বালিশ, অড়টা শেষ পর্যন্ত একে পৌছুতে পারেনি। কাপড়ের ঝুলটা যেখানে এসে ঠেকেছে দেখানটাকে আমরা হাঁটু বলি। বেঞ্চির উপর দেয়ালের ধারে মোটা একগাছ লাঠি শোয়ানো, সমন্ত কিছুর কাছে ঐটেই যেন কেমন অসন্ত, একটু বা অসাধারণ লাগছে।

ভিজে গাম্ছা দিয়ে ঘাড় ও মাথা মুছে ভদ্রলোক জিগগেদ করলেন, কোথায় যাচিছ।

জারগাটার নাম করলুম। ভদ্রলোক চমকে উঠলেন। কেমন ফ্যাকাসে মুথ করে' আমার দিকে থানিক্ষণ তাকিয়ে রইলেন।

বললেন, 'রান্তিরে ঘোড়ার গাড়ি হু'এক আনা সন্তায় যায়, না ?'

'তা যায় মাঝে-মাঝে। এ ট্রেনে বিশেষ প্যাদেঞ্জার থাকে না কিনা। তা, আপনি কোন পাড়ায় যাবেন ?'

তার আগে, আমি কী করি সেটা জিগগেদ করে নেয়া ভদ্রলোকের সমীচীন মনে হ'লো। বলতে লজ্জা করে, কথাটা বলতেই যেন কেমন শোনায় আমি কিছু লেখাপড়া করিনি, আমার পয়দা-কড়ি কিছু নেই, আমি নিতান্তই অপদার্থ — তবু দাহদ করে' বললুম, 'ওকালতি।'

আগে যদি বা ভদ্রলোকের মৃথ ফ্যাকাসে ছিলো, এখন একেবারে শুকিয়ে চুপসে কালো হ'য়ে গেলো। কুঁজোর মৃথ থেকে গ্লাস বার করে' এক গলা জল থেলেন। নির্লিপ্ত হ'য়ে,বাইরের দিকে এমন ভাবে চেয়ে রইলেন যেন উকিলের মতো তুর্জন সংসারে আর তু'জন হ'তে নেই।

আমিও জিগগেস করতে পারতুম ওঁরই বা কাজের কী নম্না। কিন্তু জবাবে যদি উনি বলে' বসেন, আমি একজন উকিলের মৃত্রি, তখন, বলতে কি, আমারই অত্যন্ত লজ্জা করবে।

গাড়ি ছাড়তেই ভদ্রলোক ল্যাভেটরি থেকে ঘ্রে এলেন ও পরম্হুর্তেই তার আবার প্রচণ্ড পিপাদা পেলো। বললেন, 'বয়েল্ড্ ওয়াটার, থাবেন একটু?'

বললুম, 'তেটা পায়নি।'

'তেষ্টা না পেলেও থাওয়া উচিত। যত পারবেন থালি জল থাবেন। জল থেলে শরীর ভারি স্নিগ্ধ, ভারি ঠাণ্ডা থাকে। আর আমারই থ্ব তেষ্টা পাচ্ছে মনে করছেন নাকি ? ও একটা অভ্যাস, হাবিট।'

গাড়িতে বেশি লোক ছিলো না, এ-লাইনে একটা য়াক্সিডেণ্ট হ'য়ে যাবার পর থেকে ইঞ্জিনের পিছনের গাড়িটা একদম প্রায় খালিই থাকে। তাই শোবার জায়গার ভাবনা ছিলোনা। ভদ্রলোক তারি আয়োজন করতে লাগলেন। স্কুটকেস থেকে একটা স্থজনি বেকলো, আর উপাধান হিসাবে কেবল বালিসটাকেই ব্যবহার করলেন না স্থটকেসটাকেও শিরোধার্য করলেন। বললেন, 'নিচু বালিসে আমি শুডে পারি না।'

কিন্তু শুলেই আর মামুষের ঘুম আসে না তাই ভদ্রলোক একসমঃ উঠে বসে' দারুণ বিরক্ত মুখে জিগগেস করলেন, যেন আমারই ভীষণ দোষ, কেন না, এ ট্রেন আমারই দেশে যাচ্ছে: 'আচ্ছা মশাই, গাড়ি চলছে, তরু গাড়ির মধ্যে এত মশা কেন বলতে পারেন ?'

'সাইভিংএ কোন জঙ্গলের ধারে পড়ে' ছিলো, টেনে এনে জুড়ে দিয়েছে।'

'দেখুন দিকি কী কাণ্ড! এমন জানলে এক শিশি তেল নিয়ে আসতুম যে।'

'তেল ;'

'হাতে পায়ে মেথে নিতুম ভালো করে', কামড়াতে পারতো না। শেষকালে কি ম্যালেরিয়ায় মারা যাবো নাকি?' বলে' ভদ্রলোক নিচে চলে' গিয়ে স্বন্ধনিটাকে আজোপাস্ত উপরে তুলে দিলেন।

গম্ভবাস্থানে পৌছে ভদ্রলোকের জন্মে আর অপেক্ষা করনুম না, একটা গাড়ি নিয়ে বেরিয়ে পড়নুম। কিন্তু বাড়ির কাছাকাছি আসতেই টের পেলুম পেছনে খট-খট করে' আরেকটা গাড়ি আসছে। সেটা এসে দাঁড়ালো আমাদেরই পাশের বাড়িতে। আর, কাউকে বলে' দিতে হ'বে না, সে-গাড়ি থেকে নামলেন সেই ভদ্রলোক, স্কুজনি গায়ে দিয়ে।

নিচে আমার খুড়তুতো ভাই শুতো, সে উঠে দরজা খুলে দিলো। জিগগেস করলুম: 'পাশের বাড়িতে কারা এসেছে রে ?'

খুড়তুতো ভাই যথন পরিচয় দিলো, তথন সহস্র রসনায় নিজেকে ধিকার দিয়ে উঠলুম: এ আমি করেছি কী?

অন্তত হু'টো জিনিস আমার করা উচিত ছিলো। প্রথমতো বাঁধ। রেট থেকে তু'-এক আনা সন্তা করে' তাঁকে একটা গাড়ি ঠিক ক'রে দেয়া; দিতীয়তো কোনো স্টেশনে নেমে স্টেশন-মাস্টারের থেকে চেঁয়ে এক শিশি তেল জোগানো।

শুনলুম পীতাম্বরবাবু এথানকার নতুন সবজজ। মাসথানেক হ'লে এসেছেন।

তেলের পরিমাণ এক শিশি থেকে মনে-মনে এক পিপেতে নিয়ে গেলুম। আর, গাড়ির যদি তার দরকার, ইচ্ছে করলে আমিই তো তাঁর বাহন হ'তে পারি।

সকালবেলাই তাঁকে গিয়ে প্রণাম করলুম, যদি বার-লাইব্রেরিতে গিয়ে না গল্ল করেন তবে বলতে পারি, একেবারে তাঁর পা ছুঁয়ে। পা ছুঁয়ে, কেন না পায়ে তথন তাঁর থড়ম ছিলো। বললুম, 'কালকে ট্রেনে আপনাকে চিনতে পারিনি।'

'চিনতে না পেরে ভালোই করেছিলে হে!' পীতাম্বরবার হাসলেন 'একটু ইনকগ্নিটো আসছিলুম। কোলকাতাটা কাছে হ'য়ে হয়েছে বিপদ; ছুট পেলেই ছুটতে হয়। বোনটা পড়েছে অপাত্রে, একটু দেখে-শুনে দিয়ে-থ্য়ে না এলে আর চলে না। এর চেয়ে দ্রে কোথাও ঠেলতো, মনবে চোথ ঠারতে পারতুম, চোথের ওপর তো কিছু দেখছি না। বোসো হে: বোসো, তোমাকে তুমি বলছি বলে' কিছু মনে কোরো না। পাশের বাড়িতে থাকো, তুমি আমার ছোট ভাইর মতো।'

দেখলুম ভদ্রলোকের ভিতরটাতে স্বাদ আছে। আদালতের হু'থানি চেয়ার ও একথানি টেবিলে তাঁর বসবার ঘর। দেয়ালে আমলা-আর্দালি-পরিবৃত পুরোনো দিনের কয়েকথানি ফোটো, প্রুফের-কাগজে ছাপ বাঙলা একথানা ক্যালেণ্ডার, যাতে একাদনী পূর্ণিমা চাঁদের ছবি একৈ বোঝানো আছে। আর রাশীকৃত ঝুল, মাকড়দার জাল, চডুই পাথি বাদা।

বলনুম, 'এ-বাড়িতে আগে ইলেকট্রিক কানেকসান ছিলো না ?'

'কাট অফ করে' দিয়েছি। ও-আলো আমার বড্ড চোথে লাগে। তা ছাড়া রাত্তিরে আমি কোনো কাজ করি না। কিন্তু, ও সব কথা ছেড়ে দিয়ে আমাকে একটা খুব ভালো দেখে ধোপা জোগাড় করে' দিতে পারো ?'

'কেন, পান নি ধোপা ?'

'ব্যাটাছেলেরা সাড়ে তিন টাকার কম কিছুতেই শ' নেবে না।' অক্সায়রূপে ক্যায় বলে'ই মনে হচ্ছিলো, কিন্তু বললুম, 'বলেন কী ?'

'আপে যেথানে ছিলুম তিনটাকা ছ' আনা ছিলো, তা-ও রুমাল গেঞ্জি মোজা বালিসের অড় সব ফাউ নিতো। এথানে এসে আমি কি গুণগার দেবো নাকি ?'

'না. আমি দেবো জোগাড করে।'

'আর ছাধ, একটা মাস্টার। ছোট ছেলে-মেয়ে ছটোকে একটু পড়াবে। তু' টাকা তু' টাকা, চার টাকাই যথেষ্ট, কি বলো ?'

'ঢের **।**'

'আর শোনো, তু'থানা আমাকে তক্তপোস জোগাড় করে' দিতে পারো ? দোতলা বাড়ি, ভেবেছিলুম মেঝেতেই শোয়া যাবে। কিন্তু গৃহিণীর শুনছি কোমরে বাত নেমেছে।'

লক্ষ্য করে' দেখলুম প্রশ্নটা জোগাড় করা, ক্রম্ম করা নয়। তবু গোৎসাহে বলে' উঠলুম: 'অনায়াসে।'

বলতে কি, প্রতিবেশিতার স্থগোগ নিয়ে পীতাম্বরবাবুর সঙ্গে মিশে গেলুম। আমাকেও তাঁর প্রয়োজন ছিলো, সাংসারিক অর্থে, অর্থাৎ কোথায় কী জিনিস পাওয়া যায়, অর্থাৎ কোথায় কি জিনিস সন্তায় পাওয়া যায় তাই আমাকে অহর্নিশ সন্ধান দিতে হ'তো। চার পয়্মার পাঁউয়টি তিন পয়য়য় কিনতে না পেলে তাঁর চা-ই থাওয়া হ'তো না। মনিহারি কোনো জিনিসই তিনি কিনতেন না এথানে, কেননা কোলকাতার চেয়ে দাম বেশি। তু'পয়য়া দিয়ে দৈনিক একগানা বয়মতী কিনতেন, বলতেন খুঁটিয়ে-খুঁটিয়ে থবরের কাগজ পড়ি এমন সময় কোথায়। হপ্তায় ছ'দিন করে' তাঁর নাপিত বরাদ্দ ছিলো, পাইকিরি হিসেবে মাসে চার আনা — এইটেই কাঁর প্রকাণ্ড অপয়য়, কেননা একবার দাভি রাথবার জন্মে কোন জজ তাঁকে মৌলবিসাহেব বলে' ভূল করেছিলেন বলে' তাঁকে এই উৎপাতে মেনে নিতে হয়েছে। গায়ে মাথবার সাবানের বদলে সংসারে তাঁর বেসম চলতো, ঘরের ফতুয়াটাকেই তিনি বাইরের সার্টে আশ্চর্য রূপান্তরিত করতে পারতেন। তু'বেলা গুনে' হ'টি মাত্র দেশলাইয়ের কাঠিতে তাঁর রায়া আর আলো জালানো, কেননা তাঁর মতে এক কিনি আগুন ও এক অতিকায় লয়াকাণ্ডে কিছুমাত্র তফাৎ নেই। সম্প্রতি আদেশ হয়েছে কিছু তাঁকে ঘিকচ ধানের মৃড়ি জোগাড় করে' দিতে হ'বে, ঢাকায় ভিনি যা থেতেন।

জুনিয়ার উকিল, আপিল-আদালতে আমার গতিবিবি ছিলো না, তাই পীতাম্বরবার আমার সঙ্গে নিরাপদে মিশতে পারতেন। কিন্তু ছুই লোক, মানে যারা আমার প্রতিপক্ষ, কানাঘুদো করতো, আমার উদ্দেশ্ত নাকি একটা রিসিভারি, কিম্বা একটা কমিশন, বড়ো জোর একটা গার্জিয়ানি। নিদেনপক্ষে মক্কেল দেখিয়ে বেড়ানো, আমি একটা কে। তাই নাকি আমি ওঁর বর্তমানতম হু' বছরের ছেলেটাকে কোলে নিয়ে আদর করি, ক্ষমাল দিয়ে নাকের সিকনি মুছে দিই।

সেদিন কোর্টে যাবার পথে রান্ডায় ওঁর সঙ্গে দেখা হ'য়ে গেলো, ছাতা যাথায় দিয়ে চলেছেন।

ু দি বলি, প্রথমেই মনে হ'লো চাঁদা করে' ওঁকে একটা ছাতা কিনে
দি, তবে নিশ্চয়ই আমাকে বেয়াদব মনে করবেন। কিন্তু যা থাকে
কপালে, কনটেপ্প্ট্-এর ভয় না করে' বলে' ফেলল্ম, 'কেড্স্ পরে'
কোটে যাচ্ছেন ?'

উনি হেনে উঠলেন, ভোলানাথের মতো। বললেন, নিচেটা কে দেখতে আসছে ? ওপরের দিকেই যতো জাব্বা-জোব্বা হয়েছে, নিচেটা একেবারে ফাঁকা, স্বাধীন। এই ছাখ, শ্বোজা পর্যন্ত পরি না। রাডপ্রেসারের রুগি, শেষকালে কি মাথার শির চিঁড়ে মরে' যাবো?'

'তৰু একটা স্থ হ'লে —'

'আজকালকার ছেলে কেবল মলাট চিনেছ, বইয়ের ভেতরটা আর পড়তে চাও না। চামড়ার জুতোর ঘদা লেগে পায়ে কি শেষকালে কার্বাঙ্কল হবে?'

'কিন্তু এতটা রাস্তা, আপনার একটা গাড়ি করা উচিত।' 'থাওয়ার পর না হেঁটেই তো বাঙালি ছেলেদের ডিসপেসিয়া হচ্ছে।' 'কিন্তু কী চড়া রোদ দেখছেন!'

'ইস, এইটুকু বয়দেই যে একেবারে ফুলের ঘায়ে মৃচ্ছো যাচ্ছ। বলি, কামাচ্ছ কত আজকাল ?'

হেদে উঠলুম। বললুম, 'আপনার গাড়ি হ'লে চড়তে পেতৃম মাঝে-মাঝে। কাজকর্ম নেই, খামোকা এতটা পথ রোজ-রোজ হেঁটে যেতে স্থার পা সবে না।'

উনি চারপাশে একটু তাকিয়ে নিয়ে অস্তরকের মতো, খানিকটা নিয়ম্বরে বললেন, 'আরে ভাই, সেই তো হয়েছে মৃস্কিল। আগে যেখানে ছিলুম, সবাই এক পাড়াভেই ছিলুম, সেয়ারে গাড়ি মিলতো। এখন একজন এখানে, আর একজন ওইথানে।'

কালীবাড়ির সংস্কার হচ্ছিলো। হিন্দুসভার চাঁই **হ'জন উ**র্হি**ল** পীতাম্বরবাবুর কাছে চাঁদা চাইতে এসেছিলেন।

পীতাম্বরবার্ ধন্কে উঠলেন : 'আপনাদের কালীবাড়ি, ভা আমার কি!'

একজন বননে, 'আপনি তো হিন্দু!'

'তা অন্ম জাত যথন নয়, তখন হিন্দুই বলতে হবে বৈ কি।'

'দেই দিক থেকে —'

'আর এই দিকে আমার দেশের বাড়িটা যে বেমেরামত হয়ে পড়ে' আছে তার আপনারা কী করছেন? আপনাদের কালীবাড়ি, আপনারা বুঝবেন। আমরা বিদেশী লোক, এতে আমাদের টানাটানি কেন?'

এর ক'দিন পরে আমি দলবল নিয়ে চাঁদার থাতা নিয়ে ওঁর দ্বারস্থ হলুম। বললুম, 'এদেরকে আপনি ফেরাতে পারবেন না। এ হ'জন সাইক্লে করে' ইণ্ডিয়া টুর করতে যাচ্ছে, চাঁদা চাই।'

আমিই পুরোভাগে ছিলুম বলে হয়তো উনি সরাসরি তাড়াতে পারলেন না। কী একটা অবিবেচনার কাজ করেছি এমনি ভাব দেখিয়ে বললেন, 'আজকে মাসের কত তারিথ তা থেয়াল আছে ?'

ভ্যাবাচাক। থেয়ে বললুম, 'সাতুই।'

'উকিলের কী! সাতুই যা, সাতাশেও তাই। কিন্তু আমরা যারা বাঁধা মাইনে পাই সাত তারিথে তাদের কী থাকে শুনি।'

'ষায় কোথায় ?' মৃচকে একটু হাসলুম।

'যেখানে যাবার, দেখানেই যায়। মোদা কথা হচ্ছে এই, বাজার-খরচ ছাড়া এক শুয়ুসাও নেই।'

ূনা-থাকাটাকেও যে এমন সহজে বলা যায় দলের কেউ তার রসাম্বাদ করতে পারলো না। রাভায় বেরিয়ে এসে একজন বললে, 'হাড়-ক্লণ।' অথচ সেইটে চারিত্রিক অর্থে কোনই দোষ নয়, বরং সামাজিক অর্থে মহাগুণ। একদল যেমন তাঁর নাম ভনে অভ ভক্ষাঃ ধহুও পেরো সভাবনা রাখতো না তেমনি আরেকদল তাঁর মাঝে একজন নিরহকার, নিরাসক্ত সন্ম্যাসীর সন্ধান পেতো। সমতল জীবন ও উত্তুল চিন্তায় তিনি পরাকাষ্ঠা। আইন কথনোই প্রগলভ নয়, আইন গভীর। আর যা ভায়, তা প্রচারে নয়, উপলব্ধিতে। বলা বাহুল্য, আমি ছিলুম শেষের দলে, যদিও আজ পর্যন্ত একটা গার্জিয়ানি পাইনি।

একদিন বঙ্গলুম তাই মুখ ফুটে।

'উপায় নেই, ভাই।' উনি কাঁধ চাপড়ে বললেন, 'তোমার সঙ্গে যথন মেলামেশা আছে তথন তোমারই পক্ষে আমাকে বেশি করে' অপক্ষপাতী হ'তে হবে।'

দল বদলাবো কিনা ভাবছিলুম, একদিন তিনি চুপি-চুপি আমাকে জিগগেস করলেন, 'একটি পাত্র জোগাড় করে' দিতে পারো ?'

পীতাম্বরবাবু সমস্ত জীবন ধরে' ইস্ক ধার্য করেছেন, তু'বছরের যে ছেলেটিকে কোলে নিয়ে আমি আদর করি সেটি তাঁর একাদশতম।
তাই ভিড়ের মধ্যে হাঁপিয়ে উঠে বললুম, 'কার ?'

'আমার তৃতীয় মেয়ের। এই সতেরোয় পা দিলো। আর বলো কেন, ভাবিয়ে তুলেছে।'

একটু কেমন মজা পেলুম। বললুম, 'টাকা দেবেন তো ?'

'সেই তো হয়েছে বিপদ। যে মাছ তুমি চৌদ্দ পয়সায় পাও, সেই মাছই আমার বেলায় চৌদ্দ আনা দাম হাঁকে।' উনি আমার দিকে করুণ করে' তাকালেন: 'তোমরা আজকালকার ছেলে, তোমরাও যদি পেল্ফের কথা বলো তো দেশ দাঁড়াবে কোথায় ?'

'আজকালকার ছেলেদেরই তো টাকার বেশি দরকার।'

'তা দিতে হবে বৈকি, কিন্তু কাকে দিই ?'

সেইদিন পীতাম্ববাব্র বাড়িতে প্রথম চা থেলুম। আর পেয়ালা
নিয়ে যে ঘরে এলো সে মেয়ে। চকিতে চেয়ে দেখলুম স্নেহাধিক্যে
পীতাম্ববাব্ তাঁর বয়েসটা একটু কমিয়ে বলেছেন। দেখলুম পীতাম্বববাব্কে ছাতা কিনে দেবার আগে এ মেয়েটিকেই একথানা শাড়ি কিনে
দেয়া উচিত। জানি, এ মেয়ে-দেখানো নয়, তব্ এ তো তাঁর
মেয়েকেই দেখানো। সাধারণ দৈনন্দিন গৃহচ্যায় মেয়েরা আর কেউ
পেখম মেলে থাকে না, কিন্তু তাই বলে' এমন ময়লা মোটা সেমিজ পরে'
থাকে এ কল্পনার উপরে উৎপীড়ন করা হবে।

মেয়েটি আমাকে সহজে নিশাস ফেলতে দিলে, নিশাসপতনের আগেই ক্রুত অন্তর্ধান করে'। চা-টাও যে কালো হবে তাতে বিশ্বয় ছিলোনা, তবু পেয়ালার কিনারে ধীরে ঠোঁট নামিয়ে এনে বলল্ম 'ইস্কুল শেষ হয়েছে ?'

পীতাম্বরবার এমন ভাবে তাকালেন যেন তাঁর মাথায় বাড়ি দিয়েছি। বললেন, 'পাগল হয়েছ! আবার ইস্কুল!'

কোথায় তাঁকে বিঁধছে বোঝবার জন্মে তাঁর মুথের দিকে তাকালুম।

'দ্বিতীয় মেয়েটা ভারি ব্রাইট ছিলো, বি-এ পর্যস্ত টেনে নিয়ে গিয়েছিলুম, য়ি-লাভ করতে চাইলো, বাধা দিলুম না। শেষকালে বিয়ে করে' বসলো গিয়ে একটা পাঞ্জাবীর সঙ্গে। আথেরে লাভ হলো কী ? পৃথিবীতে আরো কয়েকটা মোটর-ডাইভারের সংখ্যা বাড়লো, উনি টি- বি স্থানাটোরিয়ামে স্থানাস্তরিত হলেন, আর আমি প্রতি মাসে তার জ্বের টেনে-টেনে ক্ষয় হ'য়ে গেলুম। বাজারের হিসেবটা একটু রাথতে পারে, স্থামীকে তুটো মামূলি চিঠি লিখতে পারে, আত্মহত্যা করতে হ'লে লিথে যেতে পারে, আমার মৃত্যুর জন্মে কেউ দায়ী নয়, তা হ'লেই যথেষ্ট।'

বলল্ম, 'লেথাপড়ার জৌল্স একটু না থাকলে চাকুরে ছেলেদের যে আজকাল মন ওঠে না। স্ত্রী-জিনিস্টা ক্রমশই আজকাল বাইরেকার উপকরণ হয়ে দাঁড়াচ্ছে। এ যেমন আমার মোটর, এ যেমন আমার দ্রাধিং-রুম, তেমনি আমার স্ত্রী!'

'রেখে দাও তোমার চাকুরে ছেলে। বড়ো মেয়েটাকে দিয়েছিলুম না একটা ইঞ্জিনিয়ারের হাতে! কী লাভ হ'লো? ব্রিজের ওপর থেকে পড়ে' গিয়ে ছাতু হ'য়ে গেলো। কতকগুলো কাচ্চাবাচ্চা নিয়ে বড়ো মেয়ে * এখানে এসে ১৪৪-আর্টিকেলে প্রায় তামাদি হ'তে বসেছেন।' বলে' নিজের রসিকতায় নিজেই হেসে ফেল্লেন।

বল্লুম 'একটা আপিল ভিদমিস করে' আরেকটা আপিল আপনি এলাউ করেন না? তেমনি একজন বিগড়েছে বলে' আরেকজনকেও আপনি বিগড়ে দেবেন ?'

মেয়েটিকে যদি না দেখতুম তবে নিশ্চয়ই তার পক্ষ নিতে পারতুম না। বিবেচনা করে' দেখলুম পরনের শাড়িটা মোটা ও অপরিচ্ছন্ন হ'লেই কোন-কোন মেয়েকে বুঝি ভারি স্থন্দর দেখায়।

'কেবল বাজে-খরচ। ছেলের জন্মে হ'লে বরং ইনভেন্টমেণ্ট বলতে পারো।'

'আপনার বড়ো ছেলে নেই ?'

আছে বৈ কি। ঐ জ্যোৎস্বার ঠিক ওপরে।'

'की करर १'

'ফিল্ম। মাঝে-মাঝে এখানে যে আদে টের পাও না ?'

'কই, দেখি নি তো !'

'রাতের ট্রেনে আসে, ভোরের ট্রেনে চলে' যায়। মনি-অর্ডার যেতে দেরি হ'লেই চ'লে আংদে, এবং থে-মূর্তি ধরে' আসে, তক্ষুনি-তক্ষুনি তাকে টাকা না ফেলে দিয়ে উপায় নেই। মানের চেয়ে টাকা তো আর বড়ো নয়।' বলে' উনি একটা দীর্ঘনিখাস গোপন করলেন। বললেন, 'এখন কেবল একদৃষ্টে বিলেতের দিকে চেয়ে আছি।'

'দেখানে কে ?'

'আমার ছোট ভাই, মা এইটুকু রেথে মারা গিয়েছিলেন। কোলে-পিঠে করে' মান্থ্য করেছি। আর সে একটা মান্থ্যের মতো মান্থ্য হ'য়ে উঠেছে। য্যাট্রক থেকে বি-এ পর্যন্ত ফার্স্ট্, বিলেতে পাঠিয়েছি আই-সি-এস হ'য়ে আসতে। হয়তো শেষ পর্যন্ত ওর জজিয়তিতে চাকরি করতে পাবো না, কিন্তু থাক্।'

এতক্ষণ পরে, লক্ষ্য করে' দেখলুম চোথ তাঁর সজল হ'য়ে উঠেছে।
কথাটাকে চাপা দিয়ে পুরোনো কথায় ফিরে গিয়ে বললেন, 'কুড়িয়েকাচিয়ে কিছু টাকা দেবো, মেয়েটাকে চালান দিতে পারলে বাঁচি।'

হাসলুম। বললুম, 'কুড়িয়ে-কাচিয়ে কেন, নাড়া দিলেই ভো ঝরঝরিয়ে ঝরে' পড়বে।'

'তোমাদের এই সব মফস্বলের লোন-কোম্পানিরা কিছু তার রেথেছে নাকি ? জীবনের সমস্ত পুঁজি-পাটা লোপাট করে' দিয়েছে।'

অন্তের অর্থনাশে দানিত্র আমরা মনে-মনে খুসি হই: আমি নাই বা ধনী হলুম, কিন্তু ধনী আমার দরিদ্রতার সমতলে নেমে আত্মক এই আমাদের মনোবাঞ্ছা। তাই সেদিন যখন শুনলুম তিনি নিম্ন-আদালতের দিকে যাচ্ছেন স্বাইর চাঁদার হার স্মান করতে, তখন তাঁর প্রতি ঘ্রণা না হ'য়ে ক্ষণা হ'লো।

বলনুম, 'কোথায় যাচ্ছেন ?' 'ও-পাড়া।'

'এই বৃষ্টিতে ?'

'আর বলো না! কোথায় কী পার্টি-ফার্টি হ'বে, তাই আমাদের দিতে হ'বে চাদা। ওরা পাছে না বেশি দিযে ফেলে, তারি একটা ব্যবস্থা করতে যাচ্ছি। স্ববাইর সমান থাকলে কেউ কিছু বলতে পারবে না।'

ক্ষীণ প্রতিবাদ করে' বললুম, 'আপনি সিনিয়র, দিলেনই না-হয় কিছু বেশি।'

'ঐ তো তোমাদের দোষ, আয় দেখ, ব্যন্ন দেখ না। তোমার পাঁচ টাকা আছে, চার টাকা খরচ করলে; আমার পঞ্চাশ টাকা আছে, উনপঞ্চাশ টাকা খরচ করলুম, মোটমাট দাঁড়ালো কত? য়াাকাউট কমিশনটা কি তোমাকে সাধে দিই নি?' বলে' পীতাম্বরবার হেসে উঠলেন।

কিছু আমি হেসে উঠতে পারলুম না, যথন একদিন রাত্রে, যদিও সেটা শুক্লপক্ষ নয়, জ্যোৎক্ষা আমারই ঘরে এসে দাঁড়ালো। পাশের বাড়ি বলতে মফম্বলের বাড়ি, সেটা মনে রাখবেন, কেননা হ'বাড়ির মারখানে দেখানে শুধু একটা দেয়ালের ব্যবধান থাকে না, থাকে থানিকটা পোড়ো জমি, আগাছার ভিড় বা জঞ্জালের স্তৃপ, আর সেদিক যদি না মাড়ান তবে তো আপনাকে রশি দেড়েক রাস্তাই পেরিয়ে আসতে হবে। জ্যোৎক্ষা যে কি করে' এলো ততোটা ভেবে দেখবার পর্যন্ত অবকাশ ছিলো না, তার আদাটা এমন আক্ষিক, এত চমৎকার। ক্বপণ আইনও যে কল্পনাময় সাহিত্য হ'তে পারে আমি তারি একটা পরিচ্ছেদ পড়ছিলুম বিলিতি এক বইয়ে, কিছু চোথের সামনেই তার জ্বনন্ত দৃষ্টাস্ত দেখতে পালে। ভাবি নি!

জ্যোৎস্বা মৃথ নিচু করে' বললে, 'মা পাঠিয়ে দিলেন।'

তার এখানকার বেশবাদেও তার অবিভি সমর্থন ছিলো না। তবু বললুম, 'এত রাত্তে ?' 'হাা।' জ্যোৎসা আরো মৃথ নামালো। সে নয় যেন ঘরের শৃহতা আমাকে বললে, 'কটা টাকার দরকার।'

এতটা নিশ্চয়ই আশা করি নি। বলল্ম, 'কত ।'

'कू ড় টাকা। ना পারেন, যা পারেন।'

দেয়ালে ক্যালেণ্ডারের দিকে তাকালুম। মাসটা তথনো একেবারে অতলে তলিয়ে যায়নি, কিন্তু ভেবে অবাক লাগলো। মোটে দশ টাকার ছু' টুকরো নোট!

তার কণ্ঠস্বরে টের পেলুম জ্যোৎস্মা ঈ্বৎ চঞ্চল হ'য়ে উঠেছে: 'যদি থাকে তো দিন, আমার দাঁড়াবার সময় নেই।'

অটুট কুড়িটা টাকা আমার কাছে থাকবার কোনো কথা নয়; কিন্তু বিপন্ন একটি মেয়ে রাত করে' ঘরে এসে ক'টা টাকা চাইছে, হাত শৃত্ত বলে' তাকে ফিরিয়ে দিতে হবে এমন অসমর্থ পুরুষের কথা আমি কল্পনা করতে পারি না। বললুম, 'বোসো, এনে দিচ্ছি।'

দেখলুম জ্যোৎক্ষা বসলো না। কায়াহীন মৃতির মতো দাঁড়িয়ে রইলো।

থানিকবাদে ফিরে এলুম। থানিকবাদে কিন্তু জ্যোৎস্নার মনে হচ্ছিলো, আমি যেন কত দূর দেশে কত যুগ কোথায় চলে গিয়েছি।

আমাকে ফিরতে দেখে সে যেন পায়ের নিচে মাটি পেলো। বললো, 'পেয়েছেন ?'

'यि विल, भारे नि?'

'তা হ'লে', জ্যোৎসা একমূহূর্ত শূক্ত, ন্তর হ'য়ে রইলো: 'তা হ'লে মিছিমিছি আমাকে এভক্ষণ দাঁড় করিয়ে রাখলেন কেন? যা হয়, বলুন স্পষ্ট করে'। না পাওয়া গেলে অক্ত ব্যবস্থা করতে হ'বে।'

মনে-মনে হাদল্ম। বলল্ম, 'অগ্ত ব্যবস্থার পথও কিছু আছে নাকি ?'

'কিছু না থাকে, মা'র হাতে গয়না তো আছে।' বললুম, 'পেয়েছি টাক। কিন্তু, কেন, কী দরকার আমাকে বলবে ?' 'দাদা এসেচেন।' জ্যোৎস্নার চোথ কান্নায় উথলে উঠলো। একটি কথাতেই সকল কথা বুঝে নিলুম আগাগোড়া।

জ্যোৎসা হাত বাড়িয়ে দিলো, পরমহন্দর কুষ্ঠিত একথানি হাত। বললে, 'দিন। বেশি দেরি হ'লে চেঁচামেচি স্থক করবে। বাবার শরীরটা ভালো নেই, এই দবে একটু ঘূমিয়েছেন। তা ছাড়া', জ্যোৎস্না একটা ঢোঁক গিললো: 'তা ছাড়া আজ হুপুরে দেশের বাড়ি থেকে মেছকাকার চিঠি এসেছে, ডিক্রিজারিতে ভিটে-মাটি নিলেমে ওঠবার জোগাড়, তাই বাবা আজ তুপুরে তু'শো দশ টাকা তাঁকে মনি-অর্ডার করেছেন। মাস-মাস বরাদ্দ টাকা তো নেনই, তার ওপর আবার ধার করেন। বাবার এত হ:খ আমি দেখতে পারি না। এর চেয়ে আমি যদি ওঁর ছেলে হ'য়ে জন্মাতুম --'

এর চেয়ে সেটা তবে বিশেষ রমণীয় হ'তো কিনা সন্দেহ। বলনুম, 'নাও। সঙ্গে একটা আলো দেবো ?'

'দরকার নেই।' জ্যোৎস্না চোথের পাতা থেকে ঘুমের মতো, অদৃশ্য হ'য়ে গেল।

এর পর কতদিন পীতাম্বরবাবুর বাড়ি যাই নি, কেমন লজ্জা করতো। পীতাম্বরবাবু হয়তো কিছু সন্দেহ করবেন না, কিন্তু আর কেউ হয়তো ভাববে, আমার মন কী ছোট, সামাগ্য ক'টা টাকার জ্ঞাে পাতের কাছে বেরালের মতো ঘুরঘুর করছি।

ভারপর আরো বহুদিন যাওয়া হলো না, যথন মাসের ঠিক দোসরা তারিথ সকাল বেল। পীতাম্বরবাবুর অর্ডলি আমাকে একথানা থাম দিলো। খুলে দেখলুম কুড়ি টাকা।

জিগগেস করবার প্রয়োজন ছিলো না, তবু করলুম: কে দিলো ?' 'বাবু।'

ব্ঝলুম, ব্যাপারটা যেন কিছু গন্তীর, কিছু-বা ব্যথিত। নিজেরই ভারি লজ্জা করতে লাগলো জ্যোংসা এই সামাগু কথাটা তার বাবাকে বলতে গেল কেন? সংসারে টাকাই ব্ঝি কেবল শোধ করা যায়, নইলে আমার ঘরে তার সেই চলে' আসার যে আকস্মিকতা আর তারি যে বিছান্নয় আনন্দ, সেই আনন্দের ঋণ আমি কী করে' শোধ করবো শুনি? টাকা না দিয়ে আমি যদি তাকে আর-কিছু দিতুম, তবে কি সে তা বলতো গিয়ে তার বাবাকে?

টাকাটা ফিরে পাবার জন্মে আমি অনেকটি স্থণীর্ঘ রাত্রির জন্মে অপেকা করতে পারতুম, কিন্তু পীতাম্বরাব্র আকস্মিক অমিতব্যয়িতায় সমস্ত গোলমাল হ'য়ে গেল।

এর পর আর দে-বাড়ি গিয়ে কী করে' মুখ দেখাই !

গেজেটেড অফিসারদের ছাড়া আমাদেরো একটা পাঁচমিশেলি ক্লাব ছিলো, প্রাকৃতজনের ক্লাব। আমাদের মধ্যে কেউ-কেউ অবিশ্রি প্রথম ক্লাবটায় যেতুম; উদ্দেশ্য বাইরের লোকদের একটু দেখানো আমরা ঠিক ফটো না হ'লেও তার ফ্রেম, সিঁড়ি না হ'লেও তার রেলিং। চৌরপিতে কুঁড়ে ঘর বাঁধলেও লোকে বলতে বাধ্য লোকটা চৌরপিতে থাকে। কিন্তু যেই যাই বলুক, নিজেদের আড্ডায় না যেতে পারলে পেট গরম হ'য়ে রাত্রে হংস্থপ্প দেখত্ম। কেননা নিছক পরের নিন্দেকরতে না গেলে পেট ফেঁপে হংস্থপ্প দেখবারই কথা। সমাজে যে বড়ো, মইয়ের উচু ধাপে যে আসীন, বলতে কি, তার নিন্দেটাই সব চেয়ে বেশি কর্ণরোচক। তাই দেখানে আর-আর গণনীয়দের সঙ্গে পীতাম্বরবাবুকেও স্বাই চপের কিমার মতো কুচি-কুচি করে' ফেলতো। যেমন একবার

নাকি উনি বাইরের ঘরের আলো জালিয়ে রেথে কোথায় নেমন্তম থেতে বেরিয়েছিলেন, হঠাৎ তাঁর মনে পড়লো লঠনের পলতেটা ডুবিয়ে দিয়ে আদেন নি, তক্ষ্নি, তাঁকে ফিরতে হ'লো, কিন্তু এতথানি পথ অনাবশুক তাঁকে ফের অতিক্রম করতে হ'লো বলে' তিনি জ্তোজোডা বগলে করে' নিলেন, কেননা জুতোর এই অকারণ শক্তিহাস তাঁর মাসিক বাজেটে লেখা ছিলো না। বলা বাহুল্য, এইখানে, ঠিক এই পীভাম্বরবাব্র জায়গায় আমি থেমে পড়তুম। মনে হ'তো কে যেন আমার কোমল একটি বেদনার জায়গায় রুঢ় হন্তক্ষেপ করছে। লোকে কেবল আয়ই দেখে, বায় দেখে না — কঠোর এই একটা ইকনমিক্সের কথা নশ্বর জীবনের সার ফিলজফির মতো আমি শ্বরণ করতুম। একের থেকে এক বাদ দিলেও শৃহ্য। মোটমাট সেই স্কেন্ত শৃহ্যতা। লোকে যাকে রুপণতা বলতো দে যে অজ্প্রতা, সেটা চিত্তের দারিস্র্য না হ'য়ে যেকত বড়ো এখর্য এ-কথা হয়তো আমিও ভালো ব্রুতে পারিনি।

রবিবার, সন্ধেদন্ধি নরেশ পাট্টাদারের দোকানে বসে' মফস্বলি আড্ডা দিছিলুম, স্বারই সঙ্গে আমিও লক্ষ্য করলুম একটা ছ্যাক্ডা গাড়ি করে' একটি যুবতী মেমদাহেব কোথায় চলেছে। বলতে পারেন, এথানে ট্যাক্সি না থাকলে ভদ্রমহিলা কী করতে পারে, কিন্তু ঘোড়ার গাড়ির অসকতিটাই এথানে দেথবার নয়, দেথবার হচ্ছে তার পোযাক, তার পোষাকের অসঙ্গতি। পরনে তার ভারতীয় শাড়ি, থাটো করে' গ্রাম্য কায়দায় পরা, কোথায় অকারণ সঙ্কৃচিত ও সজ্জিপ্ত হ'তে গিয়ে আঁচলটা আর ঘোমটার বেড় পায়িন; কিন্তু তারো চেয়ে আশ্চর্গ ছিলো মাথায় তার সিঁছর, হাতে তার শাথা, হয়তো-বা পায়ে আলতা, গাড়ির ভিতরে ঠিক দেখা যাচ্ছে না। এমনি তার দেশের পোষাকে থাকলে, একা-একা যেমনি দে যাচ্ছিলো, নিঃসন্দেহে ভারতে পারতুম কোলকাতা থেকে অর্ডার

্আসছে; কিন্তু তার এই উৎকট ভারতীয়তা দেখে মনে কেমন থটকা লাগলো। সন্ধী নেই জিনিস-পত্র নেই, বিদেশ বিভূম্মে এসে ভদ্রমহিলা নাবিপদে পড়ে!

তাকে ঠিক অম্পরণ করা বলে না, কৌত্হলী হওয়া বলে। হেঁটে বাচ্ছিলুম, তাই এক সময় পাশের গলি দিয়ে গাড়িটা অন্তর্হিত হ'য়ে গেল। এ-গলি ও-গলি ঘুরে গাড়িটার যথন সন্ধান পেলুম তথন পীতাম্বর-বাবুর বাড়ির কাছে এসে পৌচেছে।

রাস্তা থেকেই শুনছিলুম পীতাম্বরবাবুর স্ত্রী চেঁচিয়ে উঠছেন: 'ওমা, এ কী সর্বনেশে কথা গো! এ বাড়ি নয়, এ বাড়ি নয়, ওকে চলে' থেতে বল্।'

জ্যোৎস্না উচ্চারণ-কৃষ্ঠ অসাড় জিহ্বায় জড়িয়ে-জড়িয়ে বলছে: 'নট দিস হাউস প্লিজ।'

আরো কে যেন তাকে শাসিয়ে বলছে: 'সব জাত-জন্ম ছুঁয়ে-ছেনে একসা করে' দিলে যে গো।'

ব্যাপারটা ঠিক হচ্ছে না, আমি ঘরের ভেতর চুকে পড়লুম। দেখি দ্রাক্ষাবনবাসিনী মদিরেক্ষণা সে-যুবতী একটা চেয়ারে বসে' নারীবাহিনীর দিকে চেয়ে মৃত্-মৃত্ হাসছে।

আমি তাকে জিগগেস করলুম, জজ সাহেবের সঙ্গে তার কোনো দরকার আছে কি-না।

সে বললে, 'হাা, তিনি কোথায়? ভাটচারিয়া জিনিস-পত্র নিয়ে পিছে আসছে, আমি ব্রাদার-ইন-ল'কে দেখবার জন্মে উর্ধেশাসে ছুটে এসেছি।'

অন্তঃপুরিকাদের বৃঝিয়ে বলল্ম, ব্যাপারটা আইনের একটা ধার বা প্রকরণের মতোই জটিল। গ্রন্থি খোলবার জন্মে অন্তরালে আরো কিছুকাল তাদের অপেকা করতে হবে। এমন সময় ক'টা স্থটকেস-বোঝাই আরেকটা গাড়ি এসে দাঁড়ালো। আবার কে এলো তাঁর বাড়িতে, গৃহমুখবর্তী পীতাম্বরবাব রাস্তার প্রায় মোড় থেকেই দৌড়ে এলেন। গাড়ির পা-দানির কাছেই তাঁর আরোহীর সঙ্গে দেখা হ'ষে গেল।

'কে, স্থীর ?' আনন্দে না আতকে পীতাম্বরবার্র সমস্ত উপস্থিতিটা আড়ষ্ট হ'মে এলো: 'এ কী, কোখেকে ?'

ऋषीत घारमत छेभत्रहे मामारक व्यनाम कत्राना।

পীতাম্বরবাবু তার গায়ে হাত ব্লুতে-ব্লুতে বললেন, 'শরীর ভালো আচে তো রে ?'

'আছে।'

'তবে হঠাৎ চলে' এলি কেন ? দেশের জন্মে বৃঝি মন পোড়ে, না ?' বোম্বে-সিনেমাতে একটা অফার পেয়েছি, তার জন্মে।'

সেখানটায় আলো ছিলো না, আলোতে ভাইয়ের মৃথ ভালো করে' দেখবার জন্তে পীতাম্বরবাবু ঘরে এলেন।

'এই দাদা। দাদাকে প্রণাম করো, ডার্লিং।' স্থ্যীর ভারতীয়ভূতাকে শিস দিয়ে একটা ইন্দিত করলো।

ইন্ধূলের ছাত্রের মতো নিল-ভাউন হ'ন্নে মেদদাহেব পীতাম্বরবাব্র ত্ব'পায়ে তুটো ঠোকর দিয়ে লম্বা হ'ন্নে উঠে দাড়ালো।

পীতাশ্বরবাব্র মনে হলো জ্যোৎশ্বার মাও যদি ফ্রাক পরে' এসে দাঁড়াতো, এমন কুৎসিত দেখতে হতো না। শৃক্ত, মৃঢ় চোখে স্বধীরের দিকে চেয়ে পীতাশ্বরবাবু বললেন, 'ইটি কে?'

'বিয়ে করেছি।'

'আর কী করলে বিলেড গিয়ে ?'

'শেষ পর্যন্ত ফটোগ্রাফি শিখলুম।'

পীতাম্বরবাব চারদিকে চেয়ে প্রেতায়িত শুল্র গলায় বলে' উঠলেন: 'সঙ্গে ক্যামেরাটা নিয়ে এসেছ? রাত্তির করে' আমার এই মুথের চেহারাটা তুলে রাথতে পারবে?'

স্থীর ট্রাউজারের পকেটে হাত চুকিয়ে অভিনেতার ভকিতে
দাঁড়ালো। বললে, পৃথিবীতে এথন কেবল আছে হু'টো জিনিস,
এভিয়েশান আর ফটোগ্রাফি। ফিল্মই হচ্ছে গ্রেট, তা আটই বলুন আর
বেইস প্যাশানই বলুন। সম্প্রতি বন্ধে সিনেমার হাণ্ডেল ঘোরাব আর
মিসেস ভাটচারিয়া একটা হিরোয়িনের পার্ট করবে। ব্যালার্ড পিয়ারে
পা দিতে না দিতেই এমপ্রয়মেণ্ট। ভাবলুম, দাদার সঙ্গে একবার দেখা
করে' আসি।'

'ওঁর কী নাম বললে ?'

'ওর ফিল্ম-নাম দময়স্তী। ইণ্ডিগান থীম বলে' ওকে একটু যাক্লাম্যাটাইজ করে' নিতে হচ্ছে।'

'অনেকদ্র এগিয়ে গেছি', মেমসাহেব পীতাম্বরবাব্র ভান-হাতটা ধরে' একবার ঝেঁকে দিয়ে বললে, 'এখন আজকের রাতের জঞ্চে একটু বিশ্রাম, আর বম্বে যাবার প্যাসেজটা হ'লেই আমাদের চলে' যায়।'

মৃহতে একটা কাণ্ড ঘটে' গেল। পীতাম্বরবাব্ একটা চেয়ারে ভেঙে পড়লেন আর তুই হাতে মৃথ ঢেকে অসহায় অবোধ শিশুর মতো উচ্ছুসিত কেনে উঠলেন।

ভারতান্তরিতা মহিলাটি আঁচলে মৃথ চেপে হেসে উঠলো: 'হাউ ফানি!'

কান্না ও কোলাহল শুনে অস্তঃপুরিকারা সদলবলে ছুটে এলো। পীতাম্বরবাব্র মৃচ্ছার মতো হয়েছে। জল, বাতাস, তাক্তার — অনেক রকম উত্তেজনার মধ্যে কেউ বিশেষ আগন্তক-মুগুলের দিকে মনোযোগ দিতে পারলো না। পীতাম্বরবাবৃকে উপরে নিয়ে এলুম। তিনি আমাকে একদিন বলেছিলেন দোতলা বাড়ি দেখে তাঁকে অনেকে বড়লোক ঠাওরাতে পারে, কিন্তু তিনি কী করবেন, বাড়িতে যে লোক আর ধরে না। এখন হিসেব করে' দেখলুম বাড়িটা চারতলা হ'লেই বাড়ি হতো, নইলে সেটাকে বোলতার চাক বলতে হয়। পীতাম্বরবাবু অল্পেতেই স্বস্থ হলেন। এবং পরে যে পরিচ্ছেদ স্ফচনা হবে সেটা নিতান্তই পারিবারিক, তাতে আমার স্থান নেই। তাই নিচে নেমে এলুম। দেখি গাড়ি হুটোকে বিদেয় দিয়ে ভাটচারিয়া-দম্পতি ঘরের মেঝেয় বাক্ম বিছানা টাল করে' ফেলে পাশাপাশি হুটো চেয়ারে বসে' পা ছড়িয়ে দিয়ে আদ্দেক চোথ বুজে ধ্মপান করছেন। 'টেবিলের ওপর টেটো টেপা, দরজার দিকটায় আলো হ'য়ে তাদের কোলের দিকটায় নীলচে অন্ধকার।

আমাকে দেখে ভাটচারিয়া বললে, 'কেমন দেখলেন ?' 'সামলে নিয়েছেন এ-যাতা।'

'কথা বলা যাবে ?' ভাটচারিয়া গলা নামিয়ে জিগগেস করলে।

'ভাইয়ের সঙ্গে এটাই তো বোধহয় কথা বলার সময়।'

'মিহি, মোলায়েম কথা নয়। টাকার কথা। বেশি নয়, ছাথ বম্বের বেল ভাড়া আর ত্ব'হপ্তার হোটেল চাৰ্জ্জ পেলেই আমরা চলে যাই।' মেমসাহেব বললে।

'সন্থ-সন্থ টাকার কথায় বুড়োর বড় লাগবে, না ?' ভাটচারিয়া আমাকে একটু মানবচরিত্র বোঝাবার চেষ্টা করলো। বললে, 'আমি দ্র থেকে অনেক কিছু ভেবে এসেছিলাম; একটা মন্ত সবন্ধন্ধ, ভেবেছিলাম স্টাইল আছে। কিন্তু এ-তো দেখছি একটা আন্তাকুঁড়, এখানে সামান্থ একটা রাত্রিবাস করি ভার স্পেস নেই শেষকালে উপোস করে' রাভ জ্বেগে মারা পড়বো নাকি? শুহুন মশাই, দাদাকে গিয়ে সোজান্থজি

বলতে পারেন, আপাততো শ'চারেক টাকা পেলেই আমরা চলে' যাই।'

'মেইক ইট ফাইভ হানড্রেড। ওয়াব্দ ফর অল্।' মেমসাহেব বললে। 'আর দেখুন, কোখেকে একটা গাড়ি যদি এনে দেন।'

কর্ণপাত করলুম না। রাস্তায় নেমে যেতে-যেতে শুনলুম রোয়াকে দাঁড়িয়ে মেমসাহেব সহরের অন্ধকারে গাড়ি ডাকছে: 'গ্যারি! পাহারালা!'

আর ততোধিক তীত্র স্থরে ভাটচারিয়া চীৎকার করছে: 'ব্যেরা! চাপরাসি! ঠাকুর! শিগগির একটা গাড়ি নিয়ে এসো। গাড়ি না এনে দিলে স্টেশনে আমরা যাই কি করে'?'

বুঝলুম, পীতাম্বরবাব যথন স্বস্থ হয়েছেন তথন এবার সবাইর মনোযোগটা ওদের প্রতি ধাবিত হোল।

পরদিন যে কোর্ট ছিলো মনে হ'তো না, যদি না ছাতা মাথায় দিয়ে গলাবন্ধ কালো কোটটি গায়ে দিয়ে পীতাম্বরবাব্কে উত্তরমূথো যেতে দেথতুম।

বলনুম, 'কেমন আছেন ?'

হুৰ্বল একটু হেসে বললেন, 'বড্ড সেরে গেছি।'

'আজকে আবার কোর্ট করেছেন কেন ?'

'মনটাকে ভূলিয়ে রাখতে। একা-একা ভারি ক্লাস্ত লাগে।'
ভয়ে-ভয়ে বললুম, 'ওরা কোথায় ?'

'কালকেই চলে' গেছে।'

'ক্থন ?'

'শেষরাত্তের টেনে।'

'এতক্ষণ ছিলো কোথায় ?'

'क्न, निरुद्ध घरत्।'

'নটার ট্রেনেই ভাগিয়ে দিলেন দা কেন ?'

পীতাম্বরবাবু বোধহয় একটা দীর্ঘনিশাস লুকোলেন। বললেন, 'এদ্দিন পর এলো, একট না থাইয়ে ছেড়ে দিতে মন কি সরে ?'

'কী থেলো?'

'ভাল-ভাত যা রে থৈছিলো। জোৎশ্বার কাছে শুনলুম বোটাও নাকি সব থেয়েছে আঙুল ডুবিয়ে-ডুবিয়ে। তবেই বোঝো, কেমন ওদের থিদে পেয়েছিলো!'

'ভলো কোথায়?'

'নিচেই একটা তক্তোপোস পাঠিয়ে দিয়েছিলাম। কিন্তু সারারাত ওর ঘুমোয়নি, ব্যাঞ্জো না কি-একটা বান্ধনা বান্ধিয়েছে।'

'আর কান পেতে তাই আপনি শুনলেন ? পুলিগ ডাকিয়ে হাজতে পাঠিয়ে দিলেন না কেন ?'

'রাত পোহাতেই ওরা ভালোছেলের মতো চলে' গেল।' কথাট বলতে পীতাম্বরাব যেন যথেষ্ট আরাম পাচ্ছেন না।

'ভালোছেলের মতো?'

'হাা', পীতাম্বরবাবু বিবর্ণ একটু হাস্লেন: 'টাকা পেলে সবাই, ডাকাতও ভালোচেলে হ'য়ে ওঠে।'

'টাকা ? এর পর আবার টাকা দিয়েছেন নাকি ?'

'কী আর করা, দেখলুম ওর হাত একেবারে থালি।'

'কত দিলেন }'

'পাঁচ শো। ওর বউ বললে এর কমে চলবে না আপাততো। যে লাইনে নেমেছে, অস্তত স্টার্ট হিসেবে টাকাটা নেহাৎ বেশি নয় জানি, কিছু.—' কথাটা জিনি শেষ করতে পারলেন না। 'এত টাকা পেলেন কোথা এ-সময় গু' তিব্ৰু, অসহিষ্ণু হ'য়ে উঠলুম।

'তোমাকে ধন্তবাদ আশু, প্রশ্নটা যে করতে পারলে। চেয়ে-চিস্তেই হোক, ধার-ধোর করেই হোক, বা গয়না-গাটি বেচে-কিনেই হোক কী করে' টাকাটা সংগ্রহ করেছি সেটা অবাস্তর প্রশ্ন। আসল কথা হচ্ছে এই, টাকা থেকেই বা কী হ'বে!' বলে' পীতাম্বরবাব্ আমাকে কানে-কানে বলার মতো করে' বললেন, 'ইজ ইক্ষেল টু জিরো আশু, ইজ ইক্ষেল টু জিরো।'

সাপ

অপরাধের মধ্যে, স্ত্রীকে সেদিন বলছিলুম: হুতন জায়গা, বিশ্রী বৃষ্টি নেমেছে, গায়ে একটা গরম জামা দাও, এখুনি আবার হয়তো খুক-খুক করে' কাশতে স্কল্ল করে' দেবে, তথন কোথায় পাবো ডাক্তার, কোথায় বা পাবো ঠাকুর।

বলা-কওয়া নেই স্থমনি স্থামার ঘরের বাইরের বারান্দায় হাওয়ার ঝাপটা-লাগা গাছের ডাল থেকে বড়ো-বড়ো বৃষ্টির ফোঁটার মতো কডোগুলি হাসির টুকরো ঝরে' পড়লো।

আয়নায় দাঁড়িয়ে আপিসের কাপড় ছাড়ছিলুম, সেই হাসির শব্দে আয়নাটা যেন রোদ লেগে ঝকঝক করে' উঠেছে। এমনি যেন একটু পায়চারি করছি, যতোদ্র সম্ভব ভস্রতার ভান করে' স্ত্রীর দৃষ্টি বাঁচিয়ে জানলা দিয়ে একবার মুখ বাড়ালুম — ব্যাপার কী! এই বোবা বাড়ির মধ্যে কে এই হঠাৎ এমন করে' হেসে উঠলো।

পায়ের নিচে ছুতো হটো যে এত সজাগ তার ছ'স ছিল না। জুতোর আওয়াজ শুনেই সে পালিয়েছে কাঠবিড়ালীর মতো। তার পলায়নের শেষ প্রান্তে শুধু তার অনার্ত বাহর একটা ঝলক ও অনার্ত কাঁধের একটি উচ্ছলতা ছাড়া আর কিছুই ব্রতে পেলুম না। সেটা তার লজ্জা নয়, দেখলুম, সেটা তার বৈছতা। যাই হোক, চোথের কোনোরকম ছলনা করবার দরকার ছিল না, মেয়েটি নিতাস্ত কিশোরী।

সেটা আমি দেখেছি তার এই পলায়নের পরিচ্ছন্নতায়, তার এই এলোমেলো, উদাসীন আত্মবিশ্বতিতে।

গরম ব্লাউজ এঁটে স্ত্রী তথন রান্নাঘরের দিকে পা বাড়িয়েছেন, দরজার আড়ালে প্রতিরুদ্ধ সেই হাসির শব্দ রাশিরাশি হ'য়ে ফের ছিটিয়ে পড়তে লাগলো।

খবরের কাগজ টেনে নিয়ে গোড়াতেই মফস্বলের খবর পড়ছিলুম, গ হাসির শব্দে কান ঘটো খাড়া হয়ে উঠুলো।

- —তুমি কি ভীষণ ভীতু, দিদি, কলোর্মিমালিনী শ্রোতলেথার মতো চঞ্চল সেই মেয়েটি হাসতে-হাসতে বললে, একটু কী বৃষ্টি পড়েছে, অমনি গায়ের ওপর একেবারে একটা বস্তা চাপিয়ে বসেছ!
- —কী করবো ভাই বলো, গান্তীর্যে স্থার গলা মোটা, ঘোলাটে হ'য়ে উঠেছে: তোমাদের যা একখানা দেশ, গায়ে একটু হাওয়া লাগলেই সর্বনাশ। বাড়ির ভিং ফুঁড়ে কুগুলী পাকিয়ে ধোঁয়ার মতো ঠাগুা উঠছে, দেয়ালে হাত রাথছি, যেন জ্বমানো থানিকটা বরফ। সেদিন আবার এমন একটা ভ্যাম্প গরম পড়লো যে চাপা সদি হ'য়ে গেলো, সারাদিন মাথা তুলতে পারি নে। এমন দেশেও লোকে চাকরি করতে আসে।
- —তার জন্মে তৃমি অমনি একটা জুজুবুড়ি সাজবে, দিদি? মেয়েটি অসকোচে বলে' উঠলো: এই চেয়ে ছাথো দিকি আমার দিকে, আমার এই প্রায় সাড়ে তিন গণ্ডা বয়েস পুরতে চললো, কই গায়ে একটা কোনদিন সেমিজ দিয়েছি বলে'ও তো মনে পড়ে না। বাঘা-বাঘা শীত ছোট ভাইটার হেঁড়া একখানা দোলাই জড়িয়ে কাটিয়ে দিলুম, কই কেউ

বলুক দেখি কোনদিন একটা ই্যাচ্চো করেচি! তোমরা হচ্ছ বড়লোক
—তোমাদের কথা আলাদা। বাক্সে-তোরকে জিনিসগুলো তো শুধ্-শুধ্
জড়ো করে' রাখা যায় না, কী বলো, ভগবান যখন দিয়েছেন, বাইরের
লোকদের একটু দেখাতে হ'বে তো। বলে' মেয়েটি ফের স্থর-ফেরতায়
হেসে উঠলো।

- —তার জন্মে নয়, থানিকটা উপেক্ষার স্থরে স্বী বললেন, আমার টনসিল আচে কিনা, তাই সব সময়ে একট সাবধান থাকি।
- টনসিল। গলার স্বরে টের পেলুম মেয়েটি বিশ্বয়ে একেবারে জমে' উঠেছে: সে আবার কি জিনিস।
 - —এই যে পলার হু'পাশে হু'টো গ্ল্যাণ্ড আছে মান্তুষের—
- আমার আছে ? মেয়েটি যেন ক্বতার্থ হ'য়ে উঠলো, কিছ পরক্ষণেই যেন মৃথ মান ক'রে বললে, কই, কোথায় কিছু টের পাচ্ছি না তো। মেয়েছেলেদেরো আছে ?
- —ঠাণ্ডা লেগে যথন একদিন ফুলে' উঠবে তথনই টের পাবে। স্ত্রী করুণা করে' বললেন, তথন গলার ভেতর দিয়ে ছুরি না চালিয়ে আর উপায় থাকবে না।
- —রক্ষে করো। এমন একটা ভয়ের ব্যাপারেও কিনা মেয়েটি গলা হেড়ে হেলে উঠলো: চেলেবেলায় সেই একবার কান ফোড়ানো ছাড়া গায়ে আমার কোনদিন একটা ছুঁচ বেঁধে নি। অন্তর করবার পয়সা কোথায়?

চায়ের জল ততোক্ষণ গ্রম হ'য়ে পটের মধ্যে সঞ্চিত হচ্ছে — বাইরের বারান্দার আমাদের চা থাবার টেবিল — বলতে বাধা নেই, পেরালায় ভাষা কোটবার আগেই নিঃশন্দ তৎপরতার সলে বেরিয়ে এলুম, ঘরের মধ্যে এলে স্ত্রীকে পরিবেষণ করবার স্থযোগ দিলুম না।

এতো ক্রন্ত বিদ্যুৎও হয়তো নিরুদ্দেশ হয় না। বিচ্ছুরিত হাসির একটি দীর্ঘ রেথা রেথে মেয়েটি শুক্তের উপর দিয়ে মিলিয়ে গেলো।

যেন গভীর বিরক্ত হয়েছি এমনি মুথ করে' বললুম,—কে ওই মেয়েটা?

—পেসাদি — আমাদের বাড়িউলির মেয়ে। এই যে ঐ দরজাটা খুলে দিলেই ওদের বাড়ি।

-- (भर्मा नि ?

নামটা কেমন যেন ঠিক বিশাস করতে পারছিলুম না।

ধারালো ঠোঁটে স্বী নিঃশব্দে একটু হাসলেন: একেবারে বুনো। গায়ে এথনো কাঁচা মাটির গন্ধ পাওয়া যাচ্ছে। আমি ওকে সেদিন জিগগেস করলুম,—'তোমার ভালো নাম কি, পেসাদি?' ও যেন একেবারে আকাশ থেকে পড়লো, বললে,—'ভালো নাম ? ভালো নাম আবার কী! মা আমাকে পেসাদি বলে' ভাকে।'

ন্ত্রীর প্রচ্ছন্ন বিজ্ঞাপে সায় দিয়ে বললুম, — তোমার সঙ্গে দেখছি যে ওর বক্ত ভাব। তোমার চেয়ে তো ওকে বয়সে অনেক ছোট বলে' মনে হ'লো। মানে, এই গলার আওয়াজে আর-কি।

- হাা, ঐ পলার আওয়াজেই। আমার সাধ্যি নেই অমন ডাকাতে গলায় হেসে উঠতে পারি।
- —কিন্ত ঐ যে বললে শুনলুম চোদ্দ না পনেরো মোটে বয়েদ, মানে, ঐটুকু মেয়ের সঙ্গে সমান-সমান তুমি মেশো কী করে' ?
- ঐ শুনতেই ঐটুকুন। দেখতে প্রায় একটা য়্যামাজন virago।
 যদি একবার তুমি দেখ! স্ত্রী সামান্ত একটু হেসে তৎক্ষণাৎ সেই হাসি
 সংশোধন করলেন: দরকার নেই দেখে। এতো মন্ত মেয়ে, কিছ
 সম্ভাতার কোন ধার ধারে না। এই ব্য়েসে আমি বেণুনে থার্ড ক্লাশে

মোটে পড়ি, ছিল্ম নড়বড়ে ক'খানা হাড়ের একট্থানি একটা পুতৃল, কোদাল যে কোদাল—কিছুই তথন জানত্ম না, কিছ এরা—কী তোমাকে বলবো? চায়ের পেয়ালায় মুখ ঢেকে স্থী লজ্জা লুকোলেন।

গলায় শুকনো একটা নির্মমতার ঝাঁজ এনে বললুম, — তবে একে বাড়ির মধ্যে প্রশ্রেষ দাও কেন ?

- কী আর করা যায়! যে দণ্ডকারণ্যে নিয়ে এসেছ! তবু হাতের কাছে সব সময় আরেকটা হাত পাচ্ছি, সেইটেই বা কী কম লাভ! চাকরটার দেখা নেই, দরকার হ'লো, ও-ই এসে কুয়ো থেকে ঝপাঝপ জল তুলে দিলো, মশলা পিষে দিলো, কিল মেরে-মেরে নারকেলের ছিবড়ে ছাড়ালো! তোমাকে কী বলবো, মেয়েটার গায়ে যেন বাঘের শক্তি। সেদিন নিজেই ও ত্'হাতে ধরে' ঐ ভারি ট্রাস্কটা একা এ-ঘর থেকে ও-ঘরে নিয়ে গেলো অছ্নেলে। আমি তো তথন থরথর করে' কাঁপছি।
 - —ওকে দিয়ে তা হ'লে তুমি কাজ করিয়ে নিচ্ছ ?
- বা রে, আমি কি ওকে কিছু বলি নাকি কথনো? ও নিজে থেকেই সব কাজে এসে হাত দেবে। কোনো-কোনো বিষয়ে আমি যে ওর কাছে হেরে আছি সেইটে প্রমাণ না করতে পারলে ওর স্বস্তি নেই। সেদিন দোষের মধ্যে ওকে আমি একবার শুধু বলেছিলুম ঐ গাছটাতে কাঁ ভীষণ পেয়ারা হয়েছে! আর কথা নেই, উচু থোঁপা বেঁধে কোমরে কাপড় জড়িয়ে পেসাদি তক্ষ্নি তরতর করে' গাছে উঠে গেলো, তোমাকে বলবো কি, সেই একেবারে মগ-ভালে। সাহস, হুর্দান্ত সাহস মেয়েটার! আর কী রাক্ষ্সে স্বাস্থ্য! সেইদিন একনাগাড়ে বসে' এগারোটা বীচে-কলা থেলো। আমি হ'লে তো হেড্ন্স্!

বললুম, — একেবারে ইডিয়ট দেখছি। মেয়েদের অলক্ষ্যে গাল দিচ্ছি মনে করে' স্ত্রী ঈবৎ উত্তপ্ত হ'রে উঠলেন: কিন্তু পারো তুমি কথনো গাছে চড়তে ? কী করে' নারকোল ছুলতে হয় বলো দিকি, বৃদ্ধিমান ? তোমাকে ট্রান্কটা সরাতে বললে তুমি চারটে কুলি নিয়ে আসতে। যদি বলঙুম, এই এক বাটি হুধ থেয়ে ফেল তো, ভার আগে তুমি আরেকটা লাইফ-ইনসিয়োর না করিয়েতা মূথে তুলতে না। এক ঘর এগিয়ে এসে বললুম, — মেয়েটার তা হ'লে একটা জীবন আছে বলো।

—বলে'! দেদিন পান সাহুতে বসেছি স্থপুরি নেই, পেসাদি আমাকে চুপি-চুপি এসে বললে, — 'তুমি যদি কাউক্তে কিচ্ছু না বলো তো আমি ঐ গাছ বেয়ে তোমাকে হুটো পাকা স্থপুরি পেড়ে এনে দি।' তোমাকে বলতে কি, এথানে এসে এই আমি প্রথম স্থপুরি-গাছ দেখলুম। গাছের চেহারা দেখে আমার চক্ষ্ তথন চড়ক-গাছ। তাড়াতাড়ি তার হাত ধরে' বললুম, — 'মাপ করে। পেসাদি, একবেলা আর পান না খেলে আমার এমন কিছু বদহজম হবে না।' আমার ভয় দেখে মেয়েটা তো হেসেই কুটপাট, বললে,—'কিছু ভয় নেই দিদি, পায়ে শুধু একটা গামছা জড়িয়ে নিলেই চলে' যাবে।' সাজ্যাতিক মেয়ে।

—উঠলো?

—পাগল! উঠতে দিলে তো! এগুলি, বুঝলে না, এগুলি ইচ্ছে ওর বাড়াবাড়ি, প্রতিযোগিতার আমাকে গুধু পরান্ত করার মতলোব। ওর মতো আমার সাহস নেই, শক্তি নেই — এই কেবল প্রমাণ করবার জন্তে অন্থির! এক জারগায় তো আমাকে ওর ছাড়িয়ে যাওয়া চাই, আমার পরসা আছে বা চেহারা আছে বা বিত্তে আছে — না থাক, কিন্তু ওর মতো তো আর গাছে চড়তে পারি না! গুধু কেবল এই বাহাত্তরি নেবার চেষ্টা, নইলে, ভাবো, ইচ্ছে করলে কি ও আর আমাকে ওর বাড়ি থেকে হুটো স্বপুরি এনে দিতে পারতো না?

- —ভোমাদের আবার চেহারা আছে নাকি ?
- —নেই ? বজ্রবাহিনী বিদ্যুৎশিখার মতো স্ত্রীর দৃষ্টি স্ফ্রিড হ'য়ে উঠলো।
- —রূপ আছে, কিন্তু চেহারা কোথায় ? চায়ে বোধহয় আরেকটু চিনি লাগবে। যাই বলো, তোমার কড়া করে' ভাজা মোহনভোগটা আজ একেবারে রাজভোগ হয়েছে। ও! তোমার জন্তে আজ আবার লাইব্রেরির বই বদল করে' আনতে হবে, না? সেই ডিটেকটিভ-উপস্থাসটাই তো? কী বলো?

থাক।

এমন সময় পাঁচিলের ওপার থেকে পচা নীল ডোবার মধ্যে ভারি জলের থানিকটা ঝুটোপুটি শুনতে পেলুম। হাত-পা ছুড়ে রাশি-রাশি জল নিয়ে যেন কে অগাধ থেলা করছে।

ওপার থেকে নিটোল গলায় ডাক এলো: দিদি ভাই।

গলা ভনে চমকে উঠলুম। স্ত্রী অনায়াদেই বুঝতে পেরেছেন এ গলা কা'র।

বারান্দা পেরিয়ে উঁচু রোয়াকটাতে গিয়ে তিনি উঠলেন, তারই ওপারে পুকুরের ঢাল নেমে গেছে।

- -এ কী কাণ্ড! ভর সন্ধেয় তুমি জলে নেমেছ কী বলে'?
 - —বা রে, গা ধোৰো না ?
- —গা ধোবে তো, এই নোংরা পচা পানা-পুকুরে ! ওটা তো ম্যালেরিয়ার ডিপো।
- —তাতে পুকুরই নই, আমার কী ? পেসাদি অজত্র হেসে উঠলো।

 এথান থেকে তার থোঁপার চূড়ার থানিকটা অংশ ছাড়া কিছুই আর
 দেখা যাক্ষিল না, কিছ ল্কিয়ে-ল্কিয়ে আমি যেন সেই থোঁপার মধ্যে
 তুর্দম একটা স্পর্ধা দেখছিলুম।

- —তোমার কিছু নয় তো, আমাকে ডেকে আনবার কী হয়েছে ? স্ত্রীকে এখন বিশেষ সম্বেহ মনে হ'লো না।
- —বা রে, তোমরা নাকি এই লগা-জাঁটওয়ালা ফুলগুলি দিয়ে তরকারি রেঁধে থাও, তাই, ছাথো না তোমার জন্মে কতো রাজ্যের এই ফুল তুলে এনেছি।

পাঁচিলের উপর গোল-গোল নধর তুই মণিবন্ধ দেখতে পেলুম। কোথাও এতটুকু কুণ্ঠা নেই।

স্থী অবিভি তা গ্রহণ করলেন। বললেন, — কী করেছ তুমি ? এতো ফুল দিয়ে কী হ'বে ?

- ---थारत । त्यत्राप्ति कारक राम खेनिया-खनिया शामरना ।
- —তা তো থাবো, কিন্তু তুমিও যে তোমার শরীরটাকে থাচ্ছ, স্ত্রী স্নেহে একটু তর্থসনা করলেন: জ্বরে যদি না পড়েছ তো কী বলেছি। ভিজে কাপড়ে দাঁড়িয়ে আর তোমাকে হি-হি করে' হাসতে হবে না, বাড়ি চলে' যাও শিগগির। মাগো, এমন জলেও কেউ নাইতে নামে।

পেসাদি তেমনি যেন ভনিয়ে-ভনিয়ে বললে, — এথানে কেউ আছে ?

- —তা হ'লে এই পাঁচিল টপকেই সটান উঠে আসতুম। ঘাটের পথ দিয়ে গেলে থানিকটা ফুর হয়।

বলা বাহুল্য, স্ত্রী ততোক্ষণে গন্ধীর হ'য়ে উঠেছেন: হাা, উনি চা থাছেন বসে'।

· — সর্বনাশ! পেসাদি এক লাফে পুকুরের মধ্যে ঝাঁপিয়ে পড়লো।
বসে'-বসে' তার ক্ষিপ্ত পায়ে জলের সেই ক্ষুতা শুনতে লাগলুম।
সকালবেলা টেবিলে বসে' সাকীর জবানবন্দি পড়ছি। কত কট

করে' কতো হাতে-পায়ে ধরে' রেলভাড়া দিয়ে হোটেলে থাইয়ে দাক্ষী জ্বোগড় করে' এনেছে — দেই দব দাক্ষী জ্বেরার জাঁতাকলে পড়ে' কেমন অবলীলায় দব মিথ্যে কথা বলে' গেলোঁ — তারই মর্মান্তিক ট্র্যাজেডির কথা ভাবছিলুম, রাশ্বাঘরে পেদাদির গলা শোনা গেলো।

- —বাড়ির চারপাশে এ-সব কী ছড়িয়েছ, দিদি-ভাই ?
- —রিচিং-পাউডার। স্ত্রী অক্তমনম্বের মতো বললেন।
- --সে আবার কী জিনিস ?

সে তুমি বুঝবে না। একরকম জার্মিগাইড। ওর গন্ধে বীজাণু শমরে'যায়।

- —কিন্তু এদিকে আমাদের যে মর্ম্ববার জোগাড় করলে দেখতে পাচ্ছি। পেসাদি হেসে উঠলো।
- —কী করবো বলো, তোমাদের দেশের মেথরানিগুলি হয়েছে নবাব-জাদির মেয়ে, আজ হ'দিন ধরে' ঐ কাঁচা নর্দমাটা সাফ হচ্ছে না।
- —সাফ হচ্ছে না তো আমাকে বললে না কেন? পেসাদি যেন কোমরে আঁচল জড়িয়ে নিলো: ত্ব'হাতে আমি সব মৃক্ত করে' দিতুম। তোমার এই গন্ধের চেয়ে নর্দমার গন্ধটাও যেন ভালো ছিলো। পেসাদির হাসির সেই নির্মলতায় তার প্রথর, পরিচ্ছেম দাঁত ক'টি যেন আমি দেখতে পেলুম: আমি তবে আছি কী করতে?

স্ত্রী কিছু উত্তর করলেন না।

কিন্তু পেসাদির কথা চাই। ঘরের মধ্যে এক পা এগিয়ে এসে বললে, — উন্থনে ওটা কী বসিয়েছ ?

- —ইাঞ্চিতে জল ফুটছে!
- —ভাড, ভাত হবে বুঝি ?
- ---না, খাবার জল গরম করছি।

- —থাবার জল গরম হচ্ছে কি গো? হাসবে না কাঁদবে পেসাদি কিছু ঠাহর করতে পারলো না: ভোমরা গরম জল থাও?
- —উপায় কী তা ছাড়া? চার্নদিকে যা-সব ব্যারাম-পীড়ার কথা শুনতে পাই। ঐ তো ষষ্টিতলার কাছে সারথেলদের বাড়িতে কলেরা লেগেছে শুনলুম। স্ত্রী ভয়ে শিউরে উঠলেন: আর তোমাদের দেশের জলের যা চেহারা! নীল একথানা সর ভাসছে।
- —তা তো হ'লো, পেসাদির গলা কখনো এমন গন্তীর শোনায় নি : কিন্তু আমার যে ভীষণ এখন তেষ্টা পেয়ে গেলো, দিদি, কী হবে ?
 - —কী আবার হবে, বাডি গিয়ে জল থেয়ে এসো।
- তুমি কী নিষ্ঠ্র বলো তো! একজন তোমার কাছে এসে এক গ্লাস জল চাইছে, তুমি তা দেবে না? আর জন্মে তুমি যে মাছ-রাঙা হবে, দিদি।
 - -- গরম জল থেতে চাও তো এক গ্লাস দিতে পারি।
- গরম জল কথনো মাছযে থায় ? পেসাদি অন্থির হ'য়ে উঠলো: এই তো বালতি ভরতি অনেক জল রয়েছে।

স্ত্রী অপ্রতিভ হ'য়ে উঠলেন: ও ধোরো না, ও পুকুরের জল।

— আমি এথানে নদীর জল কোথায় পাবো? তেষ্টায় গলা আমার কাঠ হ'য়ে এলো। এই বলে' পেসাদি বালতির জলে ঘটি ডোবালে।

ন্ত্রী বিশ্বয়ে একেবারে পাথর হ'য়ে গেলেন: ও-জল তুমি থাবে নাকি?

—তেষ্টা পেলে জল লোকে না থেয়ে মাথায় ঢালে নাকি তোমাদের দেশে? থাবোই তো, একশোবার থাবো — আর ছাথো, কী তেষ্টা, পুরো বালতিটাই না থেয়ে ফেলি।

জ্ঞল খাওয়ার সঙ্গে-সঙ্গে তার সেই থল্থল্ হাসি।

সেদিন কাজ সেরে সকাল-সকালই বেরিয়ে পড়েছিলুম। বাড়ি

ঢোকবার আগে পদক্ষেপগুলো হ্রন্থ করে' নিলুম — জানতুম এ সময়টায়
আমার স্ত্রী পেসাদির সঙ্গে বসে' তাস থেলেন।

সেদিনো দেখলুম ঘরের দাওগায় তাঁরা দেখা-বিস্তির তাস ছড়িয়ে বসেছেন। কিন্তু কোথা থেকে কী অলৌকিক আভাস পেয়ে হাতের ঠেলায় তাসগুলি চত্রথান করে' দিয়ে পেসাদি ছুটে পালিয়েছে।

দাওয়ায় উঠতে স্বী ধন্কে উঠলেন: কী চনৎকার রঙ পেয়েছিল্ম এবার। অসময়ে এসে সমস্ত তুমি মাটি ক'রে দিলে।

রাগবার আমারো যথেষ্ট কারণ ছিলো। বললুম,—কী কেবল যার-তার সঙ্গে রোজ-রোজ তাস পেট'!

স্থ্রমনে তাসগুলো কুড়িয়ে নিতে-নিতে স্ত্রী বললেন,—দিন নইলে কাটে কি করে' ? গল্প করবার জন্মে তুপুরবেলায় তো একটা লোক চাই।

ু—কিন্তু কী গল্প তুমি করতে পারো একটা পাড়াগেঁয়ে অশিক্ষিতের সঙ্গে ?

স্ত্রী আমার সম্বন্ধে বেশ স্কৃষ্ণ বোধ করছিলেন নিশ্চয়। বললেন,— পাড়াগেঁয়ে অশিক্ষিতরা যা গল্প করতে পারে। সেই গল্প মাঝে-মাঝে অসহ হয় বলে'ই তো তাস নিয়ে বসতে হয়।

- —সে আবার কি গ**ল** ?
- বোঝোনা কী গ্রা? স্ত্রী আমার দিকে চেয়ে স্ক্র একটি ক্রকুটি করলেন: বর—বর ছাড়া আর ওরা কী জানে?
 - —বর! ও-মেয়ের বিয়ে হয়েছে নাকি?
 - —বিম্নে হয় নি তো তোমার জ্বস্তে বলে' আছে!

বিশ্বর স্থার কথাটা একেবারেই গায়ে মাথলুম না। বললুম,— বিবে হরেছে, কী বলছো, তারপরেও ওর দস্যতা?

बी रामर्गन : रमवीरहोधुत्रांभीरत्रा रङा विरम्न रसिहिरमा ।

- —বলো কী ? তারপরেও ও গাছে ওঠে <u>?</u>
- ভুধু তাই ? দেদিন আঁচলে করে' আমার কাছে একটা দাপ নিয়ে এদেচিলো।
- —কি, কী বললে? মৃহুর্তে আমার পায়ের তলা থেকে মাথার চুল পর্যন্ত আতকে কিলবিল করে? উঠলো।

ভাগ্যিস সেটা দিনের বেলা।

ভাতের দঙ্গে নেরু খাওয়াটা আমার বছকালের বদ-অভ্যাদ। কিন্ত দেদিন রাতে থেতে বদে' ভাতের কিনারে নেবুর চিলতেটুকু দেথতে পেলুম না।

-- নেবু, নেবু কোথায় ?

অপরাধীর মুথে স্ত্রী বললেন, — সব ছানা কাটতে থরচ হ'য়ে গেছে।

—তোমার একটুও যদি কাণ্ডজ্ঞান থাকে! ছ'পয়সায় না কুলোয় চার পয়সার আনাতে পারো না ? এখন এত সব আমি গিলি কি করে'?

স্ত্রী বললেন, — ঘাটের পারে নেব্-গাছে ঝাঁক বেঁধে নেব্ ফলে' আছে, চাকরটাকে বলবো ?

—ভোমার কী বৃদ্ধি! সামাগ্র হ'টো নেবৃর জ্ঞান্ত ওকে আমি ওখানে মরতে পাঠাই!

স্থান্তের সঙ্গে-সঙ্গে আমার দরজায় থিল পড়ে। হঠাৎ শব্দ শুনে হ'জনেই চমকে উঠলুম, সেই থিলে কে হাত দিয়েছে।

কালি-পড়া জাপানী লঠনে তাকে তালো দেখা যাচ্ছিল না, কিন্তু স্ত্রী তাকে অনায়াসে চিনতে পারলেন। অলক্ষ্যে ত্ব' পা এগিয়ে গিয়ে বললেন, — এ কী, তুমি কোথায় যাচ্ছ ?

দরজাটা খুলে গেলো। পেসাদি বাইরে বেরিয়ে যেতে-যেতে নিটোল, নির্জীক গলার বললে, — নেরু নিয়ে আসছি। ভাত ফেলে ই-ইা করে' উঠলুম: ওকে ওথানে যেতে দিয়ো না থবরদার থেতে দিয়ো না। ওথানে দাপ আছে, আমি স্বচক্ষে দেখেছি; কালো লম্বা লিকলিকে দাপ। ফ্লাধ্রে আমার টর্চের আলোর দিকে চেয়ে ছিলো। যেতে বারণ করে' দাও।

আমার এই নির্লজ্ঞ ভয়ের উত্তরে পেসাদি নির্লজ্ঞতরে। উচ্চকর্চে অনর্গল হেদে উঠলে।

রাতের বেলা ভয়ের ঝোঁকে 'দাপ'-কথাটা উচ্চারণ করে' ফেলেছি, পায়ের চারদিকে আশে-পাশে অগণন দাপ দেখতে লাগলুম। মেঝেয়, দেয়ালে, আনাচে-কানাচে। যে-দময়ে যে-দিকে তাকাতে না পারছি, ঠিক দেইখানে। আর তারি মাঝে পরম নিশ্চিস্ত মনে পেদাদি ঘাটের অদ্ধকারে একটার পর একটা নেবু ছি ভ্তে লাগলো।

—এই নাও। বলে' কোঁচড় উজাড় করে' নেবুগুলি মেঝের উপর ছড়িয়ে দিয়ে পেসাদি এক দৌড়ে তার বাড়ি গিয়ে হাজির।

ভধু দেই রাতে কেন, অনেক রাতেই আমি ঘুম্তে পারি নি।
চারধার থেকে মশারিটা তোষকের তলায় একহাত করে' গোঁজা, তর্
থেকে-থেকে ঘুমের মধ্যে চর্মকে উঠেছি এই বৃঝি কোথা থেকে বিছানায়
একটা সাপ উঠে এসেছে! তাড়াতাড়ি টর্চ টিপে ধরেছি, চাল বেয়ে
কী-একটা কালো ছায়া যেন একেবেকৈ ত্লে উঠলো। ঘরের নর্দমার
মুখ বন্ধ,— যেথানে যেটুকু একটা গর্ভ আছে বা ফাটল — তাই বলে'
জানলাটা তো আর বন্ধ করতে পারি নে — মনে হয় শিক বেয়ে কে লভিয়ে
উঠলো বৃঝি শিয়রের দিকে। সাপে ব্যাঙ্ড ধরেছে সারা রাত ধরে'
তারই একটানা আর্তনাদ শুনি। পিঠের দিকটা ঠাণ্ডা হ'য়ে আছে মনে
করে' এমন কি পাশ ফিরতে পারি নে।

আর, সম্বের একটু আভাস দিয়েছে কি, না, প্রতি পদে ব্রাহি-বাহি

বলতে-বলতে বাড়ির দিকে পা বাড়াই। বিধাতা শুধু স্বম্পের দিকেই হ'টো চোথ দিয়েছেন, পেছনে তাকাবার জো নেই, ততাক্ষণে সামনেই হয়তো উৎক্ষিপ্ত ফণা দেখতে পাব। হ' পাশের জঙ্গলে রাস্তাটা অন্ধকার হ'য়ে আছে, হাতে টর্চ আছে বটে, কিন্তু সামনে ওটা গাছের মরা ডাল না আর-কিছু, চিস্তা করে' দেখবার সময় নেই। তাড়াভাড়ি যাবো না আন্তে যাবো সেইটেই হচ্ছে সমস্তা। গোখরো হচ্ছে নাকি সংহের জাত, আঘাত না করলে কাটে না, আর কেউটে হচ্ছে বাঘের মতো, মাহুষের গন্ধ পেয়েছে কি, ছুটে এসে ছুবলে দিয়েছে।, আন্তে গোলে কেউটের ভয়, তাড়াভাড়ি গেলে গোখরোর। দাঁড়াতেও পারি নে, চলতেও পারি নে — সেই পথটুকু পেরোতে ভয়ে সর্বান্ধ দিয়ে ঘাম গরতে থাকে।

এমনি একদিন সন্ধের আগে বেভিয়ে বাড়ি ফিরছিল্ম, ঘরে তথনো
নঠন হয়তো জালা হয়নি, দেখি স্ত্রী কা'র সঙ্গে বদে' অঘোরে গল্প
ফরছেন। আমার পায়ের শব্দে পালাবার চেটা করতেই ব্রতে পারল্ম
নয়েটি কে। কিন্তু আজ আর পালানোর মাঝে গতির সেই ছরিত
গৈপ্তি নেই, কেমন একটা জড়ীভূত অনিচ্ছার বোঝা। উঠে য়েতে হচ্ছে
লে' তার আর বিরক্তির অন্ত ছিল না।

আশ্চর্য, স্পষ্ট দে-কথা মূখ ফুটে সে উচ্চারণ পর্যন্ত করলে। লেলে,—কী গেরো! ছ'দণ্ড ঠাণ্ডা হ'মে যে একটু গল্প করবো তার জ্বো নই, সন্ধে হ'তে-না-হ'তেই বাড়ি ফিরে এসেছেন!

- —কী করা যায়! চৌকাঠ পেরিয়ে ঘরে যেতে-যেতে বললুম,—

 মন্ধকার হ'লেই পথে-ঘাটে যে-সব জিনিস এখুনি বেরুতে স্থক্ষ করবে

 াম নিতে পর্যস্ত ভয় করে।
 - —की, সাপের কথা বলছেন? সাপ? দেয়ালের আড়ালে লুকিয়ে

পেসাদি থিলখিল করে' হেসে উঠলো: শুধু অন্ধকারে কেন, দিনের বেলাতেও দেখা যায়। এই তো দেদিন চক্কোজিদের বাড়িতে এক বোষ্টম এসেছিলো, ভিক্ষে করতে, বুড়ো আঙুল দিয়ে মাটি খুঁড়তে-খুঁড়তে গান করছিলো, গানটা আর শেষ করতে পারলো না, গানের বুলি মুগে নিয়েই ঢলে' পড়লো। গান ছেড়ে মুখ দিয়ে তথন তার গাঁাজা উঠছে।

—বলবেন না বলবেন না, হঠাৎ পায়ের নিচে মেঝেটা যেন পিছল হয়ে উঠলো: সেই জন্মেই তো প্রাণ নিয়ে কোন রকমে এসে নিজের কোটরে ঢুকি।

পেরাদি প্রগল্ভ হাসি দিয়ে তার প্রচুর লজ্জা নিবারণ করলে:
কিন্তু এরি কোন কোটরে সাপ লুকিয়ে রয়েছে তার ঠিক কী! পথটুরু
পেরিয়ে এসেছেন বলে'ই এ-যাত্রা বেঁচে গেছেন মনে করবেন না!
মাঝে-মাঝে ঘরের মধ্যেও আমরা সাপ দেখতে পাই!

—বলবেন না, বলবেন না, ভূলেও ও-নাম মুথে আনতে নেই। কী নাম ? পেসাদি ছেলেমাস্থবের মত হেসে উঠলো।

বৃক ছরছর করে' উঠলো, গলাটা শুকিয়ে এলো, হাত-পায়ের প্রাম্বর্থনি তুর্বল, তবু নির্লিপ্তের মতো বলনুম, — ঐ যে, যা বলনেন, সাপ, সাপ আর-কি।

—সাপ না হাতি! গতির ঢেউমে হাসির কতোগুলি কঠিন ছড়িছছিমে দিয়ে পেসাদি তার বাড়ির দিকে ছুটে গেলো।

বললুম, — হাতি হ'লে কোন দুঃধ ছিল না, অন্তত চোধ মেলে তথন ভাকে দেখা যেতো।

—এই সাপও আপনি একদিন দেখতে পাবেন।

ষেক্ষণণ্ড বেন্নে তীক্ষ একটা ঠাণ্ডা সিরসির করে' উঠে গেলো, নিজের মুহুতম নিখাসের শব্দে পর্যন্ত চমকে উঠলুম। পেসাদির কথাটা এক দিক থেকে ভীষণ সন্তিয়। ঘরেই যে সাপ আছে, বাস্ত্রসাপ, সেদিন বিছানায় শুতে যেতেই টের পাওয়া গেলো। দেখলুম মূর্তিমতী কালনাগিণী ফণা তুলে এক প্রান্তে অপেক্ষা করে' আছেন। তার দিকে এগোও আর তোমার সাধ্যি কী!

আমার ঘবের দক্ষিণের দরজা খুললেই নীল বিস্তীর্ণ একটি ডোবা তারই গা বেয়ে পায়ে-চলা ফালি একটু বাস্তা — কী সাহস করে' সেই দক্ষিণের দরজাটা সেদিন খুলে বেখেছিলুম।

এতাে অন্ধকারে হারিকেনেব শিথাটাকে কেমন অস্বাভাবিক লাগছে। ওটাকে নিবিষে দিয়ে কোনােরকমে ঘুমিয়ে পড়তে পারলে যেন বাঁচি। এই অসহ শুরুতা তা হ'লে আর শুনতে হয় না। কোথাও এক কণা আলাে নেই, এক বিন্দু শন্দ নেই, এক ফোঁটা নিখাস নেই — আকাশের ভলায় পৃথিবীকে যেন কে গাের দিয়ে রেথেছে! ঘুমিয়ে পড়লেই মৃত্যু — এমনি একটা আতম্ব মনে হয়, কিন্তু ঘুমােব যে, ঘড়ির দিকে তাকাতে সাহস হচ্ছে না — এতােক্ষণে কিনা মােটে আটিটা বেজেছে!

হঠাৎ খোলা দরজার সামনে আলোব বাঁকা একটা রেখা ঘেন তুলে'-তুলে' উঠলো।

—কে?

—দিদি ভাই, কেন্তন শুনতে যাবে ?

মশারির ভলায়, বলতে লজ্জা নেই, স্ত্রী ঘুমোবার চেটা করছিলেন। র্টোক গিলে বললুম, — উনি ঘুমোচ্ছেন।

পাছে অভুত অভক্র শোনায় স্ত্রী ধড়মড় করে' উঠলেন: না, বুমোই নি, উঠে পড়েছি। কী বলছো ভাই পেসাদি ?

মৃথের কথা কেড়ে নিয়ে বললুম, — তুমি তো উঠেছ, কিছ ভিনি ঐ

আন্ধকারে জন্পলের মধ্যে দাঁড়িয়ে থাকবেন নাকি ? আদৃশ্যচারিণীকে লক্ষ্য করনুম: আপনিও উঠে আহ্বন। রাত্তিরবেলা বাইরে অমন করে' দাঁড়িয়ে থাকবেন না। কথন কোখেকে—

পেদাদি আমার কথাটা গ্রাহ্ট করলে না। বললে, — যটিতলায় চমংকার কেন্তন হচ্ছে, যাবে আমার সঙ্গে ?

স্ত্রী কক্থনো থেতেন না, তবু গোঁ ধরে' বললেন, — যাবো।

আমি সজোরে নিজেকে নিক্ষেপ করলুম: কক্খনো না। তুমি পাগল হয়েছ ? এই অন্ধকাবে বুনো রাস্তা দিয়ে এতোট। পথ পায়ে হেঁটে—

পেদাদি নির্ভয়ে হেদে উঠলো: আমার কাছে আলো আছে।

- —আলো তো আমারো বাড়িতে আছে। কিন্তু হাবিকেনের আলোয় ওটাকে কী বদে ঐ যে ই্যা, ও দেগার চেয়ে দিনের আলোয় তারা দেখা সহজ।
- —ভন্ন নেই, সঙ্গে আমি আছি। কোনটা কী সাপ দ্র থেকে দেখলেই তা বলে' দিতে পারি।
- --পৃথিবী কিনে নিতে পারেন। কর্কশতায় ঝাঁজিয়ে উঠলুম: থেতে হ'লে আপনি একাই যান।

পোদি শেষ পর্যস্ত দেখে যাবে। বললে, — কেন, দিদিভাইর পায়ে তো জুতো আছে।

- —আর তবে কী চাই, দেই জুতো পায়ে, গলাটা থাঁথরে নিলুম:
 সেই জুতো পায়ে ওটার মা্থাটা মাড়িয়ে দিতে বলবেন বোধহয়।
 - -- ভদ্ধ নেই, মাড়াতে হ'লে আমি শুধু-পায়ে মাড়িয়ে দিতে পারবো।
- দিন্ বতো খুসি, আমার একটিমাত্র স্ত্রী, তাকে নিয়ে টানাটানি করবেন না।

পেদাদির হাসি শুনে মনে হ'লো কথাটাকে অমন করে' না বললেও কিছু দোষ ছিল না।

কিন্তু বলে' যথন ফেলেছি, তথন আর চারা নেই। কাজেকাজেই স্থীর উপবেই ধম্কে উঠলুম শেষ পর্যন্ত: তুমি শুয়ে পডো বলছি, কোলকাতায় তো কতো কেন্তুন শুনেছ।

ভাবলুম পেসাদিকে হটিয়ে দেয়া গেছে। কিন্তু নির্বিচারে হটে' যাবার মেয়ে দে নয়।

— তুমি কতো কলমি-শাক থেতে ভালোবাসো, দিদিভাই। পেসাদি ডোবার দিকে মৃথ করে' আমার দরজার কাছে এগিয়ে এলো: পুক্রে ঝোপ বেঁধে কী প্রন্দর শাক হয়েতে! তোমাকে ভাই ক'গাছ তুলে এনে দি। বলে' পাডে হারিকেনটা নামিয়ে রেথে পেসাদি পায়ের পাতা থেকে শাভির প্রান্তটা এক হাতে একটু তুলে ধরে' জলে নামতে লাগলো: হিঞ্জেও আছে, সেদ্ধ করে' বাবুকে তেল-ন্ন মেথে থেতে দিয়ে।

আলোর শিখাটা আরো একটু যে উস্কে দেবো তার পর্যস্ত খেয়াল বইলোনা।

স্পষ্ট দেখলুম পেদাদি ভোবার মধ্যে প্রায় হাঁটু অবধি নেমে গেছে।

দেদিন দোমবার, সাতটায় রাতের খাওয়া-দাওয়া সেরে ভিতরে বারন্দায় ত্'জনে আফ্টার-ভিনার আলোচনা করছি, একটা লঠন হাতে নিয়ে হাসতে-হাসতে পেসাদি একেবারে আমার চোথের সামনে এসে হাজির।

বিশ্বাস করতে পর্যন্ত সাহস হচ্ছিলো না, এমন সহজ, নিষ্ঠুর তার উদ্যাটন। বুঝলুম, কী-একটা অসাধ্যসাধন সে আজ করে' এসেছে যে একেবারে নেপথ্য থেকে নির্বারিত রঙ্গমঞ্চে সে চলে' এসেছে। ভাকে থে একবার দেখবো তারো যেন সময় দিতে সে প্রস্তুত নয়, তার পলায়নের মতোই এমন জত, এমন স্পষ্ট আজকের তার এই আবির্ভাব।

পেসাদির দিকে না তাকিয়ে, ভীরুতার একশেষ, স্থীর মুখের দিকেই তাকিয়ে ছিলুম।

হাসতে-হাসতে পেসাদি আরো এক পা এগিয়ে এনে বললে, — আমি
যদি এখন বলি, আমাকে একটা সাপে কামড়েছে, আপানাদের তা হ'লে
কী হয় ?

की इया

স্ত্রী চীৎকার করে' উঠলেন: কী বলছ তুমি যা-তা?

— এই ছাথ, বুড়ো আঙুলের মাধায়। পেদাদি তার ডান পাটি সামায় একটুথানি তুলে লগনের আলোতে তার বুড়ো আঙুলের ডগায় ছোট ছ'টি দাঁতের দাগ দেখালো।

ভয়ে একেবারে মুছে গেলুম শরীর থেকে। আমতা-আমতা করে' বলনুম, — আপনি মিথ্যে কথা বলছেন।

পেসাদির ঠোঁটের উপর সাপেরই মতো চিক্কণ একটি হাসি থেলে গেলো। বললে,— মিথ্যে বলবো কেন? আমার পায়ের ওপর দিয়ে দস্তরমতো একটা সাপ চলে' গেলো, স্বচক্ষে দেখতে পেলুম, বুড়ো আঙুলটা মিঠে-মিঠে একটু জালা করছে, আমি অমনি মিথ্যে বলতে যাবো?

—মিথ্যে নয় তো, অমনি দাঁড়িয়ে-দাঁড়িয়ে হাসছেন কী বলে'?
প্রবেশকণ্ঠে ধমক দিয়ে উঠলুম: তক্ষুনি পা-টা বেঁধে ফেলেছেন-?

—বাঁখতে যাবো কী করতে ? পেদাদি রাশি-রাশি হেদে উঠলো।

সেই হাসির আলোয় তার মুখের দিকে একবার চোথ পড়লো। ভয়ে বিশ্ব হয়ে বললুম, — বাঁধেননি মানে? শিগগির বেঁধে ফেলুন। কী করছেন আপনি ? এ কী সর্বনাশের কথা ? সাপ নিয়ে আপনি ছেলেথেলা করতে চান ?

আমার ব্যস্ততা দেখে তার হাসি আরো উৎসারিত হ'য়ে পড়লো।

—দড়ি, দড়ি, স্ত্রীকে বললুম, — শিগগির একটা দড়ি নিয়ে এসে পা-টা ওঁর জায়গায়-জায়গায় আঁট করে' বেঁধে দাও।

কিন্তু আমার স্ত্রীর তথন নড়ে' বসবার শক্তি নেই, কাজেকাজেই নিজেই ত্রন্ত হাতে গলায় পৈতেটা চি^{*}ড়তে গেলুম।

পেদাদি অকরুণ হেদে বললে, — ভয় নেই, সাপটাকে আমি দেখেছি।

- —দেখেছেন ?
- —ই্যা, পেদাদির গলা এতটুকু টললো না; নিতান্তই জলঝো**র্ব্র-**লাপ।
- --সে আবার কী ?
- —কেঁচোর মাসত্তো ভাই বলতে পারেন। প্রেদাদির গলা নিশ্চিন্ত, নিটোল: দোম-মঙ্গলবারে ও-সাপের বিষ থাকে না।
 - দোম-মঙ্গলবারে বিষ থাকে না?

আমি তে। একেবারে বসে' পড়েছি।

- না। আমাকে আরো একবার কামড়েছিলো। এমনি সোমবার। হেদে-থেলে শুয়ে-ঘুমিয়ে দিব্যি রাভটা কাটিয়ে দিলুম। কিচছু হ'লো না।
 - —কিচ্ছু হ'লো না তো, সাপ আপনি চেনেন কী করে' ?
- —বা রে, সাপ চিনিনে? পেসাদি তথনো পাষাণের রেথায় হাসছে: সাপ-ব্যাঙ, বিছে-জোঁক, পোকা-মাকড়ের দেশে মান্ত্য, আমি সাপ চিনিনে বলছেন?
- ্—তা আপনি চেনেন, পৈতেটা গলা থেকে খুলে ফেললুম, কি**ভ** পা-টা আপনি বেঁধে ফেলুন।
 - -- जाशनि शांशन हरयरहन ? (भगानि भिहत्न मदा' शांला।

- পাগল, পাগল তো তুমি হয়েছ পেসাদি। স্ত্রী শীর্ণ, বিবর্ণ গলায় বললেন, — সাপের বিষের কাছে তুমি আর তোমার তেজ দেখিয়ো না।
- —এ সাপের বিষ কোথায়, দিদি? পেসাদি মুক্ত কঠে আবার আরেক পশলা হাসি ছড়ালে।
- —কী করে' বলা যায় ? স্থা অমাছ্যিক অস্থির হ'য়ে উঠলেন:
 অন্ধকারে ভূলও তো তোমার হ'তে পারে। হয়তো, কী দেখতে কী
 দেখেছ, ঐ মিড়মিডে আলোয় কতটুকু আর তুমি দেখতে পারো?
 এখনো হাঁটুর কাছে বেঁধে ফ্যালো পা-টা।
- আমি কি তোমাদের মতো ভীতু, সাপের নাম শুনেই মুচ্ছো যাবো ? মাঙের মতো একটা ঘাই মেরে পেগাদি চলে' যাচ্ছিলো।

আমি বাণে অবশ হ'য়ে গেলুম। বললুম, — তা হ'লে মোটেই আপনাকে কামড়াম নি, মিছিমিছি আমাদের তবে ভয় দেখাতে এমেছেন।

- কী করে' আপনাদের তা এখন দেখাই বলুন। পেসাদি যেন মুহুর্তে মান হ'য়ে গেলো: তাকে তো এখানে আর ভেকে আনতে পারিনে।
- —দরকার নেই তাকে এখানে ডেকে এনে। আপনি পা-চা বেঁধে ফেলুম শিগুগির।
- —আপনি পাগল হয়েছেন! পেসাদি ফিরে দাঁড়ালো: শেষকালে বামুনের পৈতে দিয়ে আমি পা বাঁধবো!
 - —তা হোক।
- —ৰাপ রে বাপ! কী ভীতু আপনারা! পেদাদি হাদবার একটা অশরীরী চেষ্টা করলো: আপনাদেরকে মা ভাড়াটে রেখেছেন কী বলে'? আমি, ভো আজ বাদে কাল শশুরবাড়ি চলে' যাবো, আমার বুড়ো মা একা এই ভাড়াটেদের ভরদাতেই তো থাকেন বলছেন — তা, এই তো

ভাছাটেব নম্না! পেদাদি হেদে উঠলো, কিন্তু হাদিটা এবার তার কেমন জমলো না।

এতক্ষণে গোলমাল শুনে পেসাদির মা ঘুম থেকে জাগতে পেরেছেন। জবে-জবে এথন ক'থানা হাড় তার সম্বল, পাতা কবে ঝরে' গেছে, এথন কেবল শুক্নো ক'টা শিকড়। ঝড এসে সব ঝরিয়ে দিয়ে গেছে, শিকড়টা আর উপতে তুলতে পারে নি।

- —তুই ভালো করে' দেখেছিস তো মা, বুডি স্নেহে ক্ষীণ গলায় বললে, —জলঝোরা সাপই তো ?
- —হাঁা মা, স্পষ্ট দেখেছি। মল্লিকের বউ আমার সঙ্গে ছিলো, দেখেছে।
- —তবে দেখিদ, গোবর ছুঁদনে যেন, আমার পালে স্থৈনে চুপ ক'রে শুয়ে থাক্। কাল থেকে মাস্থানেক আল্কি থৈতে হ'বে. প্রেদান।
- আল্নি থাবে না হাতি! কী না কী কোথায় কামজেছে, না কিছু লেগেই বা আঙুলটা কেটে গোলো তার ঠিক নেই, তোমরা সবাই একেবাবে হল্পুল বাধিয়ে তুলেছ। কতো সাপ এমন পায়ের তলায় মাড়িয়ে দিয়ে গেলুম!

পেদাদি একটা ঝিলিক দিয়েই হয়তো চলে' যাচ্ছিলো, কিন্তু কী মনে করে' ওদের রোয়াকে উঠবার সিঁডির ধাপে বসে' পড়লো।

আমার স্থী ততোক্ষণে কোথা থেকে একগাছ পাকানো পাটের দড়ি সংগ্রহ করে' এনেছেন। হাসিম্থে এগিয়ে আসতে-আসতে বললেন,— তবু একটা বাঁধ দিয়ে দি, কিছুই যথন ভালো করে' বলা যায় না।

পেদাদি নিঃশব্দে হাদলো। তার শব্দহীন হাসি যে এমন বীভ্ৎস তা আমি ভাবতেও পারতুম না। বললে, — এতেই এমনি তোমরা ভয় পাচ্ছ, অথচ, জ্যান্ত এখনো একটা সাপ দেখলে না। সহরের লোকগুলো এমন ভয়কাতুরে। তার আবার এতো জাঁক !

পেদাদি বসবার ভঙ্গিটা আলক্ষে একটু নমনীয় করে' আনলো।

হাসতে-হাসতে স্ত্রী তার পায়ের কাছে বসে' পডলেন। যেন কী একটা ছেলেমানসি থেলা করছেন, আঙুলের অমনি একটা চপল ভিন্নি কবে' পেসাদির পায়ের কাপডটা আলগাছে একটু তুলে যেন থামোকা তাকে ব্যথা দেবার জন্মেই আঁট করে' একটা তিনি বাঁব দিয়ে দিলেন। পেসাদিও, ছেলেমাম্য একটা আবদার করছে, এমনি ভাবে আর তথন উচ্চ্রাচ্য করলে না।

ে শুরুঙ শেষ পাঁচটা শুধু জড়ানো বাকি, পেসাদি হঠাৎ মরিয়ার মতো বোবা, বুরুষে কঠে চীৎকার করে' উঠলো: খুলে দাও শিগগির। কেন, কেন এই বিশ্ব দিয়ে সাধ করে' বিষ ডেকে আনছো? বলেছি না, সোম-মঙ্গলবাহে ও-সাপের বিষ থাকে না, কেন গর্ভ খুঁড়ে সাপ বার করছ জিগগেদ করি? খুলে দাও, খুলে দাও বলছি, আটকা পড়ে' আমার রক্ত যে এদিকে নীল হ'ষে উঠলো!

ভয়ে এতোটুকু হ'য়ে স্ত্রী উঠে দাঁড়ালেন।

—খুলে দিন, পেগাদি এবার আমার কাছে মিনতি জানালে: আমার কিছু হয়নি, কেন মিছিমিছি বিষ ডেকে আনছেন ? আমি দিবিয় এমনি হেসে-খেলে বেড়াতুম, ঘুমিয়ে পড়তুম মায়ের পাশে, আমার কিছু হ'তো না, কেন জাের করে' এই বাঁধন এঁটে দিলেন ? এ কী শক্র ঘরে রেখেছিল্ম বল্ন ডাে? খুলে দিন গেরােটা, আমাকে হাত-পা ঝাড়া দিয়ে ভালা করে' উঠে দাঁড়াতে দিন। পেগাদি নিম্পাণ, প্রেতায়িত গলায় বললে,— বােকার মতাে দাঁড়িয়ে আছেন কী হাঁ করে'? হাত বাড়িয়ে বাাধনটা খুলে দিতে পারেন না ?

আশ্চর্য, পেসাদির নিজের হাত উঠছে না, পা-টা যে তার কোথায় তাই যেন তার থেয়াল নেই।

- —কী, গোবর ছুঁয়ে ফেললি নাকি, পোড়ারম্থি ? বিছানার থেকে পেসাদির মা কাঁপতে-কাঁপতে উঠে এলো।
- —ওদের বাঁধনটা খুলে দিতে বলো, মা, মাছ্যের গলায় এমন শ্বর আমি কোনোদিন শুনি নি: আমাকে একলা পেয়ে জোর করে' ত্'জনে ওরা আমার পা-টা বেঁধে দিলো। দিব্যি ভালো ছিলুম, মা, মিছিমিছি ওরা আমার গায়ে বিষ ডেকে আনলো। কোথাও কিছু না, এই বাঁধন—এই বাঁধন দিয়েই ওরা আমার গলায় ফাঁস জড়ালে। খুলে দিতে বলো। খুলে দিতে বলো।

তথন উপস্থিত আমি একা ওধু পুরুষ। কী যে কর বাক ক্রিনির নিবরো জানা নেই। বাইরে তাকানো যায় না এমন অন্ধকার প্রতি আমার একটা ওধু লঠন, জঙ্গলের মধ্যে দিয়ে ফিতের মতো দর রান্তা। তবু আমাকে থেতে হ'বে। এ-বাড়ি ও-বাড়ি থবর দেয়া দরকার। লোক চাই আশে-পাশে — কোথায় কী ওষ্ধ, কোথায় কে ওঝা, কিছুই তো আমার জানা নেই।

তাকিয়ে দেখবার সময় নেই কোনোদিকে, টর্চ না নিয়ে হাতের কাছে মিটমিটে একটা লগ্ঠন নিয়েই যে বেরিয়ে পড়েছি তার খেয়াল ছিল না, বেরিয়ে তো পড়লুম।

শুনতে পেলুম পিছন থেকে পেসাদি খুসি হ'য়ে বলছে: পাঠিয়েছি, এতদিনে বাইরে, পাঠাতে পারলুম ঠেলা দিয়ে। মাগো, কী ভীতু লোককে বাসা দিয়েছ! শেষকালে আমাকে পর্যন্ত ভন্ন পাইয়ে দিলে! কী বিষের ছোঁয়াচ ছড়িয়ে দিয়েছে যে চারদিকে!

রাজ্যের লোক-জন নিয়ে যথন ফ্রিরে এলুম, কোমর থেকে পেসাদির

ডবল ডেকার

ক্পাল পর্যন্ত তথনো গ্রম। ছই শক্ত হাতে আমার স্ত্রী তথন তাকে কোনোরকমে উচু করে' ধরে' রেধেছেন।

আমাকে চিনতে পেরে পেসাদি ঠোটের স্ক্র রেথায় নীরবে একটু হাসলো। জড়িয়ে-জড়িয়ে বললে — এবার আর কী। খুলে দিন বাঁধনটা।

একতাল শৃত্যের মতো আমি নিপ্পলক দাঁড়িয়ে।

পেদাদি যেন চোথের কিনারা থেকে প্রথর ধমকে উঠলো: এথনো স্মাপনার ভয় ? খুলে দিন বলছি।

না, আর ভয় কা'কে। আন্তে-আন্তে বাঁধনটা থুলে দিলুম।

ছুরি

আমি যে কেন এখনো বিয়ে করিনি তার একটা খুব সহজ কারণ আছে। কারণ আর কিছুই নয়, যতোই আয়ু যাচ্ছে পিছিয়ে, মেয়ের। ততোই যাচ্ছে এগিয়ে। আর আমি উহ্নততম মৃহুর্তে অগ্রসরতম মেয়ে চাই।

কাজে-কাজেই ঘৃণ্যমান পৃথিবীতে বিয়েটা ঘটে এমন যে কাজেকুমারীত্বের উপর একাধিপত্য করছি এমনি একটা গর্বে মনে-মন্ত্রে বিরু
ছিলুম। মানে যে-কাউকে যে-কোনো মৃহুর্তে বিষে করতে বিরু এই যে
একটা দিগন্ত-বিন্তৃত স্থথ—এটা পুরাকালের বহুপত্নিত্বের টেয়েও রামাঞ্চকর।

এই পর্যন্ত যতো জায়গায় বদলি হ'য়ে গেছি, কতো যে মৈক্র দেখে বিড়িয়েছি তার ইয়তা নেই। বলা বাছল্য, আমার চাকরিটা মেয়ে দেখে বড়ানোর পক্ষে ভারি অমুকূল ছিলো। আর সেটা এমন চাকরি, রেখানে আমার মতটাই প্রথম ও আমার মতটাই শেষ। তাই বেখানে পা দিয়েছি স্থানেই কন্তা-কন্টকিত বাপের দল অনর্গল আমার ঘারস্থ হয়েছেন। বিয়ে য়রবো না আমার এমন কোন নীচ প্রতিজ্ঞা ছিলো না। তাই বহু মেয়েই মামাকে দেখতে হয়েছে। এবং আশ্চর্য, স্বাইকেই আমি অকায়রেশে একে-একে পছন্দ করে' এসেছি।

প্রশন্ত রান্তাটা যদি আমার মনঃপৃত না হয় সেই জন্মে অনেক মেয়ে মদ্ধকার সন্ধীর্ণ পথে আমার অন্তঃপুরে প্রবেশ করতে চেয়েছে। অবিশ্রি তাদের মায়েদের মত নিয়ে। কিছু নির্ভূস বিয়েই যথন করবো তথন

কাকে ভালোবাসলুম কি বাসলুম না, কবিষ করলুম কি করলুম না, বিপদ ঘটালুম কি ঘটালুম না, কিছুতেই কিছু যায় আদে না। মোদা কথা হচ্ছে এই, বিয়ে যেই করলুম অমনি বিশ্তীর্ণ পৃথিবী একটা তক্তপোষ হ'য়ে উঠলো আর প্রকাণ্ড আকাশটা হ'য়ে দাঁড়ালো একটা মশারি!

এই চমৎকার আছি — আমি আর আমার সাইকেল। কিন্তু বিধাতার চক্রান্তে এমন এক জায়গায় এসে পড়লুম, যেখানে পাটশাক আর তামাক-পাতা ছাড়া আর কিছুই পাওয়া যায় না। মাথার উপরে আকাশ নেই তা আমি বরং কল্পনা করতে পারতুম, কিন্তু দিনে-রাত্রে ঘূণাক্ষরেও একটি তক্ষণীক দেহ-রেখা দেখতে পাবো না এ একেবারে ত্র:সহ তুর্দিনেও ধারণার The ় জায়গাটা এমন বিশ্ববহিভূতি যে মাইনর-ইম্পুলের উপরে মেরে বিষয় বানে ক্লাশ নেই। এমন একটা কোনো হলা বা ছজুগ নেই যে সাজির বুর্ব কৈ চঞ্চল খস্থসানি অস্তত শোনা যায়। দেটশনে যেতে হ'লে. ঘোড়ার গা) हो। এনের কাঠের একটা সিন্দুক হ'য়ে ওঠে। কারু বাড়ি থেকে কাক্ষ্যনাড়তে বেড়াতে যাবার যে এদের রান্ডা সে আর-কাক্ষরই বাডির ভিতর দিয়ে। এখানে এখনো এমন একটা ঝড় উঠলোনা যে মেয়েরা ত্রন্থ হ'রে জ্রুত হাতে ঘরের জানলাগুলো বা বন্ধ করে' দেবে। এথানকার^১ অফিসারগুলোও এমন প্রাদেশিক, সম্ত্রীক বেড়াতে বেরুবার পর্যন্ত কারু সাহস নেই। রোদ্বের হল্দে-হ'য়ে-যাওয়া শুকনো মাঠের উপর দিয়ে কেবল माहेरकन हानिए। हरनिष्ठ ।

এমন যে মহিমাময় সুর্যোদয়, জীবনে তা কথনো দেখিনি: তাতে বিশেষ কোনো কতি হয়েছে বলে' মনে হয়নি। কিন্তু আজ তিন মাস এই মহকুমায় এসেছি, সাইকেলে করে' কত চক্র আবর্তন করলুম, কিন্তু ঘাটে, জানলার বা উঠানে এমন একটি মেয়ে দেখলুম না যাকে ক্ষণকালের জন্তেও - তার ইহ-জন্মের ঘোরতর তুর্ভাগ্যের কথাটা মনে করিয়ে দিতে পারি।

কেননা এমন মেয়ে দেখতেই আমার ভালো লাগবে যে সঙ্গোপনে একবার ভাববে, অস্তত আমি ভাববো সে ভাবছে, এর যদি মিসেস হ'তে পারতাম—এবং তথুনিই সচেতন হ'য়ে ভাববে, অস্তত আমি বুঝবো সে ভাবছে, এখনো তো তার সময় যায়নি! আমি যে হ'বো না, কিন্তু আমি যে হ'তে পারি—এই দর্পণের ভিতর দিয়ে একটি সাধারণ মেয়েকেও আমি আজ অপরপ স্থন্দর করে' দেখতে পারতুম, কিন্তু ম্খোম্থি না হ'লে সেই বা ভাববে কী, আর আমিই বা বুঝবো কী!

লাল-ফিতে-বাঁধা ফাইলগুলো অনিদ্রাক্লান্ত রাত্রির কদর্থ ক্লেদের মতো অসহ হ'য়ে উঠলো, বৈকালিক ক্লাবটা একটা শিশ্বরাবদ্ধ চিড়িয়াখানা. সাইকেল-ঘূর্ণিত রান্তাগুলি একটা ক্রমান্বিত কওবা। এমন যে ক্লেদেন প্রসারিত প্রকৃতি, নীলে আর খ্লামলে, তাতে পর্যন্ত এডট্ট্রান্তিনেই। কেননা, আমি ভেবে দেখেছি, অহুচ্চারিত মনে কোনো রমণীর তির স্থমানা থাকলে প্রকৃতিকে সম্পূর্ণ সম্ভোগ করা যায় না, সে নিভান্তা তথন একটা মানচিত্র হ'য়ে ওঠে।

এমনি যথন কচুরিপানা-ধ্বংস ও পাটচাষ-নিয়ন্ত্রণ নিয়ে ঘোরতর ব্যাপৃত আছি, হঠাৎ একটা অসম্ভব কাণ্ড ঘটে' গেলো। ই্যা, সেটাকে ঘটনাই বল্তে হয়। অবাক হ'য়ে ভাবলুম, এ আমি এতদিন ছিলুম কোথায়।

রেলওয়ে স্টেশনটা সহর থেকে প্রায় মাইল ছয়েক দূরে। বসতি বিরল ক্ষেত্তের উপর দিয়ে ডিস্ট্রিক্ট-বোর্ডের স্থরকির রান্ডাটা স্টেশন ছুঁয়ে লোকাল-বোর্ডের কাঁচা রান্ডা হ'য়ে গ্রামের মধ্যে চলে' গেছে। সেই সন্ধিন্থলের কাছাকাছি ছোট একটা মুদি-দোকান। দোকানটা এর আঙ্গে কোনো দিন আমার চোথে পড়েছে কিনা মনে করতে পারলুমনা, যদিও টুর শেষ করে' বহুদিন এরই পাশ দিয়ে বাড়ি ফিরেছি। আজ হঠাং সেই দোকানটা চৌর্কির শো-কেদের চেয়েও জাকালো মনে হ'লো। নিচু আটচালায় বাঁশের মাচা বেঁধে এই দোকান — ভিত্রের দিকে দরজা দেখে বোঝা যায় অস্তরালে দোকানির অস্তঃপুর আছে। মাচার উপরে কভগুলি মাটির গামলায় নানা রকমের ডাল, ন্ন, শুকনো লহা, আদা-হল্দ থেকে এলাচ-স্থপারি, জাপানি কিছু খেলনা, গৃহস্থালীর টুকিটাকি জিনিস, গ্রাম্য প্রসাধনের সন্তা সাজ-সরঞ্জাম। দোকানের লাগোয়া থানিকটা জমিতে ঘোড়ার একটা আস্তাবল, সন্ধের ট্রেনের সময় হ'যে এসেছে বলে' কোচোয়ান গাড়ী কুতছে।

দোকানে ভিড় দেখে হিদেব করে' দেখলুম আজ হাট-বার। পদারিরা
স্থারের রাজারে কেনাবেচা করে' বাড়ি ফেরবার ম্থে এখান থেকে কেউ
ক্রাট্রেমার্কা তেল, কেউ বা কড়াইয়ের ডাল, কেউ বা এটা-সেটা কিনে নিয়ে
যাচ্ছেট্রেয়ে ক্রান্ট্রিয়-খুটিয়ে না দেখে আমার উপায় ছিল না, যদিও
দৃশ্যত দেখলাই
কেনাবার জন্মে।

ু ু ু েহাড়া, শোন্।' রান্ডায় একটা চোকরাকে ডাকলুম। আমার ডাক শুনে গ্রামিক ক্রেতার দল বস্ত হ'য়ে উঠলো। নিরুপায় শুরু হ'য়ে গিয়ে এ ওর গা-টেপাটেপি ক'রে নিমু ভীত কণ্ঠে বলাবলি করতে লাগলো: 'সাহেব, বড়ো সাহেব।'

বড়ো ভালো লাগে নির্বোধ জনতার এই সম্ভক্তি ভীতি দেখে। কিন্তু
মাচার উপর বসে' কালো ফিতেয় কেশমূল দৃঢ় আবদ্ধ করে' যে মেয়েটি
আনত আয়নার উপর ঝুঁকে পড়ে' ক্ষিপ্র আঙুলে বেণী বাঁধছে, তার ভলিতে
এতটুকু একটু দ্বরা বা কুঠা এলোনা। শুধু কটাক্ষ-কুটিল কালো ছু'টি
আয়ন্ত চোথ ভূলে আমার দিকে তাকিয়ে আবার কেশ-রচনায় মনোনিবেশ
করলে।

ছোকরাটা কাছে এলে ভার হাতে একটা পয়সা দিলুম। বললুম,

'একটা দেশলাই নিয়ে আয় তো।' বলে'কেস থেকে একটা সিগরেট বের করে' বুডো আঙুলের নথের উপরে ঠুকতে লাগলুম।

মেয়েটি কিছুমাত্র সঙ্কুচিত না হ'যে, মুথ না তুলে, তেমনি অনাড়ষ্ট ভঙ্গিতে ছোকরাকে বল্লে, 'এ তুকানে দিশলাই নেই।'

ছেলেটা পয়সা ফিরিয়ে দিলো।

হঠাৎ মনে হ'লো, সাইকেলেব শেকল বা ব্রেক কোথায় যেন কী বিগডেছে। তাই এটা-ওটা নাডাচাডা করে' ওটাকে মিথ্যে সজুত করবার চেষ্টা কবতে লাগল্ম। দেখল্ম এর মধ্যে — মেয়েটি একবারো আয়নার থেকে চোথ তুললো না, অমনি নির্লিপ্ত বদে'-বদে' হালকা হাসির কোডন দিয়ে কাক্ত-কাক্ত সংল পবোক্ষে ফষ্টি-নিষ্ট করছে। তুনল্ম, স্পষ্ট ক্লাতে পেল্ম, কোচোযানকে সম্বোধন করে' ও বললে, 'এই জামান, কল খারাপ হ'য়ে গেছে, গাভি করে' কুঠিতে পৌছে দিয়ে আয় নিশি বলে'ই দীর্ঘ-পক্ষজাল তুলে ও আমার দিকে তীক্ষ দৃষ্টিক্ষেপ করলোঁ।

এর পর আর সাইক্লে করে' ফেরা যায় না। তাই ^শ্লৈ**ছ্মীর মু**ধে কোচোয়ানকে উদ্দেশ করে' বললুম, 'এই, লাও গাড়ি।'

ছকুম শুনে গাডি এসে দাঁড়ালো। সাইকেলটা নিজেই ছাদে তুলে দিলুম। গাডিতে গিয়ে বসতেই সিগরেট ধরালুম। নিজের চার পাশে একটু নিভৃতি খুঁজে পেয়ে সম্ভর্পণে তাকালুম মেয়েটি যদি একবার দেখে। কিন্তু তার অবজাটা চমৎকার।

সে দিন কী ভাগ্যিস, ক্লাবে যেতে হ'লো না, আটটার আগেই ডিনার থেন্নে বাইরে লনে, ইজি চেয়ারে শুয়ে পড়লুম। ছুই চোথ ভূরে' একসঙ্গে কত যে তারা দেখলুম, কত যে আশা আর ব্যর্থতা, তার ইয়তা নেই। ভাবলুম, এ কী করে' সম্ভব হ'তে পারে।

মেয়েটি ছিন্দুস্থানি, বয়েস আঠারো থেকে বাইশের মধ্যে। গারে

পীড়াদায়ক আঁট একটা কাঁচুলি, সাদার উপরে কালোর ছাপ-তোলা ফুরম্বরে পাতলা একটা শাড়ি পরনে। রজনীগন্ধার পুষ্পদণ্ডের থেকে স্বক্ষ করে? রোদ্র-ঝলকিত নিন্ধাশিত তলোয়ারের সঙ্গে নারীদেহের বহু উপমা দেথেছি, কিন্তু ওর সেই ছন্দোবন্ধ ভলিময় শরীর কথায় বোঝাতে পারি এমন কথা মাহ্মবের ভাষায় তৈরি হয়নি। ওর সমন্ত অসাধারণত্ব ছিলো ওর তুই চোথে — সে কী আশ্চর্য চোথ — যেন গায়ের চামড়া ভেদ করে' হাড় পর্যন্ত এসে বিদ্ধ করে। সেই চোথে এতটুকু স্থকোমল মোহ নেই, যেন বা কঠিন, নিষ্ঠ্র একটা বিদ্ধপ। যার দিকে তাকায় তাকেই যেন সে চোথ শাণিত সঙ্কেত্র করে: ধরা পড়ে' গেছ।

ক্রিবপর আরো হ'তিন দিন নিতান্ত থাপচাড়া ভাবে দোকানের থেকে
দূরে ব্রিট্রিক নির্দেশ্যকে এটা-ওটা ফরমাজ করতে হয়েছে, কিন্তু ভতোবারই
মেয়েট অক্ট্রেবিক নির্দিপ্ততায় গন্তীর থবর পাঠিয়েছে — এ দোকানে তা
পাওয়া যাবে দ্বা

দোক শুনর ধারে ছোট পিছিল একটা ডোবা ছিলো। সে দিন সর্টস পরে হাণ্টার হাতে নিয়ে অনাবশুক প্রাতভ্রমণে বেরিয়ে পড়েছিলুম। দেখি, মেয়েটি একটা ওঁড়ির ওপর বসে এক পাঁজা বাসি বাসন মাজছে। আছম্ম অনাবৃত তুই বাহু, মাথার ঘোমটাটা পিঠের উপর বিশৃষ্খল, সমস্ত ভৃষ্টিটা কেমন যেন অসহায়।

আমাকে দেখতে পেয়ে উচ্চ কলহাস্থে ও ডেকে উঠলো: 'ও লখনা রে।' ছ-নাত বছরের একটা ছেলে কোখেকে এল ছুটে। তাকে চাপা গলায় কি-একটা ইনারা করতেই হুই হাতে মেয়েটির মাথায় সে পিঠের আঁচলটা অগোছাল করে' তুলে দিলো। বাছ দিয়ে টেনে-টেনে সেটাকে স্থানত করে' মেয়েটি ভার বসায় একটা কাঠিগু আনলে। ছেলেটাকে সামনে দাঁড় করিয়ে রাখলে উদ্ধত প্রহরীর মডো। মনে-মনে প্রচণ্ড একটা মার ধেলুম।

অথচ তার সাধারণ যা হাবভাব তাতে তার এই কঠিন গান্ডীর্যের কোথাও কোনো সমর্থন পাওয়া যেতো না। তাকে যথন প্রথম দেখেচি, দেখেচি তরল হাসির ঢেউয়ে উছলে পিছলৈ পড়ছে, এর-ওর সঙ্গে হালকা-চটুলতায় মুখর হ'য়ে উঠছে, ওর বদা ও দাড়ানো, ভেতরে চ'লে যাওয়া ও দোকানে মাচার উপরে উঠে বসা— ছোটখাটো সমস্ত ভঙ্গিতেই এমন একটা চাপল্য ছিলো যেটা সাদা চোথে ঠিক স্থচারুসঙ্গত মনে হবার মতো হয়তো নয়, অথচ আমাকে দেখেই কিনা দে গান্তীর্ঘে-নিটোল বা বিদ্রূপে-ধারালো হ'য়ে ওঠে। হ'তে পারে, আমাকে সে ভয় করে; কিন্তু তার দোকান থেকে অপ্রাপ্য জিনিস কেনার অনাবশ্যক বাস্ততা দেখে আমাকে আর তার ভয় করা উচিত ছিলো না। এবং আনি 🛵 কত বড়ো অমুগ্রাহক এ-কথা তার অজ্ঞানা নেই। সংক্রেল-ইনুর্শেক-টারকে গোপনে ডেকে জিগগেস করলেই ওর এই দোকান সমুর্দ্ধ অনেক রোমহর্ষক ইতিহাস হয়তো শোনা যায়, অস্তত কউবার ও-পোকান সার্চ হয়েছে এবং কত রাতে ওথানে 'বি.এল.' কেস-এর গোড়া পভি<u>ু হ</u>য়েছে। এ-দোকান যে কিসের দোকান তা বুঝতে সামাগ্রতম কৌতৃহলেরও হয়তো অবকাশ চিলো না। দোকানের এই পরিবেশ, মেয়েটির এই শাঙ্গগোজ, ছলা-কলা, চাল-চলতি, সব চেয়ে তার এই অন্তত একাকীয়-সব কিছুতেই সে অতিমাত্রায় স্পষ্ট ও উদঘাটিত। বলতে গেলে এ জানাটাই কিছু আমাকে সব চেয়ে বিঁধছে। অথচ তার তুই চোথের সেই অদশ্য রহস্থের সঙ্গে তার এই বিলসিত দেহসজ্জার কোনো সঙ্গতি খুঁজে পেতৃম না। মনে হতো কোথাও একটা মন্ত বড়ো ভূল করে? বসেচি।

ভাব্লুম, দৃত পাঠাই। নির্জন রাতে অন্ধকার বাওলোয় বদে' তাকে অভিসারিণী করে' তুলি। কিন্তু পাঠাই কা'কে? যে আজু আমার অম্বচর, আমি বদলি হ'য়ে গেলে, সেই আবার আমার গুপ্তচর হ'য়ে উঠবে, অতএব কাউকে বিশ্বাস নেই। আমরা সব হারাতে পারি, খ্যাতি হারাতে পারিনে। কোনো ক্ষতিই ক্ষতি নয়, যদি খ্যাতি থাকে অব্যাহত। আর, এই খ্যাতি হচ্ছে আমাদের কাঁটার মুকুট। যতো সে শোভা ততো সে প্রতিবন্ধক।

অর্ডারলিকে বললুম, 'পায়ের রগে কেমন-একটা ব্যথা হয়েছে, সাইক্লে যেতে পারবো না। একটা গাড়ি চাই।'

অর্ডারলি জিগগেদ করলে: 'ইন্টিশানে ?'

'না, চালনায় যাবো। মাইল আষ্টেকের পথ। ডিশ্রিক্ট-বোর্ডের শাক্ষা রাস্তা আছে।'

१नित्रे व्यक्ति।

'আরি শোনো।', তাকে বাধা দিল্ম: 'জামালের গাড়িতে নতুন রং করেছে, নতুন টীয়ার বসিয়েছে চাকায়। ওটা আনতে পারবে না ?' 'পাঞ্জা।'

অর্ডারলি জামালের গাড়িই হাজির করলে। একটা পোর্ট-ফোলিও নিয়ে বেরিয়ে পড়লুম। সঙ্গে কাউক্তে নিলুম না।

জামালকে যদি ভিতরে বদিয়ে গল্প করি তবে গাড়ি চলে না, অতএব সহরের সীমানা পেরিয়ে যেতে আমিই কোচবাক্সে উঠে বসলুম।

খুব একটা মজা হচ্ছে এমনি একখানা ছেলেমানদি ভাব দেখিয়ে
লাগামটি তুলে নিলুম। জামাল পাশে বদে' পরম আপ্যায়িত বোধ
করতে লাগলো।

चित्रश्या করলুম, 'গাড়িটা বুঝি তোমার ?' আমাল কুন্তিত হ'য়ে বললে, 'আমার নয়। গৌরীয়ার গাড়ি।' 'কে গৌরীয়া? ঐ যার মুদি-দোকান ?' 'হুঁ। আমি ঠিকে থাটি। মাইনে পাই। পনেরো টাকা মাইনে।' 'বটে। ওর তো তা হ'লে অনেক পয়সা!'

'তা হয়েছে অল্প বিস্তর। আগেঁ ছাগলের হুধ বেচতো, কিছু-দিন ইন্টিশানে ঝাড়া পোঁছারো নাকি কাজ করেছে।'

জিগগেদ করলুম: 'এর বাড়ি কোথায়?'

'ফয়জাবাদ না মজঃফরপুরে।'

'এখানে এসেছে কেন?'

'সামীর সঙ্গে ঝগড়া করে'।'

'वरना कि, अत विरय श्राष्ट्रिला नाकि!'

'আজ ছ' বছর। স্বামী ওকে একদিন নাকি থুব মেরেছিলো উন্ধনে রান্না বসিয়ে ঘূমিয়ে পড়েছিলো বলে'। তাই সে রাস করে' পালিয়ে এসেছে।'

'আর ফিরে যাবে না ?'

'তা একবার দেখুন না বলে'। মারতে আসবে।'

'ঠিকই তো। কেনই বা ফিরে যাবে বলো, যখন এখানে ওর কোনো ছংথ নেই।' ঘোড়ার পিঠে টেনে একটা চাবুক কসলুম, বললুম; 'কিন্তু ওর স্বামী ওকে নিতে আসে না?'

'পাছে দে আদে দেই জন্মে বালিদের তলায় ও প্রকাণ্ড একটা ছুরি নিয়ে শোয়।'

একটু ভয় পেলুম বোধ হয়। বললুম, 'অক্টের বেলায় দে-ছুরি বুঝি তার চোথের তারায় ঝিলকিয়ে ওঠে।'

কথাটা আস্বাদ করবার মতো জামালের ততো স্ক্রতা ছিলো না। তাই ফের বলল্ম, 'ভেতরে তো ছোট্ট একটুথানি থোপরি, ঐথানে তোমাদের জায়গা হয় কি করে'?' 'কী দর্বনাশ', জামাল দর্বাঙ্গে শিউরে উঠলো: 'আমি থাকবো ও-ঘরে ? বলেন কি, বাবুদাব, আমি যে ওর চাকর, মাইনে থাই।'

অন্থভব করলুম যুবক জামালের বলদৃগু কঠিন শরীর যেন মূহুর্তে সঙ্কুচিত, পাংশু হ'য়ে উঠলো।

'তবে ওথানে থাকে কে ?'

'ওর দেশের বুড়ো এক বি আর ওর ঐ ছুরি।'

'আর কেউ না ?'

'আমি তো কথনো দেখিনি।' বলে' জামাল আমার হাত থেকে

স্মান্ম তুলে নিলো। আমি পরাভূতের মতো গাড়ির ভিতরে গিয়ে
বসলুম।

দে দিন সন্ধা। উত্তীর্ণ হ'য়ে যেতেই ঘোরতর মেঘ করে' এলো।
কলেজ ছাড়বীর পর সেই প্রথম সেদিন ধুতি-পাঞ্জাবী পরলুম। অমাবস্থা
বলতে যেমন অন্ধকার, আমাকে বলতেও তেমনি ছাট-কোট বোঝাতো।
চিতেবাঘ ফিল তার দাগগুলো মৃছে ফেলে, সে একটি শেয়াল হ'য়ে ওঠে,
আমিও তেমনি টাই-টাউজার ফেলে মফম্বলে শশুর-বাড়ী করতে আসা
সহরের ফুলবাব্টি হ'য়ে উঠলুম। নিজেকে চিনতে নিজেরই অত্যন্ত
দেরী হ'য়ে যাচ্ছে, অস্তো-পরে কা কথা!

ঈশ্বর সদয় ছিলেন, তাই তথুনি বৃষ্টি নামলো যথন প্রায় দোকানটার কাছে এসে পড়েছি। বৃষ্টির থেকে ক্ষণিক পরিত্তাণ পাবার জ্বন্তেই যেন আশ্রায়ের বাছ-বিচার না করে' দোকানের মধ্যে ঢুকে পড়লুম।

দেখলুম, আগেই দেখেছিলুম, ঝোলানো লগুনের আলোতে গৌরীয়া মাচার উপরে পা টান করে' বসে' স্থর করে' কি পড়ছে। বুড়ো মতন কে একটা স্ত্রীলোক, বোধ হয় ওর দেশের সেই ঝি হ'বে, মাটিতে বসে' তাই ভনছে গদগদ হ'য়ে। আমাকে দেখে গৌরীয়া থামলো, কিন্তু আশ্চর্য, একটুও চমৎকৃত হ'লো না। ঝি-কে শুধু বললে, 'মাচার তলা থেকে মোড়াটা বার করে' দে।'

মোড়া বার করে' দিলো। ছাতাটা মাচার গায়ে হেলান দিয়ে রেথে ওয়াটার-প্রুফটা কোলে নিয়ে বদল্ম। কিন্তু কী বলি ওকে? আমাকে দেখে কোথায় ও অভ্যর্থনায় অজস্র হ'য়ে উঠবে, তার বদলে এমন একখানা ম্থ করে' রয়েছে যেন আমি মধু উৎসবে উছত একটা মৃত্যুদণ্ডের মত এসে বসেছি। কোথায় বা তার সেই ছুরি!

ঝিকে ও ভীষণ গন্তীর হ'য়ে বললে, 'তুই ভেতরে যা, বাব্র সঙ্গে আমার কথা আছে।'

নামের আগে বা পিছে বাব্-শব্দটা যে মোটেই পছন্দ করি না বাংলাভাষানভিজ্ঞ গৌরীয়ার তা জানবার কথা নয়, তবু মনে হ'লো ও কথাটার মধ্যে ও যেন ইচ্ছে করে'ই একটু অবজ্ঞা মিশিয়েছে। তবু বৃষ্টি-মৃথর মৃহুর্তে ক্লিক একটু নিভৃতির স্থচনা হ'ল মনে করে' খুসি হলুম।

কিন্তু গৌরীয়ার কথা গৌরীয়াই জানে। রান্তার ত্র'পাশের দ্নালাণ্ডুলি জলে ভরতি হ'য়ে গেলো। গৌরীয়া একমনে রামায়ণের পৃষ্ঠা উলটোচ্ছে। শেষকালে আমিই কথা কইলুম। বললুম, 'সত্যি, তোমার সঙ্গে একটা কথা আছে, বলবো ?' আনত চোথে কঠিন গলায় গৌরীয়া বললে—'ধদি অগ্রায় না হয়, বলুন।'

'না, সে কি কথা, অফ্যায় আবার কী বলতে পারি আমি' তাই শুকনো একটা ঢোঁক গিলে বললুম, 'এত রাতে এখনো তোমার দোকান খুলে রেখেছো যে?'

ও চোথ তুলে একটু হাসলো। বললে, 'থোলা না রাখলে বৃষ্টিতে ভিজে লোক এসে দাঁড়াবে কোথায় ?'

কথাটা ঠিক আমাকেই নিক্ষেপ করেছে দেখলুম। ঠিক সেই সময়টাতে

কে একজন বৃষ্টিতে গান ভাঁজতে ভাঁজতে দোকানে এসে দাঁড়ালো। দোকানে ঢুকে সেই গানটা সাড়ম্বর নৃত্যের ভঙ্গিতে রূপান্তরিত হ'তে যাচ্ছিলো, আমাকে দেখে লোকটা হঠাৎ জিভ কেটে শুন্তিত হ'য়ে গেলো। তাকের উপর থেকে একটা শিশি টেনে এনে গৌরীয়া বললে: 'এই তোমার তেল,' আরেকটা পুটিলি বের করে': 'এই তোমার নৃন।' বলে'ই ঝিকে হাঁক দিলে। বললে, 'ঘরে একটা ছাতা আছে না? ওকে দিয়ে দে, কোশ তিনেক দূরে ওর গাঁ, ও বাড়ি চলে' যাক।'

ঝি ছাতাটা বার করে' আনলো। 'গৌরীয়া লোকটাকে বললে,

- 'শিগগির পালা। এক্নি আবার চেপে আসবে।' গৌরীয়া আমার দিকে
বাথিত চোথে তাকালো। বললে, 'আপনিও এবার বাড়ি যান, বাব্সাহেব।

নইলে, এর পর আবার কোনো লোক যদি আদে, তবে তাকে তাড়াবার
জন্মে আপনার ছাতাটাই তাকে দিয়ে দিতে হ'বে। সেটা ভালো হ'বে না।
আপনি বাডি যান।'

কথার কথার কথার স্বরটি ভারি ভালো লাগলো। বলনুম, 'রুষ্টিটা না ধরা পর্যস্ত তোমার এথানে একট বসতে দিতেও তোমার আপত্তি আছে ?'

'আছে।' গৌরীয়া নিম্প্রাণ গলায় বললে, 'জায়গাটা ভালো নয়।'

্ 'তাতে আমার কী! বাইরে জল পড়ছে, তাই এথানে আমি একটু বলে' যাচ্ছি বই তো নয়।'

'কিন্তু গরিবের ঘরে মুক্তোর হার দেখলে লোকে তা চোরাই মাল ব'লেই সন্দেহ করে, বার্সাহেব।' গৌরীয়ার সমস্ত ভলিটি বেদনায় যেন নম্র হ'য়ে এলো: 'তাতে গরিব আরো গরিব হয়, আর, তাতে মুক্তোরও সেই দাম থাকে না। আপনি বাড়ি যান।'

'বা, বিপদে পড়ে' তোমার এথানে এলে কেউ দা্ড়াতে পাবে না ?' 'কিছ আমার ভয় হয়, বাবুসাহেব, এথানে এসে না তুমি বিপদে পড়।' গৌরীয়া ঈষৎ চঞ্চল হ'য়ে উঠলো: 'এখনো অনেক পসারীর সওদা নিমে থেতে বাকি। বৃষ্টির জন্তে পথে কোথাও নিশ্চয় আটকা পড়েছে। তোমাকে তারা এখানে দেখবে, শুকনো ছাতা আর শুকনো বর্ষাতি নিয়ে মোড়ার ওপর শুকনো মুখে বসে' আছো, এ আমি কিছুতেই দেখতে পারবো না। আমি ছোট আছি, কিন্তু তুমিও ছোট হ'বে এ দেখতে বৃক আমার ফেটে যাবে, বাবুসাহেব।'

বলে'ই সে ঝিকে ডাকলে; বললে, 'ডোঙাটা মাথায় করে' জামালকে ডেকে নিয়ে আয় তার বাড়ি থেকে। গাড়িটা বার করতে হ'বে। বাব্সাহেবকে পৌছে দিয়ে আসবে তাঁর কুঠি।'

গা-ঝাড়া দিয়ে উঠে দাঁড়ালুম। বললুম 'না, গাড়ি কেন? হেঁটেই চলে' যেতে পারবো।'

রেইন-কোটটা গায়ে চাপিয়ে রাস্তায় নেমে আসছি, পিছন থেকেঁইগারীয়া বললে, 'নমস্কার।'

তাকাল্ম না পর্যন্ত। প্রায় উর্ধেখাসে বেরিয়ে এল্ম। কুঠিতে গিয়ে কতক্ষণে যে এই ধৃতি-পাঞ্জাবী ছেড়ে আবার পরিচিত সার্ট-ট্রাউজারে উপনীত হ'ব তারি জন্মে হাঁপিয়ে উঠল্ম। মনে হ'লো একটা অতলাস্ত অপমৃত্যু থেকে ঈশ্বর আমাকে রক্ষা করেছেন। কিন্তু সে কি ঈশ্বর ?

শুধু ঐ দোকান নয়, এই সহরই আমাকে ছাড়তে হ'বে। ভালহৌসি স্নোয়ারে তাই অনেক সই-স্থারিশ করে' মাস তিনেক পর বদলি পেলুম।

মালপত্র আগেই রওনা হ'য়ে গেছে: পরে আমি, একা; বলা বাহুল্য জামালের গাড়িতে নয়। স্টেশনে ছোটখাটো একটা ভিড় হ'বে ও বহু লোকের সঙ্গে অনেক মুখন্ত-করা মামূলি কথা বৃলতে হ'বে, সেই ভয়ে ট্রেনের খ্ব সন্ধীৰ্ণ সময় রেখেই আমি বেঞ্চলুম।

গৌরীয়ার সেই দোকানের পাশ দিয়ে গাড়ি যাচ্ছে। দেখলুম, মাচার

উপরে গৌরীয়া নেই। গামলাগুলি থালি, এ ক'দিনে দোকানের শ্রী অনেক কমে' গেছে মনে হ'লো। ভাবলুম, যাবার সময় ওকে একটিবার দেখে গেলে ভালো লাগতো। দেখলুম, পাশের সেই পুকুরধারে শাথাবাহুল্যবর্জিত কি-একটা গাছের পাশে দাঁড়িয়ে সে আমার যাওয়া দেখছে। আমার সঙ্গে চোখোচোথি হ'তেই সে অল্প একটুথানি হাসলো। সেই অল্প একটুথানি হাসাযে যে কী অপরূপ তা ব্ঝিমে বলি এমন শক্তি নেই। আজকের ভোরবেলাটির মতোই বিষাদে নির্মল, বিরহে সকরুণ সেই হাসি। তুঃখকে, ক্ষতিকে, অপরিসীম শৃত্যতাকে সামাত্ত হাসি দিয়ে ফুটিয়ে তুলতে হ'বে এমন যদি কোনো পরীক্ষা থাকে সংসারে, তবে সেই পরীক্ষায় গৌরীয়া ফুল-মার্ক পেয়েছে। একদৃষ্টে এতক্ষণ ধরে' ও কোনো দিন আমার দিকে তাকায়নি। আজ দেখলুম তাতে কত বিষাদ, কত মেহ, কত শান্তি!

গাড়িটা থানিক দ্র' চলে' এসেছে। বললুম, 'চললুম, গৌরীয়া।' গৌরীয়া হয়তো শুনতে পেলো না, কিন্তু যাবার সময় কিছু একটা তাকে বলুে' গোষ্টি মনে করে' সে আঁচলে চোথ চেপে ধরলো।

এত দিনে মনে হ'লো বিদেশে চাকরি করতে যাচ্ছি।

পুষরাণা দে

পুতৃল-দি'কে আমার মনে হ'তো যেন আকাশ থেকে নেমে এসেছেন। বা, সম্পূর্ণ পারেন নি নেমে আসতে। শৃত্যের উপর ভাসমান একটা আভা, যেন তাকে ধরা যাবে না, অথচ চোথের সামনে দীপ্তি পাচ্ছে।

পুতৃল-দি আমার চেয়ে বছর চারেকের বড়ো, আমি এই বোশেথে বোলয় পা দিয়েছি। পুতৃল-দির ভাই তপন আমার বন্ধু, আমরা ফার্ষ্ট ইয়ারে। সেই স্থবাদে এ-বাড়ি আমার বাওয়া-আসা। ক্রমে-ক্রমে পুতৃল-দির মাকে আমি মাসিমা বলতে শিথেছি এবং সেই শেকড় থেকে শাথা-প্রশাথায় ছড়িয়ে পড়তে আমার দেরি হয় নি।

আমার বাড়িটাও বিশেষ দ্বে নয়, আমার মতো বয়সে ইচ্ছে করলেই সেটুকু পথ সটান পায়ে আসা যায়, কিন্তু সেটাকে আমি সময়ের অপচয় বলে' মনে করতুম, যথন হাতের কাছেই বাস্-ট্রাম গিসগিস করছে। সময়েক আমরা নিরর্থক দিন-রাত্রির কোটায় ফেলে আলাদা করেছি, একেকটি মৃহুর্তে কোটি স্থর্বের উদয় ও কোটি স্থর্বের অবসান হ'তে পারে — তাই সকালবেলায় গিয়েছি বলে' সদ্ধায় য়েতে পারবো না, বা সদ্ধায় এতোকণ কাটিয়ে দিয়ে এলুম বলে' ফের চলে' আসতে পারবো না ঘুমস্ত মধ্যরাত্রে — এমন কোনো কৃত্রিম ও রূপণ নিয়মের আমি ধার ধারতুম না। তবু মাঝে-মাঝে আমি সংয়ম অভ্যাস করতুম, য়েতুম না কোনোদিন, এবং য়েদিন য়েতুম না সে-দিনটা আমার একটুও

ভালো লাগতো না, মফস্বলে বদে' থবরের কাগজ না পেলে যেমন লাগে।

ও-বাড়িতে আমার সমবয়সী মেয়ে ত্'য়েকটি ছিলো, সমবয়সী মানে আমার চেয়ে ছোট, অর্থাৎ বয়েসে যাদের সঙ্গে ঠিক সমতা না থাকলেও সঙ্গতি রাথতে পারতুম অনায়াসে। কিন্তু, কেন কে জানে, ও সব প্রজাপতি-চপলতা আমাকে আকর্ষণ করতো না; একতলার সমন্তটা ও দোতলার অধিকাংশ ছেড়ে দিয়ে আমি কোণের ঘরটিতে এসে বসতুম, থেথানে শীতের রাতে স্বল্প, থাটো আঁচলে কৃষ্ঠিত কাঁধ ত্'টি ঢেকে পুতৃল-দি ন্তর হ'য়ে বসে' একমনে ফিলজফি পড়ছেন। হয়তো, আমার চেয়ে অনেক তিনি বড়ো, বয়েসে ও বৃদ্ধিতে, এমন-কি দৈর্ঘ্যে ও আয়তনে, কোনো কালেই তাঁকে ধরা-ছোঁর্মা যাবে না, অনস্তকাল তিনি আমার সমস্ত আকাজ্ঞার কল্পনাতীত উধ্বে বিরাজ করবেন, হয়তো তারি জন্মেই তাঁর প্রতি আমার একটা গভীর মোহ ছিলো, প্রতিমার প্রতি পূজারীর যে-মোহ।

ুসন্ধে বেলা, দলে-দলে ছেলেমেয়েরা এখানে-সেখানে কেউ ক্যারম থেলছে, কেউ ক্রস-ওয়ার্ড পাজল্ করছে, কারা বা গ্রামোফোন দিয়েছে ঘ্রিয়ে, ভবানীপুর বা বরানগর থেকে কোনো-কোনো আত্মীয় এসেছেন খেড়াতে, বাড়িময় অট্টাসি আর হটুগোল, ছবি চা করছে, মাসিমা সাব্র গাঁপর ভাজছেন, কিন্ত পুতৃল-দির ম্থে বিরক্তি নেই — নির্লিপ্ত, নিঃশন্ধ তয়য়ভায় বই ম্থে করে' বসে' আছেন। সমন্তর থেকে তিনি যেন কেমন খাপছাড়া, ছন্দে ধরা যাচ্ছে না এমন যেন একটা কবিতার ভাব, অথচ তাঁর এই বিচ্ছিয়ভার মধ্যে কোথাও এভটুকু চেষ্টা নেই, রুচ্তা নেই; একলা ধাকাটাই যেন তাঁর মুক্তি।

আকর্ষ, আমি তাঁকে কোনোদিন সাজতে দেখি নি, সাজা অর্থে মেয়েদের যা বোঝায়। থোঁপাটা বাঁধতে পর্যন্ত তাঁর আলভা। কলেজ ও বাড়ির মধ্যে মাত্র তাঁর একটা পেটিকোটের ব্যবধান। বাদার পেলার প্রক্ষা ত্র'গাছি কাকুতি ছাড়া সমস্ত গায়ে তাঁর একফোঁটা গয়না নেই, অথচ ও-দিকে ছবির কানবালাটা টন্সিলে এসে ঠেকেছে। প্রোনো হাতির দাঁতের মতো হলদেটে-সাদা মস্থা তাঁর গায়ের রঙ, কেমন তাই একটু বিষণ্ণ লাগতো। পোযাকটা যেন তাঁর মনে হ'তো অনাবশুক রুঢ়তা, বাড়ির সামনে বেড়া বেঁধে বাগান করার মতো। তাঁর সোন্দর্যে যে ক্রটি ছিলো না তা নয়, কিন্তু ভাষার আদিম যুগে নিরলঙ্কার গ্রাম্য কবিতায় যে সরল মাধুরী ছিলো, সেই স্থামাকে যেন তাঁর সমস্ত অসম্পূর্ণতা খুলে ধরেছে। তাঁর রিক্ত মণিবন্ধ, শৃত্য কণ্ঠতট, বিশৃত্খল চুল, অক্লচারিড পোষাক — সব কিছু মিলে তাঁকে যেন আমার মাটির মামুষ বলে' মনে হ'তো না।

আমার ভারি ইচ্ছে করতো, পুতৃল-দির খাওয়া দেথি। আমার কেবলই মনে হ'তো, নিশ্চয়ই তাঁর পেট ভরে না। রাত্রে যতোক্ষণে তিনি গান, ততোক্ষণ আমার পক্ষে বাড়ির বাইরে থাকা কল্পনার বাইরে; দিনের বেলা, বলতে কি, দিনের বেলায় ও-কথাটা আমার ততো মনে হয় নি। তবে এটা স্পষ্ট লক্ষ্য করেছি ক্ষ্পাকে যেন তিনি বড্ড বেশি দীমাবদ্ধ করে' রেখেছেন। কতদিন তাঁর ঘরে চুকে দেখেছি বৈকালিক চায়ের বাটিটা কালিয়ে কালো হ'য়ে এসেছে, পুতৃল-দির খেয়াল নেই। তাঁর পড়ার ফাঁকে মাসিমা হয়তো অফাল্য প্রতিঘন্দীর ল্বডা থেকে সক্ষোপনে রক্ষা করে' কিছু থাজন্তব্য নিয়ে এসেছেন, পুতৃল-দি অনায়াসে ম্থ ক্চকালেন। অথচ মাসিমার মুখেই শোনা গেলো কলেজ থেকে এসে অবধি পুতৃল-দি দাঁতে কুটো কাটেন নি।

আর যাই হোক, আমি তাঁকে কক্থনো ক্ষমা করতে পারত্ম না, তিনি যথন সিনেমার উপর নিরুত্তেজ তাচ্ছিল্য দেখাতেন। যেন জীবনের ভালে সম্পদ চুরি হ'য়ে গেলো, নিজেকে এমনি নিঃম্ব, ছোট মনে হ'তো। ছবি আর লীলা অবিখ্যি দিনেমা বলতে অজ্ঞান, ক্লদেৎ কোলবার্ট কী দাবান গায়ে মাথে তা পর্যস্ত তাদের মৃথস্ত, অথচ এত কাছে থেকেও 'চিত্রা'-টা কোথায় তাঁর জানা নেই। তাঁকে ক্ষমা করতে পারতুম না। বরং কেমন যেন তাঁকে দ্র, ধৃসর, রহস্তময় মনে হ'তো। খ্ম-ভাঙা মধ্যরাত্রে আমার ঘরের জানলা দিয়ে দেখতে পেতুম একটি নীল একাকী তারা — মনে-মনে তাকে আমি প্রণাম করতুম, স্বপ্নে হাত বাড়িয়ে দিতুম আকাশে, অপার শৃত্যতা আমার ভারি মধুময় লাগতো।

সেদিন তাঁর ঘরে বসে' পুত্ল-দি পড়ছেন সন্ধেবেলা, আমি হঠাৎ হুয়ে পড়ে' তাঁর পা ছুঁয়ে প্রণাম করে' বসলুম। টেবিলের নিচে মলিন, বিষল্ল ছু'থানি পা, মেন মেঝের উপর নিতান্ত অসংলগ্ন অবস্থায় পড়ে' আছে।

পুতৃল-দি চম্কে ,উঠলেন, ভারি ভালো লাগলো তাঁর এই চমকে-ওঠা-টুকু। বললেন, 'এ কি ?'

লজ্জিত, রক্তিম গলায় বললুম, 'আজ আমার জন্মদিন, পুতুল-দি।' 'জন্মদিন ? এটা কি মাস থেয়াল রাথো ?'

'রাখি।'

. 'কি ?'

'আ্যাতা।'

'তোমার না বোশেথ মাদে জন্ম ?'

'ফিরতি বোশেথ আসতে এথনো অনেক দেরি। তাই বলে' আমি আর জন্মাবো না নাকি ?'

পুঞ্ক-দি হেসে উঠলেন, আশ্চর্য, শব্দ করে'। একসঙ্গে তাঁর আনেকগুলি দাঁত দেখলুম। বললেন, 'এত ঘন-ঘন জন্মালে তুমি যে ু দেখতে-দেখতে বুড়ো হ'য়ে যাবে।' 'তাই তে। আমি চাই। আমি যে ছোট, দে-ই তে। আমার অভিশাপ।'

আরেক দিন, রাত্রির তথন কৈশোর, পুত্ল-দি আমাকে বারান্দা থেকে ইসারায় কাছে ডেকে এনে চুপি-চুপি জিগগেস করলেন, 'আমার একটা কাজ করতে পারবে, অরুণ ?'

দেই চুপি-চুপি-ডাকা আমি যেন এখনো শুনতে পাচ্ছি।
'পারবো।'

পুত্ল-দি আমাকে একটা গলির নাম বললেন। 'চেনো?' 'চিনি।'

'না, তুমি চেনো না।'

'না-চিনলেও চিনি।' ব্যন্ত হ'য়ে বললুম, 'ছটো পা 'থাকতে খুঁজে নিতে কতক্ষণ ? বলো, কি করতে হ'বে ?'

কানে-কানে বলার মতো করে' পুতৃল-দি আরো অফুট, আরো গাঢ় গলায় বললেন, 'আমার এই চিঠিটা নিয়ে থেতে পারবে, — কুড়ি-নম্বরের বাড়ি, ক্ষিতীশবাবুর কাছে, ক্ষিতীশচন্দ্র মহলানবিশ, পারবে ?'

'একশো বার।'

ভাঁজ-করা পাতলা একটা কাগজের টুকরো পুতুল-দি আমার বুক-পকেটের মধ্যে সম্ভর্পণে গুঁজে দিলেন।

এতদিন, সর্বাস্তঃকরণে, এ-ই যেন আশা করেছিলুম। এতদিনে পুত্ল-দির প্রকৃতিস্থতা যেন খুঁজে পেলুম, তাঁর রহস্তের জটিল একটা সিঁট খ্ললো। এতদিনে যেন তিনি সঙ্গত, সম্পূর্ণ, স্থসমন্ধ হ'য়ে উঠেছেন। তাই তাঁর ঔদাস্থ আজ আরো মধুর, তাঁর নির্লিপ্ততা আরো স্থলর বলে' মনে হ'লো।

বললুম, 'জবাব নিয়ে আসবো ?'

বইয়ের দিকে কুন্ঠিত চোথ নামিয়ে পুতুল-দি ধ্সর গলায় বললেন,
'একদিন সময় করে' আসতে বোলো এথানে।'

অনেক দিন নিশ্চয় তিনি আর্দেন নি, এই ক্ষিতীশবাব্। কেন না আমি তো তাঁকে দেখি নি এখানে। কিস্বা যখন তিনি আসেন, আমার মত নিয়মহীনের পক্ষেও সেটা লজ্জাকর সময়, হয়তো বা নিশুতি মধ্যরাত্রে। নিঃশব্দ ছপুরবেলায়ো হ'তে পারে, যখন আমি মূর্থের মতো কলেজের প্রথম বেঞ্চিতে বসে' বইয়ের মার্জিনে প্রফেশারের নোট টুকছি। বিশেষ এ-বাড়িতেই বা তাঁদের দেখাশোনা হ'বে কেন? পুতৃল-দিকে কতদিন শুনেছি বাস-এর আশ্রয় না নিয়ে সোজা পায়ে হেঁটেই বাড়ি চলে' এসেছেন। পায়ের তলায় পৃথিবী কখনোই সীমাবদ্ধ নয়, এবং ক্ষিতীশবাব্দের য়ে-গলিটার তিনি নাম করলেন তাতে কোনে। বাস চুকতে পায় বলে' নিঃসিন্দেহ হ'তে পাচ্ছি না।

কেমন না-জানি তাঁকে দেখতে, এই ক্ষিতীশবাবৃকে। হয়তো বা নির্ধ্ম, উপর্বা দীপশিধার মতো। অনেক বলবান, অনেক উদ্ধৃত, হয়তো বা কোষমুক্ত তলোয়ারের মতো নির্মা। যাবার আগে পুতৃল-দিকে লুকিয়ে একটু দেখলুম, তাঁর শরীরময় ক্লিষ্ট বিশীর্ণতাটি আজ বাঁশির হুরের মতো করণ লাগলো। ব্রালুম তাঁর এই ওদাসীন্তা, এই অপার্থিব নিস্পৃহতা, কেন তাঁর পেলব গালের উপর বিষন্ধ একটি আভা পড়েছে, চোথের পল্লবের নিচে কিদের তাঁর সেই সলজ্জ কোমলতা। এটুকু না হ'লে তাঁকে মানাতো না, মোমতাজের শ্বৃতি না থাকলে তাজমহল একটা কী! — মৃত খেত পাথর! জানি ক্ষিতীশবাব্ নিশ্চয়ই একদিন আসবেন — পৌরাণিক নাটকে নাম্বক যেমন হঠাৎ ষ্টেজে চুকে পড়ে' নায়িকাকে ঘোড়ার ওপর তুনে নিম্নে জ্বুত চম্পট দেয়, হয়তোঁ বা তারো চেয়ে আক্মিক। কিছে ক্ষ্বের ক্ষ্বন, সেদিন যেন নেপথ্য থেকে পুতৃল-দিকে আমি একবার দেখতে

পাই, কেমন করে' তার সমস্ত শরীর অস্ধকার রাত্রির নদীর জলের মতো তারার আলোয় ঝলমল করে' ওঠে।

বৃক্টা পুড়ে বাচ্ছিলো পুতুল-দির' সেই চিঠির উত্তাপে, কিন্তু, প্রতিজ্ঞা করে' বলতে পারি, সেই চিঠির একটি অক্ষরো আমি পড়ে' দেখি নি। অথচ তাতে এতটুকু নিষেধ ছিলো না, বাধা ছিলো না, ভাঁজ ভেঙে চিঠিটা বরং পকেটের মধ্যে ফুলে রয়েছে। মনে হয়েছিলো যা অত্যন্ত সত্য তাই অত্যন্ত সহজ; সামাগ্য 'তুমি একবার এসো'— তারি মধ্যে অনন্ত জীবনের কারা। আমি সেই চিঠি পড়ি নি মানে প্রেমের মর্যাদা রেখেছি। আমাকে ছাড়া পুতুল-দি এ-চিঠি আর কাউকে দিতে পারতেন না, এমন অকপটে, এমন ভালোবেসে।

পানের দোকান থেকে দেয়াশলাই কিনে বাড়ির নম্বর চিনলুম। বাইরের ঘরে ঘাড়হীন মোটা একটা বয়স্ক লোক মেঝেতে থালি-গায়ে ছঁকো সাজচে। বললুম, 'এটা ক্ষিতীশবাবুর বাডি গু'

'কেন ?'

'বাবুকে ডেকে দাও শিগগির।'

'কে হে ছোকরা ?' লোকটা ঘাড় ফেরাবার অমাহুষিক চেষ্টা করলো : 'কি চাই তোমার ?'

'তোমার সঙ্গে আমার কথা বলবার সময় নেই, বাবুকে ভেকে দাও এক্স্নি। আমার বিশেষ দরকার।' বলে' কারু কোনো অপেক্ষা না করে' ঘন-ঘন দরজার কড়া নাড়তে লাগলুম।

লোকটা হঠাৎ লাফিয়ে উঠে আমার হাতটা পাশবিক চেপে ধরলো। গর্জন করে' বললে, 'কী দরকার ? আমিই ক্ষিতীশবাবু।'

সমস্ত শৃত্তে ঈশবের প্রবল অট্টিহাস্থ শুনতে পেলুম। গলায় কথা পেলুমনা। আমাকে আমূল ঝাঁকুনি দিয়ে ক্ষিতীশবার বললেন, 'কী নাম তোমার? কোন কলেকে পড়ো? গার্জিয়ান কে?'

'আমি — আমি কি ভানি !'' ভীত, পাংশু গলায় বলল্ম, 'আমাকে পুতুল-দি পাঠিয়েছেন।'

'কে পুতুল-দি ? বাডি কোথায় ?' পুতুল-দির ঠিকানা বললুম।

কিন্তীশবাবু আমার হাত ছেড়ে দিলেন, ঘাডটা যেন হঠাৎ একটু নডে' বসলো। বললেন, 'ও! পুষ্পারাণী? পুষ্পারাণী দে? কেন, কি হয়েছে?'

জানতুম, পুতৃল-দির অমনি একটা জ্বন্থ নাম আছে, তাব জ্বন্থ পুতৃল-দিই সক চেয়ে বেশি পীড়িত, কিন্তু কেউ এমন বর্বরের মতো তা নির্লজ্জ উচ্চারণ করতে পান্তর ভাবতে পারতুম না।

বলন্ম, 'ক্ষিতীশবাবৃকে — আপনাকে তিনি একটা চিঠি দিয়েছেন।' যেন নিজের মৃত্যুদণ্ড স্বাক্ষরিত করাচ্ছি এমনি ভাবে চিঠিটা বাডিয়ে দিন্ম।

ক্ষিতীশবাবু চোথ বুলোলেন কি বুলোলেন না। বললেন, 'ও! নোট বইটা ? দাঁড়াও, দিচ্ছি।'

উপর থেকে মোটা একটা একসারসাইজ-খাতা এনে আমার হাতে দিলেন। শুকনো গলায় বললেন, 'পুষ্পাকে বোলো, এবার ফোর্থ-পেপারটা আমিই হয়তো, সেট্ করছি, পসিবল কোন্দেন্স্ পরে যা-হয় দেয়া যাবে।' তারপরে তিনি যখন আজকালকার ছেলেদের অবিনয় নিয়ে দীর্ঘ বজ্কৃতা ফাঁদবার জন্মে গলা খাঁথ্রেছেন, সোজা কেটে পড়লুম অবিলম্বে।

সেই মোটা একসারসাইজ-খাতাটা গ্যাসের তলায় এনে মেলে ধরলুম। সন্দেহ নেই মালিকের নাম ক্ষিতীশচন্দ্র মহলানবিশ, পুতুল-দিদের কলেজের প্রফেসার। কিন্তু আশ্চর্য, পৃষ্ঠার ফাঁকে সে-চিঠিটা তিনি অনায়াসে ফিরিয়ে দিয়েছেন! ভয় নেই, এবারো আমি তা পড়লুম না, নথে চিরে ছিঁড়ে ফেললুম টুকরো করে'।

পুতৃল-দি আমাকে ভীষণ বঞ্চিত করেছেন, এমনি মনে হ'লো। যেন পাহাড়ে যাবো ভেবেছিলুম, এসে পড়লুম সমৃদ্রের কিনারে। তাই একেবারে হতাশ হয়েছি এমন কথাই বা বলি কি করে'? মনে হ'লো পুতৃল-দির চারদিকে শুভ্রতার মৃক্তি, সমৃদ্রের হাওয়ার মতো। সেখানে কাক এতটুকু একটা নিখাসের রেখা পড়ে নি, তৃষারের মতো ঠাণ্ডা, শক্ত, পবিত্র তাঁর সেই নির্জনতা। কেউ কোথাও নেই, তবু আমি যেন কোথাও আছি, হ'লোই বা না তা জন্ম ও মৃত্যুর বহু যোজন দ্রে, এক দিগস্ত থেকে আরেক দিগস্তের ব্যবধান, তবু আমি আছি, আকাশের তারার দিকে চেয়ে মান্ত্রের আকাজ্ঞা যেনন আছে।

দাগিয়ে-দাগিয়ে সেই খাতাটা পুত্ল-দি জর্জরিত করে' তুললেন। বললুম, 'এত পড়ে' তুমি কি করবে পুত্ল-দি ?'

় লঘু চপলতায় পা হু'টি ঈষৎ দোলাতে-দোলাতে পুতুল-দি বললেন, 'বিলেত যাবো।'

আমি আমার ঘরে শুয়ে নীল ও নিরালা দেই তারার দিকে চেয়ে কতদিন দেখেছি সমৃদ্রে জাহাজ ভেদে চলেছে। পুতৃল-দি একা ডেক্-এ দাঁড়িয়ে আছেন, উত্তাল হাওয়ায় তাঁর আবাঁধা চুল উড়ছে আর তাঁর এলোমেলো আঁচল, তাঁর ছই চোথে অপস্রিয়মান দিগন্তের ধুসরিমা—কিন্তু আশ্চর্ম, দে-জাহাজে আর কোনো আরোহী দেখতে পাচ্ছি না, পুতৃল-দি একেবারে একা, পৃথিবীতে প্রথম মাছ্রের মতো। আকাশ থেকে আকাশে সমন্ত শৃশু হাহাকার করে' উঠতো, তাড়াতাড়ি আরেকটা তারাকে আরেকটা জাহাজ বানাতুম। দে জাহাজে আমি চলেছি।

ভারা ও তারায় সময় ও স্থানের কত দ্র ব্যবধান ভার হিসাবে কিছু লাভ হ'বে না, আমার সম্বল বা সম্ভাবনা কি আছে বা নেই ভা মনে করিয়ে দেয়াটা বর্বরতা বলবো, কিন্তু আমি ঠিক দেখতে পাচ্ছি, নীল জল ঠেলে উমুক শুভাতার দিকে আমিই চলেছি জাহাজে— না-হয় বা নিভান্ত থালাসি হ'য়ে। ঠিকানা জানি না, কিন্তু মে-বন্দরে এসে নামলুম, জানতুম সেইখানেই পুতুল-দি তারু ফেলেছেন। কোথাও আত্রয় পান নি, বাইরে তাঁবু করে' আছেন কক্ষ একটা মাঠের মধ্যে, গলিত শীত পড়েছে। সেই অপরিচিত জগতে আমিই তাঁর মনের ভাষায় কথা বলা! টেনিলে আলো জেলে পুতুল-দি পড়ছেন, আমি তাঁর পায়ের ভলায় বসে' জ্বলন্ত কাঠে আগুনের কুণ্ড করে' রেখেছি, যাতে না তিনি শীতে নিন্তেজ হ'য়ে পড়েন। পাথি শিকার করে' এনেছি হুপুরে, টাটকা হুধ আর গুচ্ছ-গুচ্ছ আঙুর এনেছি সওদা করে'। আর গভীর রাত্রে পালকের বিছানায় পুতুল-দি যথন শান্ত ঘুমিয়ে পড়েছেন, তাঁবুর বাইরে বসে' শিশিরের শব্দের সঙ্গের নিশ্বাদের শব্দ শুনেছি।

এমনি করে'ই দিন কাটছিলো, সম্দ্রের পারে ঝিছক কুড়িয়ে। এমন
সময় হঠাৎ শুনতে পেলুম পুতুল-দি কি জানি কেন এবার পরীক্ষা দেবেন না।
আকস্মিক কোনো অস্থুখ হ'য়ে পড়লো বোধ হয়। তাড়াতাড়ি
ইটলুম ও-বাড়ি। বিশেষ ফ্রন্থ আছেন বলে' ভাবতে পারলুম না। দেখলুম
নিচে, দালানের এক পাশে, বাঁটা কতগুলি ম্গুরির ডাল দিয়ে পুতুল-দি
তাঁর অনাবৃত হাত আর মুখ স্যত্থে মার্জনা করছেন। সামনেই মাসিমা
এক ঘটি কল আর তোয়ালে নিয়ে বদে'।

ব্যাপার কি ?

ছবির শরণাপর হলুম। গুনলুম পুতৃল-দির গায়ের রঙটা নাকি আশাছরূপ ফর্মা নয়। এ-কথা তাঁর রাশীভূত বইয়ের পৃষ্ঠায়ে। ঘূণাক্ষরে লেখা ছিলো না। তাঁর যা রঙ, তা তো তাঁরই রঙ, রক্তের যেমন লাল। আমি তো কথনো রাত্রিকে দিনের মতো শুভ্র হ'তে বলতে পারতুম না।

কিন্ধ দোতালায় যে ভদ্রমহিলা বসে' আছেন, তাঁর ঘোরতর আপতি; তাঁর ছেলে যখন বিলেত থেকে ইঞ্জিনিয়ারিং শিথে কাশ্মীর না হায়দ্রাবাদ, মান্দালায় না মোলমেন-এ ছ'শো টাকার চাকরি করছে তখন তাঁব পুত্রবধূর জন্মে রঙটা অন্তত ফর্দা চাইতে পারেন বৈ কি।

'বিষের নামে মেয়ে একেবারে পেথম তুলে দিয়েছে ছার্থ।' ছবি আমার কন্থইয়ে একটা ঠেলা দিয়ে তার দিদিকে বাঁকা চোথে নির্দেশ করলে। তার উত্তরে পুতুল-দির মুথে কুৎসিত একটা প্রসন্নতা দেখলুম।

বলা বাহুল্য আমি সেই মেয়ে-দেখার মজলিলে উপস্থিত ছিলুম না।
আমি তথন অন্তমনঙ্কের মতো অথচ যথাসম্ভব গাঁড়ি-ঘোড়া বাঁচিয়ে রান্তায়
ঘুরে বেড়াচ্ছি আর প্রাণপণ চেটা করছি ভাবতে, সভ্যি, পুতৃল-দির গায়ের
রঙ কী কালো, তাঁর মুখ কেমন চ্যাপটা, নাকটা কেমন মোটা, কেমন
তাঁকে রোগা, পাঁডটে দেখতে!

থবর নিমে জানলুম, প্রতিমা একমেটে হ'য়ে গেছে। এবার ভক্ত-মহিলার ইঞ্জিনিয়ার ছেলে একবার চোথ বৃলিয়ে নিলেই প্রতিমা প্রাণবতী হ'য়ে ওঠে।

এস্প্ল্যানেডে ট্র্যামের জত্তে অপেক্ষা করছিলুম, তুপুর বেলা। দেখলুম উত্তরাগত একটা ট্র্যাম থেকে ছবি নামছে, তার পিছনে মাসিমা, তারো পিছনে পুত্স-দি।

পুতৃল-দি! মাসিক-পত্রের প্রচ্ছদপটে শোভা পায় এমন একটা বিহবল, প্রগল্ভ তাঁর চেহারা। ছবিকে জিগগেস করল্ম একাস্তে: 'চলেছ কোথায়?' ছবি হেসে বললে, 'বেড়ান্ডে, ভিক্টোরিয়া মেমোরিয়াল।'

সেটা একটা বেড়াবার জায়গা শুনেছি, কিন্তু দেয়ালের গায়ে বড়ো-বড়ো হরফে উৎকট বিজ্ঞাপন আঁটবার জায়গা বলে' জানিনি। শুনলুম, পুতৃল-দিরা যথন দালানের ডান থেকে বাঁয়ে ঘূরে যাবেন, তথন গাঁর ভাবী স্বামী বাঁ থেকে ডাইনে বাঁক নিয়েছেন, আর এ-ও নাকি ব্যবস্থা হয়েছে যথন মাঝপথে এঁরা পরস্পারকে অতিক্রম করে' এগিয়ে যাচ্ছেন সামনে, তথন ছবি হঠাৎ হুইসল দিয়ে উঠেছে আর ওঁরা ঘাড বেঁকিয়ে পরস্পারকে লুকিয়ে দেখে নিয়েছেন আরেকটু।

'তুমি চলোনা।' পুতৃল-দি বললেন।

পুতৃল-দির ট্যাম যথন দক্ষিণে লিগুদে দুটীট পর্যস্ত বেরিয়ে গেছে তথনো আমি ছুটে গিয়ে এথান থেকে ধরতে পারতুম। কিন্তু আজ আমার পা ছ'টো পাথর হ'য়ে রইলো।

পুত্ল-দি চলেছেন, এ আমি অনায়াসে ভাবতে পারত্ম। কিন্তু
ছপুরবেলায় মিড-ডে ভাড়ায় ট্র্যামে করে' ভিক্টোরিয়া মেমোরিয়্যালে নয়;
হয়তো মধ্যরাত্রে, অনেক অন্ধকার মাড়িয়ে, অপ্রের টেউ ভেঙে-ভেঙে।
সেধানে কোনো ইঞ্জিনিয়ার ফিতে-কম্পাস নিয়ে মাপ-জোক করতে
বসে' নেই কেননা তার কাছে পুত্ল-দি ফরমায়েস বা ফরম্লা নন,
প্রধানে তিনি তার কাছে আশ্চর্য উদ্ঘাটন, সম্ভ থেকে পূর্ণিমার
আরোহণের মতো। কতদিন ভেবেছি পুত্ল-দি চলেছেন সেই একাকী
অভিসারে, মনের গহন বনানীর ছায়্মায়, প্রতীক্ষার ক্লক ধূলিপথে, কিন্তু
ভিক্টোরিয়া মেমোরিয়্যালের কিনারে চোথের কোণায় তাঁকে একদিন
কুৎসিত ক্লোত্র্হল নিয়ে দাঁড়িয়ে থাকতে দেখবো এ আমি সমৃত্রে
ত্বেলেও বিশাস করতে পারত্ব্য না।

পাশাপাশি ছ'টো দিন বাছা হয়েছে, এর মধ্যে থেকে পাকাপাকি ঠিক

করতে হ'বে। পরের দিনটাই নাকি জ্যোতিষশাস্ত্র মতে প্রশশুতরো, কিন্তু পুতৃল-দির মত নেই। কারণ, সে-রাত্রে লগ্ন নাকি রাত ছ'টোর সময়। অত রাত পর্যন্ত উপোদী শরীর নিয়ে পুতৃল-দি জেগে থাকতে পারবেন না।

রাত হ'টোর সময় কথনো আমার ঘুম না ভেঙে গেছে এমন নয়, আর তারপর যথন অনেকক্ষণ ঘুম আসে নি তথন পুতুল-দির কথাই ভেবে থাকবো। দেখতে পেতুম, তাঁর টেবিলে তথনো আলো জলছে, পুতুল-দি ঘুম্তে যান নি, টেবিলের ধারে ছই হাত সমরেণায় প্রসারিত করে' দিয়ে তিনি তথনো ফিলজফি পডছেন। ছই চোথে তাঁর সেই উদ্ভাসিত ম্থের একাগ্র তীক্ষতা দেখছি, সমস্ত ভঙ্গিতে সেই উদ্ধত কাঠিছা। আমি মনে-মনে সেই ঘর অন্ধকারে শীতল, ঘুমে নিভ্ত করে' দিতে চাইতুম, কিন্তু ইলেকট্রিক আলোটা আমার চোথের 'উপর তীব্র শাসন করে' উঠতো। তাই নিজেই কথন ঘুমিয়ে পড়তুম আলগোছে। আর পরদিন ভোরবেলায় যথন জাগতুম, পুতুল-দি ফের বই নিয়ে বদেছেন।

সেই পুতুল-দির ত্বই চোথ ঘুমে একেবারে ঢুলে পড়েছে।

'ঢং। বুঝলে না', ছবি টিপ্লনি কাটলো: 'ছ'টো দিনও দিদির তর
সইছে না।'

বলা বাহুল্য পুতুল-দির বিয়ের দিনে আমার প্রায় কলেরার মতে। হ'লো আর সন্ধেবেলায় একটা পচা রেস্ট্রেণ্টে ঢুকে কাঁচা পাঁউরুটি ভূবিয়ে একপ্লেট মটন-কারি গলাধঃকরণ করলুম।

পুতৃল-দি তারপর কাশ্মীর না হায়প্রাবাদ, মান্দালয় না মোলমেন-এ স্থামীর ঘর করতে চলে গৈলেও মাঝে-মাঝে আমি তাঁদের পুরোনো বাড়িতে গিয়েছি, তাঁর ঘরের সেই স্বশুল্ল শৃক্ততায়! মাসিমাকে তিনি যে-সব ফীতকায় চিঠি লিথতেন, তার মধ্যে যে লাইনগুলো সব চেয়ে ঝকঝকে,

রঙিন কাচের গুড়োর মতো মাদিমা তা ছিটিয়ে দিতেন আমার চারপাণে। নতুন দেশে পুতুল-দির চার-চারটে চাকর, ফার্মট ক্লাশে চড়ে' তিনি একদিন বম্বে না রেঙ্গুন গিয়েছিলেন, দস্তর্বমতো হুইল ঘুরিয়ে মোটর চালাতে শিগেছেন আজকাল। মাসিমার এত স্থ্য, আর কে-ই বা ভাগ নেয় আমি ছাড়া ? বাজার থরচ থেকে বাড়ি-ভাড়া পর্যন্ত সংসারের সমস্ত তহবিল তাঁর মেয়ের হাতে, এর চেয়ে মেযের মা'র আর কীঁবড়ো সম্পদ থাকতে পারে ? পুতুল-দির চিঠির একটা জায়গা: 'উনি কিছু বোঝেন না, আমার হাতে সমস্ত ছেড়ে দিয়েছেন, আমি হাঁ বললেই দেটা হ'য়ে গেলো, — এই দেদিন কেমন ক্যাটালগ দেখে নতুন প্যাটার্নের একটা জড়োয়া নেকলেদ আনালুম, মা।' মেয়ে তাঁর অভ্রভেদী বিহুষী বলে' মাসিমার একটা উচ্চারিত গর্ব ছিল, দে-বিতায় যে তাঁর জামাই পর্যন্ত নিশ্চিম্ব পরাম্ভ হয়েছেন এর চেয়ে আর বড়ো সাফল্য মাসিমার কী থাকতে পারে -- যথন এত খরচ-পত্র করে' মেয়েকে তিনি লেগা-পড়া শিথিয়েছিলেন ? ক্রমে-ক্রমে সে-ঘর থেকে আমাকে সরে' আসতে হ'লো, আর কোনো কারণে নয়, যথন সে ঘরের চতুর্দিকের দেয়ালে পুতুল-দির নানা চঙ্কের কায়দা-বেকায়দার সভঙ্গ-বঙ্কিম বিচিত্র সব ফটো উঠছে।

বিশ্বয় বা বেদনার কিছু নয়, আমার দেদিনের পরিণত বৃদ্ধিতেও তা বেশ বৃঝতে পারছিলুম, তবৃ কেন জানি মনে হচ্ছিলো পুতৃল-দি নিতান্ত ছোট, ফাঁকা, থেলো বা অপরিচ্ছন্ন হ'য়ে গিয়েছেন। যেন কোথায় মিলছে না, প্রাক্কতিক-শৃঙ্খলায় কোথায় যেন একটা স্ক্ল বিপর্বয় ঘটেছে। অথচ সমন্ত সংসারের চোথে এটাই নিটোল স্বাভাবিক !

অনেক দিন পর, প্রায় বছর থানেকেরো বেশি, পুত্ল-দি কেতাত্বন্ত বাপের বাজি এলেন। উড়ো থবর পেয়ে দেখতে গিয়েছিলুম। মনে আছে, একবার চক্ষগ্রহণের রাতে ঘুমিয়ে পড়েছিলুম আগে থাকতে, এক ঘুম পরে ধড়মড় করে' উঠে মনে পডে' গেলো, আজ গ্রহণ, পাঁজির মতে আমাকে নাকি দেখতে নেই। সমস্ত বাডি ঘুমে, খিল খুলে বেরিয়ে এলুম বাইরে। ঘুম্বার আগে কেমন ফুট্ফুটে জ্যোৎস্না ছিলো, এখন একেবারে ঘোরালো অন্ধকার। ঠাঙা একটা ভয় করতে লাগলো। তাকালুম উপরে, চারপাশে, চাঁদ চোথে পডলো না, শুধু বিবর্ণ, মৃত, পাণ্ডুর একটা পিগু দেখতে পেলুম।

জলবাগুর গুণে পুতুল-দির শরীরে কতোগুলি মাংস হয়েছে, চিবুকের ভারে গলাটা কেমন ছোট হ'য়ে এসেছে মনে হ'লো। চামডার একটা স্থটকেস নিয়ে বাভির ছেলেপিলেদের তিনি ব্যস্ত হ'য়ে কি সব বোঝাচ্ছেন দেখলুম। এগিয়ে পেলুম কৌতৃহলে, তাঁর স্বামী যে এককালে বিলেত গায়েছিলেন তারই লেবল একটা স্থটকেসের গায়ে এটি স্বাছে, সেইটাই গয়-পতাকা হ'য়ে উঠেছে। আমার কাছে এইটেই সব চেয়ে ম্ল্যবান লাগছিলে। য়ে এতদিনেও দে-লেবেলটাতে একটা আঁচড়ও পড়েনি।

'স্বাইকে নিয়ে দিদি তিনটের শো-তে সিনেমায় যাচ্ছেন', ছবি বললে, 'যাবে নাকি হে অরুণ-দা ?'

কষ্টে বললুম, 'ও আমি দেখেছি।'

'সে আবার কী কথা !' ছবি হেসে উঠলো : 'একদিন তো তুমি ভাতও থেয়েছিলে, তাই বলে' খাওয়া-দাওয়া তোমার ফুরিয়ে গেলো নাকি ?'

'যদি নেহাৎ থাওয়ার সঙ্গে না তুলনা দিতে তো বলতুম, ও যাক, ও ফুরিয়ে গেলেই ভালো।'

'ওদের কথা ছেড়ে দে, ছবি, ওরা হচ্ছে পান্ধা একেকটি স্নব', পুতুল-দি ফোড়ন দিলেন: 'খ্ল্যাঙ য্যামেরিকান এক বর্ণও ব্রবে না তব্ যাবে ওরা ইংরিজি ফিল্ম শুনতে। এ বাবা, যাই করুক-না-করুক, নিশ্চিম্ভ হ'য়ে আতোপান্ত ব্রতে পারবে। যাই বলো, মাতৃভাষা, প্রসাগুলো নেহাৎ জলে যাবে না।'

এর পর মাসিমা আরেক দিন নেমন্তর করে' পাঠিয়েছিলেন, তাই গিয়েছিল্ম, তারপর আর যাই নি। গিয়েদেখি, বেলা তথন এগারোটায় গড়িয়ে গেছে, পুতুল-দি সদর-দরজার চৌকাঠের পারে উবু হ'য়ে বসে' কার হাতে নিজের বাঁ করতলটি সন্তর্পণে প্রসারিত করে' দিয়েছেন। লোকটার মাথায় জটা, গায়ে ভশা, একপাশে কমগুল্। নিঃসন্দেহ, লোকটা সয়েদি, জ্যোভিষে চৌকশ, পুতুল-দির হাত গুনছে।

আমাকে দেখে পুতুল-দি ভীষণ লক্ষিত হ'য়ে পড়লেন। হাত সরিয়ে দাঁড়ালেন এক ঝটকায়। সহাস্ত গোলাকার মূথে সম্মেসির দিকে তাকিয়ে বলনেন, 'ঠিক-বলছ ভো ঠাকুর ?'

'নিশ্চয়। একটা স্থণারি কি হরিতকী বুকে ঠেকিয়ে বালিশের তলায় রেবে দেবে, ঠিক থোকা হবে দেখো।' সক্ষেদি হাত তুলে আশীর্বাদ করলো।

े এক মুহূৰ্ত শুদ্ধ হ'য়ে দাঁড়ালুম। পুতৃল-দি দেখানে নেই। ভাবলুম, মাতৃত্ব নিয়ে পৃথিবাতে কতো কবিতাই না লেখা হয়েছে!

ডিস্ক্

আমার স্বী একটি রত্ব। সভ-কেনা চিনে-মাটির টি-পটের ঢাকনিটা সেদিন ভেঙে গেলো, স্ত্রী ফরমাজ করলেন, এক্ষুনি আরেকটা কিনে আনতে হবে। কিনে আনলুম একটা পোর্সলেনের, ভাবলুম চায়ের রং ও স্বাদ জ্রীর ওষ্ঠাধয়ের চেয়েও আকর্ষণীয় হবে। কাকশু পরিদেবনা, পোর্সলেনেরটা নিরাপদে উঠলো গিয়ে বাক্সোয় আর সেই ভাঙা পটের উপর একটা বার্লির কৌটোর কাপ্ চাপা দিয়ে তিনি বেমালুম চা ভেজাতে একদিন অভিযোগ করে' বললেন, 'বাইরে ভদ্রলোকরা আদে, এ-সব বাজে, মোটা, ভারি পেয়ালায় চা দিতে আমার লজ্জা করে।' তাই সেবার 'ক্যাজুয়েল লিভ' নিয়ে কোলকাতা গিয়ে মার্কেট থেকে আধ-ডজন ফুল-পাড় থাটি বিলিতি পেয়ালা কিনে আনলুম। ন্ত্রী বললেন, 'হুন্দর প্যাক করে' দিয়েছে, ওগুলো **আর খুলো** না।' বাইরের ভদ্রলোকদের আশায় একসপ্তাহ অপেক্ষা করলুম, কারু দেখা নেই। পরে একদিন সকাতরে বললুম, 'দয়া করে' আমাকেও ভো ভদ্রলোক ভাবতে পারে।।' স্বী ক্রুদ্ধ হ'মে বললেন, 'আগে এ-পেয়ালাগুলো ভাঙুক !' আর মোটে দিন দশ-বারো বাকি আছে, ইনকামট্যাক্স-অফিসারের মেয়ের বিয়ে। সেখানে ওঁকে যেতেই হ'বে, কিছু ষেটা ওঁর ্ষর চেয়ে জাঁকালো শাড়ি সেটা নাকি ময়লা, ভাজভাঙা। তিয়াত্তরখানা শাড়ির উপর নৃতন শাড়ি কেনাবার বায়না করতে বোধহয় তাঁর একটু

বাধলো, তাই তিনি বললেন, 'এটাকে ডাইক্লিনিং করে' আনতে হবে।' রেজেন্টি ডাকে পাঠিয়ে দিলুম কোলকাতা, একমুঠো টাকা ফেলে ভি. পি. ছাড়িয়ে নিলুম। ঠিক বিষের দিন তুপুরে এসে পৌছুলো শাড়িটা, ভাবলুম, শাড়ির অপূর্ব বর্ণচ্চটা দেখে ভাবলুম, স্ত্রীকে বোধকরি আর নিজের স্ত্রী বলে' ভাবতে পারবো না। কিন্তু যথন গাডিতে গিয়ে উঠবো, চেয়ে দেখি, ও-শাড়িতে হাত না দিয়ে এমনি একথানা বুটিনার ঢাকাই শাড়ি পরে' নিয়েছেন। অবাক হ'য়ে বললুম, 'এ কি !' উনি স্নিগ্রহাস্তে বললেন, 'কী চমংকার ধোলাই হয়েছে শাড়িটার, নগদ কতগুলো টাকা, পরলেই তো ভাজ ভেঙে একাকার হ'য়ে যাবে। তাম বিমে-বাড়ির ভিড়!' বিমের আগে আমি লক্ষ্ণে থেকে খুক দামি, নরম আর চমৎকার একটা বিছানার চাদর কিনে এনেছিলুম, যুগল-শ্যার উপযোগী। মনে আছে শুভরাত্রির রাত্রে বৌদি দেটা আমাদের থাটের উপর পেতে দিয়েছিলো। তারপর দেটা আর চোথে পড়ে নি। মাঝে-মাঝে ইচ্ছে করতো বিছানায় ঐ চাদর পেতে শুই, কিন্তু স্ত্রীকে জিগগেদ করলে দজ্জেপে বলতেন, 'কোন্ বাক্সে আছে আমার মনে নেই।' আমি ক্রমান্বিত ট্রান্ধ-স্কটকেনের পিরানিডের দিকে হতাশ চোথে চেমে থাকতুম, জ্বীর চাবির গোছার দিকে চেমে হাত-পা গুটিমে থেতো। তবু যদি পিড়াপিড়ি করতুম, বলতেন: 'ভভরাত্রির শ্বভিটা পাক না!' বলতুম, 'পরের রাত্রিগুলি কি অভড?' তারি জন্মে, বলা বাহুল্য, আমি আমার জামা-কাপড় বা'র করে' দেবার জন্মে ওঁকে অমুরোধ করতুম না। কেননা আমি জানতুম, যে-ধৃতির ঝুলটা খাটো ও জমিটা মোটা ও বে-পাঞ্চাবীর পকেটের দিকটা ছেডা ও ঘাডের দিকটা দাগ-ধরা পুঁলে-পেতে তাই তিনি সংগ্রহ করে' আনবেন।

जाई जिनि यथन त्मिन अकिंग পোটেं त्न् आत्मारकान किनलन अ

অব্যবহিত পরেই একটা দামি কাপড়ের ঢাকনি করতে বসলেন, ভেবেছিল্ম ওটাও সমত্বে তোলা থাকবে, গৃহসজ্জার অন্যান্ত আবশ্রিক উপকরণের মতো। কেননা আপন্যরা জানেন, হোল্ড-অল্-এর পরেই মধ্যবিত্ত মফস্বলে তিনটে জিনিস আমাদের দরকার: এক, পেট্রোম্যাক্স; ছই, সেলাইয়ের কল; তিন, গ্রামোফোন। এই তিনটে জিনিস আমরা বদ্লির সময় পার্শেলে দিই না, সঙ্গে নিই — এই তিনটে জিনিসই আমাদের পদমর্ঘদার সাক্ষী। চাকরির প্রথম বছরেই পেট্রোম্যাক্স, এবং ঘিতীয় বছরে, অর্থাৎ স্ত্রী যথন কুমারীত্ব থেকে মাতৃত্বে উপনীত হ'লেন, সেলাইয়ের কল হ'লো। কিন্তু ও-তু'টোর প্রতি স্ত্রীর মোহ দীর্ঘস্থাী হ'লো না। থোকা যথন বসতে শিখলো অমনি তার পেনি-ফ্রকের ভার পড়লো গিয়ে দর্জির হাতে, আর চাকর যথন উপরোপরি ত্'দিন তুটো ম্যাণ্টল ফাটালো, পেট্রোম্যাক্রটা প্যাকিং-বাক্সের থড়ের গাদার মধ্যে আত্মগোপন করলে। তাই ভেবেছিল্ম, গ্রামোফোনটাও তু'দিন পরে মাত্র একটা মেহপনি কাঠের বাক্স-হিসাবেই আমার ড্রিংক্রমের শোভাবর্ধন করবে।

কিছ জগদখা আমাকে রক্ষা করুন, আমি ভূল ব্ঝেছিলুম। দিন নেই, বাত নেই, মেজাজ নেই, মর্জি নেই, স্ত্রী নিরস্তর রেকর্ড বাজিয়ে চলেছেন। আমার ব্যয়ের স্রোত্যতীতে গভীর করে' একটা খাল কাটা হ'লো। দেখলুম এ বিষয়ে স্ত্রীর যতোটা উৎসাহ তার এক ভগ্নাংশও স্কুক্তি নেই—যার-তার যা-তা গান দিনে-দিনে স্তরীভূত হ'য়ে উঠতে লাগলো। বলতে পারেন, আমি স্থরের কী ব্ঝি, কাকে বলে মালকোষ কাকে বা আশাবরী। কিছ কথার একটা মানে হোক, তাতে ইবং কবিতা থাকুক, সবিনয়ে এইকু তো অস্তত আমি আশা করতে পারি। বলবেন জানি, গানে স্থর ছচ্ছে প্রাণ, কথা শুধু একটা ক্রাল। কিছ কর্মানেরো একটা আকার চাই নিশ্চয়। প্রেয়নীকে কোনো এক সময় যেমন স্ত্রীতে চলে'

আসতেই হ'বে তেমনি স্থরকেও সম্পূর্ণতা পেতে হ'বে কথায়। ছেলে-বেলায় ওয়ার্ড-মেকিং থেলেছি মনে আছে, তেমনি সিনেমা-যুগের এ-সব সঙ্গীত-লেখকরা বাছাই-করা কতগুলি কথা কুড়িয়ে-কুড়িয়ে গানের ছড়া তৈরি করছে এবং তাই প্রতিমৃত হ'য়ে উঠছে যত সব ক্যাকা গলাঃ আর গদান গলায়। ঝালাপালা হ'য়ে উঠলুম।

এরি মধ্যে, একদিন আপিদ থেকে ফিরেছি, স্ত্রী হঠাৎ অপরিমিত উৎসাহসহকারে বললেন, 'জানো, পাশের বাড়িতে শেফালি রায় এসেচে।'

শেষালি রায়ের সঙ্গে যে আমার এক ফালিও পরিচয় নেই তা আপনারা সহজেই ব্রুতে পেরেছেন, নতুবা আমার স্বী উৎসাহে এতোটা উদার হ'তে পারতেন না। তাই নির্লিপ্ত গলায় বললুম, 'কে সে ?'

'ও মা! েশেফালি রায়ের নাম শোন নি?' স্ত্রী আমার দিকে নিতাস্কই একটা অবমানস্কচক দৃষ্টিক্ষেপ করলেন : 'গেলো মার্চ মানে যার প্রথম গান বেফলো বাজারে — রেকর্ড-দেল! কী গলা, কী তার কাজ! শোনো নি তুমি?'

্ অপরাধীর মতো মৃ্ধ করে' বললুম, 'না তো। আছে নাকি আমাদের ?'

এটাও কিনা জিগেগেদ করতে হয়, এমনি একথানা মৃথভাব করে' স্ত্রী ভিদ্ক ঘুরিয়ে দিলেন। মেদিনটা মুহুর্তে গীতবাত্তমুখর হ'য়ে উঠলো।

বলতে কি, এই প্রথম আমি অন্তর্নিবিট্ট হ'য়ে গ্রামোফোন শুনতে বসেচি।

গ্রামোন্দোন-কোম্পানিরা দোকানদারি করতে গিয়ে সাধারণতো এক পিঠ ভালো করে' অন্ত পিঠে গোঁজামিল দেয়, কিন্তু এর বেলায় তার ব্যতিক্রম হয়েছে দেখে মন ভারি খুসি হ'লো। এক পিঠে একটি বিরহ-ব্যথার গান, সকরণ কাকুতিতে ভরা; অন্ত পিঠে মিলনোলাসের গান, প্রচন্তর রক্তিমোচ্ছানে রোমাঞ্চিত। কী বা হ্বর, কিছুই আমি অমুধাবন করতে পারছি না, আমি চোধের সামনে দেখছি, হাা, স্পষ্ট দেখতে পাচ্ছি, আরতির আলোকে প্রতিমার মুখের মতো হ্বরের অপূর্ব বর্ণচ্ছটার শেফালি রায়ের মুখ অনির্বচনীয় হ্বলর হ'য়ে উঠেছে। দেখছি তার মুখে ধ্যানের তন্ময়তা, ছই চোখে বিগাঢ় ভাব, উৎক্ষিপ্ত গ্রীবায় হ্বকোমল শাস্তি, শরীরের রেখা ও চূড়া হ্বরের শিহরণে প্রক্রেরিত। গলায় এমন উন্মাদনা, এমন বিকিরণ, এমন আজ্মদান আর কোথাও দেখিনি। যেমন স্বাস্থা, তেমনি লাবণা, যেমন স্ফুতি তেমনি গভীরতা।

স্থী কানে-কানে বললেন, 'ঐ দেখ, শেফালি রায় জ্ঞানলায় এসে দাঁড়িয়েছে। নিজের গানই শুনছে হাঁ করে'।' স্থী ভারি কৌতৃক বোধ করলেন।

লজ্জিত বিশ্বয়ে তাকালুম জানলার দিকে। এত অত্যন্ধ সময়ের
মধ্যে এই স্থার মফস্বলে স্বকর্ণে তার নিজের গান শুনে সে ভয়ানক অবাক
হ'য়ে গিয়েছে দেখলুম। আত্মহারার মতো আমার দিকে চেয়ে সে হেসে
উঠলো। জীবনে এই সে খ্যাতির স্বাদ পাচ্ছে, তাই মুখের উপর নিষ্ট্রর
বিভ্রুফার সে একটা কাঠিন্ত আনতে পারলো না, অপার সারল্যে
অনির্বচনীয় হেসে উঠলো। কোনো নবাগতকে কোলকাতা দেখাবার
সময় নিজেও য়েমন তার চোখে নতুন করে' কোলকাতা দেখতুম, তেমনি
আমাদের কানে ও ওর বছদিনাভান্ত গানের প্রত্যেকটি কর্গরেথাকৈ
সক্ষেত্রকে অত্মসরণ করছে।

আশ্চর্য, শেফালি রায়ই একমাত্র ব্যতিক্রম, যার কল্পনার সঙ্গে আক্বতির একটা সামঞ্জ্ঞ পেলুম। নইলে, কোনো স্থনামধস্তের সঙ্গে আমাদের দেখা হোক এ স্থামরা পারতপক্ষে প্রার্থনা করি না, কেননা বারে-বারেই তাঁদের সামনে গিয়ে দেখেছি স্থাশাভক্ষ হয়েছে, কেউ সেই কর্মনার ছায়ায় এসেও দাঁড়াতে পারেননি, বরং প্রতিমা বিসর্জন হ'য়ে এক আঁটি থড় উঠেছে ভেসে। তাই শেফালি রায়ের দিকে তাকাবার আগে ভেবেছিলুম মেয়েটি দেখতে নিশ্চয়ই কালো ও মোটা হবে, কেননা ও-তৃটো গুল বাঙালী গায়িকার 'করোলারি'। কিন্তু যদি বলি, শেফালির দেহই দীপ্ত একটি গীতরেখা তা হ'লে হয়তো বা অতিরিক্ত করে' বলবো, কিন্তু মিখ্যা বলবো না। থানিক আগে তাকে না দেখে শুধু তার গান ওনে তার যে ভাবলিয় মুর্তি কর্মনা করেছিলুম, দেখলুম তার এ-মুর্তি সমশু ভাবকে বহুদূর অতিক্রম করে' গেছে। দীর্ঘান্ধী, ছিপছিপে মেয়েটি, বছর সতেরো-আঠারো বয়েস, যৌবন একটু দেরী করে' এসেছে বলে' সমশু শরীরে প্রসন্ম একটি লীলার তরলিমা। তার গলা শুনেই ব্যেছিলুম তাব লাবণ্যের সঙ্গে একটি সবলতা আছে, কান্তির সঙ্গে তেজ। সেই তেজ দেখলুম তার এই জানলায় উন্মুক্ত দাঁডিয়ে-থাকায়, প্রায় সম্মোহিতেব মতো। হঠাৎ থেয়াল হ'লো বাজনা আর নেই, সাউগুবক্সটা স্ত্রী ক্ষিপ্ত হাতে তুলে নিয়েছেন।

আমার প্রতিবেশীটি এথানকার এক উকিল, শেফালি তাঁর ভাই-ঝি, এখানে ক'দিনের জ্বন্তে বেড়াতে এনেছে। উকিলের গৃহিণীকে আমার স্থী দিদি বলতেন বয়েদে বড়ো বলে', আর আমার স্থীকেও তিনি দিদি বলতেন পদে বড়ো বলে', কিন্তু হুই বোনে বিশেষ মাথামাথি ছিলো না। কেন, সেই কারণটা এখানে ব্যাখ্যা করে' না বললেও চলবে। কিন্তু শেফালির আসার পর থেকে স্থী তাঁর ব্যবধানটা আর চালাতে পারলেন না বাচিছে, বেড়া ভিঙিয়ে সটান ও-বাড়ি চুকে পড়লেন।

শেষিদ সাদ্ধ্যপ্রমণ সেরে বাড়ি ফিরে এসে দেখি আমাদের শোবার হরে গালের ছোটথাটো একটি জলসা বসেছে। পাশেরটাই আমার বসবার হর, আজকাল যাকে বৈঠকথানা না বলে ডুফিং-ক্লম বলি। সেই ঘরেই এসে আশ্রম নিলুম, মাঝখানের দরজাটা স্ত্রী চক্ষের পলক ফেলতে-না-ফেলতে বন্ধ করে' দিলেন।

শেফালি আমার স্ত্রীকে বললে, 'আমার তো কতগুলি হ'লো, এবার আপনি একখানা ধরুন।'

ব্ঝল্ম, আমার আদার আগেই শেফালি তার পালা দাঙ্গ করেছে। কত যে হতাশ হল্ম, কী বলবো !

শেফালি আবার অমুরোধ করলে: 'নিন, ধরুন!'

ভেবেছিল্ম স্ত্রী তুম্ল প্রতিবাদ করবেন, কেননা বিয়ের পর তাঁর ম্থে গান শুনেছি বলে' মনে পড়ে না। তবে, আপনারা জানেন, বিয়ের আগে প্রত্যেক মধ্যবিত্ত মেয়েই হু'তিনটে গান কমা-সেমিকোলন-শুদ্ধু ম্থক্ত করে' রাথে, যেন পাণিপ্রার্থীদের কারু গীতশ্রুতিস্পৃহা হ'লে অকারণে না ঠকতে হয়। মনে আছে স্ত্রীকে তাঁর শেষ কৌমার্থসীমায় দেখতে গিয়ে আমিও তাঁর একটা গান শুনে এসেছিল্ম। কিন্তু আপনাদেরকে আগেই বলেছি, গানের চেয়ে কথাংশের দিকে আমার দৃষ্টি বেশি, তাই স্ত্রীকে আমার দেদিন পছল করতে বিশেষ বেগ পেতে হয়নি। দেখল্ম তিন বছর আগেকার সেই মর্চে-ধরা গানটা তিনি কণ্ঠনালী দিয়ে উলগীরণ করছেন। কমা-সেমিকোলনের আজো হয়তো কোনো ভূল পেল্ম না, কিন্তু যা-ই তিনি বল্ন, পেল্ম না আর তাঁর সেই স্ক্মার কৌমার্থের ভচিতা, সেই না-দেখা দেশের মায়াময় তটের শ্বপ্ন।

শেফালি প্রচলিত কতগুলি প্রশংসা করলে, কিন্তু স্থী তাকে এত সহজ্ঞেই নিষ্কৃতি দেবেন না। বললেন, 'এবার আপনি আরেকথানা গান, আপনার রেকর্ডের গান।'

ব্ৰাল্ম, আমাকেই শোনাবার জন্তে। কিন্তু আমি গান তনতে চাই না, কেখতে চাই। রঙকে শোনা ও শন্ধকে দেখাই হচ্ছে অহস্ভৃতির চরম।

শেফালির হয়তো আপত্তি হ'তো না, কিছু স্ত্রী একটু আলগা দিলেন না, ভেতরের দরজাটা তেমনি ভেজানো রইলো। শেফালি তার সেই বিরহব্যথার গান ধরলো, করুণ থেকে চলে' এলো প্রায় গভীরে। মনে হ'লো, যাকে নিয়ে আমাদের বিরহ, তার সঙ্গে আমাদের শুধু একটা দরজার ব্যবধান, আর সে-দরজা এমন রাক্ষ্সে দরজা নয়, যে থোলা যায় না। থোলা যায়, উপসংহারের চিস্তা না করলেই থোলা যায়। আমিও তাই জোরে একটা ঠেলা দিয়ে দরজাটা খুলে দিলুম।

শালীনতা আশ্চর্য বজায় রেখে স্ত্রী স্নিশ্বস্থরে বললেন, 'ভেতরে এসে বোসে।'

বসল্ম এসে একটা চেয়ারে, লক্ষ্য করল্ম শেফালির অঞ্লাটুকু পর্যন্ত বিচলিত হ'লো না, গানে সে নিজেকে এমনি ঢেলে দিয়েছে। তার শীতালোকিত সেই মৃথ পৃথিবীর বলে' মনে হ'লো না। গানের ফাঁকে নিশ্বাস নেবার জন্মে যে সে ক্রত চেটা করছে, কথনো যে হঠাৎ একটুখানি জিভ বের করে' ঠোঁট নিচ্ছে চেটে, কিম্বা বাঁ-হাতে যে বেলো করছে হার্গোনিয়াম, এ-সব নিতান্তই অপ্রাসন্ধিক। নির্জন পার্বতী নির্জাররেখার উপরে নিশ্চয়ই আপনারা জ্যোৎক্ষা দেখেছেন, তবে নিশ্চয়ই ব্রুতে পারবেন শেফালিকে। নির্জাররেখা বলছি কেননা শেফালি রুশ, লীলাঞ্চিত; পার্বতী বলছি, কেননা তার শরীরে একটি ধৃসর কাঠিছ আছে; আর নির্জন বলছি, কেননা তার এখনো বিয়ে হয় নি। আর জ্যোৎক্ষা, গানের জ্যোৎক্ষা।

কিছ সভিয় কথা বলতে কি, শেফালির এ-গান আমার একটুও ভালো লাগলো না। আমি ভেবে দেখেছি সব-কিছুর ফুরিয়ে যাওয়াটাই সৌন্দর্য, যা যভো বেশি স্থন্দর তার উচিত ততো শিগ্রির ফুরিয়ে যাওয়া। ডিস্ক্-এ শেকালির পান ডিন মিনিটের বেশি থাকতো না বলে'ই ইচ্ছে করতো তিন দিন বদে' শুনি, আর এখন সেই তিন মিনিটকে টেনে-হি'চড়ে তেত্তিশ মিনিটে নিয়ে এলেই বা মারে কে! এত কান্ধ, এত কার্বর, এত কুন্তি দেখাবার সময় কোথায় ডিস্ক্-এ? তাই শেফালি আমাদের ভক্তির প্রশ্রয় পেয়ে নির্বাধ গলা ছেড়ে দিলো।

ভালো লাগলো না। ইচ্ছে হ'লো, অনেক যথন রাত, শেফালিও যথন ঘূমিয়ে পড়েছে, চূপি-চূপি ভিস্ক্টা ঘূরিয়ে দিই। কিন্তু, লাভের মধ্যে স্ত্রীকেই শুধু জাগিয়ে দেয়া হ'বে।

ভারপর শেফালি চলে' গেছে এ সহর ছেড়ে, ভার বাপের কাছে, কোলকাতায়! তাকে নিম্নে হয়তো কত মজলিস, কত জলসা, কত 'চা-চক্র। আমরা বড়ো জোর মফস্বলে বসে' বিজ্ঞাপনের পৃষ্ঠা হাটকাতে পারি, মাসাস্তে গ্রামোফোন-ডিলারের কাছে গিয়ে জিগগেস করতে পারি: 'শেফালি রায়ের কিছু বেঞ্চলো এ-মাসে?' 'যদি বলে, 'বেরিয়েছে', খুসি হ'য়ে কিনে আনতে পারি একথানা। এই পর্যন্ত।

কিন্তু, ঘোরতর আশ্চর্যের বিষয়, সেই মার্চ মাসের পর আজ জুলাই মাস পড়লো, শেফালি রায়ের আর গান নেই। অথচ তার একথানা রেকর্ড বাঙলা দেশে এমন এক তরঙ্গ এনে দিয়েছিলো যে আজ তা আপনি অনেক অলি-গলি ঘুরে গোরুর গাড়ির গাড়োয়ানের মূথে শুনতে পাবেন।

একদিন স্ত্রী বললেন, প্রায় কারু একটা কলঙ্ক বলার মতো: 'জানো, শেফালি রায়ের বিয়ে হচ্ছে। আজ উকিল-দিদির মূথে শুনলুম।'

থবরটাতে অহুৎসাহিত হ'বার কারণ নেই, তাই প্রকৃতিস্থ গণায় বললুম, 'ওর ভাবনা কি, গানের জোরেই পাত্র জোগাড় করে' নিয়েছে।' এমনি যেন অনেকেই নিয়েছে স্ত্রী একটা কটাক্ষ করলেন।

কিছ যদি বলি, এর পর শেকালির গান আর আমার ভালো লাগলো না, তা হ'লে, জানি, আপনাদের নিশ্চয়ই সহাত্ত্তি পাবো। মনে হ'লো, গানের ছলে এ যেন শুধু ঢোল-বাছ বাজিনে গলা ছেড়ে টেচিয়ে বলা:
'আমাকে কেউ ভোমরা শিগ্নির বিয়ে করো।'

বিরক্ত হ'য়ে বলল্ম, 'থামাও ৬-গান। আরো অনেক ভদ্র গান আছে বাড়িতে।'

স্ত্রী ঈষৎ কৌতুকাম্বিত হ'য়ে বললেন, 'সে কী কথা! এ-গানে যে পাহাড় গলে' ধারা বেঞ্জা। ভাবে একেবারে ভোলানাথ হ'য়ে যেতে।'

'ছাই! গলার ও নির্লজ্জ আকামো সইতে পারিনে। যেন ঢলে'-পড়ার ইচ্ছে।' নিজেই বন্ধ করে' দিলুম গানটা। বললুম, 'এর চেয়ে ভামা-সদীতে পুণা আছে।'

আমি এটা বিলক্ষণ দেখেছি, অন্ত কোনো মেয়েকে নিন্দে করলে মনে-মনে ত্রী বেশ প্রসন্ধ হন, হয়তো ভাবেন অন্তত একটি মেয়ের সংস্পর্শ থেকে তিনি আমাকে রক্ষা করেছেন। আমার কাছে মেয়েদের শুধু ছ'টো গায়ের রঙ ছিলো, হয় ফর্সা, নয় কালো। আর একেবারে কৃষ্ণ-কালো না হ'লে আমি কাউকে প্রাণ ধরে' কালো বলতে পারতুম না। সেই ধারণাতে সেদিন শেফালিকেও ফর্সা বলে' ফেলেছিলুম। প্রকাণ্ড একটা ধমক থেয়েছিলুম স্ত্রীর কাছে। পৌরালী বলে' আমার স্ত্রীর একটা শারীরিক গর্ব ছিলো, এবং তিনি আমার কাছে স্পষ্ট এটা আশা করতেন ধে তাঁর তুলনায় সংসারের সমন্ত স্ত্রীলোককে আমি কালো দেখি।

তাই বললুম, 'যেমন রূপের ছিরি, তেমনি গলার কেরদানি।'

এমনি অনেক তারার কণা আকাশ থেকে ঝরে' গেছে, রাত থেকে অনেক স্বপ্নের টুকরো। কোনো কিছুরই থেয়াল হ'তো না, যদি না বছর দেড়েক সরে শ্রী একদিন এসে বলতেন, 'জানো, শেফালি রায় এসেছে।'

আমৃল চন্তে উঠল্ম: 'কোথায় ?'

পাশের বাড়ি ছাড়া কোথায় দে আর আসতে পারে! স্ত্রী গলার

স্থারে স্থলভ একটি বিষাদ মাখিয়ে বললেন, 'কিন্তু ওর ভারি অম্থ। এখানে একটু হাওয়া বদলাতে এসেছে।'

স্থলভ কৌতৃহলের বশে বললুম, 'কী অন্থথ ?'

'একটি সন্তান নষ্ট হবার পর থেকে একেবারে ঝরে' গেছে, চেনা যায় না। মাসথানেক ধরে' নাকি ঘুস্ঘুসে জর হচ্ছে সন্ধেবেলা।'

খবরের কাগজের একটা খবর শুনছি এমনি নির্লিপ্ততার সঙ্গে সংবাদটা গ্রহণ করলুম। বিষের পর কোনো মেয়ে মোটা হবে বা কোনো মেয়ে রোগা হবে এতে আশ্চর্য হবার কী আছে ?

আমিও আশ্চর্য হতুম না, যদি না এর দিন তিনেক পর শেফালির সঙ্গে আমার মুখোমুথি দেখা হ'তো। আপিস থেকে ফিরে ঘরে চুকেছি, দেখি কে একজন অপরিচিত মহিলা একটা ঢালু চেয়ারে বলে' স্ত্রীর সঙ্গে করুল মিহি গলায় গল্প করছে। অপাঙ্গে স্ত্রীর শাণিত শাসন পাবার আগেই সরে' যাচ্ছিলুম, কিছু অপরিচিত মহিলা সোজা হ'য়ে বসবার উত্তমের মাঝে তু' হাতে তুর্বল একটি নমস্কার করে' শ্বিভহাস্তে বললে, 'নমস্কার!:চিনতে পারেন ?'

দেখে পারত্ম না, ভনে চিনলুম। বললুম, 'আপনি কি, মিসেস—' 'শেফাুলি রায়।' শেফালি মলিন মূথে হাসলো।

'আপনার খুব অহুখ ?'

'হাা।' শেফালি তার বাঁ হাতের পরিক্ট একটা শিরের উপরে ডান হাতের একটা আঙুল বুলুতে লাগলো।

বল্ম, 'এখন কেমন আছেন ?'

'ভালো নয়। এখানে যেদিন আসি, সেদিন অরটা হয়নি। ভাবলুম, সেরে উঠবো বৃঝি। কিন্তু পশু থেকে আবার যে-কে-সে।'

তার শীর্ণতার দিকে চেম্নে থেকে বললুম 'এ-রকম কডদিন হয়েছে ?'

রোগা মৃথে তার চাহনিটি থুব বড় মনে হ'লো। শেফালি বললে, 'এই মাস তিনেক।'

'মাস তিনেক !' কোটের একটা বোতাম ঘোরাতে-ঘোরাতে বলনুম, 'কিন্তু এতদিন আপনাকে দেখি নি কেন ?'

'দেখেন নি মানে ?' শেফালি যেন কথাটা ধরতে পারলো না:
'আমাকে দেখবেন কি করে' ?'

হাসিমুখে বললুম, 'আপনি জানেন না, গান আমি শুনি নে, গান আমি দেখি।'

'ও! এতদিন আমার গান বাজারে দেখেন নি কেন তাই জিগগেস করছেন ?' শেফালি হাসলো।

'হাা, অহখ তো আপনার তিন মাস, কিন্তু এর আগে হিসেব করে' দেখতে গেলে অন্তত পনৈরো-কুড়িখানাও রেকর্ড বেকতে পারতো বাজারে। কী করছিলেন এতদিন, গ্রামোফোন-কোম্পানিই বা কি লালবাতি জেলেছে নাকি? মাঝখান থেকে আমাদেরই ক্ষতি, যারা মেসিন কিনে বসে' আছি, আর বসে' আছি মফহলে।'

'গান দেবো কি করে' ?' শেফালি মুথ নীচু করলো। বললে, 'র্জনায়ে দেয় না আমাকে গাইতে।'

'কা'রা ?' কথাটা জিগগেস না করলেও পারতুম।

শেষালি মুখ তুললো না। ধীরে বললে, 'এ-বিয়ে আমার হ'তেই পারতো না, বদি না আমার বাবা খণ্ডরমশাইকে আগুরেটেকিং দিতেন যে বিয়ের পর ও-বাড়ি আমি গান গাইবো না কোনোদিন। ভেবেছিলুম একটু-আধটু বাজালে হয়তো দোব হবে না, তাই এসরাজটা নিয়ে গিয়েছিলুষ। কিছ ও-বাড়িতে পদার্পন করার পরদিনই সেটাকে শাশুড়ি জলন্ত উন্থান উক্তে দিলেন।'

বজ্রাহতের মতো চেয়ে রইলুম।

বললুম, 'কিন্তু আপনার স্বামীও কি গান পছন্দ করেন না ?'

'স্ত্রীলোকের গান করেন না, কেননা তাঁর মতে গান আর এক প্রকারের স্ত্রীলোক সমশ্রেণীর।'

এতক্ষণে স্ত্রী চঞ্চল হ'য়ে উঠেছেন। বললেন, 'বলেন কি, এমন লোকও আছে নাকি সংসারে ?'

'আছে।' শেফালি অভ্যমনক্ষের মতো বললে, 'নইলে সংসার বিচিত্র হবে কি করে' ?'

'তবে জেনে-শুনে ও-জায়গায় বিয়ে বসতে গিয়েছিলেন কেন?' স্ত্রী তপ্ত, অসহিষ্ণু গলায় অসতর্কের মতো প্রশ্ন করে' বসলেন।

এর অবিশ্রি উত্তর নেই। কিন্তু প্রশ্নটাও অবাস্তর। কেননা যে-বিয়ের জন্মে গানের এত হটুগোল মেয়েদের, বোবা হ'য়ে থাকলেই যদি সেটা বিনা পরিশ্রমে সমাধা হ'য়ে যায় তো মন্দ কী!

ত্ত্বী ব্ঝলেন প্রশ্নটা কিছু কঠিন হয়েছে। তাই অন্তর্গতার সঙ্গে বললেন, 'একা-একা আপন মনেও তো গাইতে পারেন, চাতে, নিরালায়, মাঝরাতে ?'

শেফালি শৃষ্য চোথে খোলা জানলা দিয়ে কডদ্র যেন চাইলো। বলনে, 'একা-একা নিজের মনে গাইতে ভালো লাগে না, সে ভো সকলেই গায়, যে জানে না সে-ও। কিন্তু আমি চাই শোনাতে, কিন্ধা আগনি যা বলনে, দেখাতে — স্বয়ং স্প্টিকর্তা যা চান। বলুন, আপনি যদি সন্তিঃকাউকে ভালোবাসেন', উত্তেজনায় শেফালি ক্রন্ত নিশাস ফেলতে লাগলো: 'তবে কি তা আপনি মনের মধ্যে পুষে রাখতে পারেন, উদ্বেল বক্সার মতো সমস্ত পৃথিবী আপনার ভাসিয়ে দিতে ইচ্ছে করে না ? আমি তো শুধু নিজেকে নিয়ে আমি নই, সমস্তকে নিয়ে আমি। নিজের অক্ষেত্ত ভো চোধের জলই আছে, গান কেন ?'

বিষাদের কুয়াসাটা উড়িয়ে দেবার জ্বতো বললুম, 'আপনার সেই গানটা আজ একবার ভনবেন ?'

'না, দরকার নেই। আমি এথন উঠি। আপনি এই আপিস থেকে এসেছেন, জামা-কাপড় ছেড়ে বিশ্রাম করুন।'

ভঙ্গুর, বিশীর্ণ কতগুলি রেথায় থণ্ড-বিথণ্ড হ'য়ে শেফালি উঠে দাঁড়ালো। গান ফুরিয়ে যাবার পর পিনের সজ্মর্যে ডিস্ক্-এ যে থানিক কর্কশ আওয়ান্ধ বেরোয়, যদি বলি, শেফালির শরীরে সেই কর্কশতা, তবে তাকে আপনারা কিছুটা বুঝতে পারবেন হয়তো।

এখানে তার অস্থ্যটা আরো জটিল হ'য়ে উঠলো, তাই তাকে ফের ফিরে যেতে হ'লো কোলকাতায়, তার বাবার কাছে।

সেদিন রাজে, স্ত্রী যথন খোকাকে নিয়ে ঘুমিয়ে পড়েছেন, চুপিচুপি জাগিয়ে দিলুম শেফালিকে, সেই ফুলস্ত শেফালিকে। কতদিন তাকে দেখি নি। আজ দেখলুম, এতটুকুও সে মান বা শীর্ণ হয় নি, গানের জ্যোৎস্থায় শরীরে তার সেই তরল তরঙ্গিমা। সেই তার কপালে আভা, মুখে রক্তিমা, বুকে উদ্বেশতা। সমন্ত শরীর যেন প্রার্থনার মতো কোমল, উক্তুসিত। আবার তাকে দেখলুম, কতদিন তাকে দেখিনি।

খ্রী বিরক্ত হ'য়ে বললেন, 'এ কী কাণ্ড! পাড়ার লোক যে পাগলা-গারদ ভাববে।'

পরদিন, তাঁর ঘোরতর সন্দেহ দাঁড়ালো, যথন দেখলেন আপিস থেকে ফিরে কের গান দিয়েছি।

'কাল রাতে ব্ঝি এই গানটাই দিয়েছিলে ?' লুকোলাৰ না। 'কেন, আর গান নেই ?' 'আছে।' 'তবে ?' স্ত্রী ধমক দিয়ে উঠলেন। 'জানি না।'

সভিত্ত জানি না। কিন্তু আপুনারা জানেন, না-জানারো একটা সীমা থাকা উচিত। ভবিশুং না জেনে আমি যথন-তথন ঘ্রিয়ে-ঘ্রিয়ে শেফালিকে দেখতে লাগল্ম। আপিসে উপরালার থেকে যথন ধমক খাই, যেদিন অনেক থরচ হয়ে' যায়, যথন রাত করে' কৃষ্ণপক্ষের চাঁদ ওঠে, এবং যেদিন সভিত্তি কোন কারণ থাকে না। কিন্তু ভাবতেও পারিনি শেফালির অপমৃত্যুর জন্মে আমিই দায়ী হবো।

স্থী একদিন তেরিয়া হ'য়ে বললেন, 'তথন না বলতে একটা স্থাকা, বিচ্ছিরি ঢলে'-পড়া গান—'

'কতো কথাই তো আমরা বলি', দার্শনিক হবার চেষ্টায় বলনুম, 'আর যা বলি তা বলবো না বলে'ই বলি।'

'ঐ তো হাড়-বার-করা কেলে-কিসকিন্দি চেহারা', শেফালি যেখানটায় সেদিন বদেছিলো সেই দিকে হাতের একটা ভঙ্গি চালনা করে' স্ত্রী বললেন, 'ওর আর আছে কী ?'

স্বীলোকমাত্রেই দক্ষীর্ণজীবী, তা আমার আগে আরো বড়ো-বড়ো দার্শনিকরা বলে' গেছে। তারা ঘ্রছে শুধু বর্তমানের ডিস্ক্-এ; তাদের না আছে অতীত, না আছে ভবিশ্রৎ, না শ্বতি, না বা স্বপ্ন। তাই বর্তমান নিয়েই তিনি সম্ভট থাকুন, আমি আমার সেই সঙ্গীতময় অতীতের একাকীত্বে ফিরে যাই।

চা-টা আশাস্থরপ গরম না অন্থচিতভাবে ঠাণ্ডা এই নিয়ে স্থীর সব্দে কুল্রাকার একটু বচসা হ'লো, এর চেয়েও তুচ্ছ কারণে আপনাদের হ'য়ে থাকে। কিন্তু তখুনি আপনারা গ্রামোফোন বাজাতে বসেন না। ঐথানেই আমার ভূল হয়েছিলো, আমি তক্ষুনিই, সঞ্চালবেলাভেই, গান দিলুম, আর আপনাদের বলে' দিতে হবে না, শেফালির গান।

দিগরেটটা ঠোটে করে' পাশের মরে দিয়াশলায়ের সন্ধানে গিয়েছিলুম, স্ত্রী কথন ঘরে ঢুকেছেন টের পাই নি। হঠাৎ একটা তীত্র আর্তনাদ শুনে ফিরে গিয়ে দেখি স্ত্রী ডিস্ক্থানা মেঝের উপর আছড়ে ফেলে ভেঙে টকরো-টকরো করে' দিয়েছেন।

তথন আমার বদলি হবার সময়। উপরালার কাছে অনেকে অনেক রকম তদ্বির করে' থাকে, কেউ চায় কোলকাতার কাছে, কেউ চায় সন্থার জায়গা, কেউ একেবারে দেশের বাস্ততে। আমি গিয়ে বললুম, আমার প্রার্থনা খ্ব বিনীত, আমাকে এমন জায়গা দাও, যেথানে ইলেকট্রিসিটি আছে, সে টাক্লাইলই হোক কি বরিশালই হোক। প্রার্থনা মঞ্জুর হ'লো। তাই রেকর্ডসমেত গ্রামোফোনটা এক-পঞ্চমাংশ দামে এক প্রোবেশানারি ডিপ্টির কাছে বেচে দিয়ে এথানে তারো চেয়ে বর্বর, তারো 'চেয়ে বৈশাচিক, এক রেডিয়ো খুলে বসেছি।

হপুর হ'টো

ঈশ্বর কথন যে তাঁর মানবদস্ততির উপর প্রদন্ধ হ'য়ে ওঠেন বলা মৃদ্ধিল। হঠাৎ টেলিগ্রাম এলো কোম্পানির ঘুমস্ত কে-এক পার্টনার বার্লিনে না বার্মিংহামে মোটর উল্টে মারা গেছেন, ছ'টোর সময় আশিস তাই ছুটি হ'য়ে যাবে।

বেম্পতিবার — এমন দিনে ছপুর থাকতে বাজি ফিরে গিয়ে সটান ঘুম্নো যাবে, এটা প্রায় একটা অলৌকিক ঘটনা, আকাশে ধ্মকেতু ওঠার মতো। তার উপর, আজ অনেক মারামারি করে' নতুন লেপ পাড়া হয়েছে, কোমল সেই উত্তাপের তলায় কুগুলায়িত হ'য়ে ঘুমোনো, শীতের স্থিম রোদে প্রফুলর কাছে সমস্ত পৃথিবী আজ সত্যোজাত মনে হ'লো।

প্রফুলর বাসাটা সহরের দক্ষিণে, বড়ো রান্তার উপর। নিচেটার দোকান, গলি-মতন থানিকটা স্থড়ঙ পেরিয়ে গিয়ে ভাইনে সিঁড়ি; উপরে তিনথানা ঘর নিয়ে তার সংসার। বছর পাঁচেক হ'লো তার বিয়ে হয়েছে কিন্তু স্ত্রীকে অহোরাত্রিক পাচ্ছে সে মোটে বছর দেড়েক হ'বে, গত জুলাইয়ে মাইনে তার ত্রিসংখ্যেয় হ'য়ে উঠলে দেশের বাড়িথেকে মুয়য়ীকে যথন সে নিয়ে এলো। কিন্তু কোলকাতায় একশো টাকা মাইনেতে কী কুলোয় বলো! প্রফুলকে এখনো মাঝে-মাঝে লুকিয়ে সেকেণ্ড রাশ ট্রাম চাপতে হয়।

মুমামী এখন হয়তো বালিশে ভিজে চুল ছড়িয়ে খুমিয়ে খাছে,

অনার্ত বাহুর উপর কোন সৌভাগ্যবান ঔপক্সাসিকের একটা বই রয়েছে ছত্রখান হ'য়ে। কিম্বা জানলার ধারে বসে' সে কোলাহল-কল্পোলিত কোলকাতা দেখছে, তার কাছে সেই রহস্তময় কোলকাতা, খাঁচার পাথির কাছে যেমন স্থামল বনাভাদ। কিম্বা, হয়তো আজ আর ঘুম আসেনি, হাতে আর কোনো কাজ না পেয়ে জলখাবার তৈরি করতে বসেছে; বিছানা-পাতা, চূল-বাঁধা তার সাক্ষ, হয়তো-বা বন্দী একা ঘরে মান শীর্ণ মুথে নথ দিয়ে দেয়ালের সে চূন আঁচড়াছে!

কী অপরিমিত খুসিই সে হ'বে যদি প্রফুল্লকে এখন দেখতে পায়!
দিখর করুন, সে থেন এখন ঘুমিয়ে থাকে, ঘন পাতার আড়াল থেকে
খালিত একটি স্নিগ্ধ জ্যোৎস্নালেখার মতো তার ঘুমন্ত সেই শান্তি কী করে'
যে সহসা উচ্চুসিত ও অজম্র রোদ্রে ম্রন্ড-বিম্রন্ত হ'য়ে টুঠবে তাই প্রফুল
একবার দূরে দাঁড়িয়ে দেখবে।

সম্বর্গণে সে সিঁড়ি ভেঙে উঠে গেলো উপরে। কড়া নাড়তে হ'লো
না, দরজাটা কেমন নিজে থেকেই খুলে গেলো আচমকা। চৌকাঠ
পেরিয়ে ঘরে চুকতেই প্রফুল্প কেমন থম্কে থেমে গেলো। ঘরটা যেন
অসম্ভব রকম সাজানো, এমন প্রথর পরিচ্ছয়তা সে যেন অনেক দিন লক্ষ্য
করেনি। মেঝেটা মুমায়ীর নথের মতো ঝকঝক করছে। টেবিলটাতে
অক্সপুঞ্জিত বিশৃষ্খলার এতটুকু একটা রেখাও কোথাও দেখা যাচ্ছে না,
ঘরের আসবাবগুলো দম্ভরমতো জ্যামিতিক সামঞ্জ্য রেখে সাজানো।
থাটের উপর বিছানাটাতে অকিঞ্চিৎকর একটা কুঞ্চনও কোথাও নেই,
পায়ের নিচে নতুন লেপ ভূপাকার হ'য়ে আছে ফ্রীত সফেনতায়। গোপন
নিঃশক্ষা দিয়ে সমন্ত ঘর যেন পরিপূর্ণ। দেয়ালগুলো এত বেশি সাদা,
সমন্ন এত বেশি শুন্ভিত ও পরিপার্য এত বেশি শৃত্য যে কণকাল প্রফুলর
রীতিষত ভন্ন করে' উঠলো।

নিজেকে দে আর লুকিয়ে রাখতে পারলো না। অনাবশুক উচু গলায় ডাক দিলে, 'মিয়া'

এক সেকেণ্ড, হুই, ভিন — কোনো,সাড়া নেই।

প্রফুল্ল তাড়াতাড়ি — যেন আগুনের উপর দিয়ে হেঁটে যাচ্ছে — পাশের ঘরে দাঁড়ালো। এটার এককোণে একটা টেবিল, তাতে তাদের চায়ের বাসন সাজানো, আচারের বোয়ম, মশলার শিশি, মাথনের কোটো। এমন পরিচ্ছন্ন, ছোঁয় তাদের সাধ্য কী! ও-পাশের আলনাতে গায়ে-গায়ে ঘেঁসাঘেঁসি করে' থরে-থরে কাপড় সাজানো, অত্যুগ্র নির্ভান্ধ, যেন কোনোদিন ওদেরকে পরতে হ'বে না। পশ্চিমের দেয়াল ঘেঁসে টানা একটা বেঞ্চির উপর ট্রাঙ্ক আর স্থাটকেসের সারি, তালা-লাগানো, বিচিত্র ঢাকনা-দেয়া, যেন কতো রাজার ঝাজত্ব রয়েছে লুকিয়ে। কোণে জলচৌকির উপর লক্ষীর বাধানো ছবিটি পর্যন্ত ছব্যে হ'বে আছে। কিন্তু মুন্মন্ত্রী কোথায় ?

প্রাফুল এবার চিহ্নহীন, ধূসর গলায় ডাক দিলে: 'মিছ।' আর নিজেরই গলার স্বরে ডার ধাবমান রক্ত যেন সমস্ত শরীরে থেমে জর্মে' ঠাণ্ডা হ'য়ে গেলো।

আরো তাড়াতাড়ি, যেন ভূমিকম্প থেকে প্রাণপণ পালিয়ে যাচ্ছে, প্রফুল্ল ছুটে এলো রান্নাঘরে। কোথায়! মাটির উন্থনটা শুকিয়ে থটখট করছে, কথন পাট ভোলা হয়েছে, মেঝেতে জলের রেখাটি নেই। তাকের উপর বাসনগুলো এমন পরিপাটি করে' সাজানো, যেন রাত্রে আর রান্নাকরে' থেতে হ'বে না। ঘরের বাইরে খোলা কলের পাশে হাতল-হীন ভাঙা একটা কড়ার মধ্যে সকালবেলাকার ছাই রয়েছে জড়ো হ'য়ে, যেন এই উন্থনের শেষ পরিচয়!

কাছেই বাধকম, এগিয়ে ষেতেই ভেজানো দরজাটা আলগোছে খুলে

গেলো; উকি দেবারো কিছু নেই, শুকনো শৃষ্ঠতা রয়েছে ছড়িয়ে প্রফুল চোথে উত্তাল অন্ধকার দেখলো, কোথায় মৃন্ময়ী ? যেন ছিঁছে পড়ছে সে আকাশ থেকে, অপার শৃষ্ঠে আত্মহারার মতো সে ডেকে উঠলো: 'মিহু, মৃন্ময়ী!' অন্ত পায়ে এ-ঘর থেকে ও-ঘর ছুটোছুটি করছে লাগলো, কোথায় সে লুকিয়ে রয়েছে! নিচু হ'য়ে থাটের তলাটা সে দেখলে, শুধু পা-পোষটা রয়েছে ঢোকানো। দরজার পাশ, দেয়ালের কোণ, আলনার আড়াল — এমন-কি দেরাজটা পর্যন্ত সে টেনে দেখলো। কোথাও তার একগাছি চূল পর্যন্ত পড়ে' নেই! প্রফুল তরতর করে দিঁড়ি দিয়ে নেমে গেলো নিচেতে, রাস্তায়, কোথায় সে যে যাছে তাজানে না, আবার তথুনি রান্তা থেকে উঠে এলো উপরে। পরিপাটি বিছানাটা রাচ হাতে তছনছ করে' দিলো, লেথবার টেবিলটা স্থূপাকার করে' তুললো, হাতের ক'ছে যে জিনিস সে কুড়িয়ে পেলো, নিরুত্তর অসাড় জড় পদার্থ, সব ছুঁড়ে দিতে লাগলো এথানে-সেথানে, বলো, কোথায় মৃথায়ী ? দেয়ালে ঘূষি মেরে মাথা ঠুকে রুত্যমান অসহায় কঠে সমস্ত মৃক্ শৃষ্ঠকে সন্থোধন করে' সে আবার ডাকলো: 'মিহু, মৃন্ময়ী!'

কিন্তু মৃদ্ধিল এই, গলা উচিয়ে বেশি দূর ভাকা যায় না, লোকে শুনলে বলবে কী! এ তো আর ঘটা ক'রে বলা চলবে না যে স্ত্রীকে মশাই খুঁলে পাচ্ছি না — অন্তত বলায় তো কোনো মহত্ব নেই। এমনি হয়তো কাছেই কোথাও গেছে, কতক্ষণ পরেই ফিরে আসবে। তার জন্ম এরি মধ্যে এমন একটা অকারণ কেলেন্ধারি বাধিয়ে তুলেছে ভাবতে প্রফুল্লর হাসি পেলো। বিছানাটা সামান্ত টান করে' সে একপাশে বসলো, জুজোর ফিতে খুলতে নিচু হ'লো আধ্যানা।

কিছ কোথায়ই বা সে যেতে পারে, কাছে, কভকণের জন্তে! চম্কে সোজা হ'রে ছই পারে সে অটল উঠে দাড়ালো। এত বড় কোলকাভার কেউ তার পরিচিত নয়, না আত্মীয় না প্রতিবেশী। এ-ঘর থেকে ও-ঘর, এ-জানলা থেকে ও-জানলা, এই রাস্তায়ই তার পৃথিবী আহ্নিক ঘূরে যাচ্ছে, আজ সমানে দেড় বছর। তার মধ্যে গুনে তিন দিন হয়তো সে তাকে বায়স্কোপে নিয়ে গিয়েছিলো, আর একদিন সন্তা কি-একটা স্বদেশী মেলায়। এই তো তার কোলকাতার সঙ্গে সাক্ষাৎকার। সেই ভীক্ন মেয়ে আজ নিঃসঙ্কোচে তুপুরের রাজপথে নিক্লেশ বেরিয়ে পড়েছে এই বা বিশ্বাস করবার হেতু কোথায়?

অন্ধ, উন্নত্তের মতো প্রফুল্ল আবার নিচে নেমে এলো। উপরের জানলা থেকে আদি-অন্ত দেখা যায় না, তাই ফুটপাতে দাঁড়িয়ে আর্ড, উদ্ভান্ত চোধে সে বহুলীকৃত জনতার মধ্যে কাকে খুঁজে বেড়াতে লাগলো। কত ট্রাম আর বাস, ট্যাক্সি আর রিক্শ, ঘ্র্গামান চাকায় উদাসীন ক্রততা, কিস্ত কোথাও সেই কালো, কোতুকোজ্জল চোথের কণিকত্তম পলকের আভাস পাওয়া যাচ্ছে না। পাগল! একা-একা রান্ডায়ই বা সে নেমে আসবে কি করে'? সামাক্স একটা ফিরিয়ালাকে যে উপরে উঠতে দেয় না! প্রফুল্ল ছই দুচ্ হাতে মাথার চুলগুলি সহসা সবলে টেনে ধরলো — এটা হ'লো কী?

কে একজন সমবিদনার হারে জিগগেস করলে: 'কি হয়েছে মশাই ? কিছু হারিয়েছেন ?'

ভাসমান অবোধ চোথ মেলে প্রফুল তার দিকে তাকিয়ে রইলো ক্ষণকাল।

'পকেট-কাটা গিয়েছে বুঝি ? কত ছিলো মানিব্যাগে ?'

প্রফ্লর বৃক্টা ঠেলে উঠছিলো, কিন্তু কী বলবে তাকে ? বলবে, আমার স্ত্রী হঠাৎ কোথায় চলে' গেছে মশাই, আকাশ-পাতাল কোথাও তাকে খুঁজে পাচ্ছি না। ছি, ছি, ছি — প্রফ্লে এক লাফে সিঁড়ি ডিঙিয়ে উপরে উঠে এলো। নতুন আর কোনো অভাবনীয়তা নেই, শৃশু ঘর এক হাঁটু হ'য়ে পড়ে' আচে।

এখন সে করে কী ? পুলিশে খবর দেবে ? সে একটা কী বিশ্রী জ্ঞানাজানি হ'য়ে যাবে সহরময়; আর কোনো খবর নেই, হয়তো বড়ো-বড়ো হরফে বেরিয়ে যাবে কাগজে, প্রফুল্লর স্থী বাড়ি থেকে বেরিয়ে গেছে নিরুদ্দেশ। সে তখন তার শোকের চেয়ে লজ্জা হ'য়ে উঠবে ভয়াবহ। তবে, হাঁসপাতাল ঘুরে বেড়াবে ? সেখানে কী ? হঠাৎ যদি তার কোনো তুর্ঘটনাই হ'য়ে থাকে, যাতে তার হাঁসপাতালের পথ হ্রম্ম হ'য়ে এসেছে, তবে বিছানায় এতটুকু একটা ভাঁজ নেই, সমন্ত ঘর তুলি দিয়ে আঁকা, কোথাও একটা জিনিস এক ইঞ্চি সরে বসেনি!

প্রফুল নিজেকে ভারি একা মনে করলো।

অসংলগ্ন আঙুলে এটা-ওটা নাড়তে-নাড়তে টেবিলের স্থৃপের তলা থেকে সে একটুকরো কাগজ বা'র করলে। সহু ভাঁজ করা, টাটকা কালিতে লেখা — আশ্চর্য, মুমায়ীরই অক্ষর। পুলকিত চোখে, চমকিত চোখে, নিপালক চোখে প্রফুল্ল তিনবার সেই চিঠি পড়লে। তাতে লেখা:

আমি চললুম। বাঁ দিকের দেরাজে তোমার টাবি রইলো। আর দৌপের তলায় ঢাকা রইলো তোমার খাবার। ইতি—

युत्राशी

জ্ঞান ফিরে পেয়ে প্রফুল যথন তার চারপাশের জিনিসগুলোকে তাদের স্বকীয় আয়তনে অহুভব করলে, টান দিলো বা দিকের দেরাজ: স্তিয়, দেখানে চাবি।

আৰু সম্পেহ নেই, প্ৰফুল বিছানায় ভেঙে পড়লো।

কিছ, স্বর্গে-মর্তে কোথায় সে যেতে পারে কোলকাতায় ? এহ প্রথর দ্বিপ্রাহরে, নিঃসঙ্গ, নিম্পরিচয় ? প্রফুল্ল হঠাৎ শাদা একটা আগুনেব শিথার মতো সোজা হ'য়ে দাঁডালো। দেখলা, ও-পাশের ঘরের পশ্চিম দিকের জানলাটা খোলা।

সমস্ত চিস্তা তার ঘূলিয়ে কাদা হ'য়ে উঠলো। জানলার মধ্য দিয়ে সে যেন একটা আতঙ্কময়, অন্ধকার গহবর দেখলে।

এ-জানলারই ঠিক ম্থোম্থি আরেকটা জানলা, পাশের বাড়ির। কয়েকমাস আগে মৃন্ময়ী তাকে নালিশ করেছিলো যে এ-জানলায় আর নিশ্চিন্ত হ'য়ে দাঁডানো যায় না, পাশের বাড়ির কে একটা বেকার লোক ও-পারে বসে' অহোরাত্র সমানে সিগরেট টানছে; আর তার চাউনিটা বিমাটেই বিনত নয়। সেই থেকেই কাঠের জানলাটা প্রফুল্প চিরজন্মের জন্মে বন্ধ কবে' রেথেছিলো। ঘরে তাতে একটু কম আলো হ'তে পারে, কিন্তু ঘনতা ও শান্তি থাকবে অব্যাহত। মৃন্ময়ীকে থেপাবার জন্মে কথাবার্তার শিথিল কোন ফাঁকে প্রফুল্প সেই অক্তাতকুলশীল প্রতিবেশীকে মাঝে-মাঝে ইন্দিত করতো বটে, কিন্তু সাহস করে' তবু জানলাটা খুলে দিতে পারতো না। মিন্ত্রি ডাকিয়ে জানলাটার সর্বান্ধে পেরেক ঠুকবার কথাও সে একবার ভেবেছিলো, কিন্তু সে যেন নেহাৎ মৃন্ময়ীর গালেই চড মারা হয়। কিন্তু আজ্ব এ কী সর্বনাশ! আলোয় ঘর যে অক্ককার হ'য়ে গেছে।

প্রভৃত, প্রবল রাগে প্রফুল যেন নিমেষে ঠাণ্ডা হ'য়ে গেলো। কিন্তু সে তার পরাহত স্বামিত্বের প্রতিশোধ নিতে এক মুহুর্তত্ত দেরি করলো না।

লোকটার সে নাম জানতো, অবনীনাথ দত্ত, যদিও তার সঙ্গে মুখোমুখি কোনো দিন আলাপ হয় নি। সটান সে তার বাড়ির দরজায় গিয়ে সবলে ধাকা দিলে।

কাঁচা ঘুম ভেঙে কে-একটা লোক বিরক্ত মুখে খুলে দিলো দরজা। বদলে, 'কোন শালা ভাকাত পড়লো রে বাড়িতে ?' কথাটা গায়ে না মেথে প্রফুল্ল ব্যন্ত, উত্তপ্ত গলায় বললে, 'অবনীবাবু বাড়ি আছে ?'

লোকটা প্রফুলকে চিনলো। নম, কুঞ্চিত মুথে বললে, 'না। তিনি এইমাত্র বর্ধমান চলে' গেছেন।'

প্রফুল্প থেন টলতে লাগলো ভিতরে-ভিতরে। বললে, 'না, বাড়ি আছে, তুমি তাকে ডেকে দাও।'

'সে কি কথা বাব্? আমিই তাঁকে রান্তা থেকে ট্যাক্সি এনে দিল্ম।'
ঠিকই তো, বাড়িতে বসে' থাকবার সময় তো এ নয়। প্রফুল্ল পাংশু,
পীড়িত মুখে জিগগেস করলে, 'কোন জায়গা বললে ?'

'বর্ধমান।'

'ঠিক জানো ?'

'অম্ভত তাই তো ভনলুম।'

'ক'টার সময় ট্রেন ?'

'ট্যাক্সি করে' যথন গেছেন তথন শিগ্গিরই ট্রেন ছেড়ে যাবে।'

'একা গেছেন বলতে পারো?' প্রফুল্প কানে-কানে বলার মতে। করে' বললে।

'অভ আমি দেখিনি বাবু।' লোকটা যেন হাসলো একটু লুকিয়ে: 'দেৰে একা যাবার ছেলে সে নয়।'

'তার মানে ?' প্রফুল্ল একেবারে তার হাত চেপে ধরলো।

'মানে—' লোকটা চেঁচিয়ে উঠলো আকম্মিক: 'এ কি, আমাকে আপনি মারতে এসেছেন নাকি বাড়ি বয়ে' ?'

মুহুর্তে হাত ছেড়ে দিয়ে প্রফুল্প রাস্তায় ছুটে এলো ও বিন্দুমাত্র দৃকপাত না করে' চনমান প্রথম বাস্ থামিয়ে উঠে পড়লো আচম্কা।

ক্তাকটার হাত পাতলো।

প্রফুল পকেটে হাত ডুবিয়ে বললে, 'হাওড়া।'

এ-বাস হাওড়া যাবে না। আর গেলেই বা কি, বর্ধমানের ট্রেন কথন না-জানি ছেড়ে গেছে। আর তারা রর্ধমানই গেছে কিনা কে বলবে? আর সেথানে গিয়ে তাদের দেখা পেলেও বা কী এগোবে? নির্লজ্জের মতো সে মারামারি করবে, না, মোকদ্দমা আনবে কাপুরুষের মতো? চলে'ই যদি সে যেতে পারলো তো যাক, ধ্লোর পিছনে আর ধাওয়া করা কেন? বিসর্জিত প্রতিমার রাংতা আর খড়ের আঁটি নিয়ে সে করবে কী?

ভালো করে' না থামতেই প্রফুল্প লাফিয়ে নেমে পড়লো বাস থেকে। রাগটা তার অবনীর উপর না হ'য়ে মৃন্মীর উপরই তো হওয়া উচিত। একেজে আইন মৃন্মীকে ক্ষমা করলেও সে কক্ষনো ভুলু করবে না। অতএব, ধরণী দ্বিধা হও, আমিই নেমে পড়ি।

প্রফুল্ল তার ঘরে ফিরে এলো, যেন এক নিখাসে অনেক বয়েস পেরিয়ে। কিন্তু ঘরে ফিরে এসে শরীরে সে তার রাগের কোনোই লক্ষণ দেখতে পেলো না, বিপর্যন্ত বিছানায় একেবারে লুটিয়ে পড়ে' অবৌধ শিশুর মতো ফুলে-ফুলে অসহায় কেঁদে উঠতে লাগলো।

কেন চলে' গেলো মৃন্নন্ধী, চোথের থেকে ঘুম যেমন চলে' যার? কিছ কেন, কেনই বা সে যাবে না? সোনালি রোদে ঝিল্কিয়ে-ওঠা রূপোলি ঝর্ণা — এই মৃন্নন্ধী, তার শরীর যেন লাবণ্যের লঘু একটি ধারা নেমে এসেছে। কভো ভার সাজবার সথ, আর সাজলে তাকে কী ইক্রাণীর মতোই না-জানি মানাতো, অথচ তার জক্তে কী সংগ্রহ করতে পেরেছিলো প্রফুল্ল? আর সে ছাড়া মৃন্মন্ধী কার কাছেই বা চাইবে? আল তিন দিন ধরে' তার কাছে সে কুলুমের একটা শিশি চাইছে, বাজে অপব্যর হ'বে বলে' সে গা করে নি। কভো তার পরবার সথ — সামান্ত আটপোরে

শাড়িতেই তার কান্তি শ্রীমতী হ'মে ওঠে বলে' চোথ ঠেরে চিরকাল দে তাকে ঠকিয়ে এসেছে। কিন্তু দে তা ভনবে কেন? কোন দেবতা শুনেছে নৈবেগুহীন নিবেদনে, কেবলমাত্র আত্মার আহুতিতে ? যাবেই তো দে চলে' এই স্বাদহীন বর্ণহীন বৈচিত্র্যহীন অন্তিত্বের অন্ধকুপ থেকে। কী কুক্ষণে দে পাড়ার ব্যাঙ্কে একটা খাতা খুলেছিলো। অঙ্কের মোহে পড়ে' সে আর যোগফলের দিকে তাকিয়ে দেখেনি। দিনে-দিনে বালুকণা কুড়িয়ে দে আজ বিন্তীর্ণ মঞ্চুমি স্বষ্ট করেছে দেগ়। তাই দে রূপণ, ৵ঠোর, সন্ধীর্ণ হ'য়ে এসেছিলো ক্রমে-ক্রমে, সামান্ত একটা কুন্ধুমের শিশি দে তাকে কিনে দেয়নি। দে ছিলো রৌন্তে পাথা-মেলে-দেয়া পাথি, তাকে দে দেয়াল দিয়ে দলিত করে' রেখেছিলো। বায়স্কোপ দেথবার নামে সে মেতে উঠতো, এখনো দ্রুত কোনো গাড়িতে উঠতে পেলে খুসিতে সে ঝলমল করে' ওঠে, ছুটিতে নতুন কোনো একটা জায়গায় যাবে শুনলে দেড় বছর ছেড়ে অনস্তকাল পর্যস্ত সে আনন্দে প্রতীক্ষা করতে পারে। অথচ তাকে কোলকাতার বাইরে আর-কোথাও নিয়ে যাওয়া দূরের কথা, কোলকাতাকেই তার কাছে প্রফুল বোজানো একটা বইয়ের মতোই নিরর্থক করে' রেখেছিলো। বরং ভাকে সে নির্লজ্জ শাসন করতো, রাস্ভার ধারের জানলার কাছে অন্তমনম্বের মতো এসে দাঁড়ালে, ধমকাতো যদি শে বেড়াবার বায়না ধরতো, গম্ভীর মুথে শাস্ত্র আওড়ে দিতো যদি সে তরল বিলাদিভায় শরীরে আনতে চাইতো লহর আর লঘুতা। অথচ তার উপায় চিলো, বেকার বদে'-বদে' দে নির্বুক সিগারেট থেয়ে পয়সা উড়োয়নি। কিন্তু অপসঞ্য যে অপব্যয়ের চেয়েও শোকাবহ। তাই সে ঠিকই করেছে, চলে' গিয়েছে। কী দিয়েছে দে মুন্নয়ীকে, এই নিন্তরক নিৰ্ম্পনতা ছাড়া? তার কোলে একটা ক্রীড়নক শিশু পর্যন্ত নেই যাকে নিয়ে সে অবসর বিনোদন করে। কী করবে সে এখানে থেকে, এই মৃত

দেয়ালের ক্লকতায় ? হায়, চারদিকে দে শুধু দেয়ালই গেঁথে রেখেছিলো, কিন্তু চেয়ে দেখেনি কোথায় একটি জানলা রয়েছে খোলা।

কিন্তু শেষকালে অপদার্থ, অকর্মণ্য, অনাবশ্যক ঐ লোকটার সঙ্গে সেচলে' যাবে এই কথা ভাবতেই যেন একটা তীক্ষ ছুরি প্রফুল্লর বৃকের এক প্রান্ত থেকে আরেক প্রান্ত পর্যন্ত রক্তাক্ত দাগ রেখে গেলো। ক্ষিপ্তের মতো উঠে পড়লো এক ঝটকায়। কিন্তু চলে'ই যদি সে যেতে পারলো, ভবে লোকটা পদার্থ কি অপদার্থ তা নিয়ে বিচার করে' কোনো ফল নেই। সমূদ্রে যে ভোবে, হাভের কাছে থড়কুটো পেলে সে কখনো তার ওক্ষমেন্দরে যে ভোবে, হাভের কাছে থড়কুটো পেলে সে কখনো তার ওক্ষমেন্দরে বে ভোবে, না। চলে' আসতে পেরেছে তো অবাধ হাওয়ার মধ্যে, অজম্ম আকাশের নিচে, নীল উন্মুক্তভায়। পাখা তো মেলে দিতে পেরেছে ত্রস্ত, ঝটিকার প্রলোভনে। এই তো পরম, জীবনের সন্ধানে এই ত্রিবার অভিসার। পরে কী হ'বে তা নিম্বে প্রাক্ষণোচনা করার মতো মুর্থতা আর কিছু নেই — প্রফুল্লরই বা পরে কী হ'বে ?

প্রফুল আন্তে-আন্তে তার বাঁকানো বেতের ইজিচেয়ারটাতে এসে বসলো, শোকাকুল শান্তিতে গা এলিয়ে দিলো আন্তে-আন্তে। দিন অবসর হ'য়ে আসছে, রাগের পর প্রফুলরো মনে এথন ব্যথার স্লিম্বতা। বাইরে দড়িতে মুন্ময়ীর শৃত্য একটা সাড়ি শুকোতে দেয়া হয়েছে, এথনো খরে নেয়া হয়নি, সেই সাড়িতে মুন্ময়ীর কৢশ শরীরের ঘুমন্ত কোমলতা যেন সে দেখতে পেলো আর তার বৃকটা মথিত হ'য়ে উঠলো দীর্ম্মাসে। এখান থেকে দেয়ালের টানা আয়নাটা চোখে পড়ে, চুল বাঁধবার সময় কালো ফিতে দিয়ে কেশমূল ঘিরে সেই ফিতে ফের দাঁত দিয়ে তার চেপে ধরা যেন আয়নাতে সত্য আঁকা আছে — সেই তার খোঁপা ফোলাবার সময়কার উর্ধা-উৎশিশ্ব বাছ! ফুলদানিটাতে ফুল রয়েছে শুকিয়ে, তার চলে' যাওয়ার বেদনায় য়য়য়াণ। ঘরের কোণে তার শেষ পরিত্যক্ত মলিন

সাড়িটি যেন তার শেষ মুহুর্তের নিরুত্তর সাথীর মতো পড়ে' আছে। সে চলে' গেছে এ কথা যেন এখনো বিশাস করা যায় না, অথচ এখানে থাকবেই বা সে কিসের আকর্ষণে ?

বিকেলের ঝি এলো নিয়মিত, কাজে হাত দিলে। সংসারে কোথাও এতটুকু বাতিক্রম হয়নি। নিচে, রাস্তায় জনপ্রবাহ তেমনি উত্তাল বাস্ততায় আলোড়িত হ'য়ে উঠেছে। এখুনি দোকানে-দোকানে আলোজনে" উঠবে, বায়স্কোপ স্থক হ'বে, কত হাসি আর হুল্লোড় পথে-বিপথে। কেন গোঁজ নিতে আসবে তার এই ক্ষতাক্ত ক্ষতির পরিমাণ! অন্ত দিন হ'লে কথন সে বেরিয়ে যেতো বাড়ি ছেড়ে, ঐ জনতরঙ্গেরই একটা ফেনা, কী মুক্তি, কী পূর্ণতা — আর আজ কিনা সে শৃত্য, নিরামন্দ ঘরে মলিন সন্ধ্যায় একাকী বুসে' রয়েছে অসহায়!

ঘরের হাল দেখে ঝি পিছিয়ে গেলো। বললে, 'মা কোথায় ?'

প্রফুলর বৃক ঠেলে বিপুল কানা উথলে উঠতে চাইলো। কিন্তু ঝির কাছে আত্মসম্বরণ না করাটা ভালো মনে হ'লো না। যাই হোক, সামান্ত একটা ঝির সঙ্গে নিজের স্ত্রীর চরিত্র আলোচনা করতে বসবে প্রফুল এমন নিষ্ঠুর নয়। তাই কী বলবে কিছু ভেবে না পেয়ে মুখে যা এলো তাই সে বলে ফেললে: 'থিয়েটারে গেছেন।'

বি সামায় অবাক হ'য়ে বললে, 'থিয়েটারে ! তুপুরবেলায় থিয়েটার কি গো!'

'হাা, লখা পালা — তুপুর তু'টোর থেকে স্থক।' প্রফুল্ল এক্টা দীর্ঘ-নিখাস ফেললে।

এই উদ্ভরে ঝি ঠিক সম্ভট হলো কিনা বোঝা গেলো না। একে-একে সে ঘর গুছিমে দিতে লাগলো। বললে, 'আপনার চা করে' দেবো ?' ভারই ভো বাড়ি, তারই ভো ঘর, ভারই ভো উপার্জন — মুন্নমী চলে' গিয়েছে সত্ত্বেও তো বাঁচতে হ'বে পৃথিবীতে — তাই তার বরাদ্ধ এক পেয়ালা চা সে থাবে না কেন? উদাসীন, বিম্বাদ গলায় বললে, 'নিয়ে এসো।'

বি চা করে' আনলো। পেয়ালায় চুম্ক দিতেই প্রফুলর মনে পড়ে' গেলো টোপের তলায় মুমায়ী থাবাব ঢেকে রেথে গেছে, তার বিদায়ের শেষ পরিহাদ। আশ্চর্য, মুমায়ী চলে' গেলেও তার থিদে পাবে, ঘুম আদবে, আবার ঘুম ভেঙে কাল ভোরে আপিদ করতে হ'বে। মুথে হাসি টেনে কথা বলতে হ'বে, শৃত্য সন্ধ্যায় বায়স্কোপে গিয়েও বসতে হথুরে মাঝে-মাঝে, জীবন কিছুতেই ক্ষমা করবে না। তবে মাঝখান থেকে খাবারটা খেয়ে নিতেই বা কী দোষ ?

वलाल, 'ও घत थारक आमात्र थावात्र है। भिरम यां अ, सि ।'

কাঁচের ফুল-কাটা প্লেটে ঝি থাবার নিয়ে এলো, ছোট-ছোট ক'টি গোকুল-পিঠে, স্নীরের ত্'থানি ছাঁচ, অশথ-পাতায় দেয়া পাতলা একথানি আমন্তব।

কিছুমাত্র সন্দেহ না করে' প্রফুল্ল তা একে-একে নিঃশেষ গলাধঃকরণ করলে।

ভাগ্যের এ কী রসিকতা! বিষক্রিয়ায় প্রফ্রের শরীর অবসর হ'য়ে এলো না, বরং নতুন উত্তরের হাওয়ায় তার ক্লান্তি যেন মুছে যেতে লাগলো। যেন স্থা নিবে যাবার আগে পশ্চিমে তার ব্যথার একটি রক্তাক্ত আভা রেখে গেছে।

প্রফুল ঝিকে আলো নিবিয়ে দিতে বললে। বললে, রাত্রে সে কিছু খাবে না, ভীষণ মাথা ধরেছে, আর এক মৃহুর্ভও দেরি না ক'রে বিছানায় প্রসারিত হ'য়ে পড়লো।

কখন যে তার ঘুম ভেঙে গেছে প্রকৃত্ত থেয়াল করতে পারলো না।

দেখলো ঘরে অনেক আলো আর উত্তাপ, শব্দ আর চঞ্চলতা। চোথ কচলে ধড়মড়িয়ে উঠে বসলো বিছানায়। দেখলো, ঘরের মধ্যে, আর কেউ নয়, স্বয়ং মুম্ময়ী।

এই সময় মৃন্নায়ী এমন করে' বাড়ি ফিরে এলে কী করতে হ'বে তার জন্যে প্রফুল মোটেই প্রস্তুত ছিলো না, তাই সে ক্ষণকাল রুদ্ধাস, শুস্তিত হ'রে রইলো। দেখলো মৃন্নায়ীর গায়ে অনেক গয়না, পরনে বিচিত্রবিশুশু সাড়ি, কী অপূর্ব ছাঁদে খোঁপাটা সে আজ বেঁধেছে, পাত্রের মুখে মদের ক্ষনার মতো সমস্ত সৌন্দর্য যেন তার ফেঁপে উঠেছে, পান খেয়ে ঠোঁট ছ'টিতে তার অপরপ চটুলতা, চমকিত চোখের রুফিমায় বঙ্কিম কটাক্ষ— যেন সে সহসা জাগ্রত তরুণ কর্ষের মতো দশদিকে বিকীর্ণ হ'য়ে পড়লো। আক্র্য, প্রফুল তাকে না পারলো তিরস্কার করতে, না বা পারলো ঘর থেকে তাড়িয়ে দিতে। শুধু সামাশ্র কৌত্হলী হ'য়ে জিগগেস করলে: 'কখন এলে?'

'এইমাত্র।' মুন্ময়ী অধীর আগ্রহে আঁচলটা মাটিতে লুটিয়ে দিলো। কুণুনাঁয়িত থোঁপাটাকে সহসা সর্পিল বেণীতে রূপাস্তরিত করলে।

প্রফুল্ল জিগগেস করলে, 'কেমন দেখলে থিয়েটার ?'

'যাচ্ছেতাই।' মুন্নমী চিবুকটা একটু ভারি করলো: 'পাশ পেয়েছিলুম বংশ' রক্ষে।'

'তোমার নিপুকাকা যিনি পাশ দিয়েছিলেন, তাঁর তো থিয়েটারে এখনো অনেক কাজ—' প্রফুল্ল ঈষৎ কুটিল চোধে বললে, 'তবে কার সক্ষে এলে শুনি ?'

'কার সক্ষে আবার আসবো! নিপুকাকাই পৌছে দিয়ে গেলেন গাড়ি করে'!'

'সজ্ঞি ? তবে তাঁকে নিম্নে এলে না কেন ওপরে ?'

'থিয়েটারে এখনো তাঁর অনেক কাজ — তোমার মত হাই তুলতে-তুলতে তো আর অত বড়ো থিয়েটারের ম্যানেজারি করা চলে না— তাই আমাকে বাড়ি পৌছে দিয়েই ফের গাড়ি ফেরালেন।'

'তবু একবার হর্নটা তাঁকে বাজাতে বললে পারতে — জানলা দিয়ে মৃ্থ বাড়িয়ে একবার দেখতুম।'

'নাও, আর ফাকামি কোরো না। এবার আমার এই আঁচলের বোচটা খুলে দাও দিকি।'

বিছানা ছেড়ে প্রফুল মুন্নয়ীর কাছে এসে দাঁড়ালো। এক মুঁই জ্ ভুধু ভাবলো তাকে ছোঁবে কি ছোঁবে না — কিন্তু সেই মুহুর্তে ঝি যখন কি কাজের অছিলায় ঘরের মধ্যে ঢুকে পড়লো, প্রফুল্লর ইচ্ছে হ'লো এক্স্নি তার মাইনে চুকিয়ে দিরে ঘর থেকে তাকে বিদায় করে' দেয়।

ডবল ডেকার

অনেক চেঁচামেচি করে', অনেক উইল-ফোর্স খরচ করে'ও মোহন-বাঁগানকে জেতাতে পারলুম না। প্রায় আধ-মাইল লম্বা 'কিউ' করে' ঘণ্টাটাক দাঁড়িয়ে মাঠে ঢুকেছি সেই আড়াইটেয়, — খট্থট্ করছিলো রোদ, গ্যালারিতে উঠে দেখি এক হাটু জমাট কাদা। খানিক আগে মাঠে বৃষ্টি হ'য়ে গেছে নাকি ? আকাশের চেহারায় তো তা মনে হয় না, তবে এই কাদা এলো কোঁখেকে? মাহুষের গায়ের ঘাম পড়ে'-পড়ে' মাটি ভিজে কাদা হ'য়ে গেছে। তাই সই। তবু, আকাশের দেবতার। প্রসূত্র থাকুন, এই রোদে পুড়তে কোনো আপত্তি নেই, তাঁদের क्रम मृष्टि এथन मीजम ना र'लारे रहा। कामा-काপড़ের ছিরি নেই, কাটাবার নিদারুণ উৎসাহে তুমুল চীৎকার, জায়গা নিয়ে মারামারি চলেছে। হুন মেথে কেউ শশা কামড়ে থাচ্ছে, বরফের ্রকরে। ভেঙে ঘাড়ে-গলায় বুকে-পিঠে কেউ সজোরে মালিশ করছে। হাঁটু গুটিয়ে কোলের ওপর রেইন্-কোট বিছিয়ে কারা নিয়ে বসেছে তাস, রোদ্দুরে ছাতা-মাধায় কেউ পড়ছে বই — হাতে এথনো এতো সময়, তাড়াভাড়ি একটি পৃষ্ঠাও ধরচ করে' ফেলতে ইচ্ছে হচ্ছে না। কাডারে-কাডারে পিঁপড়ের সারের মঁতো দকলে-দকলে লোক আসচে, —দেথতে দেখতে গেইট বন্ধ হ'য়ে গেলো। লোক এসে জমতে লাগলো দক্ষিণের ঢালু র্যাম্পার্ট, — মাছ্যের মাথা মাছ্যে **থাচ্ছে**—

এমনি ভিড়। একটা বিরাটকায় কালো সমুদ্র থেকে-থেকে তরকান্দোলিত হচ্ছে।

আমি চুপ করে' বদে'-বদে' দেই মুহূর্তটির প্রতীক্ষা করছি। যথন এই বিপুল জনসমূদ্র সমস্ত বন্ধন অতিক্রম করে' উল্লাসের অমিতপ্রাবল্যে দিক্দিগন্ত প্রকম্পিত করে' তুলবে। কোথায় তথন পায়ের জুডো, কোথায় বা মাথার ছাতি ! বাগবাজারের চাপা গলির অন্ধকার রান্নাঘরে উত্ন ফোয়াতে-ফোয়াতে কেরানির বউ ভাববে: মোহনবাগান গোল দিলো, যাক স্বামীর দঙ্গে রাভটা আজ তার ভালোই কাটবে; সেঁই চীৎকারের শব্দে জগুবাজারে মাংসের দর এক মুহুর্তে বেড়ে-বেড়ে যাবে,— রোয়াকে-রোয়াকে আড্ডা, হোটেলে-রেস্টোর্যাণ্টে চায়ের পেয়ালার টান ধরে' গেলো, বাস্এর মাথায়-মাথায় আকাশ-ছোঁয়া চীৎকার---কোথায় এবার একটা কলিশান হোক; ট্রামের কণ্ডাকটারকে কেউ আজ আর পয়দা দেবে না। বদে'-বদে' দেই উন্মুধর উগ্রোচ্ছুদিত তীক্ষ মুহুর্তটির প্রতীক্ষা করছি। চীৎকারের তাপে সমস্ত বায়ুমণ্ডল ঠাণ্ডা হ'য়ে গেছে, লক্ষ-লক্ষ উদ্ভোলিত হাতের আড়ালে আকাশকে আর দেখা যায় না। কোনো জাতিভেদ নেই, বয়েদের তারতম্য নেই, পদম্বাদার ক্বত্রিম মানদণ্ড কথন ভেঙে পড়েছে — আমি, তুমি, রাম-শ্রাম — রবীক্রনাথ থাকলে রবীন্দ্রনাথ, গান্ধি থাকলে গান্ধি — স্বাই সমস্বরে, ক্রমবর্ধমান ন্থরে, পরস্পর-প্রতিযোগী স্বরে চীৎকার করে' উঠেছি — কোথায় কী ত্ব:খ, কোথায় কা'র জামা ছি'ড়লো, পিঠ ছড়ে' গেলো, পকেট কাটা গেলো, বাড়িতে কা'র চাল বাড়ম্ব, আফিন-পালানোর জন্মে কাল বড়ো-বাবুকে কি জ্বাবদিহি দিতে হ'বে, পুরোনো বইর দোকানে পড়ার বই বেচে এসে আস্চ্ছে-পরীক্ষায় কি অস্থবিধেয় পড়তে হ'বে, তুপুরেই দোকান বন্ধ করে' রেখে বিক্রি-পাটার কি ক্ষতি হ'লো — কেউ আর তা ভাবচে না। আমি.

তুমি, রাম-ভাম, গান্ধি থাকলে গান্ধি, রবীন্দ্রনাথ থাকলে রবীন্দ্রনাথ, সবাই ত্'হাত তুলে, নেচে, লাফিয়ে, পরস্পরের পিঠ চাপডে, উৎসাহে স্ফীততরো হ'য়ে ঠোকাঠুকি থেয়ে গ্যালারির কাঁকে গড়িয়ে পড়ে' চীৎকার করছি, গলার জলে অকালে জোয়ার এসে গেছে, চীৎকারের প্রাবল্যে বাগবাজারের সেই কেরানি-বউটির উন্থন ধরে' গেলো। পৃথিবীকে নতুন করে' ভালো লাগছে, এতো ভালো লাগছে যে এতোকালের জোচ্চোর রেফারির গলা ছড়িয়ে ধরতে পর্যন্ত আর দিধা নেই।

তারই প্রতীক্ষায় সমস্ত শরীর আবিষ্ট করে' তন্ময় হ'য়ে বদেছিলাম, হঠাৎ বহুকঠে রব উঠলো: হাওয়া, হাওয়া!

তাবপর দীর্ঘ একটানা স্থরে একটি গদ্গদ 'আঃ' নদীম্রোতের মতো সমস্ত জনতার উপর দিয়ে ভেসে গেলো।

রুপ্ রুপ্ করে' ছাতা বন্ধ হ'য়ে গেলো — দেবতার স্নেহাশীর্বাদের মতো দক্ষিণ থেকে ঝিরঝিরে একটু হাওয়া দিয়েছে। ছাতাগুলি বুঁজতেই দাঁড়িয়ে পড়ে' মাঠের চেহারাটা তলিয়ে দেখতে চাইলাম — ওপারের গ্যালারিতে সাড়ি ও রাউজের কয়েকটা ছিঁটে-ফোঁটা চোথে পড়লো, ফিক্টারের কাগজটা নেড়ে-নেড়ে গালের ওপর মৃত্ত-মৃত্ত হাওয়া করছে। আরতি আজ মোহনবাগানের খেলা দেখবার জ্বল্লে সকাল থেকেই বায়না খরেছিলো, নারীজাগরণের এই দৃষ্টাস্তটুকু তাকে দেখতে দিলুম না বলে' এখন একটু কট্ট হচ্ছিলো যা-হোক্। বউ নিয়ে খেলার মাঠে আসায় অনেক বিপদ আছে, প্রথমত তারা কতোগুলি অলায় স্থবিধা চায়, প্রক্ষের মতো স্বাধীনতা ও স্বাধীনতার আনন্দ উপভোগ করবে, অথচ তার দাশ্বিশ্ব নেবে না। ভিড়ে আসবে, অথচ ভিড়ে তাদের গা কেউ স্পর্শ করনেই ভাদের জাত গেলো। নিজে ধাকাধাকি করতে পারবে না, ছ্র্বল্ডার ওজুহাতে আশা করবে অন্তে স্বাই তাকে পথ ছেড়ে দেবে।

ভার জন্তে ভালো জায়গা চাই, ত্'পাশে ত্'জন বলশালী দেহরক্ষীরো দরকার, অতএব আরতিকে আনতে হ'লে ছোটভাইয়েরো টিকিটের পয়সা আমাকেই গুনতে হ'তো। তারপর স্ত্রীর সামনে অমন হাত পা তুলে মৃক্ত উন্মন্ত আনন্দ-বন্থায় নিজেকে ছেড়ে দিতেও কেমন লজ্জা করবে, মাত্র একটু হাতভালি দিয়েই থেমে পডতে হ'বে — সে-কথা মনে করতেও দেহ-মন ক্লান্ত, অবসন্ন হ'য়ে আসে। থেলার মাঠে এসেও যদি সন্ত্রান্ত হ'য়ে বসে' থাকতে হয়, তা হ'লে বিয়ে না করাই উচিত ছিলো। সেই আনন্দাগ্লিদীপ্ত মৃহুর্তে বিয়ের কথাটা ভূলে থাকার জন্তেই তো থেলার মাঠে আসা। তা, হাঙ্গাম তো এথেনেই শেষ হ'লো না। কে গোষ্ঠপাল, কে কুমার, কিসে কথন কর্নার হয়, অফ্সাইডের নিয়ম কি, রেফারি কোথায় কী জোচ্চুরি করছে — সব ভাকে খ্'টিয়ে-খ্'টিয়ে ব্রিয়ে দাও। এ যেন খেলার মাঠে বসে' পরের দিনের খবরের কাগজে রিপোট পড়ছি। নিয়ে এলুম না বলে' আরতি রাগ করেছে করুক, তবু তার সামিধ্যে ভন্ত, নিরীহ, নিজীব হ'য়ে বসে' থাকার চেয়ে এই অবারিত বন্তভায় অনেক স্থপ!

হাওয়ার সঙ্গে-সঙ্গে মোহনবাগানের ললাট অন্ধকার করে' দেখতেদেখতে মেঘ করে' এলো। মূহুর্তে সকলের মূখ মান, চোখে কাতর
প্রার্থনা, নিখাসে অসহায় হাহাকার! রাশি-রাশি চক্ষু তথন আকাশে
উত্তোলিত হ'য়ে নীরবে কাকুতি জানাচ্ছে। একসঙ্গে এত চক্ষ্র
সম্মিলিত দৃষ্টিতে লজ্জিত শিহরিত হ'য়ে আকাশ ফুটমৌবনা নারীর মতো
দমন্ত গায়ে পুরু করে' মেঘাবরণ টেনে দিছে। নিখাস রুদ্ধ করে'
এক মনে রৌদ্র কামনা করছি — যে-চোথে শিব মদনের দিকে তাকিয়ে
তাকে ভন্ম করে' দিয়েছিলেন সেই দৃষ্টি সমন্ত আকাশময় প্রসারিত হোক।
মামরা দয় হ'তে চাই, শীতল হ'তে চাই না — আমাদের এই ফুর্নিনে এই
মকারণ দাক্ষিণ্য না দেখালেও চলবে। খুটিয়ে-খুটিয়ে এর আর্গে আকাশ

কোনো দিন দেখিনি, তার উপস্থিতি জীবন থেকে কবে অদৃশ্য হ'য়ে গেছে, এখন অসহায় চোখে তাকিয়ে তারই ধ্যান করতে হচ্ছে। চারদিকে কত যে গবেষণা চলছে তার লেখা-জোখা নেই, কখন কোন্ মেঘে বৃষ্টি হয়, পূব থেকে হাওয়া উঠলেই যে সব কর্সা হ'য়ে যাবে, পশ্চিমের মেঘ অমোঘ হ'লেও ওটা বিশেষ মারম্থো বলে' মনে হচ্ছে না, ঐ তো আবার একটু নীলের আভাস দিয়েছে — এমনি সব ব্যাকুল বহু-বিস্তৃত আলোচনায় নিজেকে আশ্বন্ত করতে চাইলুম — স্বাইর জীবনে এই মৃহুর্তে আকাশই থেষা অনীয়, একান্ত সন্নিহিত, একান্ত অন্তরঙ্গ — ওদের আকাশে আকাশ ছাড়া আর কিছু নেই। কিন্তু মোহনবাগানের পায়ের তলার মাটি পিছল করে' দিগন্ত ছেয়ে আকাশ শতধারে নেমে এলো, হাজার-হাজার ছাতি চিলের ডানার মতো বিস্ফারিত হ'য়ে আকাশের এই নির্লজ্জতাকে ঢাকতে চাইলো, — কিন্তু থোলা মাঠের ওপর আর ছাদ উঠলো না, ঘাস ডুবিয়ে জলের তরলতা উচ্ছল হ'য়ে উঠেছে।

জল এক সময় থামলো বটে, কিন্তু আকাশের মেঘ আমাদের মুথে এসে বাসা বেঁধেছে। তবু ধুক্-পুকুনি, তবু আশা, তবু উইল-ফোর্স। আবার রৃষ্টি, আবার 'ছাতা বন্ধ, ছাতা বন্ধ!' মোহনবাগান যথন প্রথম গোল থেলো, রেফারি আপন আনন্দে বাঁশি বাজালে। রেফারির সেই নীর্ষ স্বছন্দ হুইস্ল্টা সকলের বুক চিরে দিলে।

মানম্থে ক্লান্ত পায়ে ফিরে চলেছি। ভিজে কাকের মতো চেহারা, জামা-কাপড়ে তুর্দশার আর অবধি নেই, জীবনে কোথায় কী অবলম্বন আছে খুঁজে পেলুম না। পকেটে কতোগুলি চিনে-বাদাম ছিলো তাই একটা জেঙে মুথে দিলুম, কোনো স্বাদ নেই। না পারছি বসভে, না বা চলতে — যেন শ্মশানে এই মাত্র কোন প্রিয়ন্তনকে পুড়িয়ে এলুম। যেন দশ বছর আয়ু কমে' গেছে। পয়সাতে পয়সা, শরীরের ওপর দিয়ে রোদ-

রৃষ্টি যথেষ্ট অত্যাচার করে' গেলো — তাতেও বিশেষ কিছু এসে যেতো না, কিন্তু নিজের কাছে নিজের এই পরাভবের লজ্জা লুকোবার আর ঠাই নেই। কেউ কারুর মুথের দিকে তাকাতে পারছে না, দল থেকে সবাই একে-একে ছিট্কে পডে' আলাদা হ'য়ে যাছে — বাহিনী রচনা করে' রাস্তার মোটরগুলির পথ রুপে দাঁড়াবার কারু উৎসাহ নেই। তারপর আবার এখন বাড়ি ফিরতে হ'বে। কভো ঠাট্টা, কতো টিটকিরি, কতো ঘাক্যযন্ত্রণা! দ্বারভাঙ্গা বিল্ডিংস্-এর দেয়ালে টাঙানো পাসের লিস্টিতে নাম না উঠলেও এতো লজ্জা ছিলো না। কালীর কাছে কতে মানিসিক, আমি না-হয় অন্তথে ভূগে এক মাস বিছানায় পড়ে' থাকবো, তবু মোহনবাগান জিতুক, — এমনি সব কতো মিনতি — কতো গোপন নাম-জপ। এখন বাড়ি ফিরতে হ'বে ভেবে পা ভারি হ'য়ে উঠলো, শরীর আর বইতে পারছি না।

মোহনবাগান জিতলে এখন বাড়ি ফিরে আরতির সঙ্গে ভাব করা কতো সহজ হ'য়ে উঠতো। তার সমস্ত অভিমান উদ্ধাম উৎসাহে উড়িয়ে নিয়ে বেতুম, চূপ করে' বসে' থাকবার তারই বা উপায় থাকতো নাকি? মোহনবাগান জিতেছে! আরতি নিজের খুসিতেই উচ্ছলিত হ'তো, তুই চোথ বডো করে' আমার মুধে সেই উদ্দীপনাময় ইতিহাস ভনতো। যেন আমিই কোন যুদ্ধে বিজয়ী হ'য়ে ঘরে ফিরলুম! ছেলেদের কলকোলাহলের আর অন্ত থাকতো না। নিদারুণ থিদে পেতো, ঘুমিয়ে-ঘুমিয়ে সেই ক্রত, তীক্ষ্ক, পরিচ্ছন্ন পাস্গুলি অহুধাবন করতুম, পরদিন সকালে উঠে থবরের কাগজে পৃষ্ঠা উলটে দেখতুম কালকের স্বপ্রটা স্পষ্ট ছাপার অক্ষরে ধরা আছে; মনে-মনে আবার তার পুনরভিনয় চলতো। আরতিকে পড়ে' শোনাতুম — তাকে মাঠে নিয়ে ঘাইনি বলে' আর তার ত্বংথ নেই — মোহনবাগান তো জিতেছে!

তবু তাকে নিয়ে আসিনি, ভালই করেছি। এই অপমান গা পেতে সে সইতে পারতো না, আমারো আর এমনি বিচ্ছিন্ন হ'য়ে পরমহংখীর মতো উচ্চুশ্বল বিচরণ করার পথ থাকতো না। ছ'জনে পাশাপাশি চুপ করে' পথ ভাঙা, বাদ্ চাপা, বাড়ি ফেরা — দে একটা ভীষণ, অমাহযিক শান্তি মনে হ'তো। না-এদে দে ভালোই করেছে, প্রতাক্ষদশীব এই লাঞ্ছনা থেকে দে রেহাই পেলো। তারপর এই শারীরিক অবসাদ— আপাদমন্তক ভিজে হেমেন মজুমদারের ছবিটি, — তারপরে নাও ট্যাক্সি; গালকরের দোকানে শাড়ি ধুতে দিয়ে এসো। কিছু বলবার নেই, তার নিঃশক্ষ ধিকারে আরো জীর্ণ হ'তে থাকতুম।

এখন কিনা দিব্যি রোদ উঠে গেছে, আকাশ একেবারে ফট্ফট্
করছে সাদা,। আমাদের পরাজয়কে ব্যঙ্গ করবার জন্মেই তার এই রহস্ত ।
তব্ এখনো মেঘ করে' থাকলে ছ:খটা একটু সহাম্ভৃতির প্রত্যাশা করতে
পারতো — এ একেবারে উলঙ্গ উপহাস। বাড়ি ফেরা এখন অসম্ভব,
ছ:খটা মনের মধ্যে একটু থিতিয়ে না নিলে কিছুতেই আরতির ম্থোম্থি
দাঁড়াতে পারবো না। এই অসম্মান ও অসার্থকতার পর তার নীরব
উপেক্ষা হ:সহ হ'য়ে উঠবে।

শ্রামবাজারের একটা দোতলা বাস্ এসে দাঁড়িয়েছে। হাওয়ায় গিয়ে দাঁড়াতে পারলে জামা-কাপড় একটু শুকোতে পারে — এই ভেবে হাঁটুর কাপড় পায়ে নামিয়ে, ছাতাটা বগলের তলায় শুটিয়ে পা-দানির ভিড় ঠেলে বাস্-এ উঠে পড়লুম। নিচে-উপরে সিঁড়ির ধাপে-ধাপে রাজ্যের ভিড়, তবু উপরে উঠতে পারলে হাওয়া পাবো ভেবে ঠেলে-ঠুলে জায়গা করে' উপরে চলে' এলুম। সামাশ্য একটা আলপিন রাখবার জায়গা নেই, ছ'পালের সিটের মাঝখানকার প্যাসেজটা পর্যন্ত লোকের ভিড়ে জাম্ হ'য়ে আছে। সবাইর মুথে অবাস্তর সব কথা: ছাদটা না ভেঙে পড়ে,

বাঁক নেবার সময় সাবধান, এটায় মান্থলি সিস্টেম আছে তো় ? আসল কথা সবাই এড়িয়ে যাচছে। কে কথন এসেছে, বৃষ্টিতে যতো না ভেজায় তার চেয়ে বেশি ভেজায় ছাতার জলে, — কথাগুলি এই পর্যন্ত এসে ঘেঁসে—তারপর বড় জোর 'আর আসছি না বাবা' এমনি একটা অসহায় প্রতিজ্ঞায় এসে অবসান হয়। বেশির ভাগ লোকই নির্বাক, মরা মুথে ফ্যাল্ফ্যাল্ করে' বাইরের দিকে চেয়ে আছে।

হাঁটু হুটোর ওপর ভর রেথে এতোটা পথ দাঁড়িয়ে যাই এমন সামর্থ্য হিলো না; হঠাৎ নজরে পড়লো একটি বাঙালি মহিলার পাশে একটা দিট্ এথনো থালি আছে। সাহসের অভাবেই হোক বা সৌজতের আধিক্যেই হোক ঐ জায়গাটা কেউ অধিকার করে নি। মাঠে সমস্ত স্থ্য খুইয়ে এসেছি, এখন সামাত্ত একটু বিশ্রামের আরাম না নিয়ে পারছি না। ফ্রুত পায়ে এগিয়ে গিয়ে খুব সৌজতাসহকারে প্রায় আধ হাত জায়গা বাদ দিয়ে নীরবে বসে' পড়লুম। মহিলাটি সামাত্ত সম্বন্ত হ'য়ে ভানদিকে, মানে রেলিঙের দিকে, আরো একটু সন্ধীর্ণ হ'লেন।

বদে' পা ছটোকে সামনের দিকে একটু বিস্থারিত করবার আগেই টের পেলুম পেছন থেকে বহু কঠে প্রতিবাদ স্থক হয়েছে: এ কী অভদ্রতা! তুলে দিন, তুলে দিন, মশাই।

ব্যাপারটা গোড়াতেই একেবারে ধারণা করতে পারলুম না। কিন্তু একজন উৎসাহী ছোকরা ও-পাশের সিট্ থেকে আমার কাঁথের উপর ঠোকর মারতে লাগলো। নিতান্ত বিরক্ত হ'য়ে মৃথ ফিরিয়ে জিগগেস করলুম: কী বলছেন ?

কালেন্দ্রি ছোকরা বলে'ই মনে হ'লো, বোধ হয় সবে এই এলিজা-বেথান যুগের ইতিহাসের নাগাল পেয়েছে। রুক্ষ কণ্ঠে বললে, — দেখছেন না একজন লেভি বসে' আছেন ? বিনীত হ'য়ে বললাম, — দেখেই তো বসেচি। তাতে হয়েছে কি?

—হয়েছে কী? একসক্ষে অনেকগুলি লোক ঝাম্টা মেরে উঠলো:
আপনি আমাদের মতো দাঁড়িয়ে থাকতে পারেন না?

একেবারে যেন বোকা বনে' গেলুম কথাটি এমনি মারাত্মক রকমের স্থনীতি-সঙ্গত মনে হ'লো। চারদিকে তাকিয়ে দেখলুম, একজনের দৃষ্টিও আমার প্রতি মমতায় কোমল নয়। তবু ভিতরে-ভিতরে কঠিন হ'য়ে বললুম, — না। আমি যথন পয়সা দিয়েছি তথন আমার বসবার অধিকার আছি। সেই অধিকার আমি ক্ষ্প্প করবো না।

একজন আমার দিকে প্রায় মারম্থো হ'য়ে তেড়ে এলো, বললে,— আলবং করতে হবে। ভদ্রতা শেখেননি কোনোকালে ?

উত্তেজিত না হ'য়ে বললুম, কেননা উত্তেজনাটাই হচ্ছে সকল তর্কের অবসান — ভদ্রতা শিখেচি বলে'ই বসতে পারলুম, নইলে আপনাদের মতোই হয়তো দাঁড়িয়ে থাকতে হ'তো।

্ একজন মাঝে পড়ে' মুরুবিরয়ানা করে' বললে, — যাক্, ঝগড়া করতে হবে না। আহ্বন মশাই, আমার জায়গা আপনাকে ছেড়ে দিচ্ছি। মেয়ে-ছেলের পাশে বদে' কি ভালো দেখায় ? আহ্বন।

আধাবয়সী এক ভদ্রলোক, বনেদি গৃহস্থ, গর্দানের আয়তন ও পোষাকের পারিপাট্য দেথে মনে হচ্ছিলো। গলায় পাকানো চাদর ঝুলিয়ে কোঁচাতে চুমুট দিয়ে পাম্প-শু জাঁকিয়ে কোথায় চলেছেন কে জানে!

বলন্ম,—ধ্যুবাদ। যে-জায়গায় বদেছি ঠিক বদেছি। জায়গা বদলাতে পারবো না।

মুক্কি ভদ্রলোক থেপে উঠলেন: আপনাকে জায়গা ছেড়ে দেয়া বাছেও আপনি উঠবেন না? ভদ্রমহিলাকে আপনি এমন ক'রে অসম্মান করবেন?

বললুম,— আমি তো বরং এঁর পাশে ব'দে এতোক্ষণে এঁকে সম্মান কবলুম। আপনারা এতোগুলি লোক জারগা থাকতেও দাঁড়িয়ে থেকে এঁকে যারপর-নাই অপমান করছিলেন।, যেন এঁর পাশে বসলেই এঁর গায়ে কারো হাওয়া লাগলেই এঁর জাত যাবে! মেয়েদের আপনারা এত ছোট মনে করতে সাহস পান! কাকে কী বলবো?

মারম্থী ভদ্রলোকটি আরো ত্'পা এগিয়ে এসে পাঞ্চাবির আন্তিন গুটোতে-গুটোতে বললে, — আপনাকে উঠতেই হবে।

বলনুম, — আপনি কি এঁর অভিভাবক ?

—নাই বা হলাম কেউ, কিন্তু ভদ্রমহিলার প্রতি এই অসম্মান আমরা বরদান্ত করবো না। স্ত্রী-জাতির প্রতি আমাদের দায়িত্ব আছে। উঠুন।

ভালো করে' সিটের পিঠে হেলান দিয়ে বসে' নির্লিপ্তক্ঠে বললুম,—
আপনার সঙ্গে তর্ক বা মারামারি কী করবো, আপনি এ-ক্ষেত্রে মোটেই
প্রতিপক্ষ নন। কিন্তু যাই বলুন, ভদ্রমহিলার সহামভূতি আমারই
ওপর হওয়া উচিত। আমি এ-কথা বিশাস করি না আপনাদের মতো
ছোট মন নিয়ে তিনি একলা পাবলিক বাস্-এ চেপেছেন। তা হ'লে বন্ধ
গাড়ির জানলা তুলেই তাঁকে যেতে হতো। আর এই পনেরো মিনিটের
রাস্তায় আমার সায়িধ্যে তাঁর কী অনিষ্ট হ'তে পারে ?

—বক্তৃতা শুনতে চাই না, মশাই, আপনি উঠবেন কি না বলুন। ভদ্রলোক দম্ভরমতো ঘৃষি পাকিয়েছেন দেখছি।

আর-আর সবাই, যেমন পৃথিবীর রীতি, ধুয়ো ধরলো: উঠতেই হবে, উঠতেই হবে আপনাকে।

এতক্ষণ তাকাইনি, বিপন্ন বোধ করে' এইবার মহিলাটির দিকে তাকালুম, পুরুষ-সংস্পর্ণ বাঁচিয়ে এতোটুকু হ'ন্নে বসে' বাইরের দিকে মুধ করে' আছেন, তাঁকে নিম্নে এমন একটা রণয়ক দেখে মৃচকে হাসছেন

কি না কে জানে। পরনে নরম গরদের শাড়ি, হেয়ার-পিন দিয়ে ঘোমটা আঁটা, অনারত বাঁ-হাতটিতে লজ্জার কোমল অরুণিমা ফুটেছে। বসার ভঙ্গিতে বিশ্রাম নেই, য়েন কেমন একটা ব্যস্ততা। ভাবতে পারতুম আমার এই সালিখটো তাঁকে আশরীর পীড়া দিচ্ছে, কিন্তু তাঁর ঐ তেজন্বী হাতথানি আঁচলের তলায় কুন্তিত করে' রাথেন নি বলে'ই মনে সাহস হ'লো, ওর প্রকাশের প্রথরতায় আমার প্রতি সহাত্ত্তির একটু সঙ্কেত পেলুম।

্ তাই গলায় নিশ্চিন্ততা এনে বললুম, — ওঁরো এ-বিষয়ে একটা বক্তব্য আছে। যিনি একা পথে বেরোন তিনি তাঁর মতামতের জন্মে পরের ওপর নির্ভর করেন না আশা করি। তাঁর যথন আপত্তি নেই—

— আপত্তি নেই? একশো বার আছে। ছোটলোক কোথাকার,

• সে-কথা উনি মৃথ ফুটে তোমাকে বলতে যাবেন নাকি? উঠে এস
শিগ্যির—

কে বলে বাঙলার নারী অবলা, অরক্ষিতা, পথে বিবর্জনীয়া! সমস্ত ভূমণ্ডল তার অভিভাবক, তার বডি-গার্ড! থবরের কাগজ সব ভূল লেখে, আইন-আদালত সব স্থপ্নের ক্য়াসা! দেশের পক্ষে ঘোর স্থদিন এসেছে বলতে হ'বে।

ভদ্রলোক এবার আমার হাত ধরে' আকর্ষণ করলেন: উঠে এসো বলচি।

দেশের পক্ষে হ'লেও আমার পকে সেটা স্থদিন নয়, তাই অগত্যা মহামায়ার নাম নিয়ে ভন্তমহিলারই শরণাগত হলুম।

সেই শরীরী কুণ্ঠাকে তাই উদ্দেশ করে' বলনুম, — আপনার সত্যিই কি কোনো অম্ববিধে হচ্ছে ?

না, আপনি বন্ধন। আর আমার অন্ধবিধে হ'লেই বা আপনি উঠবেন, কেন ?

নারীপূজারীর দল এক নিমেবে স্থব্ধ হ'য়ে গেলো। আমার মনে যে তথন কী ভাব উপস্থিত হ'লো বলতে পারবো না। মনে হ'লো, ছারভাঙা বিল্ডিংস্-এ দেয়ালে-টাঙানো পাশের লিন্টিতে নিজের নামের পাশে চিকে দেথে এদে গেজেট বেজলে খুলে দেথি সসম্মানে পাশ করেছি। কিছুতেই ভাবতে পারি নি এভটা। শুধু একটা মিনমিনে সম্মতি নয়, যেন, যাকে বলে, সনির্বন্ধ অন্থরোধ: শুকনো উদাসীল নয়, কোমল একটু কাঁতরীতা। মেয়েটি যেন শুধু প্রতিবেশী নয়, প্রায় অন্তরঙ্গ। আশস্ত তো হলুমই, উৎসাহিত হলুম। বললুম, — নিশ্চয়, আপনাদের এমন ত্র্বল, পরম্থাপেক্ষী ভাবলেই আপনাদের ওপর সত্যিকারের অশ্রন্ধা জানানো হয়।

ভদ্রমহিলা আমার দিকে পরিপূর্ণ মৃথ ফেরালেন। যুবতী, মৃথে
মাধুরীর সঙ্গে বৃদ্ধির দীপ্তি মিশেছে, ছটি চোখে তরল একটি কৌতৃহল।
এমন একটি পরিচ্ছন্ন মৃথ কোথাও দেখিনি। ভয় বা কুঠার এভটুকু
লেশ নেই। মৃক্তির আনন্দে সমস্তটি শরীর ছুরির ফলার মতো ঝিলকিয়ে
উঠেছে। যে যতো কাছে তাকে দেখা ততোই অসম্পূর্ণ। তাই তাঁর
ঘাড়ের উপর থোঁপাটা কভদ্র ভেঙে এসেছে, জাঁচলের পাড়টা বৃক বেয়ে
কাঁধ ছাড়িয়ে কতদ্র ছড়িয়ে পড়েছে, কিছুই দেখতে পেলুম না। দেখলুম
ভিজে আকাশের কোণে রোদের একটু সোনালি ঝিকিমিকি। বসতে
পেলেই শুতে চায় — পাছে এই প্রবাদের প্রমাণ হ'য়ে উঠি সেই ভয়ে
বিশ্বিত হ'য়ে তাঁকে দেখতেও পাচ্ছিল্ম না সাহস করে', কিছ্ক ভদ্রমহিলা
নিজেই নড়ে'-চড়ে' উঠলেন। বললেন,—বেশ, কম্ফরটেব্লি বহুন।
এই সিটে আপনার বসবার যে অধিকার আছে সেইটেই জানানো
দরকার। প্রতি মৃহুর্তেই আমরা, পুরুষ আর মেয়ে, এই অধিকার জাহির

করতে না পেরে মরে' রয়েছি। বাঁচবার অধিকারই যদি না থাকে বৃঝি, তবে বেঁচে লাভ কী বলুন? আর, আমাদের মেয়েদের সমন্ত সম্মান চামড়ার ওপরে নয় যে একটু ছোঁয়া লাগলেই তা মুছে যাবে।

বেশ প্রশন্তভরো হয়ে বসে' প্রহারোছত ঈর্ষান্বিত জনমণ্ডলীকে ব্ঝিয়ে দিলুম ভদ্রমহিলা কার পক্ষে, সভাতা কোথায়, স্বাধীনতা কাকে বলে! লোকগুলি বিমৃঢ় চোথে পরস্পরের দিকে চাওয়াচায়ি করতে লাগলো। এমন একথানা ভাব, যেন, কী ঠকাটাই ঠকেছি, কী গোধখুরিই হয়েছে, যা থাকে কপালে বলে' কেন তথন সেখানে বসে' পডিনি-!

वनन्म,- वाशनि वामारक वां हारतन ।

ভদ্রমহিলা বোধকরি একটু হাসলেন, কেননা তার গালে স্বচ্ছ একটু গোলাপী আভা-দেখলুম। বললেন, — আমাকেও আপনি। সমন্ত রান্তা যদি আমাকে অমনি থালি-সিট পাশে নিয়ে যেতে হ'তো, তা হ'লে লজ্জার আর আমার অবধি থাকতো না, প্রতি মুহুর্তে আমার শুধু মনে হ'তো আমি কী ঠুনকো, আমি কী ওয়ার্থলেদ!

— আর যদি মৃথ ফুটে একবার বলতেন যে আমার বসাতে আপনার অস্থবিধে হচ্ছে, তা হ'লে এঁরা, যুধ্যমান ভদ্রলোকদেরকে লক্ষ্য করে' বলল্ম, তা হ'লে এঁরা আমাকে আজ কাম্ডে, আঁচড়ে টুকরো-টুকরো ক'র' ফেলতেন। পেনালকোডে গিয়ে পড়তুম কিনা তারো বা ঠিক কী! সামান্ত একটা ইসারা করলে পর্যন্ত আউটরেজিং হয়!

এবার ভদ্রমহিলার দাঁত দেখলুম। বললেন, — কিন্তু একবার বসে' ওঁদের প্ররোচনায় আপনি যদি জায়গা ছেড়ে উঠে দাঁড়াতেন, হাকিম দেখে উকিল বেমন উঠে দাঁড়ায়, তবে সব চেয়ে আমারই বেশি লজ্জা করতো। ভাবতুম আজকালকার ছেলেগুলো গাধা না বনমাহ্য। কে জানে, হয়তো বা হাত ধরে'ই আবার আপনাকে ঠিক জায়গায় বসিয়ে দিতে হ'তো। এতক্ষণে সামনের দিকে পা ছটো প্রসারিত করে' দিয়ে সিটের পিঠে হেলান দিয়ে বসলুম। বললুম, — আপনাকে ধন্তবাদ।

ভদ্রমহিলা হাসলেন। বললেন, — থেলার আজ কী থবর ?

— আমার মুখ দেখে বুঝতে পারছেন না? মোহনবাগান যদি জিতবেই, তবে এঁরা সবাই একজোট হ'য়ে এমনি আমাছ্যিক ভদ্রলোক হ'য়ে উঠবেন কেন?

মহিলাটি থিলথিল করে' হেসে উঠলেন। বললেন, — একেবারে ভিজে গেছেন দেখছি।

এতক্ষণে থেয়াল হ'লো বেশ-বাদের আর ছিরি-ছাঁদ নেই, চেহারায় নেই এতটুকু চেকনাই। মুহুর্তে যেন ছোটো, ছবল, অসহায় বলে' অমুভব করলুম নিজেকে। এতক্ষণে মনে হ'লো না-বসলেই পারতুম এত কাছে। আর এ ভেবে আশ্চর্যন্ত কম হলুম না এ কদাকার পোযাকে কাছে বসাতে ভদ্রমহিলার মুথে এতটুকু একটা কুকন ফোটেনি। আশ্চর্য, গভীর তবসন্ধিংস্কর মতো দার্শনিক বিবেচনা করে' দেখলুম, জীবজগতে পোষাকটা সন্তিয় কী অকিঞ্ছিংকর!

তবু সাফাই গাইবার মতে। করে' বললুম, — এখন প্রায় শুকিয়ে এসেছে।

অপরিচিতা অহুযোগ করে' উঠলেন: কতক্ষণ ভিজলেন বল্ন তো?

- —ঘড়ি ধরে' দেখেছি আড়াই ঘণ্টা।
- এখন অহথ না করলে হয়। ভদ্রমহিলা থোঁপায় হাত দিয়ে হেয়ার-পিন্টা ফের ঠিক করতে-করতে বললেন, মোহনবাগানের থেলা দেখা তা হ'লেই যোলকলা পূর্ণ হ'বে।

দেশের অধোগতির আর কী বাকি থাকতে পারে এই নিম্নে আরোহীদের মধ্যে ফের আলোচনা হুক্ত হয়েছে।

্ৰেই মুক্কি ভদ্ৰলোক চাপা গলায় অথচ আমাদের শুনিয়ে বলছেন: তাই বলে' এতোটা কি ওঁর প্রশ্রম দেয়া উচিত হলো? আমাদের জব্দ করতে গিয়ে নিজেকে এমনি থেলো করাটা কি ভালো দেখায়?

মারমুথো ভদ্রলোক বললেন: রেথে দিন মশাই, আজকালকার কলেজে-পড়া মেয়ে — কাণ্ডজ্ঞান বলে' কিছু ওদের আছে নাকি? বেটা-ছেলেদের সঙ্গে একত্র বসে' আগড়ুম-বাগড়ুম থেলে।

কথাটা চশমা-পরা ঘাড়ের ওপর দিয়ে টেনিস-সার্টের কলার তুলে-দেয়া কার্পোক্ত ছোকরাটির মনঃপৃত হলো না। সে সামাগ্র একটু ঝাঁজালো গলায় বললে, — কলেজে পড়ে না হাতি! কলেজে পড়লে কি এমনি আর মুধ বুক্তে অত্যাচার সইতো মশাই ? সে তেজ কই ?

তার কানে-কানে কে বললে,— যা বলেছেন, নইর্লে কি আর একা-একা বাস-এ ওঠে ?

ভদ্রমহিলার ম্থের দিকে তাকাল্ম, অপমানে হুংথে সে-ম্থ গন্তীর, রাঙা হ'য়ে উঠেছে। সে-ম্থ যেন আমাকে প্রহার করলো। আমি অনেকবার ভেবে দেখেছি কৌতুকময়ী মেয়ের ম্থের চেয়ে কুপিতা মেয়ের ম্থ অনেক বেশি স্কর্র। সে-ম্থ যেন আমাকে একটা বিহালয় ছোতনা দিল। তাই তীত্র স্বরে বলল্ম, — এই ভাবেই বৃঝি আপনারা ভদ্রমহিলার সন্ধান রাথছেন ?

— আর রেথে দিন মশাই সম্মান। সেই মারম্থো ভদ্রলোক তেড়ে এলেন: সম্মানের যোগ্য হ'লে তো তবে কথা!

উত্তেজিত হ'য়ে প্রায় উঠে দাড়াতুম, কেৰি ভদ্রমহিলার একথানি হাত আমার হাতের উপর উঠে এসেছে। তিনি মিনতি করে' মৃত্কঠে
রবলনেন, — কী আপনি ওঁদের সঙ্গে লড়তে যাচ্ছেন ? চুপ করে' বসে'
থাকুন।

🕍 আশ্চর্য স্তব্ধ হ'য়ে গেলুম।

্র ভদ্রমহিলা চাপা, একটু-বা আহত গলায় বললেন,—লোকে কী বলে শ্রীলে তাতে কী এসে যায়! থানিক আগে যারা ছিলো আমার ক্ষে এখন তারাই আমার শক্র। পৃথিবীটাই এই রকম। আপনি নে।

কে এবজন টিপ্পনি কাটলো: আর কী মশাই, ক'দিন বাদে এই মেরাই মোহনবাগান নাম বদলে মাঠে নেমে ফুটবল থেলবে আর মরা জলে ভিজে হাততালি দেবো।

ৈ অন্থির হ'য়ে উঠলুম। বললুম, — মারামারি করা আজ আমার অদৃটে থা আছে। আপনি একবার অন্থমতি দিন, আমি দেখি চেষ্টা করে'। নি মার থাওয়ার চেয়ে এখন মার যদি থাই-ও, তাতে অন্দেক বেশি

ভদ্রমহিলা অপরপ হাসলেন। বললেন, — এমন স্থন্দর, সব্জ সন্ধ্যাটা বিকালে আপনার মেডিকেল-কলেজ হাসপাতালে রক্তাক্ত অবস্থায় কি। তা ছাড়া আমারো এমন সময় নেই যে একটা দাঙ্গায় জড়িয়ে চি, হাসপাতাল থেকে থানা, থানা থেকে আদালতে ঘুরে বেড়াই। ছাড়া দিদির ওথানে আমার চায়ের নেমস্তম, একটা বুল-ফাইট দেখার তি বাদ্লার পর এক কাপ গরম চায়ে আমি ঢের বেশি উত্তেজনা

ুজনতাকে উপেক্ষা করে' জিগগেস করল্ম: কোথায় আপনার দিদির ড়ি ?

—সেই স্থায়রত্ব লেন।

-আমিও তো তারই কাছাকাছি যাচ্ছি।

-কোথায় ?

- কী জানি নাম পেই গলিটার! ফড়িয়াপুকুর কি অমনি ধাৰ্। একটা নাম হ'বে।
- —তা হ'লে এক কাজ করলে কেমন হয় ? ভদ্রমহিলা কি-এক গোপন ষড়যন্ত্র করছেন এমনি ভাবে গলা নামিয়ে বললেন, — আহ্বা আমরা নেমে পড়ি।

প্রস্তাবটাতে উত্তেজনা আছে, কিন্তু মূর্য এই জনতার কাছে সেনি পরাজয় স্বীকার করা হ'তে পারে ভেবে উৎসাহ লাগলো না। বললুম ক্রিরীপর, যাবেন কি করে' ?

কাঁধের উপর আঁচলের ধারটা গুটিয়ে নিতে-নিতে উঠে দাঁড়াবা উল্মোপ করতে-করতে ভদ্রমহিলা বললেন, — ট্যাক্সিতে। যথন বকুত হ'য়েই গেল আমাদের, তথন আর দিধা কিসের ? পারবেন না আমাদে স্থায়রত্ব লেন পর্যস্ত পৌছে দিয়ে আসতে ? যেমন ভিজে গেছেন, চাফে সক্ষেপ্রম ত'থানা চপ যদি থাওয়াই, খুব অপছনদ হ'বে ?

मिछा, विशा करानुम ना । वननुम, -- हनुन ।

একতলার সিঁড়ির দিকে এগিয়ে মেতে-য়েতে ভদ্রমহিলা বললেন — যাই বলুন এ-সব যান প্লিবিয়ানদের জন্তে। এখানে আমাদের মানা।
ন। চলে আফ্রন।

পিছনে আবার গুঞ্জন উঠেছে শুনতে পাচ্ছি। একজন বলছে: তথা কি বোকামিটাই করলি হীক্ষ, পাশ ঘেঁসে বদে' পড়লেই পারতিস।

আর একজন ফোড়ন দিলে: বিনিপয়সায় এখন খোলা-হুডে ট্যাক্সি হাওয়া।

- —কে জানে, ঢাকা ফিটনও হ'তে পারে।
- —ও:! কী ঠকানোটাই ঠকিয়ে গেল!

আমরা ততোকণে ফুটপাতে নেমে এসেছি। বাস্-এর দোতলা ঞ্চি

সবাই আমাদের পর্যবেক্ষণ করছে। চলস্ত একটা ট্যাক্সিকে ক্ষ্ম পেয়ে গেলুম। মহিলার সম্মতির অপেক্ষা না করে' ছাতা তুলে গুরুম: এই, ট্যাক্মি!

ট্যাক্সিটা ঘুরে দাঁডালো। দেখি মহিলাটি আগেভাগেই উঠে গুছেন।

হেসে বললুম, — রাগ করে' দিদির বাড়ি যাচ্ছিলেন বুঝি?
আরতি তুই চোথ কৌতুকে তরল করে' বললে, — আজ্ঞে ই্যা, আর
শানি ?

—আপনার অঞ্চলের অন্তরালে।

আরতি ছই চোণ কুটিল করে' বললে,— তোমার সাধের মোহনবাগান রে গেলো তো ?

—তা হারুক। আবিতির হাতে নিবিড় চাপ দিয়ে বললুম, — আফি

রা জয়ী হলুম। আমি তো ঐ জনতার বাহ থেকে তোমাকে ছিনিয়ে

ক্ষাতে পারলুম। পৃথিবীতে তুমি তো একমাত্ত আমারই একলার হ'য়ে

ं — তাই নাকি ? আরতি থুসিতে উছলে উঠেছে। বললে: তে<ে ≰র দিদির বাড়িতে গিযে কী হ'বে ? চলো, বাড়ি ফিরি। স্নান করে ﴿পড়-চোপড় ছেড়ে ভদ্রলোক হ'বে চলো।

একটা দীর্ঘনিখাস ফেলে বললুম, — কই আর ভদ্রলোক রাথলে ! কাশ থেকে মাটিতে নেমে আসতে-না-আসতেই সেই তোমার স্বামী হৈ গেলুম।